The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 874 | 13 June 2025 | শুক্রবার ৩০ জ্যৈষ্ঠ ১৪৩২


Cuomo-Mamdani face-off in a tightening New York mayoral race
→ Page 19

Sarika finds respite beyond the spotlight
→ Page 18



Trump using military to control Los Angeles immigration protests
→ Page 19

State Sen. Jessica Ramos endorses Cuomo for Mayor
→ Page 18


### ইউনূস-তারেক বৈঠক

# নির্বাচন ও নিরাপদ বিদায় প্রাধান্য!

**মাসুদ করিম**, *ঢাকা থেকে*




বাংলাদেশের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস এবং বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের মধ্যে একান্ত আলোচনা কারও পক্ষে জানা সম্ভব নয়। তারা নিজেরা প্রকাশ করলেই শুধু তা জানা সম্ভব। তারা যেটা প্রকাশ করবেন সেটাই শেষ কথা নয়। আসল আলোচনা হয়তো গোপনই থাকবে। কিংবা প্রণব মুখার্জির মতো কেউ যদি বই লিখে প্রকাশ করেন তবেই জানা সম্ভব। প্রণবের মধ্যস্থতায় রফা হয়েছিলো। শেখ হাসিনার জন্য ক্ষমতায় যাবার পথ সুগম করে ফখরুদ্দিন-মঈনুদ্দিনের এক্সিট হয়েছিলো। নির্বাচন কি ১৫ই এপ্রিলের মধ্যে হবে ? বিএনপি বলছে, না। এগিয়ে আনতে হবে। যদিও ডিসেম্বরে নির্বাচন সম্ভব বলছে বিএনপি। কিন্তু সেটা বড়জোর মধ্য ফেব্রুয়ারি পর্যন্ত বাড়ানো সহনীয়। বিএনপি বলছে, এপ্রিলে নির্বাচন হলে রোজার মাসে ভোটের প্রচার চালাতে হবে। এটা সম্ভব নয়। অপরদিকে, শান্তিপূর্ণ উপায়ে ও নিরাপদে ক্ষমতা হস্তান্তরও ইউনূসের জন্য একটা বিরাট চ্যালেঞ্জ। বিষয়টি নিয়ে একান্ত আলাপে কী আলোচনা হলো সেটাও ব্যাপক আগ্রহের সৃষ্টি করেছে। নির্বাচন ও সেইফ এক্সিট বড় ইস্যু।

বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান ড. মুহাম্মদ ইউনূসের লন্ডন সফর অনেকটা রহস্যময়। কৌতূহল আর উত্তেজনায় টইটুম্বুর। সরকার প্রধানের বিদেশ সফর শুরুর আগে ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে পর্দা উন্মোচনের লক্ষ্যে সংবাদ সম্মেলন করার রেওয়াজ আছে। কার্টেন রেইজারে প্রধান উপদেষ্টার সফরকে দ্বিপক্ষীয় সরকারী সফর হিসাবে অভিহিত করা হলো। কিন্তু ↘ এরপর ৪২ পৃষ্ঠায়



# শাহানা চ্যালেঞ্জের মুখোমুখি

**মনোয়ারুল ইসলাম**

নিউইয়র্ক সিটির রাজনীতির অন্যতম আসন সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ৩৯। সাবেক মেয়র ব্লাজিও ও সিটি কম্পট্রোলার ব্রাড ল্যান্ডার এই এলাকা থেকে বারবার নির্বাচিত হয়েছেন। কেনসিংটন, বরো পার্ক, উইন্ডসর টেরেস, পার্ক স্লোপ, গোয়ানাস, ক্যারল গার্ডেন, কোবল ↘ এরপর ৪৪ পৃষ্ঠায়



### বিশ্ব নেতৃবৃন্দের শোক

# ভারতে বিমান দুর্ঘটনায় নিহত ২৪১ জন

**আজকাল রিপোর্ট**

ভারতে আবার ভয়াবহ বিমান দুর্ঘটনা। গুজরাতের আহমদাবাদ বিমানবন্দর থেকে উড্ডয়নের পরপরই গতকাল বৃহস্পতিবার দুপুরে এয়ার ইন্ডিয়ার একটি বিমান আবাসিক এলাকায় ছাত্রাবাস ভবনের ওপরে বিধ্বস্ত হয়। তাতে বিমানের ২৪২ জনের মধ্যে ২৪১ জন নিহত হয়েছেন। ১৯৮৮ সালে একই বিমানবন্দর থেকে উড্ডয়নের পর ১৩০ ↘ এরপর ৪০ পৃষ্ঠায়



### বিবিসিকে ইউনূস

# টিউলিপের সাথে দেখা নয়

**আজকাল ডেস্ক**

বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস লন্ডন সফরের সময় লেবার এমপি টিউলিপ সিদ্দিকের সাথে দেখা করতে অস্বীকৃতি জানিয়েছেন। এর আগে তার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ নিয়ে আলোচনা করতে ড. ইউনূসকে দেখা করার আমন্ত্রণ জানিয়ে চিঠি দিয়েছিলেন মিজ সিদ্দিক। অধ্যাপক ইউনূস বিবিসিকে বলেন যে ↘ এরপর ৪৪ পৃষ্ঠায়

# শুভেচ্ছায় সিক্ত শাহনেওয়াজ

**আজকাল রিপোর্ট**

নিউইয়র্কের বাংলাদেশি কমিউনিটির পরিচিত মুখ, বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজ সেবক শাহ নেওয়াজ লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল নিউইয়র্ক ডিস্ট্রিক্ট ২০ আর ২ এর সেকেন্ড ভাইস গভর্নর নির্বাচিত হওয়ায় তাকে সংবর্ধনা ও ফুলেল শুভেচ্ছা দিয়েছে নিউইয়র্কের প্রবাসী বাংলাদেশীরা। ১০ জুন উডসাইডের কুইন্স প্যালেসে আয়োজিত ↘ এরপর ৩০ পৃষ্ঠায়



# লন্ডনে প্রেস সচিব শফিক নাজেহাল

**আজকাল রিপোর্ট**

বাংলাদেশের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের প্রেস সচিব শফিকুল আলমকে ব্যাপকভাবে নাজেহাল করা হয়েছে লন্ডনে। ↘ এরপর ৪২ পৃষ্ঠায়

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদানে $8000-$10000
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave,Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্ম, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্তর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনেকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
RAJIB AHMED, PRESIDENT & CEO, LICENSED REAL ESTATE EXPERT
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight
HealthSystem
Anthem.
Hamaspik
MANAGED CARE
MetroPlusHealth
S W H
Senior Whole Health.
FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT
MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C
Ozone Park, NY 11416


ড. মাহবুব উল্লাহ্-এর কলাম এই সংকটকালে ঐক্যের বিকল্প নেই
১২ পৃষ্ঠায়


মহিউদ্দীন খান মোহন-এর কলাম বিভেদের জোয়ার, ঐক্যে ভাটা
০৫ পৃষ্ঠায়


ড. মো. গোলাম রহমান-এর কলাম নির্বাচন নিয়ে ৬ মাসের টানাটানি
০৭ পৃষ্ঠায়






নিউজার্সি বিমানবন্দর

# ভারতীয় শিক্ষার্থীকে গ্রেপ্তারের ভিডিও ভাইরাল

আজকাল রিপোর্ট

নিউজার্সির নিয়ার্ক বিমানবন্দরে ভারতীয় এক শিক্ষার্থীকে গ্রেপ্তারের ভিডিও ভাইরাল হয়ে যায়। তাতে দেখা যাচ্ছে, বিমানবন্দর কর্তৃপক্ষ একজন ভারতীয় শিক্ষার্থীকে হাতকড়া পরিয়ে মাটিতে শুইয়ে রেখেছে। এ ছাড়া তার পুরো শরীর মাটিতে চেপে ধরা হয়। এই ঘটনার প্রত্যক্ষদর্শী ছিলেন ভারতীয়-আমেরিকান উদ্যোক্তা কুণাল জৈন। তিনিই প্রথম ভিডিওটি করেন। কুণাল জৈন মাইক্রো ব্লগিং সাইট এক্সে লিখেছেন, একজন তরুণ ভারতীয় ছাত্রকে বহিষ্কৃত হতে এরপর ২০ পৃষ্ঠায়

# চবি এলামনাই'র পিকনিক প্রস্তুতিসভা অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন, উত্তর আমেরিকার মতবিনিময় সভা গত ১ জুন নিউইয়র্কের কুইন্সের জ্যাকসন হাইটসের কাকাতুয়া এজেন্সির হলরুমে অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি সাবিনা শারমিন নিরুর সভাপতিত্বে এবং মীর কাদের রাসেলের পরিচালনায় অনুষ্ঠিত সভায় চবি এলামনাই পরিবার, উপদেষ্টা মণ্ডলী ও কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন। সভায় সভায় আগামী ১০ আগস্ট রবিবার নিউইয়র্কের জর্জ আইল্যান্ড পার্কে দিনব্যাপী পিকনিক আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয়। এজন্য সর্বসম্মতিক্রমে ওয়াহিদুজ্জামান বকুলকে আহবায়ক, নাসরিন বিপ্লবকে সদস্য সচিব এবং আখতার হোসেনকে প্রধান সমন্বয়কারী মনোনীত করে ২০২৫ সালের বার্ষিক পিকনিক আয়োজনের এরপর ২০ পৃষ্ঠায়

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইতিবাচকভাবে নিচ্ছেন

# ক্ষমা চাইলেন ইলন মাস্ক

আজকাল রিপোর্ট




প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প গত সপ্তাহে বিলিওয়েনিয়ার ইলন মাস্কের সঙ্গে প্রকাশ্যে দ্বন্দ্বের পর তার ক্ষমা চাওয়ার বিষয়টি নিয়ে ইতিবাচক প্রতিক্রিয়া দেখিয়েছেন গণমাধ্যমের কাছে। কমান্ডার-ইন-চিফের ওপর ব্যক্তিগত আক্রমণে ইলন মাস্ক অনেক দূরে চলে গেছেন বলে ক্ষমা চাওয়ার বিষয়টি প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এখন ভাল বোধ করছেন। গত বুধবার সকালে এক সংক্ষিপ্ত ফোন কথোপকথনে প্রেসিডেন্ট দ্য পোস্টকে বলেন, 'আমি ভেবেছিলাম যে তিনি যা বলেছেন তা খুব ভাল ছিল'। তবে তিনি টেসলা এবং স্পেসএক্সের সিইও-র সাথে অন্য কোন বিষয়ে কথা বলবেন কিনা এমনটা জানা যায়নি। মাস্কের সঙ্গে নিয়মিত সম্পর্কে ফিরবেন কি না জানতে চাইলে ট্রাম্প ডিভাইনের পড ফোর্স ওয়ান পডকাস্টে বলেন, 'আমার মনে হয় আমি পারতাম, কিন্তু আমাদের দেশকে ঠিক করতে হবে। এখন আমার একমাত্র কাজ হল এই দেশকে আগের চেয়ে উচ্চতর স্তরে ফিরিয়ে নেয়া। আর আমি মনে করি সেটা আমরা পারবো'।

৫৩ বছর বয়সী ব্যবসায়ি ইলান মাস্ক গত বৃহস্পতিবার সোশ্যাল মিডিয়ায় ট্রাম্প সম্পর্কে একটি সিরিজের মতো করে তার বার্তাগুলো ছড়িয়ে দিয়েছিলেন। এক পর্যায়ে দাবি করেছিলেন যে রিপাবলিকান তার সাহায্য ছাড়া ২০২৪ সালের নির্বাচনে জিততে পারত না এবং দোষী সাব্যস্ত পেডোফাইল জেফ্রি এপস্টেইনের ফাইল প্রকাশ রোধ করার জন্য দায়ী ছিলেন।

তারপর মাস্ক বলেন, গত সপ্তাহে প্রেসিডেন্ট সম্পর্কে আমার কিছু পোস্টের জন্য আমি দুঃখিত। এপস্টেইনের ফাইলগুলি সম্পর্কে তার পোস্টটি মুছে ফেলার পরে মঙ্গলবার গভীর রাতে মাস্ক লিখেছিলেন এসব কথা। এরপর ৪০ পৃষ্ঠায়

# নাভা'র ১৮তম বার্ষিক অনুষ্ঠান বৃহস্পতিবার

আজকাল রিপোর্ট

নিউ আমেরিকান ভোটারস অ্যাসোসিয়েশন (নাভা) ১৮তম বার্ষিক নৈশভোজ ও সম্মাননা অনুষ্ঠান আগামী ১৯ জুন, বৃহস্পতিবার নিউইয়র্কের ফ্লাশিংয়ের ওয়ার্ল্ডস ফেয়ার মেরিনায় অনুষ্ঠিত হবে।

ওইদিন সন্ধ্যা ৫টা ৪৫ মিনিটে শুরু হতে যাওয়া এ জমকালো অনুষ্ঠানের প্রতিপাদ্য নির্ধারিত হয়েছে 'জুনটিন্থ উদযাপন: বৈচিত্র্য, সাম্য ও অন্তর্ভুক্তির চেতনায়'। মার্কিন যুক্তরাষ্ট্রে দাসপ্রথা বিলুপ্তির স্মৃতিচিহ্ন হিসেবে উদযাপিত জুনটিন্থ'র তাৎপর্যকে সামনে রেখেই নাভা এবারের আয়োজন সাজিয়েছে। যেখানে তুলে ধরা হবে অভিবাসী কমিউনিটির সংগ্রাম, সাফল্য ও অবদান। অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে অভিবাসীদের এরপর ২৪ পৃষ্ঠায়



# সিনিয়র সিটিজেন ফোরামের 'ঈদ পুনর্মিলনী' অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

সিনিয়র সিটিজেন ফোরাম অব বাংলাদেশী কমিউনিটি ইনকের উদ্যোগে গত ৮ জুন ব্রুকলের নিউ ইয়র্ক সিনিয়র এডাল্ট ডে-কেয়ার হল রুমে ঈদ পুনর্মিলনী অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বীর মুক্তিযোদ্ধা আব্দুল রউফ। সাধারণ সম্পাদক কাজী রবিউজ্জামান অনুষ্ঠানটি পরিচালনা করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংগঠনের প্রধান উপদেষ্টা মুক্তিযোদ্ধা আব্দুল হালিম মুন্সী, উপদেষ্টা কমান্ডার মুক্তিযোদ্ধা মনজুর আহমেদ, উপদেষ্টা তোফায়েল আহমেদ চৌধুরী, উপদেষ্টা কামাল উদ্দিন, মুক্তিযোদ্ধা এরপর ৪০ পৃষ্ঠায়

# ইউবেক'র সেমিনার কাল

আজকাল রিপোর্ট

ইউএস- বাংলাদেশ এডভোকেসি কাউন্সিল (ইউবেক)-এর উদ্যোগে 'দ্যা ফিউচার অব ডেমোক্রেসি এন্ড দ্যা রোল অব ইনটার্ম গভর্ণমেন্ট ইন বাংলাদেশ' শীর্ষক এক সেমিনার আগামী কাল ১৪ জুন ম্যারিল্যান্ডের কপিন স্টেট ইউনিভার্সিটি সায়েন্স এন্ড টেকনোলজি সেন্টারে অনুষ্ঠিত হবে।

দুপুর ২টা থেকে বিকাল ৬টা পর্যন্ত আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন মেক্সিকোতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদুত মুশফিকুল ফজল আনসারী। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন বাংলাদেশে নিযুক্ত সাবেক মার্কিন রাষ্ট্রদুত ড্যান মজিনা ও মার্শা বার্ণিক্যাট। অনুষ্ঠানে আলোচনায় অংশ নিবেন প্রফেসর ড. জামাল উদ্দিন, মেজর (অব.) মনজুরুল হক, এরপর ৪০ পৃষ্ঠায়



# ফারজানা রূপা ও শাকিল চার ঘন্টার জন্য কারামুক্ত হন

আজকাল রিপোর্ট

৭১ টেলিভিশন থেকে চাকরিচ্যুত সাংবাদিক ফারজানা রূপা ও তার স্বামী একই চ্যানেলের সিএনই শাকিল আহমেদকেও মুক্তি দেওয়া হয় ৪ ঘন্টার জন্য। বুধবার সন্ধ্যায় কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার থেকে রূপা এবং কাশিমপুর হাই সিকিউরিটি কারাগার থেকে শাকিলকে মুক্তি দেওয়া হয়।

বিষয়টি নিশ্চিত করে কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগারের সিনিয়র জেল সুপার মোছা. কাওয়ালিন নাহার জানান, বেসরকারি চ্যানেল একাত্তর টিভি থেকে চাকরিচ্যুত প্রধান বার্তা সম্পাদক শাকিল আহমেদ এবং এরপর ২৪ পৃষ্ঠায়


GRAND OPENING!
JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

Call: 718-263-5999

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।


Suryia Rahman, Esq

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

# NY INSURANCE BROKERAGE INC

NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২) প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি, তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**




Design & Print by: ihopeprint.com, 929-538-7903

**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372

office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

বিশেষ সম্পাদকীয়

# লন্ডন বৈঠক নিয়ে প্রত্যাশার জাল

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের প্রস্তাবিত বৈঠকের খবর রাজনীতিতে নতুন করে নানামুখী আলোচনার জন্ম দিয়েছে। ১৩ জুন এ দুই গুরুত্বপূর্ণ ব্যক্তির মধ্যকার বৈঠক কেবল একটি রাজনৈতিক আনুষ্ঠানিকতা নয়, বরং সম্ভাব্য জাতীয় নির্বাচন ঘিরে যেসব প্রশ্ন ও অনিশ্চয়তা দেখা দিয়েছে, তার জবাব বা সমাধানসূত্রও পাওয়া যেতে পারে।

বিএনপি দীর্ঘদিন ধরেই ডিসেম্বরের মধ্যে জাতীয় নির্বাচনের দাবি করে আসছে। অথচ প্রধান উপদেষ্টা সম্প্রতি ঘোষণা দিয়েছেন আগামী বছরের এপ্রিলের প্রথমার্ধে নির্বাচন আয়োজনের কথা। এ অবস্থায় বিএনপির পক্ষ থেকে অসন্তোষ প্রকাশ করা হয়েছে এবং ডিসেম্বরেই নির্বাচন অনুষ্ঠানের প্রশ্নে অনড় রয়েছে। বিএনপির অবস্থান পরিবর্তন না হলে এপ্রিলে নির্বাচন অনুষ্ঠান সম্ভব হবে না। রাজনীতিতে দেখা দেবে বড় ধরনের সংকট। আলোচনার মাধ্যমে একটি যৌক্তিক সময় নির্ধারণ করা এখন অতীব জরুরি।

এই প্রেক্ষাপটে লন্ডনে ইউনূস-তারেক সাক্ষাতের খবর রাজনীতির আলোচনায় এক নতুন মাত্রা যোগ করেছে। এর আগে ড. ইউনূসের সঙ্গে বিএনপির নেতাদের একাধিকবার কথা হলেও এবার সরাসরি দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান নিজেই আলোচনায় অংশ নিচ্ছেন। এটা রাজনৈতিক সমঝোতার এক গুরুত্বপূর্ণ উদ্যোগ হয়ে ওঠার সম্ভাবনা রয়েছে।

এই বৈঠকে তারেক রহমান ফেব্রুয়ারির মধ্যে জাতীয় নির্বাচন অনুষ্ঠানের প্রস্তাব দেবেন বলে জানা গেছে। এটি একদিকে সরকারের ঘোষিত সময়ের চেয়ে আগের সময়সীমা, অন্যদিকে বিএনপির দীর্ঘদিনের দাবি ডিসেম্বরে ভোটের কিছুটা ছাড়ও বটে। তাই এটিকে শুধুই রাজনৈতিক চাপ সৃষ্টি না ভেবে সমঝোতার একটি ইঙ্গিত হিসেবেও দেখা যেতে পারে।

তবে প্রশ্ন থেকেই যায়-এই সাক্ষাৎ শুধু সৌজন্যপূর্ণ আলোচনায় সীমাবদ্ধ থাকবে, নাকি ফলপ্রসূ একটি রাজনৈতিক অগ্রগতির দিকে যাবে? বাংলাদেশের রাজনীতিতে এমন বহু সংলাপই হয়েছে, যার ফল শেষ পর্যন্ত 'অমীমাংসিত' থেকে গেছে। জনগণ বারবার আশার প্রতিশ্রুতি পেয়েছে, কিন্তু সুনির্দিষ্ট রূপরেখা বা বাস্তব অগ্রগতি হয়নি।

আজ যে পরিস্থিতি, তাতে সরকার ও বিরোধী দল উভয়ের কাছ থেকেই প্রয়োজন দায়িত্বশীলতা, আত্মসংযম ও বাস্তববাদী কৌশল। প্রধান উপদেষ্টার উচিত আস্থাশীল পরিবেশ নিশ্চিত করে সব দলকে গ্রহণযোগ্য একটি সময়সীমার মধ্যে নির্বাচনে অংশগ্রহণে উদ্বুদ্ধ করা। আর বিএনপির উচিত নির্বাচনের দাবি শুধু সময়ের ওপর না রেখে, অংশগ্রহণের রূপরেখা, স্বচ্ছতা এবং জনগণের ভোটাধিকার নিশ্চিত করার বিষয়ে জোর দেওয়া।

এই মুহূর্তে রাজনৈতিক প্রতিহিংসা নয়, দরকার গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়ার সাহসী উদ্যোগ। ১৩ জুনের বৈঠক হতে পারে সেই সম্ভাবনার জানালা। কিন্তু সেই জানালা খুলবে কি না, তা নির্ভর করছে উভয় পক্ষের সদিচ্ছা, বাস্তব উপলব্ধি এবং জনগণের প্রতি দায়বদ্ধতার ওপর।

জনগণ এখন আশাবাদী, কিন্তু ক্লান্ত। কারণ তারা প্রতিশ্রুতি নয়, ফলাফলের অপেক্ষায় আছে। সংলাপ, সমঝোতা আর আলোচনার পেছনে যেন আরেকটি 'মুলতবি' ভবিষ্যৎ না লুকিয়ে থাকে। বরং লন্ডনের সম্ভাব্য সাক্ষাৎ হোক বাংলাদেশের রাজনীতির নতুন এক অধ্যায়ের সূচনা।

এই মুহূর্তে রাজনৈতিক প্রতিহিংসা নয়, দরকার গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়ার সাহসী উদ্যোগ। ১৩ জুনের বৈঠক হতে পারে সেই সম্ভাবনার জানালা। কিন্তু সেই জানালা খুলবে কি না, তা নির্ভর করছে উভয় পক্ষের সদিচ্ছা, বাস্তব উপলব্ধি এবং জনগণের প্রতি দায়বদ্ধতার ওপর। জনগণ এখন আশাবাদী, কিন্তু ক্লান্ত। কারণ তারা প্রতিশ্রুতি নয়, ফলাফলের অপেক্ষায় আছে। সংলাপ, সমঝোতা আর আলোচনার পেছনে যেন আরেকটি 'মুলতবি' ভবিষ্যৎ না লুকিয়ে থাকে। বরং লন্ডনের সম্ভাব্য সাক্ষাৎ হোক বাংলাদেশের রাজনীতির নতুন এক অধ্যায়ের সূচনা

# বিভেদের জোয়ার ঐক্যে ভাটা

মহিউদ্দীন খান মোহন



জাতি হিসেবে আমাদের একটি বড় দুর্ভাগ্য, গড়ে ওঠা ঐক্য আমরা বেশি দিন ধরে রাখতে পারি না। আর সে ধরে রাখতে না পারার দায় কারও একার নয়। রাজনৈতিক পক্ষগুলোর সংকীর্ণতা ও ক্ষমতালিপ্সা গড়ে ওঠা ঐক্যকে কখনো নড়বড়ে করেছে, কখনো সমূলে বিনষ্ট করেছে। আমাদের সবচেয়ে বৃহৎ ও মজবুত ঐক্য গড়ে উঠেছিল ১৯৭১ সালে। মুক্তিযুদ্ধকে কেন্দ্র করে গড়ে ওঠা সে গণঐক্যে ফাটল ধরেছিল স্বাধীনতার পরপরই। স্বাধীনতার পর আওয়ামী লীগ যে তত্ত্বকে সামনে এনে বাংলাদেশের রাষ্ট্রক্ষমতা দখল করে, তা ছিল প্রশ্নবিদ্ধ। তারা পাকিস্তান সরকারের এলএফওর (লিগ্যাল ফ্রেমওয়ার্ক অর্ডার) অধীনে অনুষ্ঠিত নির্বাচনে প্রাপ্ত সংখ্যাগরিষ্ঠতাকে ভিত্তি বানিয়ে স্বাধীন বাংলাদেশের সরকার গঠন করে। যদিও মুক্তিযুদ্ধ চলাকালে প্রবাসী সরকারও আওয়ামী লীগের দ্বারাই গঠিত হয়েছিল। তবে তখন সংগত কারণেই তা নিয়ে কোনো প্রশ্ন ওঠেনি বা কেউ তোলেনি। বরং দলমত নির্বিশেষে তাজউদ্দীন আহমদের নেতৃত্বাধীন সরকারকে সর্বাত্মক সমর্থন দিয়েছিল। স্বাধীনতার পর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশে এসে রাষ্ট্রপতি পদে ইস্তফা দিয়ে প্রধানমন্ত্রীর পদে বসেন। সে সময় তিনি শুধু আওয়ামী লীগের এমপিএ-এমএনএদের সমন্বয়ে সরকার গঠন করেন; যারা পাকিস্তান জাতীয় পরিষদ ও পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদের সদস্য হিসেবে নির্বাচিত হয়েছিলেন। সে সময় অনেকেই, এমনকি বঙ্গবন্ধুর ঘনিষ্ঠজনরাও তাকে পরামর্শ দিয়েছিলেন জাতীয় সরকার গঠনের। কিন্তু তিনি সে কথা কানে তোলেননি। স্বাধীন দেশের সংবিধান রচনায় একটি সর্বদলীয় গণপরিষদ গঠনের দাবিও উঠেছিল। কিন্তু তিনি তা না শুনে শুধু আওয়ামী লীগের এমএনএ ও এমপিদের সমন্বয়ে গণপরিষদ গঠন করেছিলেন।

সত্য স্বীকার করলে এ কথা বলতেই হবে, মুক্তিযুদ্ধ কেন্দ্র করে একাত্তরে আমাদের যে জাতীয় ঐক্য গড়ে উঠেছিল, আওয়ামী লীগ তথা শেখ মুজিবুর রহমানের দলীয় সংকীর্ণতাই তাতে প্রথম কুঠারাঘাত হানে। সে বিভক্তি আর দূর হয়নি। যদিও ১৯৭৫ সালে তিনি সব দল বিলুপ্ত করে একদলীয় শাসন প্রবর্তন করে কথিত জাতীয় ঐক্য পুনর্জীবনের চেষ্টা করেছিলেন। তবে ততদিনে বেলা অনেক গড়িয়ে গেছে। আর সে কারণেই তার গঠিত কথিত জাতীয় দল 'বাকশাল' জনসমর্থন পায়নি। বরং বাকশাল জাতিকে আরও বিভক্ত করে। সে বিভক্তি তখন সংগত কারণেই সুপ্ত ছিল। তবে শেখ মুজিব নিহত হওয়ার পর তা প্রকটভাবে প্রকাশ পায়। এক সময়ের হিমালয়সদৃশ জনপ্রিয়তার অধিকারী শেখ মুজিবুর রহমান নিহত হওয়ার পর দেশের কোথাও কোনো প্রতিবাদ হয়নি। বরং প্রায় সবাইকে ঘটনাটি স্বাভাবিক হিসেবেই গ্রহণ করতে দেখা গেছে। তখন শেখ মুজিবের অনুগত-ভক্তরাও মন্তব্য করেছেন, তার সে করুণ পরিণতির জন্য তিনি নিজেই দায়ী। একসময় যারা তার ডাকে জীবন দিতে পারত, তারাই তখন পালন করেছে নীরব ভূমিকা। জাতীয় ঐক্য যখন দ্বিধাবিভক্ত হয়, তখনই এ ধরনের পরিস্থিতি সৃষ্টি হয়।

দ্বিতীয়বার আমরা ঐক্যবদ্ধ হয়েছিলাম ১৯৯০ সালে। ১৯৮২ সালে সামরিক অভ্যুত্থানের মাধ্যমে রাষ্ট্রক্ষমতা দখলকারী জেনারেল এরশাদের বিরুদ্ধে ১৯৮৩ থেকে যে নিরবচ্ছিন্ন আন্দোলন চলছিল, তা পরিণতি পায় নব্বইয়ের ডিসেম্বরে। গণঅভ্যুত্থানে পতন ঘটে স্বৈরশাসক এরশাদের। সে গণঅভ্যুত্থানের প্রাণশক্তি ছিল আন্দোলনরত জোটগুলোর ঐক্য। বিএনপি নেতৃত্বাধীন সাতদলীয় জোট, আওয়ামী লীগের নেতৃত্বাধীন আটদলীয় জোট, পাঁচদলীয় বামজোট এবং জামায়াতে ইসলামী সে গণঅভ্যুত্থানের পক্ষশক্তি ছিল। নভেম্বর মাসে এসে আন্দোলনরত জোট তিনটি এরশাদের পতনের পর সরকার গঠন ও রাষ্ট্র পরিচালনার বিষয়ে একটি রূপরেখা প্রণয়ন ও অনুমোদন করে। ইতিহাসে এটা 'তিন জোটের রূপরেখা' হিসেবে খ্যাত। সে রূপরেখায় বলা হয়েছিল, এরশাদের পতনের পর একটি দলনিরপেক্ষ অন্তর্বর্তী সরকারের অধীনে জাতীয় সংসদ নির্বাচন হবে। সে নির্বাচনে বিজয়ী দলগুলোর মধ্যে যারাই সরকার গঠন করুক, জাতীয় সংসদে সংবিধান সংশোধন করে নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা সংযোজন করা হবে। কিন্তু দুর্ভাগ্যজনক হলো, বাংলাদেশের হৃত গণতন্ত্র ফিরে এসেছিল যে মহান নেতার হাত ধরে, সেই নেতা জিয়াউর রহমানের প্রতিষ্ঠিত দল বিএনপি পূর্বপ্রতিশ্রুতি রক্ষা করতে ব্যর্থ হয়। এরপর ২০ পৃষ্ঠায়

সৃষ্ট রাজনৈতিক বিভেদ আওয়ামী লীগ সরকার পতনের আন্দোলনে গড়ে ওঠা ঐক্যের ভিত্তি ভূমিতে বড় ধরনের ফাটল সৃষ্টি করেছে। সে ফাটল দূর করতে না পারলে গণতন্ত্রের নবপদযাত্রা বিঘ্নিত হবে। আর সে ফাটল দূর করতে হবে রাজনৈতিক শক্তিগুলো ও অন্তর্বর্তী সরকারকেই। যদি তারা সে ব্যাপারে সচেষ্ট না হয়, তাহলে আগস্ট-গণঅভ্যুত্থানের স্বপ্ন ধূলিসাৎ হতে বেশি সময় লাগবে না

# 'বাংলাদেশ এখন গণতন্ত্র ও বিশৃঙ্খল পতনের মাঝামাঝি এক ঝুঁকিপূর্ণ পথে হাঁটছে'

ড. মাহফুজ পারভেজ

বাংলাদেশের চলমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে ভারতের নয়াদিল্লিস্থ গবেষণা প্রতিষ্ঠান অবজারভার রিসার্চ ফাউন্ডেশন (ওআরএফ) ৭ জুন তাদের ওয়েবসাইটে 'The Rise of the NCP and Bangladesh's Descent into Chaotic Politics' শিরোনামে একটি বিশ্লেষণ প্রকাশ করেছে, যা যৌথভাবে রচনা করেছেন আদিত্য গৌদারা শিবমূর্তি ও মধুরিমা প্রামাণিক। যে বিশ্লেষণে আশঙ্কা প্রকাশ করা হয়েছে, 'বাংলাদেশ এখন গণতন্ত্র ও বিশৃঙ্খল পতনের মাঝামাঝি এক ঝুঁকিপূর্ণ পথে হাঁটছে'।

আদিত্য গৌদারা শিবমূর্তি হলেন অবজারভার রিসার্চ ফাউন্ডেশনের (ওআরএফ) কৌশলগত গবেষণা কর্মসূচির প্রতিবেশী অধ্যয়ন উদ্যোগের একজন সহযোগী ফেলো। তিনি দক্ষিণ এশিয়ায় কৌশলগত ও নিরাপত্তা-সম্পর্কিত বিভিন্ন বিষয় এবং বিকাশের ওপর মনোযোগ দেন আর মধুরিমা প্রামাণিক ওআরএফ -এর কৌশলগত গবেষণা কর্মসূচিতে একজন ইন্টার্ন। তার কাজ দক্ষিণ এশিয়ার রাজনৈতিক, কৌশলগত ও নিরাপত্তা-সম্পর্কিত বিভিন্ন বিষয় ও বিকাশের ওপর কেন্দ্রীভূত।

বিশ্লেষণে বলা হয়েছে, বাংলাদেশ উপদেষ্টা পরিষদ সম্প্রতি ২০০৯ সালের সন্ত্রাসবিরোধী আইন সংশোধনের জন্য একটি অধ্যাদেশ অনুমোদন করেছে। এই সংশোধনের আওতায় আওয়ামী লীগের সব কার্যক্রম নিষিদ্ধ করা হয়েছে, যতক্ষণ না আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল দলটির ও এর নেতাদের বিচার শেষ করে। এই সিদ্ধান্তের পেছনে প্রভাব ফেলেছে ন্যাশনাল সিটিজেন পার্টি (এনসিপি) 'র-বাংলাদেশের প্রথম ছাত্রনেতৃত্বাধীন রাজনৈতিক দলের-তিন দিনের বিক্ষোভ, যা আরও কয়েকটি রাজনৈতিক ও ছাত্র সংগঠনের সঙ্গে যৌথভাবে আয়োজন করা হয়েছিল।

আদিত্য গৌদারা শিবমূর্তি ও মধুরিমা প্রামাণিক তাদের বিশ্লেষণে বলেছেন, এনসিপির আবির্ভাব এবং তত্ত্বাবধায়ক সরকারের বিরুদ্ধে দল ও সংগঠনগুলোর ক্রমবর্ধমান প্রতিবাদ নতুন রাজনৈতিক শক্তির আবির্ভাব নির্দেশ করে। তবে ধর্মনিরপেক্ষ ও যুক্তিভিত্তিক রাজনীতির সংকুচিত পরিসর এই নতুন শক্তিগুলোর জন্য এবং দেশের গণতান্ত্রিক ভবিষ্যতের জন্য একটি গুরুতর চ্যালেঞ্জ হয়ে উঠছে।



তারা মনে করেন, নির্বাচনের আহ্বান, আওয়ামী লীগের উপর নিষেধাজ্ঞা এবং বিএনপির ক্রমবর্ধমান গতি এমন এক পরিস্থিতি তৈরি করতে পারে, যেখানে এনসিপির মতো নতুন দল ও সিস্টেমে বিরক্ত তরুণরা অন্যান্য কট্টরপন্থী গোষ্ঠীর সঙ্গে হাত মেলাতে প্ররোচিত হতে পারে। এটি বাংলাদেশের গণতন্ত্রে একটি প্রজন্মগত পরিবর্তন এবং ক্রমবিকাশমান আদর্শিক সংঘাতকে তুলে ধরে।

বিশ্লেষণে আরও উল্লেখ করা হয়েছে যে, এই সংগঠনগুলোর বেশিরভাগই এখনও গঠনের প্রাথমিক পর্যায়ে রয়েছে, ধর্মনিরপেক্ষতা পশ্চাদপসরণে, আওয়ামী লীগের উত্তরাধিকার প্রশ্নের মুখে এবং দেশের রাজনৈতিক কেন্দ্র শূন্য হয়ে পড়ায় চরম ডানপন্থী দলগুলোর জন্য মাটি তৈরি হচ্ছে-তারা জোট ও মিত্রতার মাধ্যমে তাদের অবস্থান এবং আদর্শ ছড়িয়ে দিতে পারছে।

যখন অনেক তরুণ এনসিপির মতো নবীন দলকে সমর্থন করছে এবং সংস্কার ও রাজনৈতিক অংশগ্রহণে আগ্রহ দেখাচ্ছে, তখন তথাকথিত 'দ্বিতীয় প্রজাতন্ত্রের' প্রকৃত চরিত্র অনিশ্চিত থেকে যাচ্ছে। দেশ এখন গণতন্ত্র ও বিশৃঙ্খল পতনের মাঝামাঝি এক ঝুঁকিপূর্ণ পথে হাঁটছে বলে উল্লেখ করেছেন গবেষক আদিত্য গৌদারা শিবমূর্তি ও মধুরিমা প্রামাণিক।

ভারতের রাজধানী দিল্লিতে অবস্থিত অবজারভার রিসার্চ ফাউন্ডেশন (ওআরএফ) একটি স্বাধীন বৈশ্বিক থিঙ্ক ট্যাঙ্ক। দিল্লির প্রধান কার্যালয় ছাড়াও ফাউন্ডেশনের মুম্বাই, চেন্নাই ও কলকাতায় তিনটি কেন্দ্র রয়েছে। ওআরএফ ভারতের সরকার, রাজনৈতিক মহল এবং ব্যবসায়িক সম্প্রদায়ের জন্য নীতিনির্ধারণ এবং সিদ্ধান্ত গ্রহণে সহায়ক সম্ভাব্য উপাত্ত প্রদান করে ও নীতি ও পরিকল্পনার ভালোমন্দ নিয়ে বিশ্লেষণ করে।

ওআরএফ-এর যাত্রা শুরু হয়েছিল ১৯৯০-এর দশকের সংস্কারের প্রেক্ষাপটে ভারতের অভ্যন্তরীণ অর্থনৈতিক বিষয় নিয়ে কাজ করার উদ্দেশ্যে। তবে বর্তমানে এর কার্যপরিধি বিস্তৃত হয়েছে নিরাপত্তা ও কৌশল, শাসন ব্যবস্থা, পরিবেশ, জ্বালানি ও সম্পদ, অর্থনীতি ও প্রবৃদ্ধি পর্যন্ত।

ওআরএফ ঐতিহ্যগতভাবে আম্বানি পরিবারের দ্বারা প্রতিষ্ঠিত হয়; যদিও এটি দাবি করে যে তারা স্বাধীনভাবে পরিচালিত হয়। কিন্তু প্রতিবেদনের মতে, ২০০৯ সাল পর্যন্ত ফাউন্ডেশনের বাজেটের ৯৫% রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ দ্বারা প্রদান করা হতো, তবে এখন ধারণা করা হয় যে এই অনুপাত প্রায় ৬৫% এ নেমে এসেছে, কারণ ফাউন্ডেশন তাদের অর্থায়নের উৎস বৈচিত্র্যময় করেছে - সরকারের, বিদেশি ফাউন্ডেশন এবং অন্যান্য উৎসের মাধ্যমে।

একটি প্রতিষ্ঠান হিসেবে যার লক্ষ্য হলো বিশ্বের সকল প্রান্তের কণ্ঠস্বরকে উৎসাহিত করা, ওআরএফ বিভিন্ন আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করে, যার মধ্যে অন্যতম হলো এর প্রধান বহুপাক্ষিক সম্মেলন 'রাইসিনা ডায়ালগ', যা ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এরপর ২০ পৃষ্ঠায়

কে বা কারা বাংলাদেশের দৃষ্টিকোণ ও স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়গুলো দেশে-বিদেশে তুলে ধরবে? এসব বুদ্ধিবৃত্তিক কাজের জন্য উপযুক্ত গবেষণা প্রতিষ্ঠান তৈরি করা আদৌ সম্ভব হয়েছে? যতক্ষণ এসব প্রশ্নের সদুত্তর না পাওয়া যাবে এবং এজন্য প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক ও কাঠামোগত ব্যবস্থা তৈরি না করা যাবে, ততক্ষণ বাইরের প্রস্তুতকৃত কিংবা চাপিয়ে দেওয়া বয়ান আমাদেরকে অক্টোপাসের মতো ঘিরেই রাখবে

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights, NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# আমেরিকানরা কেন ইসরায়েলিদের চেয়ে বেশি ইসরায়েলি

আহমেদ মুর

১৯৭১ সালে প্রকাশিত ফ্রেডারিক ফর্সাইথের দ্য ডে অব দ্য জ্যাকেল উপন্যাসটি শুরু হয়েছে ফরাসি প্রেসিডেন্ট শার্ল দ্য গলকে হত্যার ষড়যন্ত্রের কাহিনি দিয়ে। এই ষড়যন্ত্রের সঙ্গে যাঁরা জড়িত ছিলেন, তাঁরা 'পিয়ে-নোয়া' (পিয়ে অর্থ কালো, নোয়া অর্থ পা) নামে পরিচিত। আলজেরিয়া যখন ফ্রান্সের উপনিবেশ, তখন দেশটিতে জন্ম নেওয়া ফরাসিদের এই নামে ডাকা হতো।

পিয়ে-নোয়ারা চাইতেন না, শার্ল দ্য গল আলজেরিয়া ছেড়ে যাক। তাঁরা এটিকে বিশ্বাসঘাতকতা বলে মনে করতেন। সাবেক উপনিবেশে থাকতে না পেরে তাঁরা হতাশ, হীনবল ও চরম সহিংস হয়ে ফ্রান্সে ফেরত এসেছিলেন। পিয়ে-নোয়ারা নিজেদের ফরাসিদের চেয়ে বেশি ফরাসি বলে ভাবতেন। এই উপন্যাসের আকর্ষণীয় জায়গা হলো, বাস্তব ইতিহাসের সঙ্গে কাহিনির মিল আছে। ষাটের দশকে দ্য গলকে অন্তত ছয়বার হত্যা চেষ্টা করা হয়েছিল। এর সঙ্গে জড়িত ছিলেন ফরাসি রেভানশিস্টরা (হারানো দেশ ফিরে পেতে আগ্রহী জাতীয়তাবাদী)। ১৯৯৪ সালে ইসরায়েলের প্রধানমন্ত্রী আইজ্যাক রবিনকে হত্যা করেছিলেন ইসরায়েলি বসতি স্থাপনকারী ইয়িগাল আমির। বলা হয় যে তিনি উপন্যাসটি পড়ে অনুপ্রাণিত হয়েছিলেন।

ইসরায়েল এখনো বুঝতে পারছে না, তারা যুদ্ধে হেরে গেছে সেই উপন্যাসের কথা আবার মনে পড়ল হামাস ও যুক্তরাষ্ট্রের মধ্যে বন্দী বিনিময় চুক্তির খবর পড়ে। এদান আলেক্সান্ডার নামের একজন আমেরিকান-ইসরায়েলি সেনাকে হামাস দেড় বছর ধরে বন্দী করে রেখেছিল। তাঁর মুক্তির জন্য বন্দী বিনিময় চুক্তি। নিউইয়র্ক টাইমস-এর প্রতিবেদন থেকে জানা যাচ্ছে, এদান নিউ জার্সিতে বড় হয়েছিলেন। উচ্চবিদ্যালয়ে পড়ালেখা শেষে ইসরায়েলে গিয়ে সেনাবাহিনীতে যোগ দেন।

লাইনটি পড়ে আমার মনে প্রশ্ন জাগল-একজন আমেরিকান কিশোর এমন চরম পন্থার দিকে কেন ঝুঁকে পড়ল? কেন একজন আমেরিকান কিশোর নিজের দেশ ছেড়ে এমন একটা দেশের সেনাবাহিনীতে যোগ দিল, যাদের মূল কাজ হলো, দখলদারি ও বর্ণবাদ।

এই প্রশ্ন নির্দিষ্ট বিষয়বস্তুর দিক থেকে তাৎপর্যপূর্ণ। তবে এটি আরেকটি বিস্তৃত প্রবণতাকেও তুলে ধরে। সেটি হলো, আলেকজান্ডার এই পথে একেবারেই অনন্য কেউ নন। ২০২৪ সালের ফেব্রুয়ারি মাসে দ্য ওয়াশিংটন পোস্ট-এর এক প্রতিবেদন জানাচ্ছে, 'প্রায় ২৩ হাজার ৩৮০ জন আমেরিকান নাগরিক বর্তমানে ইসরায়েলি সেনাবাহিনীতে কর্মরত।'

তবে তাঁরা সেই পথটাতেই হাঁটছেন, যেটি আগে থেকেই রক্তস্নাত। ১৯৯৪ সালে বারুচ গোল্ডস্টেইন নামের একজন আমেরিকান জায়নবাদী হেবরনের একটি মসজিদে গুলি চালিয়ে ২৯ জন ফিলিস্তিনিকে হত্যা করেছিলেন।

প্রতিবেদনে ইসরায়েলের সেনাবাহিনীতে কর্মরত অবস্থায় মারা যাওয়া আমেরিকান পরিবারগুলো সাক্ষাৎকার নেওয়া হয়েছে। পরিবারগুলো 'ইহুদিবাদী রাষ্ট্রের প্রতি তীব্র অঙ্গীকার' ব্যক্ত করেন। তিনটি পরিবারের মধ্যে দুটি পরিবার বসতিতে (পশ্চিম তীরে ইসরায়েলের তৈরি করা বর্ণবাদী স্থাপনা) বাস করছে অথবা স্বেচ্ছাসেবামূলক কাজে অংশ নিচ্ছে।



গাজায় গণহত্যামূলক অভিযান চালাতে গিয়ে নিহত একজন সৈনিকের মা নিজেকে 'ইসরায়েলিদের চেয়েও বেশি ইসরায়েলি বলে বর্ণনা করেছেন'। একজনের বাবা তাঁর পরিবারের আমেরিকা থেকে ইসরায়েলে যাত্রার কারণ হিসেবে বলেছেন, 'আমরা জায়নবাদ প্রতিষ্ঠার জন্য এসেছিলাম।'

প্রতিবেদনটিতে বিস্তৃতভাবে দেখানো হয়েছে সামাজিক সংস্থার মাধ্যমে কীভাবে আমেরিকান তরুণেরা চরম পন্থার দিকে হাঁটছেন। গাজায় নিহত একজন সেনা প্রতিবছর পেনসিলভানিয়ার জায়নবাদীদের গ্রীষ্মকালীন ক্যাম্পে গিয়ে কাজ করতেন।

নিবন্ধটি পড়তে গিয়ে মনে হয়েছে একটা শক্তিশালী মগজধোলাইয়ের প্রক্রিয়া এখানে আছে। সে কারণেই এসব পরিবার তাদের নিজেদের এবং সন্তানদের সিদ্ধান্তকে স্বাভাবিক, এমনকি বীরোচিত বলেই মনে করে।

এটা ঠিক যে বিদেশি সেনাবাহিনীতে আমেরিকানদের যোগদানের ঘটনাটি শুধু ইসরায়েলের ক্ষেত্রেই ঘটেনি। যুক্তরাষ্ট্রভিত্তিক বেতারমাধ্যম এনপিআর জানাচ্ছে, রাশিয়ার দখলদারির বিরুদ্ধে ইউক্রেনীয়দের যুদ্ধে শত শত আমেরিকান লড়ছে। তবে 'শত শত' আর 'হাজার হাজার' এক জিনিস নয়। আর দখলদারির বিরুদ্ধে যুদ্ধ করা আর দখলদারি প্রতিষ্ঠার জন্য যুদ্ধ করা এক বিষয় নয়।

ফিলিস্তিনে গণহত্যার প্রেক্ষাপটকে বিবেচনায় নিলে, আমরা এমন এক বাস্তবতার মুখোমুখি দাঁড়াই, যেখানে হাজার হাজার আমেরিকান সক্রিয়ভাবে যুদ্ধাপরাধের সঙ্গে জড়িত। তাঁরা এমন এক সেনাবাহিনীর অংশ, যেটি গাজায় ২০ হাজারের বেশি শিশুকে হত্যা করেছে। দ্য ইকোনমিস্ট-এর তথ্য বলছে, ২০২৩ সালে ইসরায়েলি সেনারা গাজায় ৭৭ হাজার থেকে ১ লাখ ৯ হাজারের মতো মানুষকে হত্যা করেছে। এই সংখ্যা গাজার মোট জনসংখ্যার প্রায় ৪ থেকে ৫ শতাংশ।

ইসরায়েলকে যুক্তরাষ্ট্রের একটি সম্প্রসারণ হিসাবে দেখার একটা প্রবণতা আমেরিকান গণমাধ্যমে দেখা যায়। সম্প্রতি লেখক ও সংবাদিক তা-নাহিসি কোটসকে ফিলিস্তিন নিয়ে তাঁর লেখালেখির জন্য সিবিএস টেলিভিশনের উপস্থাপক 'চরমপন্থী' বলে উল্লেখ করেন।

এরপর ২৪ পৃষ্ঠায়



> এ সময় আবু তাহা নিজের পরিবারের নিহত সদস্যদের গল্প বলেন। ইসরায়েলি পাইলটরা তাঁদের হত্যা করে। সেই মানুষগুলোর মরদেহ উদ্ধার করা যায়নি। ৫০০ দিনের বেশি সময় ধরে সেই মরদেহগুলো ধ্বংস হয়ে যাওয়া বাড়ির নিচে চাপা পড়ে আছে। আবু তাহা, ইসরায়েলি সেনাদের বর্বরতার যে সুস্পষ্ট বিবরণ দিয়েছেন, এটি আমাদের সামনে একটি পথের কথাই বলে। আমরা আশা করতেই পারি যে আমেরিকান মা-বাবারা এই সাক্ষাৎকার দেখেছেন। হয়তো এ রকম আরও সাক্ষাৎকার তাঁরা দেখে থাকবেন। নিশ্চয়ই তাঁরা এর পর থেকে বলবেন, 'না, আমরা চাই না, আমাদের সন্তানেরা চরম পন্থায় দীক্ষিত হয়ে নৃশংসতায় অংশ নিক

# রাজস্ব আয়ের বড় স্বপ্ন; বাস্তবায়নে হোচটের শঙ্কা!

> **বাজেট ২০২৫-২৬**
>
> কর কাঠামোর এমন দুর্বলতা নিয়ে বছরের পর বছর ধরে গণমাধ্যমে লেখা হলেও বিপরীতে কোন অগ্রগতি দেখা যায় নি। অন্তর্বর্তী সরকারের অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ এবারের বাজেটের তিন-চতুর্থাংশ রাজস্ব হিসেবে আহরণ করার যে পরিকল্পনা দিয়েছেন, তা বাস্তবায়নের জন্য দরকার প্রশাসনিক স্থিতিশীলতা, করজাল সম্প্রসারণে প্রকৃত উদ্যোগ, এবং বিনিয়োগবান্ধব পরিবেশ। এলডিসি উত্তরণ, আন্তর্জাতিক বাণিজ্যে শুল্ক বাড়ার ঝুঁকি, অভ্যন্তরীণ রাজস্ব ঘাটতি-সব মিলে সামনের সময়টা চ্যালেঞ্জিং। সরকারকে তাই রাজস্ব ব্যবস্থায় কাঠামোগত সংস্কার, মধ্যবিত্ত ও দরিদ্রদের স্বস্তি দেওয়া, এবং উন্নয়ন ব্যয়ের জন্য টেকসই উৎস নিশ্চিত করা প্রয়োজন

মো. কামরুজ্জামান



২০২৫-২৬ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে সাত লাখ ৯০ হাজার কোটি টাকার ব্যয়ের ঘোষণা এসেছে। এর মধ্যে সরকারের রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৫ লাখ ৬৪ হাজার কোটি টাকা-যা দেশের মোট জিডিপির প্রায় ৯ শতাংশ। জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর মধ্যে ৪ লাখ ৯৯ হাজার কোটি টাকা আদায়ের দায়িত্ব পেয়েছে, আর বাকি অংশ আসবে অন্যান্য উৎস থেকে। রাজস্ব আদায় নিয়ে এনবিআরের এই লক্ষ্য অনেকটা যেন স্বপ্নের মতো কেননা বাস্তবায়নের অতীত নজির নেই!

তাই বাস্তবতার নিরিখে এই লক্ষ্যপূরণ নিয়ে গভীর প্রশ্ন উঠেছে। একদিকে ব্যবসা-বাণিজ্যে স্থবিরতা, বিনিয়োগে আস্থার ঘাটতি, অপরদিকে এনবিআর অফিসের অভ্যন্তরীণ সংকট-সব মিলিয়ে রাজস্ব আয় নির্ধারিত লক্ষ্যে পৌঁছবে কি না, তা নিয়ে অর্থনীতিবিদ ও বিশ্লেষকরা যথেষ্ট সন্দিহান।

**রাজস্ব ঘাটতির ধারাবাহিকতা ও এনবিআরের সংকট**

গত এক দশকে কোনো বছরই এনবিআর নির্ধারিত লক্ষ্যমাত্রা পূরণ করতে পারেনি। চলতি অর্থবছরেই (২০২৪-২৫) শুরুতে এনবিআরকে লক্ষ্য দেওয়া হয়েছিল ৪ লাখ ৮০ হাজার কোটি টাকা, যা পরে কমিয়ে আনা হয় ৪ লাখ ৬৩ হাজার ৫০০ কোটি টাকায়। গবেষণা সংস্থা সিপিডি জানিয়েছে, অর্থবছর শেষে প্রায় ১ লাখ ৫ হাজার কোটি টাকার ঘাটতি থাকবে। এরই মধ্যে এনবিআর পুনর্গঠন সংক্রান্ত অধ্যাদেশ নিয়ে কর্মকর্তারা কর্মবিরতিতে যান।

এনবিআর চেয়ারম্যানের অপসারণ দাবিতে চলেছে বিক্ষোভ। এই ধরনের প্রশাসনিক অস্থিরতা সরাসরি রাজস্ব আহরণে প্রভাব ফেলেছে। এমন বাস্তবতায় আগামী অর্থবছরে পাঁচ লাখ কোটি টাকার রাজস্ব আহরণ কতটা সম্ভব-তা ভাবনার বিষয়।

উল্লেখযোগ্য যে, ২০২৪-২৫ অর্থবছরের প্রথম ১১ মাসে এনবিআর আয় করেছে ৩ লাখ ২১ হাজার কোটি টাকা। অর্থাৎ জুন মাসে তাদের ১ লাখ ৪২ হাজার কোটি টাকা আহরণ করতে হবে, যা ইতিহাসে নজিরবিহীন এবং কার্যত অসম্ভব।



**করের ভার কোথায় পড়ছে?**

প্রস্তাবিত বাজেটে প্রত্যক্ষ করের চেয়ে পরোক্ষ করেই বেশি গুরুত্ব দেওয়া হয়েছে। ভ্যাট থেকে ৩৭.৮ শতাংশ, আয়কর থেকে ৩৬.৫ শতাংশ এবং কাস্টমস থেকে ২৫.৭ শতাংশ রাজস্ব আসবে বলে আশা করা হয়েছে। এই ভারসাম্যহীনতা আবারো সাধারণ মানুষের কাঁধে করের চাপ বাড়াবে।

অন্যদিকে, আয়করে কোনো ছাড় দেওয়া হয়নি। করমুক্ত আয়ের সীমা এখনও সাড়ে তিন লাখ টাকাই রাখা হয়েছে, যা উচ্চ মূল্যস্ফীতির মধ্যে মধ্যবিত্তের জন্য নেতিবাচক সংকেত। ভবিষ্যতের রূপরেখায় সীমা বাড়ানোর কথা বলা হলেও, তা কার্যকর হচ্ছে ২০২৬-২৭ অর্থবছর থেকে।

অপরদিকে বিত্তবানদের জন্য কিছু সুবিধা এসেছে। সারচার্জ পদ্ধতির পরিবর্তন ও ইলেকট্রিক গাড়ির ওপর থেকে পরিবেশ সারচার্জ প্রত্যাহার-এসব পদক্ষেপ বড়লোক শ্রেণিকে কিছুটা কর ছাড় দিয়েছে, যা রাজস্ব আয়ের সামগ্রিক ভারসাম্যকে প্রশ্নবিদ্ধ করেছে।

**রাজস্ব আহরণে নতুন করদাতার পরিবর্তে পুরনোদের ওপর চাপ**

আয়কর আদায়ের অন্যতম উৎস হলো উৎসে কর এবং অডিট। কিন্তু অডিট ব্যবস্থায় হয়রানির অভিযোগ থাকায় কর প্রশাসনের প্রতি আস্থার ঘাটতি রয়েছে। তবু বাজেটে অডিট বাড়ানোর সুযোগ রেখে রাজস্ব বাড়ানোর চেষ্টা করা হয়েছে, যা করদাতাদের মধ্যে আশঙ্কা সৃষ্টি করছে।

এছাড়া ৩৩টি সেবার বিপরীতে রিটার্ন জমার বাধ্যবাধকতা শিথিল করার ফলে নতুন করদাতা করজালের বাইরে থেকে যাবেন। এতে করজাল বিস্তারের সম্ভাবনা যেমন হ্রাস পাবে, তেমনি পুরোনো করদাতাদের ওপরই চাপ বাড়বে।

বিশ্লেষকরা দীর্ঘদিন ধরেই বলছেন, করের হার না বাড়িয়ে করজালের আওতা বাড়ানোই হবে স্থায়ী সমাধান। কিন্তু এবারের বাজেটেও সেই কাঙ্ক্ষিত সংস্কারের ছোঁয়া মেলেনি।

**বিনিয়োগকারীদের জন্য বার্তা**

দেশে সরকারি বেসরকারি এবং বিদেশি বিনিয়োগ নিয়ে যখন খরা চলছে তখন এই বাজেটে বেসরকারি খাতে বিনিয়োগ বাড়ানোর জন্য উল্লেখযোগ্য কোনো প্রণোদনা দেখা যায় নি। অথচ ব্যবসায়ীরা ইতিমধ্যে 'কস্ট অব ডুইং বিজনেস'-এর উচ্চ ব্যয় এবং অনিশ্চয়তা নিয়ে উদ্বেগ জানিয়েছেন। অতিরিক্ত ট্যাক্সের কারণে উদ্যোক্তারা আরও চাপে পড়বেন, যা অর্থনৈতিক পুনরুদ্ধারকে মন্থর করে তুলতে পারে।

**কর ব্যবস্থার কাঠামোগত দুর্বলতা**

অর্থনীতিবিদ ড. সেলিম রায়হান সম্প্রতি বলেন, দেশের কর ব্যবস্থায় ৭০ শতাংশের বেশি আসে পরোক্ষ কর থেকে, যার ভার সাধারণ মানুষের ওপর পড়ে। শুধুমাত্র কর হার সমন্বয় নয়, বরং পুরো ব্যবস্থাটির কাঠামোগত সংস্কার জরুরি। তার মতে, করের আওতা বাড়িয়ে আয় বাড়ানোর যে সম্ভাবনা রয়েছে, তা বছরের পর বছর বলা হলেও বাস্তবায়নে তেমন অগ্রগতি নেই। কর কাঠামোর এমন দুর্বলতা নিয়ে বছরের পর বছর ধরে গণমাধ্যমে লেখা হলেও বিপরীতে কোন অগ্রগতি দেখা যায় নি।

এরপর ৪৪ পৃষ্ঠায়

# নির্বাচন নিয়ে ৬ মাসের টানাটানি

> জনগণ সত্যি কথা উচ্চারণ করলে কিংবা স্লোগান দিলে তাদের বড় কষ্ট হয়! নির্বোধ জনগণ কেন যে অহেতুক তাদের বিরক্ত করে, তা তারা বুঝতে পারে না! সেই বোধ ও শক্তি তাদের থাকে না। নানা আইনকানুনের আশ্রয়ে তারা জনগণের আন্দোলন, বিদ্রোহ দমন করতে তৎপর হয়ে ওঠে। দেশের জনগণ ও রাজনৈতিক দলের সমর্থনে ভোটে জয়লাভ করে জনগণের শাসন বহাল রাখার জন্য যে সরকার গঠিত হয়, তাদের নির্দিষ্ট সময় দেশের সেবা করার অধিকার প্রশংসার দাবি রাখে। নির্বাচন নিয়ে হয়রানি করার কোনো সুযোগ ভোটার কিংবা জনগণ কাউকে দেয়নি। জনগণের সমর্থন ব্যতীত কোনো সরকার দেশের জন্য কল্যাণকামী কোনো প্রতিষ্ঠান নয়, যুগে যুগে এটি প্রতীয়মান হয়েছে। আশা করি, আমাদের শিক্ষা ভুল হওয়ার নয়। আমরা জনগণের হয়ে তাঁদের সঙ্গে থাকি, তাঁদের নিয়ে সম্মানের সঙ্গে বাঁচি

ড. মো. গোলাম রহমান



সংবাদপত্রের পাতায় প্রকাশিত কোনো কোনো শিরোনাম ও সংবাদ বিশেষ আগ্রহ নিয়ে পড়তে চান পাঠক। একটি জাতীয় পত্রিকায় ৩১ মে প্রকাশিত প্রধান শিরোনাম, '৬ মাসের টানাটানিতে ভোট' শীর্ষক সংবাদটি সম্পর্কে আমাকে একজন সম্পাদক ফোন করে প্রশংসা করলেন। আমি বুঝতে পারলাম শিরোনামটি যথেষ্ট প্রতিক্রিয়া সৃষ্টি করেছে। ভোট নিয়ে জনগণের আগ্রহ এবং ভোটে অংশগ্রহণ করার উৎসাহ দেশের মানুষের কাছে সব সময়ই ছিল এবং আছে। কিন্তু সাম্প্রতিক কালের ভোটের গুরুত্ব ও মাহাত্ম্য জনগণকে শুধু নিরুৎসাহিতই করেনি, বরং রাজনীতিবিমুখ হতে বাধ্য করেছে। উপরিউক্ত সংবাদটিতে রাজনৈতিক দল ও বিভিন্ন মহলের ভাবনার প্রতিচ্ছবি উন্মোচিত হয়েছে। বিএনপি বলছে ভোট ডিসেম্বরের মধ্যেই হতে হবে; সরকার আশ্বস্ত করেছে জুনের পর এক দিনও না। এই দোলাচলে দেশের জনগণ অধীর আগ্রহে প্রতীক্ষা করছে-কবে নাগাদ নির্বাচন অনুষ্ঠিত হয়?

১০ মাস। যেকোনো হিসাবেই ১০ মাস খুব সংক্ষিপ্ত সময় নয়। একজন মা অনেক কষ্ট আর যত্ন নিয়ে জন্ম দেন তাঁর শিশুটিকে। এই বিশ্বে অনেক শিশুর মতো ১০ মাসে একটি শিশু জন্মলাভ করে। নতুন আলোর মুখ দেখে। নতুন প্রত্যাশায় জন্ম নেয় প্রতিটি শিশু। দ্রুত পেরিয়ে যাচ্ছে সময়। যে শিরোনামের কথা দিয়ে শুরু করেছিলাম, তার মূল বিষয়টি হচ্ছে নির্বাচন।

মুহাম্মদ ইউনূসের পদত্যাগ নিয়ে আলোচনাসহ নানা ইস্যুতে সৃষ্ট অস্থির পরিস্থিতিতে গত মাসের মাঝামাঝিতে নড়েচড়ে বসে বিএনপিসহ দেশের রাজনৈতিক দলগুলো। এ পরিস্থিতিতে ২৪ ও ২৫ মে বিএনপিসহ দলগুলোর সঙ্গে বৈঠক করেন প্রধান উপদেষ্টা। এসব বৈঠকে অধিকাংশ দলের পক্ষ থেকেই নির্বাচনের রোডম্যাপ ঘোষণা দিতে প্রধান উপদেষ্টাকে আহ্বান জানানো হয়। বিএনপি নির্বাচনের রোডম্যাপ, জামায়াত সংস্কার ও নির্বাচন, এনসিপির পক্ষ থেকে বিচার, সংস্কার ও নির্বাচনের রোডম্যাপ দেওয়ার জন্য প্রধান উপদেষ্টাকে আহ্বান জানানো হয়।'



এই সংবাদ নিয়ে প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন সেই সম্পাদক। এইসব মতামতের পরিপ্রেক্ষিতে বলা যায়, দেশের নির্বাচন সংশয়ের মুখোমুখি।

বাংলাদেশে জাতীয় নির্বাচন নিয়ে সংশয় ও উদ্বেগের পেছনে বিভিন্ন রাজনৈতিক দলের ভিন্ন মতামত রয়েছে। তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বাতিল ও নিরপেক্ষতার প্রশ্নে দেখা যায়, ২০১১ সালে সংবিধানের পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বাতিল করা হয়, ফলে বর্তমান সরকারের অধীনেই নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে, যা অনেকের কাছে নিরপেক্ষতার অভাব হিসেবে দেখা যায়। অভিজ্ঞতা থেকে বলা যায়, দলীয় সরকারের অধীনে নির্বাচন সুষ্ঠু ও অবাধ হবে কি না, তা নিয়ে জনমনে গভীর সন্দেহ রয়েছে, পত্র-পত্রিকায় এসব মতামতের প্রকাশ ঘটেছে। দেখা যায়, বিগত নির্বাচনের বিতর্ক ও অংশগ্রহণের সীমাবদ্ধতাও একই কারণে। বিগত নির্বাচনে বিরোধী দলের অংশগ্রহণ ছিল সীমিত, ২০১৪ ও ২০১৮ সালের জাতীয় নির্বাচনে ভোটারদের অংশগ্রহণ ছিল খুবই কম। ভোট জালিয়াতি, পেশিশক্তির ব্যবহার এবং প্রশাসনিক পক্ষপাতিত্বের অভিযোগ প্রসঙ্গক্রমেই উত্থাপিত হয়েছে। ফলে করে নির্বাচন নিয়ে জনগণের আস্থা হ্রাস পাওয়া স্বাভাবিক।

গত ২৮ মে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান যুবদল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের আয়োজনে অনুষ্ঠিত তারুণ্যের সমাবেশে বলেন, চলতি বছরের ডিসেম্বরের মধ্যেই জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হতে হবে। তারেক রহমান বলেন, 'আমরা ফ্যাসিবাদমুক্ত বাংলাদেশের জনগণের কাছে প্রতিশ্রুতিবদ্ধ, তাই, জনগণের কাছে দায়বদ্ধ একটি সরকার দ্রুত দেখতে চাই।' অন্তর্বর্তী সরকারের প্রতি তিনি জোর দাবি জানান যে, আগামী ডিসেম্বরের মধ্যে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হতে হবে। তিনি নতুন প্রজন্মের ভাই-বোনদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, 'আগামী ডিসেম্বরের মধ্যে আপনারা জাতীয় নির্বাচন যাতে অনুষ্ঠিত হয়, তার প্রস্তুতি নিতে শুরু করুন।'

এদিকে সুশীল সমাজও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের ব্যাপারে সংশয়ের মধ্যে রয়েছে। বর্তমান প্রশাসন ও নির্বাচন কমিশনের নিরপেক্ষতা নিয়ে তারা সন্দেহমুক্ত নয়। ভোটকেন্দ্রে নিরাপত্তা বাহিনীর আচরণ সুষ্ঠু নির্বাচনের পরিবেশ তৈরিতে প্রতিবন্ধকতার সৃষ্টি হয় করছে বলে তারা মনে করে। অনেকে মনে করেন, নির্বাচনের আগে প্রয়োজনীয় সংস্কার সম্পন্ন করা উচিত। ভোটারদের মধ্যে অনেকে বিশ্বাস করেন, নির্বাচন কমিশনের স্বাধীনতা এবং প্রশাসনিক নিরপেক্ষতা যেমন জরুরি বিষয়, তেমনি রাজনৈতিক সহনশীলতা নিশ্চিত না হলে সুষ্ঠুভাবে জনমুখী নির্বাচন অনুষ্ঠান হয়তো সম্ভব নয়।

সব মিলিয়ে বাংলাদেশের জাতীয় নির্বাচন নিয়ে জনমনে সংশয় ও উদ্বেগ বিরাজ করছে, তা বলাই বাহুল্য। আমরা জানি, সুষ্ঠু, অবাধ ও অংশগ্রহণমূলক নির্বাচন নিশ্চিত করতে রাজনৈতিক দলগুলোর কার্যকর অংশগ্রহণ যেমন প্রয়োজন, তেমনি প্রশাসনিক নিরপেক্ষতাও প্রয়োজন। নির্বাচনে স্বচ্ছতা ও গ্রহণযোগ্যতা নিশ্চিত করার জন্য এরপর ২০ পৃষ্ঠায়




# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)

Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# চান্দের তলোয়ার কেন মনে পড়ল

এর অন্যথা হবে না কোনোভাবেই। পূর্ব দিগন্ত থেকে অশ্বারোহীদের হঠাৎ ক্ষমতায় আরোহণ চিরদিনের জন্য বন্ধ করাও জরুরি। এত দিন বিচারপতিদের ক্ষমতায় আনার জন্য একটা ব্যবস্থা ছিল, এখন সেটাও বন্ধ হয়ে গেছে, তা-ও বিদেশি প্রভুদের চাপে। যাই হোক, শামসুর রাহমানের কবিতার কথা সত্যি হয়ে দাঁড়াচ্ছে প্রতিদিন-এক উদ্ভট উটের পিঠে চলেছে স্বদেশ। আমি আজ থেকে অর্ধশতাব্দী আগে 'চান্দের তলোয়ার' লিখেছিলাম, আজকে হঠাৎ কেন সে কথা মনে পড়ল? হয়তো পরিস্থিতির তেমন কোনো পরিবর্তন হয়নি। একটা স্বাধীন দেশে যুদ্ধাবস্থা চলছে। এই পরিস্থিতির অবসান চেয়েছি অনেকবার। কিন্তু কোনো লাভ হয়নি। আর কত এই অনন্তকালের অনিশ্চয়তা চলবে?

মামুনুর রশীদ



১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালে ঈদ এসেছিল। সেই ঈদের সময় স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে একটা বিশেষ নাটক লিখেছিলাম। যুদ্ধরত শিল্পীদের অভিনয়ে সমৃদ্ধ হয়ে নাটকটি প্রচারিত হয়েছিল ঈদের আগের দিন। নাটকটির নাম ছিল 'চান্দের তলোয়ার'। ঈদের চাঁদ সাধারণত আনন্দের বার্তা নিয়ে আসে। খুশির এই ঈদের বড় প্রতীক হলো চাঁদ। কিন্তু মুক্তিযুদ্ধের সময় প্রতিটি পরিবার হয়ে দাঁড়িয়েছিল এক একটি বেদনার প্রতীক। যাঁরা দেশে অবস্থান করছিলেন, তাঁরা ছিলেন এক মহা আতঙ্কের মধ্যে। আর যেসব পরিবারের সন্তানেরা যুদ্ধে গিয়েছিলেন তাদের তো আশঙ্কার শেষ নেই। অনেকের সঙ্গে পরিবারের কোনো যোগাযোগই ছিল না। অথচ যুদ্ধরত দুটি সম্প্রদায়ই একই ধর্মের। ইসলামের নামে এই যুদ্ধ। আর সে যুদ্ধে আক্রমণকারী বাহিনীর জন্য হত্যা, ধর্ষণ, লুণ্ঠন সবই বৈধ। তাই আনন্দ, সম্প্রীতি, ভ্রাতৃত্ব, উৎসবের প্রতীক না হয়ে চাঁদ দাঁড়াল তলোয়ার হয়ে। যে তলোয়ার নৃশংসতার এবং বিশেষ করে নিরস্ত্র মানুষকে হত্যার প্রতীক হয়ে গেল।

নাটকের সূচনা দৃশ্যটা ছিল এ রকম-সীমান্তের কোনো এক বাংকারে বসে আছেন মুক্তিযোদ্ধারা। এর মধ্যে আছেন বিভিন্ন বয়সের যোদ্ধা। একজন আছে, একেবারে কিশোর। ফ্যালফ্যাল করে তাকিয়ে আছে আকাশের চাঁদটার দিকে। অন্যরা মনোযোগী প্রতিপক্ষের দিকে। মাঝে মাঝে হালকা কামানের আওয়াজে মাটি কেঁপে উঠছে। কিশোর ছেলেটির মনে পড়ছে মা-বাবা, ভাইবোনের কথা। গুলি চালাতে চালাতে সবার স্মৃতিতে ভেসে আসছে বিগত ঈদগুলোর মুহূর্ত। এমনি করে বাংকারের ভেতরের আবহ যখন ভারী হয়ে ওঠে, তখন বয়স্ক একজন যোদ্ধা তাঁর মুখস্থ করা বিষাদসিন্ধু থেকে পাঠ শুরু করেন। পাকিস্তানি সেনাদের তখন সীমার-এজিদ মনে করতে থাকেন সবাই। আর তীব্র আক্রমণে পাকিস্তানি সেনাদের বাংলায় বিধ্বস্ত করে দেন তাঁরা।

আজকে অর্ধশতাব্দী পর মনে পড়ল সেই নাটকটির কথা, সঙ্গে সঙ্গে সেই সময়টার কথাও। তবে সেই সময়টার অবসানও হয়েছিল। চান্দের তলোয়ার সমহিমায় প্রতিষ্ঠিত হয়েছিল। মুক্তির আস্বাদ গ্রহণ করেছিলাম। বিজাতীয় পাকিস্তান সেনাবাহিনী পরাজিত হয়ে দেশ ত্যাগ করেছিল। কিন্তু দেশটায় যুদ্ধ শেষে শান্তি এল না। একাত্তরের সেই পাকিস্তানি সহযোগীরা মাটি কামড়ে ঘাপটি মেরে পড়ে থাকল। আর মুক্তিযুদ্ধের শক্তিও কিছু মৌলিক প্রশ্নে জাতিকে ঐক্যবদ্ধ রাখতে পারল না। স্বপক্ষের আর বিপক্ষের শক্তিতে বিভাজিত হয়ে দীর্ঘ সময় চলতেই থাকল। তাই মাঝে মাঝেই চাঁদটাকে তলোয়ারই মনে হয়।



আমাদের দুর্ভাগ্য, আমাদের যে শাসকগোষ্ঠীটা গড়ে উঠেছে তাদের রাষ্ট্র পরিচালনায় মনোযোগ নেই। মনোযোগ অন্যত্র-ক্ষমতাকে ব্যবহার করে নিজের ভবিষ্যৎ গড়ে তোলায়। তাই ক্ষমতায় থাকার সময় দেশের অসংখ্য সমস্যার সমাধান না করে আমলাদের সঙ্গে নিয়ে কী করে স্বল্প সময়ে কোটিপতি হওয়া যায়, সেই ধান্দা করায় ব্যস্ত তারা। টাকা না হলেও স্বজনপ্রীতির মাধ্যমে নিজের ছেলেমেয়েদের প্রতিষ্ঠিত করা চাই। রক্তাক্ত অভ্যুত্থানের মাধ্যমে একটা দেশে ক্ষমতার পরিবর্তন করার পরও তরুণ ছাত্ররা ক্ষমতার অংশীদার হয়েছে, যা পৃথিবীতে বিরল। শুধু তা-ই নয়, তারা আবার দুর্নীতিতেও জড়িয়ে পড়ছে। আর বিশৃঙ্খল দেশটাকে আরও ভীতিকর করার জন্য বহাল আছে মবতন্ত্র। একটি জনপ্রিয় টিভি ধারাবাহিকে আমার সংলাপ ছিল, 'দেশটা কি মগের মুলুক হয়ে গেল নাকি? ইংরেজের শাসনে কোনো বিচার-আচার নাই?'

এখনো মাঝে মাঝে মনে হয় মগের মুলুক হয়ে মবের মুলুক ফিরে আসছে। সম্প্রতি সেনাবাহিনীর একজন উচ্চপদস্থ কর্মকর্তা প্রকাশ্যে বলেছেন, এই মবতন্ত্র চলতে দেওয়া যাবে না। বেশ দেরি হয়ে গেল না? ৯ মাস হয়ে গেল, এর মধ্যে অনেক অনাচার হয়ে গেছে। মানুষের শান্তি নষ্ট হয়েছে। সুদূর ফরাসি দেশ থেকে এক দুর্বৃত্তের নির্দেশে দেশে অনেক অশান্তি ঘটেছে। শান্তিতে নোবেল পাওয়া আমাদের মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয় সেসবের দিকে একবারও তাকাননি। বিচার বিভাগ যখন খুশি যাকে জেল থেকে ছেড়ে দিচ্ছে। আবার হাজার হাজার মামলায় বিচারালয় ভরে যাচ্ছে। যুক্তিহীন, প্রমাণহীন এই মামলার জট বাকি ১০০ বছরেও ছুটবে কি না কে জানে!

আইন উপদেষ্টা মহোদয়ের জানা উচিত, যত মামলা ততই টাকার ছড়াছড়ি, ততই দুর্নীতি। আর তাতে ফুলেফেঁপে ওঠে বিচার বিভাগ, আইনজীবী, পুলিশ আর মামলার দালালেরা। গত ৯ মাসে যে পরিমাণ দুর্নীতিগ্রস্ত হলো সবকিছু, তা এত অল্প সময়ে আগে কখনো হয়নি। সমগ্র জাতি এত অনিশ্চয়তায় কখনো পড়েনি। তাহলে পূর্ব গগনের অশ্বারোহীরা সংস্কারের নামে যে কালক্ষেপণ করলেন, তার বিপুল ক্ষতিপূরণ কে দেবে? এইটুকু সাধারণ জ্ঞান এই অশ্বারোহীদের নেই যে ঐকমত্য সভা করে ঠিক করতে পারে না। এটি মানবজাতি তার টনক না নড়ালে করবে না। শীতাতপনিয়ন্ত্রিত কক্ষে কতগুলো টাই-স্যুট পরা বাংলাভাষী বিদেশি নাগরিকদের চাকরি পাওয়ার মধ্য দিয়ে যে এসব হবে না, তা এই ভক্টরেটরা বোঝেন না। হায়রে দুর্ভাগা দেশ! কী অপচয়!

গণতন্ত্রের উত্তরণের পথে কোনো পদক্ষেপই এই অশ্বারোহীরা নেবেন না। নির্বাচনের দাবি প্রথম এরপর ২৪ পৃষ্ঠায়

# বাজেটে শ্রমজীবী মানুষের স্বার্থ উপেক্ষিত

সাহিদা পারভীন শিখা

২০২৫-২৬ অর্থবছরের প্রস্তাবিত বাজেট উপস্থাপন করা হয়েছে এক বিশেষ রাজনৈতিক প্রেক্ষাপটে, যেখানে একটি অভ্যুত্থানোত্তর অন্তর্বর্তী সরকার দায়িত্বে রয়েছে এবং পুরো রাষ্ট্রযন্ত্র একধরনের অস্থিরতা, অনিশ্চয়তা ও বৈষম্যের মধ্য দিয়ে অগ্রসর হচ্ছে। আশা করা হয়েছিল, অরাজনৈতিক সরকারের বাজেটে জনস্বার্থ তথা শ্রমজীবী মানুষের স্বার্থের বিষয়গুলো বিবেচনা করে অর্থ বরাদ্দ দেওয়া হবে, কিন্তু ঘোষিত বাজেটে শ্রমজীবী ও কর্মজীবী মানুষের স্বার্থ বরাবরের মতো উপেক্ষিত হয়েছে। মানুষকে যখন পরিবর্তনের গল্প শোনানো হচ্ছে, তখন নতুন বাজেটে নতুনত্বের কোনো ছাপ-ছোঁয়া নেই। এবারের বাজেটেও দীর্ঘদিনের রাষ্ট্রীয় নীতির ধারাবাহিক প্রতিফলন, যেখানে জনস্বার্থ নয়, অগ্রাধিকার পেয়েছে বহুজাতিক লগ্নি পুঁজি, আমলাতান্ত্রিক সুবিধা এবং রাজনৈতিক-অর্থনৈতিক ক্ষমতাবান গোষ্ঠীর একচ্ছত্র আধিপত্য।

বাজেটের আকার ৭ লাখ ৯০ হাজার কোটি টাকা, যা ইতিহাসের বৃহত্তম। কিন্তু এই বিশাল অঙ্কের মধ্যে প্রকৃতপক্ষে কতটুকু অংশ শ্রমজীবী মানুষের কল্যাণে বরাদ্দ, সেই প্রশ্ন গুরুত্বপূর্ণ। বাজেটের প্রায় এক-তৃতীয়াংশই ঘাটতি বাজেট, যার অর্থ, এই ঘাটতি পূরণ করতে হবে ঋণ, কর, মূল্যস্ফীতির চাপ এবং জনগণের কাঁধে বোঝা চাপিয়ে। ইতিহাস বলে, ঘাটতির চাপ কখনোই উচ্চ আয়ের ধনিক শ্রেণির ওপর পড়ে না; বরং তা পরোক্ষভাবে পড়ে খাদ্যপণ্য, চিকিৎসা, শিক্ষা ও জ্বালানির ওপর মূল্যবৃদ্ধির মাধ্যমে সাধারণ মানুষের জীবনযাত্রার ব্যয় বাড়িয়ে।

গত তিন বছরে খাদ্যপণ্যে মূল্যস্ফীতির হার গড়ে ১০ শতাংশ ছাড়িয়েছে। অথচ শ্রমিকদের জন্য ঘোষিত ন্যূনতম মজুরিতে বার্ষিক ইনক্রিমেন্ট রাখা হয়েছে মাত্র ৫ শতাংশ, যা বাস্তবতাবিবর্জিত। বাস্তবে শ্রমিকের ক্রয়ক্ষমতা প্রতিবছরই কমে যাচ্ছে। এই অবস্থায় মজুরিকাঠামোর সংস্কার, জাতীয় ন্যূনতম মজুরি নির্ধারণ, রেশনিং চালু, নতুন কর্মসংস্থান সৃষ্টি-এসব মৌলিক দাবি কেবল অগ্রাহ্যই করা হয়নি, বরং বাজেটে এসব নিয়ে ন্যূনতম দিকনির্দেশনাও দেওয়া হয়নি। এই বাজেট এমন এক অর্থনৈতিক দর্শনের ওপর দাঁড়িয়ে আছে, যা মূলত সাম্রাজ্যবাদী ও বহুজাতিক করপোরেশনের মুনাফার সর্বোচ্চ নিশ্চয়তার দিকে মনোযোগী। নয়া উদারনৈতিক অর্থনীতি, আইএমএফ ও বিশ্বব্যাংকের সংস্কার তাগিদে পরিচালিত এই বাজেট মূলত জনগণ নয়, বরং পুঁজি ও শাসকগোষ্ঠীর সুবিধার জন্য গৃহীত। এতে কৃষি, স্বাস্থ্য, শিক্ষা বা সামাজিক নিরাপত্তার মতো খাতগুলোর জন্য নেই কোনো যুগোপযোগী রূপকল্প। নেই বেকারত্ব ও দারিদ্র্য নিরসনে কার্যকর কৌশল।

বিশ্বব্যাংকের সাম্প্রতিক রিপোর্ট অনুযায়ী, চলতি বছরেই দেশে প্রায় ৩০ লাখ মানুষ দারিদ্র্যসীমার নিচে নেমে যেতে পারে। দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি, শিল্পকারখানা বন্ধ হয়ে যাওয়া, কৃষি থেকে আয় কমে আসা-এসব কিছুর বিপরীতে রাষ্ট্রের প্রতিক্রিয়া হওয়া উচিত ছিল সক্রিয় ও সংবেদনশীল। অথচ বাজেট কেবল পুরোনো কাঠামো বজায় রেখে একধরনের 'নির্বিকার অর্থনৈতিক পরিকল্পনা' হিসেবে উপস্থাপিত হয়েছে। এটিকে তাই 'অতীতের ধারাবাহিকতা অব্যাহত রাখার গতানুগতিক বাজেট' বললে ভুল বলা হয় না।



এত কিছুর পরেও একটি প্রশ্ন অনিবার্য, কেন প্রতিটি বাজেটেই শ্রমজীবী মানুষের দাবি, কৃষকের হাহাকার, চাকরি খোঁজা তরুণের হতাশা কিংবা মফস্বলের নিম্ন আয়ের মানুষের প্রয়োজন উপেক্ষিত হয়? এর পেছনে রয়েছে রাষ্ট্রের একটি মৌলিক কাঠামোগত সংকট, যেখানে অর্থনৈতিক পরিকল্পনা ও সম্পদের বণ্টন কেবল একশ্রেণির মানুষ দ্বারা এবং একশ্রেণির মানুষের জন্য নিয়ন্ত্রিত। বহুজাতিক স্বার্থ, অভ্যন্তরীণ দালাল পুঁজি, রাষ্ট্রীয় আমলাতন্ত্র ও রাজনৈতিক ক্ষমতাকেন্দ্র-এই চতুর্মুখী জোট বাস্তবতাকে পাত্তা না দিয়ে তৈরি করছে এক অলীক 'উন্নয়নের' গল্প।

অর্থনীতিবিদেরা বারবার বলেছেন, যে কোনো বাজেট কেবল হিসাবের খাতা নয়, এটি একটি রাজনৈতিক দলিল। এই দলিল বলে দেয়, রাষ্ট্র কাদের পক্ষে, কাদের স্বার্থে, কাদের জীবনের প্রতি সংবেদনশীল। এবারের বাজেটে জনস্বার্থের বিপরীতে প্রতিরক্ষা খাতে বরাদ্দ বেড়েছে, প্রশাসনিক ব্যয় বেড়েছে এবং করকাঠামো এমনভাবে সাজানো হয়েছে, যা ধনী ও গরিবের মাঝে বৈষম্য আরও প্রসারিত করবে।

জনগণের ওপর চাপ বাড়িয়ে, করপোরেট পুঁজি ও সামরিক ব্যয়ের জন্য বরাদ্দ বাড়িয়ে কোনো রাষ্ট্র টেকসই অর্থনীতি গড়ে তুলতে পারে না। বরং এতে সামাজিক অস্থিরতা বাড়ে, শ্রেণিগত ক্ষোভ পুঞ্জীভূত হয় এবং দীর্ঘ মেয়াদে রাজনৈতিক স্থিতিশীলতা বিঘ্নিত হয়।

একটি কল্যাণকামী বাজেটের বৈশিষ্ট্য হওয়া উচিত সব শ্রেণি-পেশার মানুষের জীবনের মানোন্নয়ন, বেকারত্ব হ্রাস, খাদ্যনিরাপত্তা, রেশনিং, স্বাস্থ্যসেবা ও মানসম্মত শিক্ষায় প্রবেশাধিকার নিশ্চিত করা। এসবের একটিও এই বাজেটে স্পষ্টভাবে প্রতিফলিত হয়নি। বরং শ্রমজীবী মানুষ, যাঁরা দেশের অর্থনীতির মূল চালিকাশক্তি, তাদের অবস্থান আরও দুর্বল হয়ে পড়েছে।

এই বাস্তবতা আমাদের সামনে একটি বড় রাজনৈতিক প্রশ্ন হাজির করে, আমাদের রাষ্ট্রব্যবস্থা কাদের জন্য? কাদের কল্যাণে বাজেট প্রণীত হয়? কাদের জীবন নিয়ে ভাবনা থাকে রাষ্ট্রের নীতিনির্ধারকদের? এরপর ৪০ পৃষ্ঠায়



এত দিনের অভিজ্ঞতা বলে, একটি জাতীয় গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা ছাড়া শ্রমজীবী ও সাধারণ মানুষের পক্ষে বাজেট প্রণয়ন কেবল অলীক কল্পনা। এ কারণেই জনজীবনের সংকট নিরসনে প্রয়োজন এক বিকল্প অর্থনৈতিক রূপরেখা, যা গণতান্ত্রিক অংশগ্রহণ নিশ্চিত করে, জনগণের মৌলিক অধিকারকে রাষ্ট্রীয় নীতির কেন্দ্রে স্থাপন করে। এর জন্য চাই গণতান্ত্রিক রাষ্ট্রকাঠামো, যেখানে ন্যূনতম মজুরি ৩০ হাজার টাকা নির্ধারণ, সর্বজনীন রেশনিং ব্যবস্থা, স্বাস্থ্য ও শিক্ষা খাতে সুলভ সুবিধা, কৃষি ও ক্ষুদ্র শিল্পে প্রণোদনা, সর্বোপরি রাষ্ট্রের সম্পদে জনগণের অধিকার স্বীকৃত হবে। জনগণের পক্ষ থেকে তাই এখন সময় সংগঠিত হওয়ার, অধিকার-দাবির জন্য ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলার এবং রাষ্ট্রকে শ্রমজীবী মানুষের জীবনের পাশে দাঁড়াতে বাধ্য করার



বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯+
JFK-Dhaka-JFK Return
Mohammad B Hossain (Belal)
President & CEO
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল
Saudi Arabian Airlines
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
American Airlines
ETIHAD
Emirates
QATAR AIRWAYS
KUWAIT AIRWAYS
দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ
কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ
কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ
মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ
জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ
7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)
Phone: 917-396-4140, 917-592-7828
Price Can Be Change Anytime.
digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com
OPEN 7 DAYS: 11AM -10PM
*Terms & Condition may apply. See store for details.

# এই সংকটকালে ঐক্যের বিকল্প নেই

ড. মাহবুব উল্লাহ্

'২৪-এর জুলাই গণ-অভ্যুত্থানপরবর্তী সময়, বিশেষ করে গত কয়েক মাসে বাংলাদেশের রাজনীতির হালচাল দেখে প্রচণ্ড হতাশবোধ করছি। শেখ হাসিনার ফ্যাসিবাদী শাসনের সাড়ে ১৫ বছরের অত্যাচার, নিপীড়ন ও নির্যাতন বাংলাদেশের দেশপ্রেমিকদের এক কঠিন অগ্নিপরীক্ষায় নিক্ষিপ্ত করেছিল। দেশপ্রেমিক রাজনৈতিক দলগুলো এ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছিল জুলাই অভ্যুত্থানে। জুলাই অভ্যুত্থানে শেখ হাসিনার ফ্যাসিবাদী শাসনের শৃঙ্খল চূর্ণ করে, দেশবাসীর জন্য নিয়ে এসেছিল এক মুক্ত স্বদেশ। বাংলাদেশের ইতিহাসে এটি এক বিরল সময়। এ সময়ে মুক্তির সুবাতাসের মধ্যে আমরা প্রাণ ভরে নিশ্বাস নিয়েছি, প্রকাশ করেছি অন্তরের গভীরে লুকিয়ে থাকা ইচ্ছাগুলো। মায়ের, ভাইয়ের, বোনের রক্তস্নানে পূতপবিত্র হয়ে উঠেছিল স্বদেশভূমি। রক্তের বন্ধনে এক অভূতপূর্ব গণঐক্য গড়ে উঠেছিল।

'২৪-এর জুলাই অভ্যুত্থান একদিকে যেমন ছিল শেখ হাসিনার ফ্যাসিবাদী শাসনের মূলোৎপাটনের আপসহীন প্রয়াস, অন্যদিকে তেমনি ছিল বাংলাদেশের বুক থেকে ভারতীয় আধিপত্যবাদের শিকড়-বাকড়গুলোর উৎপাটন। ৫ আগস্ট ২০২৪ শেখ হাসিনা ভারতে পালিয়ে গেল এবং চরম অসহায় আশ্রয় পেল ভারত সরকারের কাছে। শেখ হাসিনার দিল্লি চলে যাওয়াকে আমরা কেন পালিয়ে যাওয়া বলি, তা আমার মাথায় আসে না। শেখ হাসিনা তো নিরাপত্তা প্রহরার মধ্য দিয়ে হেলিকপ্টারে আসীন হলেন এবং হেলিকপ্টারযোগে বিমানবন্দরে অবতরণ করলেন। সেখান থেকে বাংলাদেশ বিমানবাহিনীর একটি কার্গো বিমানে দিল্লির নিকটবর্তী হিন্দন বিমান ঘাঁটিতে পৌঁছান শেখ হাসিনা। সেখানে তাকে অভ্যর্থনা জানান ভারতের নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল। শেখ হাসিনার সঙ্গে ছিল কারও কারও মতে ১৪টি স্যুটকেস, আবার কারও কারও মতে ৪টি স্যুটকেস। এ স্যুটকেসগুলোতে নিছক কাপড়-চোপড় ছিল না, ছিল মূল্যবান বৈদেশিক মুদ্রা, স্বর্ণ ও হীরকের অলংকার। বিষয়টা অনুমাননির্ভর। কারণ অধিকাংশ স্বৈরশাসক দেশ ছেড়ে পালানোর সময় মূল্যবান বৈদেশিক মুদ্রা ও হিরা-জহরত সঙ্গে করে নিয়ে যায়। ঢাকা থেকে দিল্লির হিন্দন বিমান ঘাঁটিতে যাওয়ার সময় তার সঙ্গী ছিলেন তারই ছোট বোন শেখ রেহানা।

অজিত দোভাল ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা হিসাবে নিয়োগ পাওয়ার আগে ভারতের পুলিশ সার্ভিসের একজন খ্যাতিমান সদস্য ছিলেন। তিনি ছিলেন এবং এখনো আছেন অঘটনঘটনপটিয়সী হিসাবে। ভারতের প্রতিবেশী রাষ্ট্রগুলোর ওপর নিয়ন্ত্রণ বজায় রাখতে অজিত দোভাল নানাবিধ কর্মকৌশল প্রণয়ন করেন। ভারতে পৌঁছানোর পরপর শেখ হাসিনার সঙ্গে অজিত দোভালের সাক্ষাৎ তাৎপর্যহীন নয়। এ ছাড়া শেখ হাসিনার সঙ্গে ভারতের ক্ষমতাসীন মহলের উচ্চপদস্থদের বেশকিছু বৈঠক হয়েছে। এসব বৈঠক নিছক গাজরের হালুয়া খাওয়ার বৈঠক ছিল না। কীভাবে বাংলাদেশের রাজনৈতিক পটপরিবর্তন পালটে দেওয়া যায়, কীভাবে আওয়ামী লীগকে পুনর্বাসিত করা যায়, কীভাবে বাংলাদেশে অব্যাহতভাবে অস্থিরতা জাগিয়ে রেখে সাধারণ মানুষের মন বিষিয়ে তোলা যায়, সেসবই হলো ভারতের কর্তাব্যক্তিদের সঙ্গে শেখ হাসিনার শলা-পরামর্শের বিষয়। বাংলাদেশে প্রায় প্রতিদিন যেসব খণ্ড খণ্ড বিক্ষোভ-প্রতিবাদের ঘটনা ঘটছে, সেগুলোর মধ্যে কয়টি ন্যায্য এবং কয়টি ভারতীয় গোয়েন্দা সংস্থার 'র'-এর কারসাজি, তা ভেবে দেখতে হবে।



বাংলাদেশে অন্তর্বর্তী সরকার দায়িত্ব গ্রহণের পরপর কিছু সাম্প্রদায়িক দুর্ঘটনা ঘটে। ভারতীয় পত্র-পত্রিকায় এসব ঘটনা সম্পর্কে তিলকে তাল করে প্রচার করা হয়। সামান্য সংখ্যক যেসব ঘটনা ঘটেছে, তার মূলে রয়েছে রাজনৈতিক বিরোধ, সাম্প্রদায়িক বিরোধ নয়। বাংলাদেশের রাজনৈতিক দলগুলো স্বেচ্ছাসেবক টিম গঠন করে সংখ্যালঘুদের জীবন ও সম্পদ রক্ষায় দিনরাত্র পাহারার উদ্যোগ গ্রহণ করেছে। সরকারও এসব দুর্ঘটনা দমনে সক্রিয় থেকেছে। এরপর আমরা দেখলাম কলকাতা ও আগরতলায় বাংলাদেশ হাইকমিশন অফিস আক্রান্ত হয়েছে। ভারতীয় মিডিয়ায় বাংলাদেশ সেনাবাহিনীতে কাল্পনিক বিরোধ-সংঘাতের খবর প্রতিনিয়ত প্রচার করা হচ্ছে। এসব ঘটনার পরিপ্রেক্ষিতে একথা নিঃসন্দেহে বলা যায়, ভারতীয় আধিপত্যবাদ বাংলাদেশ থেকে হারিয়ে যাওয়া আধিপত্য পুনঃপ্রতিষ্ঠায় কোনো রকম শৈথিল্য প্রদর্শন করবে না।

মাঝে মাঝে রব তোলা হয়, ইউনূস সরকার অমুক দিন ক্ষমতা হারাবে, শেখ হাসিনা অমুক দিন বাংলাদেশের প্রবেশ করবেন, ইত্যাদি ইত্যাদি। আওয়ামী লীগওয়ালাদের এসব দুঃসাহসিক উচ্চারণের ভিত্তি হলো বাংলাদেশের রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোতে এখনো বিশালসংখ্যক আওয়ামী দোসর রয়ে গেছে। এরা প্রকাশ্যে বৈরিতা না দেখালেও ভেতরে ভেতরে অনেক কলকাঠি নাড়াচ্ছে বলে আমরা ধারণা করতে পারি। এসব ষড়যন্ত্রকারীর মুখোশ উন্মোচনের দায়িত্ব গোয়েন্দা সংস্থাগুলোর। এক্ষেত্রে জনগণের দায়িত্ব কোনো অংশে কম নয়। বিশেষ পরিস্থিতিতে তারা গোয়েন্দা সংস্থাগুলোর চেয়েও ভালো ভূমিকা পালন করতে পারে। যুদ্ধাবস্থায় গোয়েন্দাদের চেয়েও দেশপ্রেমিক জনতার ভূমিকা অনেক বেশি কার্যকর হতে পারে। বাংলাদেশে একটি প্রতিবিপ্লব ঘটাতে শেখ হাসিনা ও ভারত কোনো সুযোগ হাতছাড়া করবে না। এ সাবধানবাণী আমি গভীর আত্মবিশ্বাসের সঙ্গে উচ্চারণ করতে চাই। আজ পর্যন্ত বাংলাদেশের সঙ্গে ভারতীয় আধিপত্যবাদের দ্বন্দ্বই প্রধান দ্বন্দ্ব। অন্যসব দ্বন্দ্ব এ প্রধান দ্বন্দ্বের অধীনস্থ হয়ে গেছে। জাতীয় জীবনের পরম সংকটময় মুহূর্তে আমরা যখন দেখি, বাংলাদেশের রাজনৈতিক এরপর ২০ পৃষ্ঠায়



> আমরা জানি, রাজনীতিতে কুরুচিপূর্ণ বচনগুলো ক্ষতি ও বিপদ ডেকে আনে। সামাজিক মাধ্যমে জানলাম, বেগম খালেদা জিয়া তার দলের স্থায়ী কমিটির সদস্যদের বলেছেন, ড. ইউনূসের সঙ্গে বিরোধ করে বিএনপির কোনো লাভ হবে না। আশা করা যায়, এরপর থেকে বিএনপি নেতারা বিভ্রান্তির চোরাগলিতে পথ হারাবেন না। সবচেয়ে বড় দল হিসাবে বিএনপির কাছে মানুষের প্রত্যাশা অনেক। তবে এ দলটি যদি পথভ্রষ্ট হয়, তাহলে অগণিত সাধারণ মানুষ দুঃখ পায়। বড় দল হিসাবে দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার বিশাল দায়িত্ব বিএনপির কাঁধে। বিএনপিকে এ দায়িত্ব থেকে বিচ্যুত হওয়া চলবে না। লন্ডনে ড. ইউনূসের সঙ্গে তারেক রহমানের বৈঠকটি সুন্দর ও সফল হোক, এটাই দেশবাসীর কামনা

# অনুভূতির সার্বভৌমত্ব

ব্রিগেডিয়ার জেনারেল মো. জাহেদুর রহমান (অব.)

> কিছু ক্ষেত্রে নবাগত দলটির জন্য সরকারের পক্ষপাতিত্ব লক্ষণীয়। আবার অন্য দলগুলোর ক্ষেত্রে সরকারের আচরণ সম্পূর্ণই বিপরীত। এ প্রেক্ষাপটে জনগণের আস্থায় যে অচিরেই চিড় ধরবে না, সেটি বোঝার জন্য তীক্ষ্ণ রাজনৈতিক অভিজ্ঞার প্রয়োজন হয় না। রাজনৈতিক দলগুলো এবং সরকার যদি জনগণের অনুভূতি বুঝতে ব্যর্থ হয়, তাহলে আরেকটি গণজাগরণ হয়তো অনিবার্য হয়ে পড়বে। জনগণ যেন একটি সুষ্ঠু, নিরপেক্ষ ও ভীতিহীন নির্বাচনে তার অনুভূতির বহিঃপ্রকাশ ঘটাতে পারে তার ইচ্ছার প্রতিফলনের মাধ্যমে। কিন্তু সেই আয়োজনে সরকারের দ্বিধা ও অস্পষ্টতা ব্যাখ্যাতীত। এটি সবার মনে রাখা দরকার, জনগণের অনুভূতির বহিঃপ্রকাশ সত্য উপলব্ধির একমাত্র পথ

৫ আগস্ট ২০২৪-এ বাংলাদেশের জনগণ সর্বশেষ তাদের অনুভূতির সার্বভৌমত্ব প্রয়োগ করে। ২০১৮-এর রাতের ভোট এবং ২০২৪-এর ডামি নির্বাচন সেই সার্বভৌমত্বটি কেড়ে নেওয়া হয়েছিল। গণতান্ত্রিক ব্যবস্থার প্রথা এ নির্বাচন পদ্ধতিই কেবল নয়, সাধারণ মানুষের কথা বলার ও মতপ্রকাশের স্বাধীনতাটুকু কেড়ে নেওয়া হয়েছিল নিবর্তনমূলক আইন প্রণয়ন এবং প্রয়োগের মাধ্যমে। বিশেষ ক্ষমতা আইন ১৯৭৪, জননিরাপত্তা আইন ২০০০, সন্ত্রাসবিরোধী আইন ২০০৯ এবং ডিজিটাল সিকিউরিটি আইন ২০১৮ ইত্যাদি প্রয়োগের মাধ্যমে যে কোনো বিষয়ে মন্তব্য, আলোচনা বা সমালোচনা কিংবা ভিন্নমত পোষণ করার দ্বার রুদ্ধ করা হয়। বিভিন্নভাবে ভীতির সঞ্চার করা হয়। জীবনহানি, সামাজিকভাবে নিগৃহীত হওয়া, পেশাগত ক্ষেত্রে অপদস্থ হওয়া, ব্যবসায়িক ক্ষতি-রাজনীতিক, সমাজকর্মী, সংস্কৃতিকর্মী, আইনজীবী বা পেশাজীবী কেউই এসব ভীতির ঊর্ধ্বে ছিলেন না। সহজ ভাষায় রাজনৈতিক দুর্বৃত্তায়নের মাধ্যমে জনগণের অনুভূতির সার্বভৌমত্বটি কেড়ে নেওয়া হয়। কেবল ডিজিটাল সিকিউরিটি আইন ২০১৮-এর আওতায় প্রথম তিন বছরে সাইবার ট্রাইব্যুনালে ৪৬৫৭টি মামলা করা হয়।



উপর্যুক্ত আইন প্রয়োগ করে, এমনকি আইনের তোয়াক্কা না করে মানুষের অধিকার কেড়ে নিয়ে বিনাবিচারে তাদের দিনের পর দিন বন্দি রাখা হয়, বেশকিছু বিচারবহির্ভূত হত্যাকাণ্ড সংঘটিত হয়। আইন ও সালিশ কেন্দ্রের প্রতিবেদনে ২০০৯ থেকে ২০২৪ পর্যন্ত সময়ে ৬২৯ জন গুমের শিকার হন বলে জানা গেছে; যাদের মধ্যে ৪১৯ জনের এখনো হদিস মেলেনি। গুমসংক্রান্ত তদন্ত কমিশনের অন্তর্বর্তী প্রতিবেদনে গুমের সংখ্যাটি ৭৫৮ বলে উল্লেখিত হয়েছে। এ অপরাধ কর্মগুলোর সঙ্গে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন, ডিটেকটিভ ব্রাঞ্চ, কাউন্টার টেররিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম, ডিজিএফআই, এনএসআই এবং এনটিএমসি জড়িত বলে গুম কমিশনের অন্তর্বর্তী প্রতিবেদনে উঠে এসেছে।



জনগণ পরিবর্তনের মাধ্যমে তাদের অধিকার ফিরে পাওয়ার লক্ষ্যে অনুভূতির সার্বভৌমত্ব প্রকাশ করে ফ্যাসিস্ট শাসনের অবসান ঘটায়। গণ-অভ্যুত্থানের পর জনগণ প্রফেসর ইউনূসের নেতৃত্বাধীন সরকারের ওপর, বিশেষ করে প্রফেসর ইউনূসের ওপর অগাধ আস্থা স্থাপন করেছিল। ২০২৪-এর লড়াই কেবল বৈষম্যের বিরুদ্ধে লড়াই ছিল না, এটি ছিল জনগণের অধিকার ফিরে পাওয়ার লড়াই।

দেশ বিনির্মাণের লক্ষ্যে অন্তর্বর্তীকালীন সরকার প্রথমে শাসনতন্ত্র, নির্বাচন, বিচারব্যবস্থা, পুলিশ, জনপ্রশাসন ও দুর্নীতি দমনসংক্রান্ত ছয়টি কমিশন গঠন করে। পরবর্তীকালে এ কমিশনের সংখ্যা দাঁড়ায় ১১। ১৫ জানুয়ারি ২০২৫-এ শাসনতন্ত্র, নির্বাচন, পুলিশ ও দুর্নীতি দমনসংক্রান্ত চারটি কমিশন তাদের প্রতিবেদন পেশ করে। ইতোমধ্যে আরও কিছু কমিশন তাদের পূর্ণাঙ্গ প্রতিবেদন আর কোনো কোনো কমিশন অন্তর্বর্তী প্রতিবেদন পেশ করেছে।

জনগণের অনুভূতির দালিলিকীকরণে কমিশনগুলোর ব্যর্থতা আছে। চট্টগ্রাম, রংপুর, রাজশাহী কিংবা খুলনা, কোথাও কমিশন গিয়েছে এবং জনগণের বক্তব্য শুনেছে এমন তথ্য জানা নেই। আঁতেল সমাজ যেমন জনগণের প্রতিনিধিত্ব করে না, তেমনি রাজনৈতিক দল শতভাগ জনগণের প্রতিনিধিত্ব করে না। রাজনৈতিক দলগুলোর অভ্যন্তরে গণতন্ত্রের অনুশীলনের অনুপস্থিতি সর্বজনবিদিত। কোনো রাজনৈতিক দল তাদের সংস্কার প্রস্তাব প্রণয়নের আগে উপজেলা, জেলা কিংবা বিভাগীয় পর্যায়ে আলোচনার জন্য কর্মী সভার আয়োজন করেছে বলে জানা যায়নি। একজন জ্যেষ্ঠ রাজনীতিকের বক্তব্য-'সাধারণ মানুষ কি সংস্কার বোঝে?' একথা জনগণের অনুভূতির প্রতি চরম অবহেলার পরিচায়ক। বাস্তবিক ক্ষেত্রে প্রান্তিক জনগোষ্ঠীর অনুভূতির সার্বভৌমত্ব উপেক্ষিত রয়ে গেছে।

অন্তর্জালে কলমযোদ্ধারা যেমন অতিমাত্রায় সক্রিয়, তেমনই রাজনীতির মাঠে সংশ্লিষ্ট দল ও গোষ্ঠীগুলো পারস্পরিক দ্বন্দ্বে লিপ্ত। বাড়ির ছোট সন্তানের জন্য মায়ের যেমন বেশি স্নেহ প্রকাশিত হয়, তেমনই রাজনীতির মাঠে নবাগত একটি দলের জন্য সরকারের অতিরিক্ত স্নেহ কারও নজর এড়ায় না। নির্বাচন অনুষ্ঠান করার আগে প্রয়োজনীয় সংস্কার কিংবা নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় প্রস্তুতির ক্ষেত্রে সরকারের শ্লথগতি ভাবনার অবকাশ তৈরি করে বৈকি। যে আস্থা ও বিশ্বাস জনগণ অন্তর্বর্তীকালীন সরকারের ওপর স্থাপন করেছিল, তাতে চিড় না ধরলেও সেই আস্থা ও বিশ্বাস মলিন হয়েছে, সেটা বলার অপেক্ষা রাখে না; যার প্রতিফলন দেখা গেছে বিভিন্ন ধরনের সংস্কার বিষয়ে জনগণের নির্লিপ্ততায়।

এরই মধ্যে রাজনীতি এবং অন্যান্য বিষয়ে নতুন একটি সংস্কৃতি 'মব সংস্কৃতি'র উদয় হয়েছে। আইনশৃঙ্খলা বাহিনীর দৃঢ়তার অভাবে স্বার্থান্বেষী গোষ্ঠী ও দল 'মব' সৃষ্টি করে দাবি আদায় করছে। কিছু ক্ষেত্রে নবাগত দলটির জন্য সরকারের পক্ষপাতিত্ব লক্ষণীয়। আবার অন্য দলগুলোর ক্ষেত্রে সরকারের আচরণ সম্পূর্ণই বিপরীত। এ প্রেক্ষাপটে জনগণের আস্থায় যে অচিরেই চিড় ধরবে না, সেটি বোঝার জন্য তীক্ষ্ণ রাজনৈতিক এরপর ৪০ পৃষ্ঠায়

মার্কিন যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউজের এফিলিয়েটেড PRESIDENTIAL AWARD & NATIONAL HEALTHCARE CHAMPION AWARD প্রাপ্ত এবং CIP মুহাম্মদ আব্দুল কাদের ভূঁইয়া (শিশির) পরিচালিত হোম কেয়ার এজেন্সি

ALL COUNTY
হোম কেয়ার

CDPAP
PCA
HHA.RN

NYS LICENSED HOME CARE AGENCY

অন্য এজেন্সিতে চলমান কেইস ট্রান্সফার অথবা নতুন কেইস শুরু করার আগে আমাদের পরামর্শ আপনাকে এগিয়ে রাখবে

PH : 718 593 0932

* DIRECT DEPOSIT * WEEKLY PAYMENT* FESTIVAL BONUS* 401K. INSURANCE

এজেন্সি ট্রান্সফার কেইস এর জন্য স্পেশাল সুবিধা দেওয়া হবে

Get Paid to Take care of Your Friends & Family

150-47 Hillside Ave, Jamaica, NY 11432. Ph: (631) 935-8581, www.allcountyhealthny.com


# "তারার আলো"র পক্ষ থেকে শাহ্ নেওয়াজ কে শুভেচ্ছা ও অভিনন্দন





আজকাল রিপোর্ট: তারার আলো নিউইয়র্কের একটি স্বনামধন্য মহিলা সংগঠন। এর উদ্যোক্তা ও প্রেসিডেন্ট মিনা ইসলাম একজন সফল সংগঠক ও কমিউনিটি এক্টিভিস্ট। সমাজের তথা বাংলাদেশী কমিউনিটিতে তার ব্যাপক অবদান রয়েছে। গত ১০জুন তারার আলোর প্রেসিডেন্ট মিনা ইসলামের নেতৃত্বে বাংলাদেশী কমিউনি-টির আরেক নক্ষত্র ও মানব কল্যানে নিয়োজিত 'শাহ্ নেওয়াজ' এর "মিট এন্ড গ্রীট" অনুষ্ঠানে তাকে ফুল



দিয়ে অভ্যর্থনা জানানো হয়। এ সময় তারার আলোর অন্যান্য সদস্যরাও উপস্থিত ছিলেন। উল্লেখ্য শাহ্ নেওয়াজ সম্প্রতি বাংলাদেশ সোসাইটির "ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাব ডিস্টিক্ট 20 R-2 এর সেকেন্ড ভাইস গভর্নর নির্বাচিত হয়েছেন। আর এ উপলক্ষে ঐদিন নিউইয়র্কস্থ ভিভিন্ন বিশিষ্ঠ ব্যক্তি ও সংগঠনের পক্ষ থেকে ছিল এক বিশাল সংবর্ধনার আয়োজন

# PPL-এর আমরা অথরাইজড এজেন্ট

## CDPAP নিয়ে কোন চিন্তা করবেন না।



# COMMITTED HOME CARE



## সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

**PPL & NYS DEPARTMENT OF HEALTH এর অনুমোদিত FACILATOR হিসেবে CDPAP সার্ভিস TRANSFER এ সহযোগিতা করে থাকি।**

## আজই যোগাযোগ করুন - (718) 457-0813

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইন্স্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে CDPAP থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুন্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

আপনি ইচ্ছে করলে ডিরেক্ট 833-247-5346 নাম্বারে কল দিয়ে ট্রান্সফার করতে পারেন। তবে অবশ্যই আপনার হোমকেয়ার সার্ভিসের জন্য COMMITTED HOME CARE নাম উল্লেখ্য করতে হবে।



Giash Ahmed
Vice President
Committed Home Care
Phone : 718-457-0813, Fax : 718-457-0814
Cell : 917-744-7308
giashahmed123@gmail.com

## CORPORATE OFFICE:

37-05 74 St, 2nd Fl,
Jackson Heights, NY 11372
Tel : 718-457-0813
Fax: 718-457-0814

# আজই ভোটার হিসেবে নিবন্ধন করুন

## আপনার ভোট গুরুত্বপূর্ণ



### ভোট দেওয়ার জন্য কীভাবে নিবন্ধন করবেন:

অনলাইনে নিবন্ধন করতে e-register.vote.nyc দেখুন

আপনি ডাকযোগে নিবন্ধন করতে পারেন অথবা জমা দিতে পারেন। আপনি ডাকঘর বা নির্বাচন অফিস থেকে ভোটার নিবন্ধন ফর্ম পেতে পারেন, তারপর আপনি এটি ডাকযোগে পাঠাতে পারেন অথবা আপনার স্থানীয় নির্বাচন বোর্ডে জমা দিতে পারেন।

প্রাইমারি নির্বাচনের দিন
২৪ জুন

জুনের প্রাথমিক নির্বাচনে ভোট দেওয়ার জন্য আপনাকে ডেমোক্র্যাট বা রিপাবলিকানদের মতো কোনও দলের সাথে নিবন্ধিত হতে হবে।

**নিবন্ধনের শেষ দিন ১৪ জুন**

আরও তথ্যের জন্য কল নম্বর ৩৪৭-৯৬৫-৩১৯৪ ইমেল নম্বর *kazi@drumnyc.org*

www.DrumBeatsNYC.org

DRUM

# এই সপ্তাহের কবিতা



## সিন্দাবাদের ভূত

লুৎফর রহমান রিটন

দেশের ঘাড়ে বসলো চেপে
সিন্দাবাদের ভূত,
সঙ্গে লয়ে কয়টা টৌকাই পুত!
পুত মানে তো পুত্র,
পুত্রগুলিই অপকর্মের
ক্ষেত্রে প্রধান সূত্র।
ভূতের টৌকাইপুত্রগণের
মনে বেজায় ফূর্তি,
দেখতি ওদের যদি রে তুই
সচিবালয় ঘুরতি!
একটা বাতায় সাতে মাতে
আইনকানুনের 'চৌদ্দ'!
স্বরাষ্ট্র 'দিলদারের ভ্রাতা'
গৌতমহীন বৌদ্ধ...
তাকে দেখলেই সবাই হাসে
কথাবার্তায় 'চাল্লি'!
এমন একটা সাবেক প্যারেড
যোগাড় কত্তে পাল্লি!!
ভোঁতা দা-এ একটা কাটে
সংবিধানের পৃষ্ঠা!
প্রথমালুর নির্দেশনায়
তাহার সকল নিষ্ঠা!
প্রশ্ন করেই সাম্বাদিকের
চাকরি সানতে মানতে!
হাল্লুবেলার গাল্লুওয়ালার
মিট দ্য প্রেসের কাণ্ডে--
বেলাই ভিসেম্বরের মাঠে
কাওয়ালি গায় ভাইয়ু!
শুনতে তোমার ইচ্ছে হলে
শিল্পকলায় যাইয়ু...
বাস তাড়াটাও ছিলো না যার
'ইস্টেপ'-এর সেই হাবু--
সেই সে টৌকাইপুত্র চালায়
প্রাডো বিএমডাব্লু.....
পুত্র শুধু? আরে না না
আছে ভূতের কন্যা,
লাল গালিচা ছাড়া ওরা
কোথাও সওয়ার হন না!
খুশির ঝিলিক সিন্দাবাদের
ভূত কন্যাদের নেত্রে,
পটু ওরা নারীমুক্তির
অবরোধের ক্ষেত্রে!
সিন্দাবাদের ভূতের যিনি
প্রধান উপদেষ্টা--
তার কামড়ে ছিন্নভিন্ন
বাংলা নামের দেশটা...

লেখক: ছড়াকার, অটোয়া।



## রূপকথার গল্প

সুজন দাশ

রূপকথা সব চুপ কথা নয়
কল্পনা রঙ মেলতো ডানা,
শিশু মনের ভাবনা দিত
মন কাননে ফুটতো ছানা!

তৈরি হতো মনজগৎ
ভাবতো শিশু প্রশ্ন ঘিরে,
ঢেউ জাগাতো হৃদয় পাড়ে
বইতো বায়ু প্রাণের তীরে।

ছেলেবেলার সেদিন গুলো
আজও মনে দেয় যে দোলা,
গল্প কথার জমতো আসর
ঠাম্মা দিদা খুলতো ঝোলা।

টগবগিয়ে রাজার কুমার
ঘুরতে যেতো পক্ষিরাজে,
উজির নাজির মন্ত্রী কোটাল
শব্দগুলো কানে বাজে।

কল্প পুরীর রাজকুমারীর
স্বপ্ন ছবি চোখে ভাসে,
সোনার কাঠি রূপার কাঠি
স্মৃতির ভিড়ে আজও হাসে!

আজ শিশুদের কল্প জগত
আটকে আছে টিভি কোনে,
কেউ বলে না রূপকথা আর
বললেও আর কেইবা শোনে?

লেখক : কবি, আটলান্টিক সিটি।



## কষ্টের ইতি

সীমু আফরোজা

মনের কোনে কোনে জমা সব কষ্টগুলো
এক করে ভাসিয়েছি ঐ গগনে

কিন্তু তার ও যে ধারন করার ক্ষমতা নেই সেখানে
খনিকেই সে মেঘের ভেলায় বর্ষনে ঝাঁপিয়ে দেয় পৃথিবীর বুকে
অঝোরে সে ঝরছে অব্যক্ত ভাষায় তার।

ক্ষনে ক্ষনে মুর্চ্ছা যায় বিজলি চমকে হায়
সেই চমকে তার স্মৃতি ছুঁয়ে যায় মেঘের চাদর
অঝোর রোদনে উন্মুক্ত করে দুয়ার সদর।

ক্ষুড়ায়ে রাখি সযত্নে মনের মেহালে
অঙ্কুর পিলাকে শিক্ত তার মায়া জমা জালে
যদি কখনও সময় হয় নোঙ্গর ফেলো উঠানে
অনুভবের সঙ্গে মিশে যেতে পারো ঐ উজানে।

আকাশ ভাসিয়ে রংধনুর ছড়িয়ে আলো
মুছে যাবে কষ্ট সব কেটে যাবে আধার কালো
নতুন সূর্য উদয়ে সোনা রোদ ছড়াবে পরাগ রেনু
সেই সোহাগে মনের বাগানে বাজিয়ে বেনু।

কষ্টের ইতি টেনে রঙিন স্বপ্ন দুয়ার খুলে যাক
নতুনের সাথে মিতালী হয়ে আজন্ম থাক

লেখক: কবি, নিউইয়র্ক।



## অপেক্ষায়

বেগম মুয়াখ্যিরা খানুম স্বপ্না

দুর্গম পথচলায় কিংবা সংকীর্ণতায়
সবুজের আলোড়নে উঁচুক দিগন্ত ছোঁয়া ছন্দ,
প্রাণোদ্যমে নতুন প্রণাদনে-
বৈরী বাতাস গুলো হোক বন্ধ।

মেঘহীন বিস্তৃত আকাশের অমৃত আহ্বানের
নিষ্কলংক আবেগ গুলো হোক
নতুন দিনের পূর্বাভাস।

চলো পথ চলি
নতুন চেতনায় স্বপ্ন দেখি,
জীবনের জয়গান শুনি
প্রসন্ন দিনের অপেক্ষায়।

লেখক: কবি, নিউইয়র্ক।



## শেষ হবে না গ্রন্থ লিখেও বাবার কথা বলা

মামুন জামিল

এখন তো আর আগের মত সূর্য্যোদয়ের আগে
ঘুম ভাঙ্গে না কোরান শুনে কিংবা বাবার ডাকে!
বাবা আমার চলে গেছেন কয়েকটা যুগ হলো
আজও তাঁহার স্মৃতি কাঁদায়, করে এলোমেলো।
ঝাপসা চোখে শুধুই ভাসে বাবার অবয়ব
বুকটা জুড়ে হাজার স্মৃতির তুমুল অনুভব।
বাবা ছিলেন মোদের কাছে বট বৃক্ষের ছায়া
কঠোর শাসন দিয়ে ঢাকা অদৃশ্য এক মায়া।
দৃঢ় মন আর আধার ছিল সৎ ও সততার
ন্যায়ের তরে বাবা ছিলেন মূর্ত অবতার।
জীবন পথে থাক না যতই ঘাত বা প্রতিঘাত
বাবাই শেষে বাড়িয়ে দিতেন নির্ভরতার হাত!
পরিবারে সবার মুখে ফুটিয়ে দিতে হাসি
অভাব ঢেকে বাবা দিতেন সুখটা রাশি রাশি।
এই পৃথিবীর যুদ্ধ মাঠে করতে রুটি রুজি
বাবার কাছে পাওয়া সকল আদর্শটাই পুঁজি।
তবুও আমি বাবার মত করতে গিয়ে কাজ
'কেমন করে পেরেছিলেন?'-সেটাই ভাবি আজ!
কর্মমুখর আমার বাবার সহজ সরল চলা
শেষ হবে না গ্রন্থ লিখেও বাবার কথা বলা।

লেখক: কবি, নিউইয়র্ক।



## মিয়া ধনের ঈদ

সুফিয়ান আহমদ চৌধুরী

মোটা গরু তাজা গরু
হাঁকে মিয়া ধন
বাজারেতে ঠাসাঠাসি
হাসে খুলে মন।

বিড়ি ঠোঁটে দেয় টান
সুখ খোঁজে কি যে
ঝর ঝর ঘাম ঝরে
গা'টা ঘামে ভিজে।

গরু নিয়ে দাম হাঁকে
গরু ঘাস খায়
খুশি মনে মিয়া ধন
ইতি উতি চায়।

টেনশন ভাবনায়
মিয়া ধন রয়
চোখে তার স্বপ্নেরা
কতো কথা কয়।

চক চকে টাকা গুনে
সুখে বাড়ি ফিরে
কতো আনন্দেতে ঈদ
এ জীবনে ঘিরে।

লেখক: কবি, নিউইয়র্ক।



## বাবা দিবস

মোহাম্মদ মহিবুর রহমান

বাবা বটবৃক্ষ সম
পরিবারের দায়িত্ব পালনে উদার, আকাশসম।
বাবা মানে আহ্বার ঘার
ভালোবাসা ও ভরসায় থাকেন অসীম উদার।
১৯১০ সালে, জুন মাসে সনোরা স্মার্ট ডোড ভাবলেন
বাবার ভালোবাসা কি কম কোনোদিন?
বাবা উইলিয়াম স্মার্ট মহান
সন্তান ও পরিবারের জন্য নিঃস্বার্থ প্রাণ।
ওয়াশিংটনে শুরু হয় প্রথম উদযাপন
শ্রদ্ধায় সিক্ত প্রতিটি মন।
১৯৭২ সালে প্রেসিডেন্ট রিচার্ড নিক্সনের আদেশের বলে
চূড়ান্ত স্বীকৃতি পায় আমেরিকা ও আন্তর্জাতিক মহলে।
প্রতি বছর, জুন মাসের তৃতীয় রবিবার
বিশ্বজুড়ে বাবা দিবস আসে আবার।
এই দিনে পরম আগ্রহে বিনম্র শ্রদ্ধায়
ভালোবাসা ও মমতা হৃদয় ছুঁয়ে যায়।
বাবা দিবস শুধু একটি দিন নয়, বাবা একটি আশ্রয়স্থল
সন্তানের কাছে তিনি সুপার হিরো, মনের
শক্তি, আস্থা অবিচল।

লেখক: কবি, নিউইয়র্ক।

# বাংলাদেশী স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা কর্পোরেশন

# BANGLADESHI SPORTS COUNCIL OF AMERICA CORP.

# GOLDEN AGE FOOTBALL TOURNAMENT-2025

**VENUE : RANDALL'S ISLAND PARK & ICAHN STADIUM, ADDRESS: 10 CENTRAL ROAD, NEW YORK 10035**

## GRAND SPONSOR

**GOLDEN AGE HOME CARE**

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা প্রদানকারী প্রতিষ্ঠান

**PCA HOME CARE সেবা নিতে চান?**
আমাদের সাথে যোগাযোগ করুন

আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে, আপনাকে HOME CARE সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনের সেবা প্রদান করবো



Please Contact

**Shah Nawaz** MBA
*President & CEO*
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-7852
Cell: 646-591-8396 Text: 646-591-8396
Email: shah@goldenagehomecare.com

**JACKSON HTS OFFICE**
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

**BRONX OFFICE**
3789 East Tremont Avenue
Bronx, NY 10465
Ph: 347-583-5003, Fax: 347-275-6834

**HILLSIDE AVE. OFFICE**
170-18A Hillside Ave Jamaica, NY 11432
Ph: 718-530-1820, Fax: 917-396-4115

**BROOKLYN OFFICE**
516 McDonald Ave Brooklyn, NY 11218
Ph: 718-540-8870, Fax: 917-396-4115

Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com

## GROUP-A

BRONX UNITED FC · AYSAB 15 · NYRSC (NEW YORK RIVALS SPORTING CLUB) · Sandwip United

## GROUP-B

FIGHTER'S CLUB · জুবো সংঘ · GARDEN STATE FC · NT

## GAME SCHEDULE

**WEEK 1 SCHEDULE JUNE 15, 2025 FIELD #10 (OPENING CEREMONY)**

| GAME TIME | MATCH |
|---|---|
| 6:30 PM | BRONX UNITED VS AYSAB |
| 7:30 PM | Jubo Songo VS Garden State FC |

**WEEK 2 SCHEDULE JUNE 22, 2025 FIELD #75**

| GAME TIME | MATCH |
|---|---|
| 6:30 PM | NY RIVALS SC VS SANDWIP UNITED |
| 7:30 PM | FIGHTERS CLUB VS NOAKHALI TIGERS |

**WEEK 3 SCHEDULE JUNE 29, 2025 FIELD #75**

| GAME TIME | MATCH |
|---|---|
| 6:30 PM | BRONX UNITED VS NY RIVALS SC |
| 7:30 PM | GARDEN STATE FC VS NOAKHALI TIGERS |
| 8:30 PM | JUBO SONGO VS FIGTHERS CLUB |

**WEEK 4 SCHEDULE JULY 6, 2025 FIELD #75**

| GAME TIME | MATCH |
|---|---|
| 6:30 PM | JUBO SONGO VS NOAKHALI TIGERS |
| 7:30 PM | BRONX UNITED VS SANDWIP UNITED |
| 8:30 PM | AYSAB FC VS NY RIVALS SC |

**WEEK 5 SCHEDULE JULY 13, 2025 FIELD #75**

| GAME TIME | MATCH |
|---|---|
| 6:30 PM | FIGHTERS CLUB VS GARDEN STATE FC |
| 7:30 PM | SANDWIP UNITED VS AYSAB FC |

**QUARTERFINAL GAME SCHEDULE FIELD #75 (BASED ON POINTS)**

| MATCH | TEAM 1 (RANK) | TEAM 2 (RANK) | GAME DATE | GAME TIME |
|---|---|---|---|---|
| Quarterfinal 1 | 1 | 8 | JULY 20, 2025 | 6:30 PM |
| Quarterfinal 2 | 2 | 7 | JULY 20, 2025 | 7:30 PM |
| Quarterfinal 3 | 3 | 6 | JULY 27, 2025 | 6:30 PM |
| Quarterfinal 4 | 4 | 5 | JULY 27, 2025 | 7:30 PM |

**SEMI-FINAL GAME SCHEDULE FIELD #10 (Based On Quarterfinal Results)**

| MATCH | TEAM 1 (WINNER OF) | TEAM 2 (WINNER OF) | GAME TIME | GAME TIME |
|---|---|---|---|---|
| SEMI-FINAL 1 | QF 1 (1 VS 8) | QF 3 (3 VS 6) | AUGUST 3, 2025 | 6:30 PM |
| SEMI-FINAL 2 | QF 2 (2 VS 7) | QF 4 (4 VS 5) | AUGUST 3, 2025 | 7:30 PM |

**FINAL GAME SCHEDULE FIELD #10 (Based On SEMI-FINAL Results)**

| MATCH | TEAM 1 (WINNER OF) | TEAM 2 (WINNER OF) | GAME DATE | GAME TIME |
|---|---|---|---|---|
| FINAL GAME | SF 1 | SF 2 | AUGUST 10, 2025 | 7:00 PM |

সম্মানিত সুধী, আসসালামু আলাইকুম,

বাংলাদেশী স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা'র উদ্যোগে ২০২৫ সালের ফুটবল টুর্নামেন্ট এর আয়োজন করা হয়েছে। আগামী ১৫ই জুন, ২০২৫ রবিবার ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন উপলক্ষে বাংলাদেশী স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা'র কার্যনির্বাহী কমিটি, বোর্ড অব ট্রাস্টি'র সদস্যবৃন্দ সকলের সার্বিক সহযোগিতা ও উপস্থিতি একান্তভাবে কামনা করছি। ফুটবল টুর্নামেন্ট এর শুভ উদ্বোধন করবেন প্রধান অতিথি শাহ্ নেওয়াজ, এমবিএ, প্রেসিডেন্ট এন্ড সিইও, গোল্ডেন এইজ হোম কেয়ার, চেয়ারম্যান বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক।

উক্ত ফুটবল টুর্নামেন্টে, কার্যনির্বাহী কমিটি, বোর্ড অব ট্রাস্টি'র সদস্যবৃন্দ ও কমিউনিটির সকল নেতৃবৃন্দকে সাদর আমন্ত্রণ জানাচ্ছি।

**Event Venue & Date:**
June 15th 2025, Sunday @ 6pm
Randall's Island Icahn Stadium, Field #10, Address: 10 Central Road, New York 10035

**Dulal Miah Enam**
President
Cell : 718-450-5394

**Khairul Islam Kukon**
General Secretary
Cell : 347-672-2256

# State Sen. Jessica Ramos endorses Cuomo for Mayor

**Shah Nawaz**





State Sen. and mayoral candidate Jessica Ramos made the shocking move on Friday of endorsing frontrunner Andrew Cuomo for Mayor. Ramos has been a harsh critic of the former Governor up until very recently, in the June 4 Mayoral debate.

Ramos, a progressive lawmaker representing District 13, which encompasses the neighborhoods of Corona, Elmhurst, East Elmhurst, and Jackson Heights, announced the move to the New York Times on June 6. While she told the Times that she would still remain in the race, in which she has failed to gain the money or endorsements to run a competitive campaign, her support of Cuomo was effectively an acknowledgement that he has a strong chance of winning.

The senator told The New York Times that Cuomo is "the one best positioned right now to protect this city" from President Trump. "With Trump threatening to bulldoze New York and take us backward, we need someone in City Hall who knows how to hold the line and deliver under pressure," she told the Times.

Cuomo and Ramos will formally unveil the alliance on Friday morning at an event at the District Council of Carpenters' lower Manhattan headquarters. The endorsement is a surprising about-face, given that Ramos, less than three months ago, charged that "Andrew Cuomo can't fight Donald Trump because he's just like him." She also blasted Cuomo for accepting contributions from donors who have given to Trump, accused him of disowning parts of his record as governor, and alleged he is running for mayor simply to redeem himself politically. "If you're looking for a champion in Cuomo, because you think of him as a bully who could stand up to Trump, that man is gone," she said during a March 27 news conference. "New Yorkers need a mayor, not a has-been on a comeback tour." During that same news conference, Ramos alleged — without evidence — that his mental acuity is "diminished" and that "we can't afford another Joe Biden moment." She was referring to the diminished mental condition of former President Biden that was apparent on the campaign trail during the 2024 presidential election. Ramos also repeated the claims during an April interview with the New York Post Editorial Board. She was also one of many lawmakers who called on Cuomo to resign in 2021 following him being hit with nearly a dozen accusations of sexual misconduct that he denies. Therefore, her backing could help sway some women voters reluctant to support him over the scandal that brought down his administration. The senator's decision to back Cuomo comes after she failed to gain any meaningful support among the city's labor unions and progressive groups. Most of the big unions have backed Cuomo, and the New York Working Families Party did not initially include Ramos in the slate of candidates it unveiled in April and only added her to its ranked list in fifth place last week. In a Friday statement, the WFP said, "We are sad and disappointed that State Sen. Jessica Ramos has decided to endorse the candidate favored by Trump's billionaire donors. But we won't be distracted by this desperate move."

However, a spokesperson declined to say whether it would rescind its fifth-place ranking for Ramos. The alliance also explains why Ramos appeared to be laying off Cuomo in the first debate of the race on Wednesday night. During the two-hour event, Ramos focused her attacks more on Queens Assembly Member Zohran Mamdani, who is polling second in the race, and other progressives instead of Cuomo.

*(Source-Astoria Post)*




## Shakib's 'Taandob' to release in record 132 theatres

**Anik Raj**

The Eid film frenzy is underway as posters of anticipated releases adorn walls across Dhaka and across the country. Production houses race to finalise how many theatres their films will grace and who will control the distribution map. Insider sources from six production houses confirm that while the spotlight remains fixed on Dhaka multiplexes, the number of theatres showing these films varies widely, Some producers and distributors hesitate to expand beyond the capital initially, citing concerns about piracy or a strategic wait-and-see approach based on multiplex box office performance. Still, the country's eager audience waits with bated breath. Topping the list is Shakib Khan's 'Taandob', poised to dominate screens nationwide with a record number of theatres secured. But how do other Eid films stack up in reach? "Taandob" features a star-studded cast including Shakib Khan and Sabila Nur and has locked nearly all the country's major cinemas. Shahriar Shakil, the film's producer, told Prothom Alo, "We could have our film in every cinema if we chose. We are currently set for 132 theatres, and this might grow further." The enthusiasm from theatre owners for "Taandob" is unprecedented. Following behind is "Insaaf", starring Sariful Razz, Mosharraf Karim, and Tasnia Farin. Praised for its striking character posters and a viral song teaser, it targets multiplexes primarily. Director Sanjoy Somadder said, "We plan releases in all multiplex branches plus blockbuster, with about 10 theatres outside Dhaka currently on board." The total theatres screening "Insaaf" hover around 20, subject to slight change.

## Sarika finds respite beyond the spotlight



**Ajkal Desk**

After her "Gulmohor" dream came true, Sarika Sabah is now preparing for the upcoming Eid-ul-Azha. She is set to embrace the joy of togetherness by celebrating the occasion with her family. "Eid has always been family-oriented to me, whether we celebrate in Rangpur or Dhaka. The perks of being part of a joint family have always been a blessing," she said. Choosing to stay away from the spotlight for the time being, the actress enjoys spending quality time at home, sharing laughter, traditional meals, and heartfelt moments with loved ones. The actress, known for her graceful on-screen presence, kept it simple this year, proving once again that Eid is best celebrated with those who matter most. Reminiscing about her past Eid celebrations, she shared, "My cousins and I would wait on the other side of the road just to see who was bringing which sacrificial animals — especially since we were concerned about the colours," she smiled.

## American Airlines first to implement new facial recognition system at JFK for U.S. citizens

**Ajkal Desk**

American Airlines and U.S. Customs and Border Protection (CBP) have officially introduced a new biometric screening system at John F. Kennedy International Airport (JFK), significantly reducing wait times for U.S. citizens reentering the country.

The new system, known as Enhanced Passenger Processing (EPP), uses facial recognition technology to match travelers with their passport photos stored in government databases. The touchless screening tool, now live at JFK's Terminal 8, allows eligible passengers to be processed within seconds, effectively cutting reentry time in half and improving passenger flow through the Customs Hall. American Airlines is the first airline at JFK to implement EPP.

"EPP has already had an impact on the overall customer journey," said Sylvia Rodriguez, Managing Director of JFK Operations for American Airlines. "We are grateful to our federal partners for investing in new technology and for their continued partnership to elevate the travel experience."

Approximately 45% of all passengers at Terminal 8 are U.S. citizens, the only travelers currently eligible to use EPP. While EPP is separate from CBP's existing Global Entry program, it offers a similarly expedited clearance process without requiring pre-enrollment. According to CBP, future phases of the program will expand eligibility to include non-U.S. citizens.

Privacy and civil rights advocates have raised concerns about the broader implications of biometric screening systems, particularly when technologies like facial recognition are deployed in partnership with federal agencies such as U.S. Immigration and Customs Enforcement (ICE). Critics worry that data collected through programs like EPP could be misused for immigration enforcement purposes or surveillance beyond the airport context. While CBP states that photos of U.S. citizens are deleted within 12 hours and that the system is designed solely for customs processing, organizations including the ACLU have called for greater transparency and oversight to ensure that biometric data is not shared with ICE or used in ways that violate travelers' rights.

The implementation of the EPP system reflects a broader shift within the aviation and federal sectors toward streamlining international travel through biometric innovation and contactless processing. As global air traffic continues to recover to pre-pandemic levels, such technologies play a vital role




in enhancing operational efficiency, maintaining security standards and improving the overall passenger experience.

Travelers eligible for EPP can expect a faster and more seamless entry process upon arrival. For those who opt out of facial recognition, traditional passport inspection lines remain available.






# Trump using military to control Los Angeles immigration protests

**Ajkal Desk**

President Donald Trump has signed a presidential memorandum deploying 2,000 National Guardsmen to Los Angeles to disperse protests that began in response to immigration raids, the White House said in a statement Saturday night.

Immigration authorities and demonstrators have clashed for two days in the Los Angeles area, with unrest beginning Friday after dozens of people were detained by federal immigration agents across different locations. The arrests come amid Trump's crackdown on immigration, which has involved waves of raids and deportations across the country.

Law enforcement in riot gear deployed tear gas and flash bangs to disperse crowds in downtown Los Angeles and the city of Paramount over the two days, with authorities reporting multiple arrests Saturday.

"These operations are essential to halting and reversing the invasion of illegal criminals into the United States. In the wake of this violence, California's feckless Democrat leaders have completely abdicated their responsibility to protect their citizens," White House press secretary Karoline Leavitt said in a statement.

California Gov. Gavin Newsom called the deployment of troops "purposefully inflammatory" and warned it would only escalate tensions. "This is the wrong mission and will erode public trust," Newsom said.

Officials from the Trump administration described protesters as "lawless rioters." The Los Angeles Police Department, meanwhile, said Saturday's demonstrations within the city "remained peaceful" and "events concluded without incident."

Elsewhere in Los Angeles County, a crowd of protesters in



Paramount became "increasingly agitated, throwing objects and exhibiting violent behavior toward federal agents and deputy sheriffs," the Los Angeles Sheriff's Department said in an advisory Saturday night. In response, the department requested additional resources countywide and deployed additional deputies.

In nearby Compton, a vehicle was set on fire where protesters began to gather, video from CNN affiliate KABC showed. On Friday, video showed several projectiles being thrown at officers equipped with body armor and protective shields outside a Los Angeles federal detention center.

Leavitt argued that Trump called in the guardsmen to "address the lawlessness that has been allowed to fester" and "violent mobs attacked ICE Officers and Federal Law Enforcement Agents."

Trump invoked his authority under Title 10, which allows the president to call in the National Guard as necessary to repel invasion, suppress rebellion or execute laws. US Secretary of Defense Pete Hegseth said active duty marines at Camp Pendleton will also be mobilized if the unrest continues.

Protesters face off with police

The White House's move is facing criticism from some in law enforcement. Many see the deployment of the National Guard as an overreaction that may backfire and only provoke additional agitators, one senior law enforcement source involved in responding to the Los Angeles protests said.

Dozens of potentially violent demonstrators were observed by law enforcement around Los Angeles as of Saturday evening and law enforcement officers were actively working to bring them under control, according to the source.

Videos of the scene Friday show law enforcement officers in riot gear, wielding batons, holding shields and throwing smoke bombs into the crowd. Protesters chanted "Free them all" and held signs with messages including "Full Rights for All Immigrants" and "Stop the Deportations." Video shows several officers in riot gear pinning at least one person to the ground.

Other videos show the detention center sprayed with anti-ICE graffiti, with some protesters blocking LAPD vehicles close by.

# Cuomo-Mamdani face-off in a tightening New York mayoral race

**Shah Nawaz**



The Democratic primary for New York City mayor is effectively a two-person race between Andrew Cuomo and Zohran Mamdani, two new internal polls show. A survey conducted by Data for Progress on behalf of a super PAC for Mamdani found Cuomo up by just two points, while a poll from the ex-governor's camp showed Cuomo with a 12-point lead.

Data for Progress, which conducted its text and web poll of 819 likely Democratic voters between May 30 and June 4, found Cuomo starts the ranked-choice race with a seven-point edge. He wins it in the eighth round by a 51-49 split — within the three-point margin of error. It was conducted on behalf of the super PAC New Yorkers for Lower Costs, as well as the national PAC for the Working Families Party — whose local arm is backing the democratic socialist state lawmaker. The findings indicate Mamdani's message of combating income inequality is resonating with voters who routinely rank housing and inflation as leading concerns, despite his rivals' hits on the 33-year-old lawmaker's inexperience. Cuomo's more recent poll of 600 likely Democratic primary voters, conducted between June 3 and 7 by Expedition Strategies, shows him beating Mamdani by 12 points — 56 to 44 — in the eighth round of voting. While it was being conducted, the candidates faced off in their first televised debate on June 4 and Rep. Alexandria Ocasio-Cortez selected Mamdani as her top choice the following day. During the same period, pro-Cuomo super PAC Fix the City also started blanketing the airwaves and hitting mailboxes with ads saying Mamdani wanted to raise taxes and defund the police. Both surveys show every other candidate in single digits. "This poll makes clear that New Yorkers increasingly want a mayor who is focused on affordability, like Zohran Mamdani, and not a scandal-ridden politician like Andrew Cuomo," New Yorkers for Lower Costs spokesperson Bill Neidhardt said in a statement. Cuomo resigned from office in 2021, following reports from the state attorney general that he sexually harassed female staffers and under counted nursing home deaths during Covid — all of which he denies.

His pollster offered a different take on the findings.

"With five days to go until early voting begins in New York City, our latest poll shows Governor Cuomo with a durable lead and significant advantages over the rest of the field when it comes to critical qualities such as the ability to solve the city's problems," Pete Brodnitz, founder and president of Expedition Strategies, wrote in a poll memo.

His team reached likely voters by phone, including landlines, and text-to-web interviews. It has a 3.9 percent margin of error. The polls are solidifying the shape of the race as it enters its final weeks: Early voting begins Saturday, and the primary is June 24. Most voters' minds are made up by now, but the surveys each found some room for movement, with 8 percent of likely voters in Data for Progress' poll claiming to be undecided about the candidates, compared to 9 percent in the Expedition poll. More than one-quarter of likely voters, 28 percent, told Data for Progress they hadn't heard enough about Mamdani to form an opinion. Those who know him like him, giving him a 58-15 percent favorability rating. Cuomo's was even at 48-49, and just 3 percent of voters didn't know enough about the three-term New York governor to form an opinion. These polls reflect the continued trend in this race to replace Mayor Eric Adams, who is running as an independent following the fallout from his federal indictment: Cuomo is leading, Mamdani is gaining and no one else has found a foothold to climb.

"We're confident in our methodology and these results — we have a strong track record here, and believe this snapshot reflects the state of the race as it stood in early June," said Ryan O'Donnell, deputy executive director of Data for Progress. The firm was accurate in its 2021 mayoral poll just before primary day.

The Cuomo campaign survey reached voters through phone calls, including landlines, while the Mamdani poll was on the web only. The samples — the pollsters' expectation of the demographics of voters who will show up to vote — varied only slightly. The Cuomo poll's respondents were 41 percent white, and 30 percent under the age 45, for example, while the Mamdani poll's sample was 42 percent white and 33 percent under 45. Cuomo polls best with Black voters and older voters, while Mamdani leads the field with white voters and younger voters. The most notable difference was how much support each of the leading two candidates picked up when ranked-choice votes were distributed.

In Cuomo's poll, the ex-governor maintains his 12-point lead over Mamdani the whole time — suggesting voters who ranked other candidates first are fairly evenly split between the leading contenders. The Mamdani supporters' poll, meanwhile, demonstrates Mamdani picking up 16 percentage points from the first to the eighth round, while Cuomo gains 11. That suggests the anti-Cuomo DREAM strategy — an acronym for Don't Rank Evil Andrew for Mayor, promoted by the Working Families Party — is reaching more voters, who are choosing to leave Cuomo off their ballots entirely.

Meanwhile, Cuomo and the main super PAC backing him have started going after Mamdani, who told NBC New York on Monday that indicates his rise in the polls.

"His decision to start focusing on me in the final weeks of this race shows the fact that he is scared," Mamdani said. "Scared of the fact where he once had a 40-point lead, it is now in single digits."

## বিভেদের জোয়ার, ঐক্যে ভাটা

৫ পৃষ্ঠার পর

তিন জোটের রূপরেখার অন্যতম একটি 'রাষ্ট্রপতি পদ্ধতি' পরিবর্তে 'সংসদীয় পদ্ধতি' সংবিধানে সংযোজনে তারা একমত হলেও নির্বাচনকালীন নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা প্রতিষ্ঠায় রাজি হয় না। ফলে এ ইস্যুতে নতুনই গড়ে ওঠা ঐক্য বিভক্ত হয়। বিএনপি ও অন্য দলগুলো অবস্থান নেয় বিপরীত মেরুতে। যে কারণে ১৯৯৬ সালের ১৫ ফেব্রুয়ারি একটি বিতর্কিত নির্বাচন অনুষ্ঠিত হয়। তবে সাংবিধানিক ধারাবাহিকতা রক্ষার জন্য অনুষ্ঠিত সে নির্বাচনে গঠিত জাতীয় সংসদে বিএনপির উদ্যোগে সংবিধান সংশোধন করে নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা প্রবর্তন করা হয়।

তত্ত্বাবধায়ক ব্যবস্থা বিএনপি এককভাবে প্রবর্তন করলেও তা জাতীয় ঐকমত্যের ভিত্তিতেই প্রতিষ্ঠিত হয়েছিল। এই ঐকমত্যের পেছনে বিএনপির জনমতের প্রতি শ্রদ্ধাবোধ অন্যতম নিয়ামক হিসেবে কাজ করেছে। কেননা, আন্দোলনরত দলগুলোর দাবিকে উপেক্ষা করে বিএনপি ইচ্ছে করলে রাষ্ট্রক্ষমতা দখলে রাখতে পারত। তবে তাতে রক্ত এবং প্রাণ ক্ষয়ের আশঙ্কা ছিল। বিএনপি সে পথে হাঁটেনি। জাতীয় সংসদে তত্ত্বাবধায়ক সরকার বিল পাস করে তারা বিরোধী দলের দাবির প্রতি সম্মান দেখিয়েছে, জনআকাঙ্ক্ষার বাস্তবায়ন করেছে। সুতরাং এটা বলা অত্যুক্তি হবে না, তত্ত্বাবধায়ক সরকারও জাতীয় ঐকমত্যের ভিত্তিতে প্রতিষ্ঠিত হয়েছিল।

কিন্তু সে জাতীয় ঐকমত্যও বেশি দিন টেকেনি। আর তা টেকেনি রাজনৈতিক দলের ক্ষমতালিপ্সার কারণেই। ২০০৯ সালে ক্ষমতাসীন হয়ে সুপ্রিম কোর্টের একটি বিতর্কিত পর্যবেক্ষণকে পুঁজি করে আওয়ামী লীগ সরকার সংবিধান থেকে তত্ত্বাবধায়ক সরকার পদ্ধতিকে বাতিল করে দেয়। বিএনপিসহ বিরোধী দলগুলোর প্রতিবাদকে তারা ধর্তব্যের মধ্যে নেয়নি।

বিষয়টি সমালোচিত হয়েছে দেশ-বিদেশ সর্বত্র। কিন্তু লীগ-সরকার অবলম্বন করেছিল 'কানে দিয়েছি তুলো আর পিঠে বেঁধেছি কুলো' নীতি। কারণ ক্ষমতালিপ্সা তাদের উন্মত্ত করে তুলেছিল। আর তাই যে তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠার জন্য তারা ১৭৩ দিন হরতালসহ ধ্বংসাত্মক আন্দোলন করেছিল, তাকে হত্যা করতে তাদের বিবেকে বাধেনি। এক্ষেত্রেই তত্ত্বাবধায়ক সরকারকে কেন্দ্র করে গড়ে ওঠা জাতীয় ঐকমত্য আওয়ামী লীগের দলীয় সংকীর্ণতা ও ক্ষমতা কুক্ষিগত করার উদ্দেশ্যের কারণে বিনষ্ট হয়।

সর্বশেষ কারও আহ্বানের অপেক্ষা না করেই গড়ে ওঠে একটি জাতীয় ঐক্য। আর তা গড়ে ওঠে ২০২৪-এর জুলাই-আগস্টের আন্দোলন কেন্দ্র করে। লক্ষণীয় হলো, এর আগে-পড়ে নানা ইস্যুতে রাজনৈতিক দলগুলো জাতীয় ঐক্যের আহ্বান জানালেও তা বাস্তবরূপ লাভ করেনি। অনেকেই তখন মন্তব্য করেছেন, জাতীয় ইস্যুতে আমাদের রাজনৈতিক দলগুলোর ঐক্যবদ্ধ হওয়া বা ঐকমত্য প্রতিষ্ঠা আকাশ-কুসুম কল্পনামাত্র। সেই আকাশ-কুসুম কল্পনা বাস্তবে রূপ নিয়েছিল বৈষম্যবিরোধী আন্দোলন কেন্দ্র করে।

শিক্ষার্থীদের ন্যায্য আন্দোলন সমর্থন জানিয়ে ব্যাপক জনসাধারণের রাজপথে নেমে আসা যে জাতীয় ঐক্যের সূচনা করে, তাই গণঅভ্যুত্থানে রূপ নিয়ে অবসান ঘটনায় শেখ হাসিনার দুঃশাসনের। গঠিত হয় ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার। সংবিধানের ১০৬ ধারা অনুযায়ী সুপ্রিম কোর্টের রেফারেন্সের ভিত্তিতে গঠিত এ সরকারের সাংবিধানিক বৈধতা নিয়ে কেউ প্রশ্ন তোলেনি। এর একমাত্র কারণ, নাড়ে পনেরো বছরের দুঃশাসনের পর মানুষ সুযোগ চেয়েছিল একটি সুস্থ রাজনৈতিক ধারা প্রতিষ্ঠিত হোক। দেশে একটি গণতান্ত্রিক শাসনব্যবস্থা শুরু হবে-এ প্রত্যাশায় সবাই উন্মুখ হয়েছিলেন। অবশ্য অন্তর্বর্তী সরকারের মেয়াদ নিয়ে কথা যে ওঠেনি তা নয়।

তবে সে সময় বেশিরভাগ মানুষের মনোভাব ছিল, রাষ্ট্র সংস্কার সম্পন্ন করে দেশে দ্রুত গণতন্ত্র ফিরে আসুক। আর সেজন্য অন্তর্বর্তী সরকারকে প্রয়োজনে দেড়-দুই বছর সময় দিতে হবে। সে জনমতের প্রতি রাজনৈতিক দলগুলো সম্মান পোষণ করেছিল অনেকটা বাধ্য হয়েই। একদিকে ড. মুহাম্মদ ইউনূসের ব্যক্তিগত গ্রহণযোগ্যতা, অন্যদিকে আওয়ামী লীগের স্বৈরশাসনের পর গণতন্ত্রের পথ উন্মুক্ত হওয়ার প্রত্যাশা তাদের জনমতের প্রতি শ্রদ্ধাশীল থাকতে বাধ্য করেছে। ফলে রাষ্ট্র সংস্কারের জন্য পর্যাপ্ত সময় দিতে কেউ আপত্তি তোলেনি।

কিন্তু অন্তর্বর্তী সরকারের বয়স যখন দশ মাস অতিক্রম করেছে, তখন গণঅভ্যুত্থানের পটভূমিতে গড়ে ওঠা ঐকমত্যে বড়সড় ফাটল স্পষ্ট হয়ে উঠেছে। এ ফাটলের প্রধান কারণ জুলাই আন্দোলনের সামনের সারিতে থাকা বৈষম্যবিরোধী ছাত্রনেতাদের অতি বাড়াবাড়ি ও সরকারের কর্তাদের তাদের অযাচিত খবরদারি।

অনেকেরই ধারণা, অন্তর্বর্তী সরকার এদের প্রশ্রয় দিচ্ছে। বিশেষ করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কর্মীদের সমন্বয়ে গঠিত রাজনৈতিক সংগঠন জাতীয় নাগরিক পার্টিকে অন্তর্বর্তী সরকারের প্রত্যক্ষ ও পরোক্ষ পৃষ্ঠপোষকতার বিষয়টি এখন আর রাখঢাকের মধ্যে নেই। সংঘটিত ঘটনাবলি থেকে অনেকেই মনে করেন, নির্বাচন প্রলম্বিত করে এনসিপি নামের সংগঠনটি মাঠ গোছানোর সুযোগ করে দিতে অন্তর্বর্তী সরকারের অভিপ্রায় স্পষ্ট। যার ফলে জুলাই আন্দোলনের পক্ষ শক্তি এখন বিভক্ত।

অন্যদিকে সচিবালয়সহ বিভিন্ন সরকারি অফিস ও পেশাজীবীরা রয়েছে আন্দোলনে। এসব আন্দোলন বিশৃঙ্খলার পাশাপাশি সৃষ্টি করছে রাজনৈতিক বিভেদ। সরকারি একটি অধ্যাদেশের বিরুদ্ধে সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের আন্দোলনের বিরুদ্ধে এনসিপির অবস্থান ও সংগঠনটির কয়েকজন নেতার হুমকি-ধমকি আওয়ামী লীগ আমলে যুবলীগ-ছাত্রলীগের হুমকি-হুংকারকেই স্মরণ করিয়ে দেয়। এ আন্দোলনে বিএনপিপন্থি সাবেক-বর্তমান আমলা ও কর্মচারীদের সমর্থন রাজনৈতিক বিভেদের জন্ম দিয়েছে।

এ কথা বলা বোধকরি অসংগত হবে না, যে স্পৃহা ও উদ্যম নিয়ে গত বছরের জুলাই-আগস্টের আন্দোলনে দেশের সব রাজনৈতিক শক্তি ও জনসাধারণ ঐক্যবদ্ধ হয়েছিল, তা এখন অনেকাংশেই নেই। সৃষ্ট রাজনৈতিক বিভেদ আওয়ামী লীগ সরকার পতনের আন্দোলনে গড়ে ওঠা ঐক্যের ভিত্তি ভূমিতে বড় ধরনের ফাটল সৃষ্টি করেছে। সে ফাটল দূর করতে না পারলে গণতন্ত্রের নবপদযাত্রা বিঘ্নিত হবে। আর সে ফাটল দূর করতে হবে রাজনৈতিক শক্তিগুলো ও অন্তর্বর্তী সরকারকেই। যদি তারা সে ব্যাপারে সচেষ্ট না হয়, তাহলে আগস্ট-গণঅভ্যুত্থানের স্বপ্ন ধূলিসাৎ হতে বেশি সময় লাগবে না।

লেখক: সাংবাদিক ও রাজনীতি বিশ্লেষক।

## নির্বাচন নিয়ে ৬ মাসের টানাটানি

৭ পৃষ্ঠার পর

দেশি ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান ও সম্প্রদায়কে সম্পৃক্ত করা যেতে পারে, তবে তাদের সিদ্ধান্তের ওপর সুষ্ঠু নির্বাচন যেন নির্ভরশীল না হয়ে পড়ে।

নির্বাচন নিয়ে সমালোচনার মুখে পড়েছে অন্তর্বর্তী সরকারের দোদুল্যমান মনোভাব এবং এর ফলে পরিলক্ষিত হচ্ছে সুস্পষ্ট নীতি-নির্দেশনার অভাব। সংস্কারের প্রশ্নে বিভিন্ন রাজনৈতিক দলের মধ্যে বিদ্যমান মতভিন্নতা এই সরকারকে আরও বেশি বিপাকে ফেলেছে বলে মনে হয়। কিংবা বলা যায়, কোনো কোনো রাজনৈতিক দল, এদের অনেককেই খুচরা দল হিসেবে মনে করে থাকে, তাদের সমর্থন এবং সামর্থ্য যত ক্ষুদ্রই হোক না কেন, তারা এই সুযোগে উদ্দেশ্য হাসিলের রাজনীতি করছে। আমরা জানি, জনগণের সমর্থন ব্যতীত কোনো সরকার দেশ শাসনের অধিকার রাখে না। দেশে সংস্কারের যে স্লোগান শুরু হয়েছে, তাতে সময়ক্ষেপণের অভিযোগ হিসেবেও পরিলক্ষিত হচ্ছে বলে দেখা যাচ্ছে। সংস্কারের মূল বক্তব্য সম্পর্কে আমরা এখনো কোনো মহল থেকে তার সুস্পষ্ট রূপরেখা পাচ্ছি না।

দেশের উন্নয়নের সঙ্গে অর্থনীতি, অবকাঠামো এবং সমাজ উন্নয়ন ও সামাজিক প্রতিষ্ঠানগুলোর অভ্যন্তরীণ গুণগত পরিবর্তনই সংস্কার। অবশ্যই সংস্কার একটি গতিশীল প্রক্রিয়া। এই প্রক্রিয়া কতটুকু ধাবমান কিংবা তার গতিপথে কী কী প্রতিবন্ধকতা রয়েছে, সেগুলো চিহ্নিত করে তার প্রতিকার করতে পারাই সরকারের অন্যতম দায়িত্ব। অতএব, সংস্কারের সূত্রপাত যেভাবেই হোক না কেন, তা গতিশীল প্রক্রিয়ার মাধ্যমে চালু থাকবে। নির্বাচিত সরকারই পারে জনগণের মতামতের ওপর ভিত্তি করে সমাজ উন্নয়নের এই বৈশিষ্ট্যগুলোকে কার্যকরভাবে এগিয়ে নিয়ে যেতে। সংস্কারের অন্যতম দর্শন হতে পারে দেশ ও সমাজের স্বাভাবিক সময়ের দাবি এবং গণ-আন্দোলনে সৃষ্ট নতুন ধারার উন্নয়ন চিন্তা সমন্বয়ের মাধ্যমে এই সমাজ কার্যকরভাবে এগিয়ে নিয়ে যাওয়া।

সংস্কার প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, নির্বাচন নিয়ে খেলাফেলা করা চলবে না। 'আজ তরুণদের সুনামি হয়েছে, তাঁরা গণতন্ত্র ও নির্বাচনের বার্তা দিয়েছেন। সংস্কারের কথা বলে নির্বাচনের রোডম্যাপ পেছানোর কোনো সুযোগ নেই।...এখন বলা হচ্ছে, গুরুত্বপূর্ণ কয়েকটি বিষয়ে নাকি ঐকমত্য হয়নি। গুরুত্বপূর্ণ কিছু বিষয়ে ঐকমত্য না হয়ে থাকলে সেটা করবে জনগণ। ভোট ও ব্যালটের মাধ্যমে নির্বাচিত সরকার সেই সংস্কার করবে।'

বিএনপিকে যন্ত্রণায় আমন্ত্রণ জানিয়েছেন উল্লেখ করে দলটির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ অভিযোগ করেছেন, 'আলোচনার কোনো কমতি নেই; কিন্তু কাজের কাজ কিছুই হচ্ছে না। বরং সংস্কারের নামে তাঁদের কলা দেখানো হচ্ছে। ২ তারিখে দ্বিতীয় পর্বের আলোচনার আবার শুভ উদ্বোধন হবে। প্রথম পর্যায়ে আলোচনার একবার উদ্বোধন করেছেন। দ্বিতীয় পর্যায়ে আবার উদ্বোধন করবেন, তৃতীয় পর্যায়ে গিয়ে আপনারা আবার এটা একত্র করবেন। এখানে আপনারা আমাদের সংস্কারের কলা দেখাচ্ছেন!'

ডিসেম্বরের আগেই নির্বাচন দিতে হবে জানিয়ে সালাহউদ্দিন বলেন, 'এটা জনগণের দাবি। ডিসেম্বরের পর নির্বাচন না দেওয়ার কোনো কারণ নেই। ডিসেম্বরের পর নির্বাচনের জন্য একটি যুক্তি থাকলেও তা যেন সরকার প্রকাশ করে।'

বিশ্বের বুকে বাংলাদেশ কোনো বিচ্ছিন্ন দ্বীপ নয়। এ দেশের অর্থনীতি, সমাজ, উন্নয়ন-সবকিছুর সঙ্গে রয়েছে আন্তর্জাতিক সম্পর্ক। বিশ্বে আমাদের ভাবমূর্তি গঠন ও উন্নয়নে আন্তর্জাতিক শক্তিসমূহকে অবশ্যই বিবেচনায় রাখতে হবে। বাংলাদেশের নির্বাচনী প্রক্রিয়ায় যুক্তরাষ্ট্র, ভারত, চীনসহ বিভিন্ন আন্তর্জাতিক শক্তি বিশেষভাবে আগ্রহ দেখিয়েছে। অবাধ ও সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করতে এসব দেশের চাপ বিভিন্ন সময়ে লক্ষ করা গেছে। তবে আমাদের এই দেশ নিয়ে তাদের নিজস্ব ভূরাজনৈতিক স্বার্থও রয়েছে। এই আন্তর্জাতিক চাপ ও প্রভাব নির্বাচনী পরিবেশকে ক্রমেই আলোচনার বিষয় হিসেবে দেশে নতুন মাত্রা যোগ করেছে।

জনগণের মতামত কিংবা রায় ব্যতীত দেশ শাসনের অধিকার কারও নেই। গণতন্ত্রের অন্যতম প্রধান এই যুক্তির কোনো বিকল্পও নেই। কারণ, অনির্বাচিত সরকার কোনো দেশেই দীর্ঘ সময় অতিবাহিত করে সেই দেশের স্থায়ী মঙ্গল করতে পারেনি। এই ধরনের প্রচেষ্টা যেকোনো দেশের জন্য অভিশাপ হিসেবেই বিবেচিত হয়ে থাকে। যত দিন পর্যন্ত স্বাভাবিক গণতন্ত্রের কোনো বিকল্প আবিষ্কার না হয়, তত দিন আমাদের এই দর্শনের ওপর ভিত্তি করেই চলতে হবে। সংখ্যাগরিষ্ঠের পছন্দ ও মতামতকে শ্রদ্ধা ও সম্মান দেখানো জাতির জন্য কল্যাণকর বলে বিবেচনা করা ছাড়া কোনো উপায় নেই। ক্ষমতায় গেলেই সাধারণত শাসকগোষ্ঠী স্বেচ্ছায় বা বিশেষ উদ্দেশ্যে অন্ধ কিংবা বধির হয়ে যায়। তাদের শ্রবণ বা দর্শন ইন্দ্রিয় পুরোপুরি কাজ করে বলে মনে হয় না। তখন জনগণ অতি ক্ষুদ্র এবং নিরর্থক অপ্রয়োজনীয় উপাদান হয়ে ওঠে। জনগণকে ভুলে থাকতে পারলে তাদের অনেক সুবিধা। জনগণ সঠিক কথা উচ্চারণ করলে কিংবা স্লোগান দিলে তাদের বড় কষ্ট হয়! নির্বোধ জনগণ কেন যে অহেতুক তাদের বিরক্ত করে, তা তারা বুঝতে পারে না! সেই বোধ ও শক্তি তাদের থাকে না। নানা আইনকানুনের আশ্রয়ে তারা জনগণের আন্দোলন, বিদ্রোহ দমন করতে তৎপর হয়ে ওঠে।

দেশের জনগণ ও রাজনৈতিক দলের সমর্থনে ভোটে জয়লাভ করে জনগণের শাসন বহাল রাখার জন্য যে সরকার গঠিত হয়, তাদের নির্দিষ্ট সময় দেশের সেবা করার অধিকার প্রশংসার দাবি রাখে। নির্বাচন নিয়ে হয়রানি করার কোনো সুযোগ ভোটার কিংবা জনগণ কাউকে দেয়নি। জনগণের সমর্থন ব্যতীত কোনো সরকার দেশের জন্য কল্যাণকামী কোনো প্রতিষ্ঠান নয়, যুগে যুগে এটি প্রতীয়মান হয়েছে। আশা করি, আমাদের শিক্ষা ভুল হওয়ার নয়। আমরা জনগণের হয়ে তাঁদের সঙ্গে থাকি, তাঁদের নিয়ে সম্মানের সঙ্গে বাঁচি।

## চবি এলামনাই'র পিকনিক প্রস্তুতিসভা অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

আহ্বায়ক কমিটি করা হয়। সভায় উপস্থিত সদস্যরা পিকনিকের সার্বিক প্রস্তুতি, যাতায়াত ব্যবস্থা, এবং অর্থনৈতিক পরিকল্পনা নিয়ে মতবিনিময় করেন।

মতবিনিময় সভায় বক্তব্য রাখেন সংগঠনের প্রধান উপদেষ্টা ও কাকাতুয়া এজেন্সির স্বত্বাধিকারী পারভেজ কাজী, সাবেক সভাপতি এম এ আজিজ নঈমী, সহসভাপতি অনুপ দাশ, আবদুল মুহিত, উপদেষ্টা মহিউদ্দিন মুহাম্মদ আলমগীর, সাবেক সদস্য সচিব ফারহানা আখতার, সদস্য সচিব নাসরিন বিপ্লব এবং আহবায়ক ওয়াহিদুজ্জামান বকুল।

রেজিস্ট্রেশনের বিষয়ে সাধারণ সম্পাদক মীর কাদের রাসেল বলেন, মূল্যস্ফীতির বিবেচনায় নিয়ে রেজিস্ট্রেশন ফি নির্ধারণ করা হয়। নিজ দায়িত্বে যাতায়াতকারীদের জন্য ৬০ ডলার, বাসে (চার্চ ম্যাকডোনাল্ড ও ওজনপার্ক হতে) যারা যাবেন, তাদের জন্য ৭৫ ডলার। ৭ বছরের নিচের শিশুদের জন্য কোন রেজিস্ট্রেশন ফি প্রযোজ্য হবে না। সভায় সকলের আন্তরিক সহযোগিতায় একটি সুন্দর, স্মরণীয় ও উপভোগ্য পিকনিকের আশাবাদ ব্যক্ত করা হয়।

অনুষ্ঠানের এক পর্যায়ে সংগঠনের সভাপতি নাবিলা শারমিন নিরু, পিকনিক কমিটির আহবায়ক ওয়াহিদুজ্জামান বকুল রচিত কাব্যগ্রন্থ 'বরফের বাড়ি' থেকে কবিতা আবৃত্তি করেন।

## ভারতীয় শিক্ষার্থীকে গ্রেপ্তারের ভিডিও ভাইরাল

৩ পৃষ্ঠার পর

দেখেছি। তার হাতে হাতকড়া পরানো, ক্রন্দনরত, দাগী অপরাধীর মতো আচরণ করা হচ্ছিল ওই ছাত্রের সঙ্গে। এটি একটি হিউম্যান ট্র্যাজেডি। ভিডিওতে দেখা যাচ্ছে, শিক্ষার্থীটিকে চেপে ধরে আছেন চার পুলিশ সদস্য। যার মধ্যে দুজন হাঁটু গেড়ে তার ওপর বসে ছিলেন। এরপর তারা তার হাত ও পা বেঁধে ফেলে।

ভিডিও ভাইরাল হওয়ার পর নিউইয়র্কস্থ ভারতীয় দূতাবাস জানিয়েছে, তারা বিষয়টি নিয়ে স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করছে। ওই প্রত্যক্ষদর্শী পরে ভারতীয় গণমাধ্যমকে বলেছেন, ওই সময় সেখানে প্রায় ৫০ জন মানুষ ছিলেন। কিন্তু কারও কিছু বলার সাহস ছিল না। আমার মনে হয় তাকে মাটির সঙ্গে চেপে ধরা হয়েছিল কারণ সে কিছুটা উগ্র আচরণ করছিল এবং সে দিশেহারা ছিল। কিন্তু কেন সে দিশেহারা হয়ে পড়েছিল আমি জানি না। কর্তৃপক্ষ বলছিল তারা হিন্দি ভাষা বোঝে না। সে হরিয়ানভি ভাষায় কথা বলছিল। আমার মনে হচ্ছিল আমি কোনো সহায়তা করতে পারব না। তা সত্ত্বেও কাছাকাছি গিয়ে আমি এক কর্মকর্তাকে বলি, ওই শিক্ষার্থী কি বলতে চাইছে আমি এ ব্যাপারে তাদের সহায়তা করতে পারি কি না। কিন্তু তিনি আমাকে সহায়তা করতে দেননি। এর বদলে তিনি আরও পুলিশকে ডাকেন।

তিনি আরও বলেন, যখন কেউ উগ্র আচরণ করেন তখন কাউকে বিমানে উঠতে দেওয়া হয় না। ওই শিক্ষার্থী এমন আচরণ করায় তারা বিমানের পাইলটকে ফোন করেন। কিন্তু পাইলট জানান, তারা তাকে বিমানে নিতে পারবেন না। কারণ তিনি অন্যদের জন্য ঝুঁকির কারণ হতে পারেন। আর এরপরই পুলিশ সদস্যরা তাকে চেপে ধরে। সবচেয়ে দুঃখের বিষয় হলো সাত থেকে আটজন পুলিশ এসে তার হাত-পা বেঁধে ফেলে। ওই সময় আমি কেঁদে দেই। তারা কেন এমনটি করল তাও প্রকাশ্যে। এদিকে গত কয়েক মাসে কয়েকশ ভারতীয়কে ফেরত পাঠিয়েছে যুক্তরাষ্ট্র। তবে ফেরত পাঠানোর আগে তাদের হা-পা বাঁধা হয়।

## 'বাংলাদেশ এখন গণতন্ত্র ও বিশৃঙ্খল পতনের মাঝামাঝি এক ঝুঁকিপূর্ণ পথে হাঁটছে'

৫ পৃষ্ঠার পর

সহযোগিতায় অনুষ্ঠিত হয়। এই বার্ষিক সম্মেলনে বক্তা ও অংশগ্রহণকারীদের মধ্যে থাকেন খ্যাতনামা সাংবাদিক, ব্যবসায়িক নেতা, নাগরিক সমাজের সংগঠক, পাশাপাশি দেশি ও বিদেশি প্রতিনিধিরা - যাদের মধ্যে প্রধানমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী এবং অন্যান্য উচ্চপদস্থ কর্মকর্তারাও অন্তর্ভুক্ত।

ওআরএফ ২০২০ সালের গ্লোবাল থিঙ্ক ট্যাঙ্ক ইনডেক্স রিপোর্টে বিশ্বের শীর্ষ থিঙ্ক ট্যাঙ্কগুলোর তালিকায় ২০তম স্থানে স্থান পেয়েছিল। এই রিপোর্টটি পেনসিলভানিয়া বিশ্ববিদ্যালয়ের থিঙ্ক ট্যাঙ্কস অ্যান্ড সিভিল সোসাইটিজ প্রোগ্রাম দ্বারা প্রকাশিত হয়। চীন, ভারত, জাপান এবং দক্ষিণ কোরিয়ার থিঙ্ক ট্যাঙ্কগুলোর মধ্যে ওআরএফ দ্বিতীয় স্থানে ছিল।

ভারতের বড় শহরগুলোতে আরও অনেক থিঙ্ক ট্যাঙ্ক ও গবেষণা প্রতিষ্ঠান রয়েছে, যারা সরকারি নীতি, আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়ে প্রতিনিয়ত কাজ করছে। শুধু ভারতই নয়, উন্নত বিশ্বের দেশগুলোতে থিঙ্ক ট্যাঙ্ক ও গবেষণা প্রতিষ্ঠানের অভাব নেই। প্রতিটি প্রতিষ্ঠানই সরকার কিংবা বিভিন্ন কোম্পানির আর্থিক সহায়তায় উচ্চতর গবেষণা, নীতি, পরিকল্পনা নিয়ে কাজ করে।

বিশ্ববিদ্যালয়ের সম্মানের অধ্যাপক-পণ্ডিতগণ সেখানে কর্মরত রয়েছেন, যারা বিভিন্ন বিষয়ের বিশেষজ্ঞ হিসেবে মত প্রদান ছাড়াও কৌশলগত পরামর্শ দিয়ে থাকেন।

বাংলাদেশে এমন পরিস্থিতির চিহ্নমাত্র নেই। এদেশের ব্যবসায়ী গ্রুপগুলো সামাজিক ও বুদ্ধিবৃত্তিক দায়িত্বের বিষয়ে মোটেও মনোযোগী নয়। তাদের অধিকাংশেরই একমাত্র লক্ষ্য ব্যবসার মাধ্যমে অবাধে মুনাফা অর্জন করে বিদেশে পাচার করা। সরকারি পর্যায়েও বাংলাদেশে মানসম্পন্ন থিঙ্ক ট্যাঙ্ক ও গবেষণা প্রতিষ্ঠানের বিকাশ হয়েছে বলা যায় না।

এর ফল হয়েছে মারাত্মক। বাংলাদেশের বিভিন্ন ইস্যু, যেমন সংস্কার, নির্বাচন, বন্দর, পার্বত্য চট্টগ্রাম, রোহিঙ্গা, জ্বালানি সম্পদ, পরিবেশ ও নগরায়নের চ্যালেঞ্জ নিয়ে বিদেশে যত সিরিয়াস লেখালেখি ও লিখিত গবেষণা হচ্ছে, বাংলাদেশে তেমনটি হচ্ছে না। এসব বিষয়ে স্থানীয় পর্যায়ে বিশেষজ্ঞও তৈরি হচ্ছে না। বাংলাদেশ নিয়ে প্রকাশিত নানা দেশের গবেষণা ও মনোভাব পরীক্ষা-নিরীক্ষা করার ও এ বিষয়ে বাংলাদেশের স্বার্থ সংশ্লিষ্ট কাউন্টার ডিসকোর্স তৈরি করাও সম্ভব হচ্ছে না। রাজনৈতিক দলগুলোও একদল অনুগত-লেজুড়-বুদ্ধিজীবী নামধারীর বাইরে যেতে পারছে না। যারা দল ও নেতার পেছন পেছন তাবেদারি করে কোনও পদ-পদবী বাগানোর জন্য, জাতীয় স্বার্থভিত্তিক আলাপ-আলোচনা ও গবেষণার জন্য নয়।

ভারতের থিঙ্ক ট্যাঙ্ক অবজারভার রিসার্চ ফাউন্ডেশন (ওআরএফ) তাদের নিজস্ব গবেষণার ভিত্তিতে 'বাংলাদেশ এখন গণতন্ত্র ও বিশৃঙ্খল পতনের মাঝামাঝি এক ঝুঁকিপূর্ণ পথে হাঁটছে' মর্মে যে বয়ান উপস্থাপন করেছে, তা নিশ্চয় সর্বাংশে সত্য নয়। কিন্তু এই বিষয়ে ব্যাখ্যা-বিশ্লেষণ ও তথ্যভিত্তিক জবাব দিয়ে প্রকৃত পরিস্থিতি উপস্থাপনের জন্য তর্ক-বিতর্ক-গবেষণা কে করবে? কে বা কারা বাংলাদেশের দৃষ্টিকোণ ও স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়গুলো দেশে-বিদেশে তুলে ধরবে? এমন যুক্তিনির্ভর কাজের জন্য উপযুক্ত গবেষণা প্রতিষ্ঠান তৈরি করা আদৌ সম্ভব হয়েছে?

যতক্ষণ এসব প্রশ্নের সদুত্তর না পাওয়া যাবে এবং এজন্য প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক ও কাঠামোগত ব্যবস্থা তৈরি না করা যাবে, ততক্ষণ বাইরের প্রস্তুতকৃত কিংবা চাপিয়ে দেওয়া বয়ান আমাদেরকে অক্টোপাসের মতো ঘিরেই রাখবে।

লেখক - চেয়ারম্যান, রাজনীতি বিজ্ঞান বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

## এই সংকটকালে ঐক্যের বিকল্প নেই

১২ পৃষ্ঠার পর

দলগুলো একে অপরের সঙ্গে খাওয়াখাওয়িতে লিপ্ত, তখন ভয়ানকভাবে হতাশ হই। বাংলাদেশে অনেক রাজনৈতিক দল থাকলেও তিনটি রাজনৈতিক দলের কর্মকাণ্ড মিডিয়াতে স্থান পায়। রাজনৈতিক দলগুলো হচ্ছে বিএনপি, জামায়াত ও জাতীয় নাগরিক পার্টি। এ দলগুলোর মধ্যে বড় ধরনের বিরোধ সৃষ্টি হওয়ার কথা ছিল না। দুর্ভাগ্যজনকভাবে সত্য হলো, জাতির জন্য বিপজ্জনক দ্বন্দ্ব সৃষ্টি হয়েছে এ দলগুলোর মধ্যে। বিরোধের ইস্যুগুলো হচ্ছে নির্বাচনের তারিখ, সংস্কারের বিষয়ে গুরুত্ব, জাতীয় ও স্থানীয় সরকারের নির্বাচনের সময় কীভাবে নির্ধারিত হবে এবং ড. মুহাম্মদ ইউনূসের অন্তর্বর্তী সরকার কী কী ভুল করছে তা নিয়ে। এক বিএনপি নেতা ড. মুহাম্মদ ইউনূস সরকারের বৈধতা নিয়ে প্রশ্ন তুলেছেন। অথচ আমরা যতটুকু জানি বা বুঝি, তাতে ড. মুহাম্মদ ইউনূসের সরকারের ৯ মাসে অবৈধ হওয়ার কোনো অবকাশ সৃষ্টি হয়নি। এ সরকারের বৈধতার উৎস হলো ২০২৪-এর জুলাই অভ্যুত্থান। একইভাবে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান তার ক্ষমতার বৈধতা পেয়েছেন ১৯৭৫-এর ৭ নভেম্বরের সিপাহি-জনতার অভ্যুত্থানের মধ্য দিয়ে। যে যুক্তিতে ড. মুহাম্মদ ইউনূসের সরকারকে বৈধতাহীন ভাবা হচ্ছে, সেই একই যুক্তিতে শহীদ জিয়ার রাষ্ট্রীয় দায়িত্ব পালনও অবৈধ মনে করা যায়। তবে এর চেয়ে সত্যের অপলাপ আর কিছু নয়। আওয়ামী লীগ শহীদ জিয়ার শাসনামলকে অবৈধ ঘোষণা করতে সংবিধান কাটাছেঁড়া করেছে। ভাগ্যের নির্মম পরিহাস, আজ তারাই এদেশের জনগণের চোখে অবৈধ হয়ে পড়েছে। আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। ছাত্রলীগ নিষিদ্ধ করা হয়েছে। তবে সব কথার শেষ কথা হলো ভারতীয় আধিপত্যবাদ ও আওয়ামী লীগের সম্মিলিত অপপ্রয়াস থেমে থাকছে না, বরং দিনের পর দিন তারা মারমুখী হয়ে উঠছে। এত মানুষের প্রাণহরণ এবং এত মানুষকে আহতকরণের পরও তারা বিন্দুমাত্র অনুশোচনা করছে না। বরং উলটো গীত গাইছে, সুনিপুণভাবে হত্যাকাণ্ড ঘটিয়ে ড. ইউনূস মানুষের লাশের ওপর দাঁড়িয়ে ক্ষমতা দখল করেছে। এটা শেখ হাসিনার উক্তি। এর চেয়ে সত্যের অপলাপ আর কী হতে পারে!

গত কয়েক মাসে তিনটি রাজনৈতিক দলের মধ্যে সম্পর্কের অবনতি ঘটেছে। কী কী বিষয়ে সম্পর্কের অবনতি ঘটল, তা আমার চেয়ে পাঠকরা অনেক বেশি ভালো জানেন। তবে ভারতীয় আধিপত্যবাদ ও আওয়ামী লীগের ষড়যন্ত্রের পরিপ্রেক্ষিতে জাতীয় রাজনৈতিক দলগুলোর মধ্যে অনৈক্য শুধু হতাশাব্যঞ্জক নয়, বিপজ্জনকও বটে। তাদেরকে উপলব্ধি করতে হবে, তাদের অনৈক্য বাংলাদেশে আওয়ামী লীগের পুনর্বাসনের পথ প্রশস্ত করে দিচ্ছে। সুতরাং সাবধান! এ যাত্রায় আওয়ামী লীগ পুনর্বাসিত হলে কারও অস্তিত্ব থাকবে না। বিএনপি ও ড. ইউনূসের মধ্যে সম্পর্কের অবনতি খুবই দুঃখজনক। আওয়ামী আমলে ড. ইউনূস নিগৃহীত হলে বিএনপি তার পাশে দাঁড়িয়েছিল। ড. ইউনূসের গৌরবে দেশ গৌরবান্বিত হয়েছে। তার মতো মানুষ ভুল করতে পারেন না, এমনটি নয়। হিউম্যান করিডর ও চট্টগ্রাম বন্দর নিয়ে ড. ইউনূস সরকারের উদ্যোগ কিছু বিতর্কের জন্ম দিয়েছে, অস্বীকার করা যাবে না। তবে এজন্য তার সরকারের বিরুদ্ধে যুদ্ধংদেহী মনোভাব পোষণও দেশের বর্তমান সংকটময় পরিস্থিতিতে কাম্য নয়। ড. ইউনূস যখন সরকারের দায়িত্ব গ্রহণ করেন, তখন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারপারসন তারেক রহমান বিবৃতি দিয়ে বলেছিলেন, এ সরকারকে ব্যর্থ হতে দেওয়া যাবে না। এ অবস্থান আজকের দিন পর্যন্ত সঠিক।

ড. ইউনূস এখন ব্রিটেন সফরে আছেন। তার সফরসূচির মধ্যে তারেক রহমানের সঙ্গে বৈঠকের কর্মসূচিও রয়েছে। আমরা আশা করব, এ বৈঠক ভবিষ্যৎ জাতীয় ঐক্যকে আবারও সচল ও সুদৃঢ় করে তুলবে। বিএনপির মহাসচিব সম্ভাব্য এ বৈঠককে জাতীয় রাজনীতির টার্নিং পয়েন্ট বলে মন্তব্য করেছেন। এর আগে সংবাদ সম্মেলন করে তিনি সব পক্ষকে একে অপরের প্রতি সুস্থ ও শালীন ব্যবহারের আহ্বান জানিয়েছেন। আমরা জানি, রাজনীতিতে কুরুচিপূর্ণ বচনগুলো ক্ষতি ও বিপদ ডেকে আনে। সামাজিক মাধ্যমে জানলাম, বেগম খালেদা জিয়া তার দলের স্থায়ী কমিটির সদস্যদের বলেছেন, ড. ইউনূসের সঙ্গে বিরোধ করে বিএনপির কোনো লাভ হবে না। আশা করা যায়, এরপর থেকে বিএনপি নেতারা বিভ্রান্তির চোরাগলিতে পথ হারাবেন না। সবচেয়ে বড় দল হিসাবে বিএনপির কাছে মানুষের প্রত্যাশা অনেক। তবে এ দলটি যদি পথভ্রষ্ট হয়, তাহলে অগণিত সাধারণ মানুষ দুঃখ পায়। বড় দল হিসাবে দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার বিশাল দায়িত্ব বিএনপির কাঁধে। বিএনপিকে এ দায়িত্ব থেকে বিচ্যুত হওয়া চলবে না। লন্ডনে ড. ইউনূসের সঙ্গে তারেক রহমানের বৈঠকটি সুন্দর ও সফল হোক, এটাই দেশবাসীর কামনা।

লেখক: শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।



ভালোবাসা সবার তরে, ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভুবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791

بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহ্রা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহ্হামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়্যতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিক থেকে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে ম'ঊনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের সঙ্গীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় যেন না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের মধ্যখানে হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশদের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে ম'ঊনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে পরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম. এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও দ্বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন দুষ্কর্মের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এখনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা তুচ্ছাতিতুচ্ছ বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মন্ডী বাহাউদ্দিন জেলার সাহেক্যারপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)



# গরুর মাংসের উপকার ও ঝুঁকি



অধ্যাপক ডা. আমজাদ হোসেন

পবিত্র ঈদুল আজহা উদযাপনের বড় অংশ গরুর মাংসের যাবতীয় রান্না। তাই গরুর মাংসের বৈজ্ঞানিক পুষ্টিগুণ ও স্বাস্থ্যঝুঁকি সম্পর্কে জেনে রাখা উচিত।

উপকার : উচ্চ পুষ্টিসম্পন্ন প্রাণিজ খাদ্যের মধ্যে আছে গরুর মাংস।

আমিষ : প্রতি ১০০ গ্রাম গরুর মাংসে প্রায় ২৬ গ্রাম উচ্চমানের আমিষ থাকে, যা পেশি গঠন ও পুনর্গঠনে সহায়ক।

শিশু, কিশোর ও গর্ভবতী নারীদের জন্য এই আমিষ অত্যন্ত প্রয়োজনীয়।



আয়রন : গরুর মাংসে থাকা আয়রন সহজে দেহে শোষিত হয়। এটি রক্তাল্পতা প্রতিরোধ করে এবং দেহে অক্সিজেন পরিবহনে সহায়তা করে।

ভিটামিন বি১২ ও জিংক : ভিটামিন বি১২ স্নায়ুতন্ত্র ও মস্তিষ্কের কার্যকারিতায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। অন্যদিকে জিংক রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায় এবং ক্ষত দ্রুত সারাতে সাহায্য করে।

শক্তি উৎপাদনে সহায়তা : গরুর মাংসে ক্রিয়াটিন ও কারনোসিন নামের যৌগ থাকে, যা দেহে শক্তি জোগায়।

সেলেনিয়াম : অ্যান্টি-অক্সিডেন্ট হিসেবে কাজ করে।

নিয়াসিন ও রিবোফ্লাভিন : শক্তি উৎপাদনে সহায়ক। স্নায়ুতন্ত্র ও ত্বকের স্বাস্থ্য রক্ষা করে।

স্বাস্থ্যঝুঁকি

হৃদরোগ ও উচ্চ কোলেস্টেরল : গরুর মাংসের চর্বি শরীরে খারাপ কোলেস্টেরল (এলডিএল) বাড়িয়ে হৃদরোগের ঝুঁকি বাড়ায়। কম চর্বিযুক্ত মাংস খান। অতিরিক্ত লবণ ও তেলে রান্না পরিহার করুন।

ক্যান্সারের আশঙ্কা : ২০১৫ সালে বিশ্ব স্বাস্থ্য সংস্থা ঘোষণা করে যে লাল মাংস বেশি খাওয়া কোলোরেক্টাল ক্যান্সারের ঝুঁকি বাড়াতে পারে।

বিশেষত কয়লায় পুড়িয়ে বা বারবার গরম করে খেলে নাইট্রোসামাইন নামের ক্ষতিকর যৌগ তৈরি হয়।

ইউরিক এসিড ও গাউট : গরুর মাংসে থাকা পুরিন উপাদান ইউরিক এসিড বাড়ায়। গাউট রোগীদের জন্য এটি একেবারেই নিষিদ্ধ বা সীমিত রাখা উচিত।

হজমের সমস্যা ও কোষ্ঠকাঠিন্য : প্রচুর মাংস খেলে এবং পর্যাপ্ত সবজি না খেলে কোষ্ঠকাঠিন্য, অম্বল বা গ্যাস্ট্রিক হতে পারে।

ডায়াবেটিস ও কিডনির রোগী : আমিষ সীমিত পরিমাণে গ্রহণ করুন এবং চিকিৎসকের পরামর্শ অনুসরণ করুন।

সংক্রমণ : সঠিকভাবে রান্না না করলে ই.কোলাই, সালমোনেলা বা অন্যান্য ব্যাকটেরিয়াজনিত সংক্রমণের আশঙ্কা থাকে।

লেখক : বিভাগীয় প্রধান, অর্থোপেডিক সার্জারি বিভাগ, ল্যাবএইড স্পেশালাইজড হসপিটাল।

# রক্তচাপ নিয়ন্ত্রণ জরুরি

কর্নেল ডা. নাসির উদ্দিন আহমদ



অতিরিক্ত ক্যালরি, চর্বি ও কোলেস্টেরলযুক্ত খাদ্যাভ্যাস এবং আয়েশি জীবনযাপনের ফলে যে কয়টি রোগের প্রকোপ বৃদ্ধি পেয়েছে, এর মধ্যে উচ্চ রক্তচাপ বা হাইপারটেনশন অন্যতম। বিশ্বব্যাপী ১২৮ কোটিরও বেশি মানুষ এই রোগে ভুগছেন। আমাদের দেশেও এর প্রকোপ কম নয়, শতকরা ২৬ ভাগেরও বেশি মানুষ বয়ে বেড়াচ্ছেন এই রোগ। গ্রামের তুলনায় শহরবাসী এই রোগে বেশি ভুগছেন। পুরুষদের তুলনায় নারীরা উচ্চ রক্তচাপে বেশি আক্রান্ত। স্ট্রোক, হৃদরোগ, চোখে রেটিনার ব্যাধি এবং কিডনি বিকল হয়ে যাওয়ার পেছনে উচ্চ রক্তচাপ অনেকাংশে দায়ী।

কারণ : শতকরা ৯০ থেকে ৯৫ ভাগ ক্ষেত্রে উচ্চ রক্তচাপের কারণ অজানা। হরমোনঘটিত কিছু রোগব্যাধি, কিডনির রোগ, স্টেরয়েডজাতীয় এবং অন্যান্য কিছু ওষুধ শতকরা ৫ থেকে ১০ ভাগ রক্তচাপের জন্য দায়ী। এ ছাড়া গর্ভকালীন অবস্থায় সাময়িক সময়ের জন্য উচ্চ রক্তচাপে আক্রান্ত হতে পারেন কেউ কেউ। তবে একবার রোগটি দেখা দিলে উচ্চ রক্তচাপের ঝুঁকি বাড়িয়ে দেয় অনেকগুলো উপাদান। বয়স, স্থূলতা, অতিরিক্ত চর্বি ও লবণজাতীয় খাবার গ্রহণ, ধূমপান, অ্যালকোহল সেবন, বংশগত ধারা, কায়িক পরিশ্রমহীন আয়েশি জীবনযাপন, অতিরিক্ত মানসিক অভিঘাত থেকেও উচ্চ রক্তচাপের ঝুঁকি বাড়ে।

লক্ষণ : উচ্চ রক্তচাপের প্রভাবে মাথা ও ঘাড়ে ব্যথা, নাক থেকে রক্তক্ষরণ, ঝাপসা দৃষ্টি, বুক ধড়ফড় ইত্যাদি লক্ষণ দেখা দিতে পারে।

রক্তচাপ খুব বেড়ে গেলে বমি, বুকে ব্যথা, অস্থিরতা, শারীরিক দুর্বলতা ইত্যাদি উপসর্গ দেখা দেয়। এটি নীরবেই রক্তনালি ও হৃৎপিণ্ডের ক্ষতি করে। অনিয়ন্ত্রিত উচ্চ রক্তচাপ চোখের সবচেয়ে সংবেদনশীল স্তর রেটিনার ক্ষতি সাধন করে। ফলে দৃষ্টিশক্তি ঝাপসা হয়ে আসে।

করণীয় : উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণে সাধারণ কিছু নিয়ম অবশ্যই মেনে চলতে হবে।

এরপর ২৭ পৃষ্ঠায়

# লিভারে নজর রাখুন

ডা. মুহাম্মদ সায়েদুল আরেফিন

ইসলাম ধর্মের অন্যতম প্রধান উৎসব ঈদুল আজহা। পবিত্র এই দিনে ত্যাগের মহিমা উদযাপনে মুসলমানরা পশু কোরবানি করে থাকেন। উৎসবের একটি বড় অংশ হয়ে ওঠে কোরবানির মাংসের নানা পদ। তাই এ সময় অতিরিক্ত মাংস ভোজন, অনিয়মিত জীবনযাপন এবং স্বাস্থ্যবিধি উপেক্ষার কারণে অনেকেই নানা ধরনের শারীরিক সমস্যায় আক্রান্ত হন। লিভার বা যকৃতের অসুখে আক্রান্ত রোগীদের জন্য তাই ঈদুল আজহার সময়টা হতে পারে বিশেষ ঝুঁকিপূর্ণ।



বাড়তি যত্ন কেন জরুরি?

লিভার আমাদের শরীরের অন্যতম গুরুত্বপূর্ণ অঙ্গ। শরীরের বিষাক্ত পদার্থ পরিশোধন করে এটি। খাবার হজমে সহায়তার পাশাপাশি শরীরের জন্য প্রয়োজনীয় বেশ কিছু গুরুত্বপূর্ণ হরমোন ও এনজাইমও তৈরি হয় লিভারে।

ঈদের সময় অতিরিক্ত গরু বা খাসির লাল মাংস খাওয়ার ফলে লিভারের ওপর বাড়তি চাপ পড়ে। যাঁরা হেপাটাইটিস, ফ্যাটি লিভার, সিরোসিস, ক্যান্সার বা অন্য কোনো লিভারের অসুখে ভুগছেন, তাঁদের লিভারের জন্য এই বাড়তি চাপ হতে পারে বিপজ্জনক ও প্রাণঘাতী।

কী করবেন?

মাংস খান পরিমিত : গরু ও খাসি-দুই প্রাণীর মাংসেই প্রচুর পরিমাণে ক্ষতিকর চর্বি আছে। তাই যতটা সম্ভব চেষ্টা করতে হবে 'লিন মিট' বা দৃশ্যমান চর্বি ফেলে দেওয়া মাংস খাওয়ার। হাড়ের মজ্জা, কলিজা, মগজ ইত্যাদিতে প্রচুর পরিমাণে কোলেস্টেরল থাকে। চেষ্টা করতে হবে এসব যতটুকু সম্ভব এড়িয়ে চলার। মনে রাখতে হবে, অল্প পরিমাণ লাল মাংসও স্বাস্থ্যের জন্য ক্ষতিকর হতে পারে। তাই লিভারের রোগীদের লাল মাংস এড়িয়েই চলা উচিত। খেতে হলে ভাজা বা ভুনা নয়, সিদ্ধ বা গ্রিলড মাংসের পদ খাওয়া শ্রেয়।

সুস্থ ব্যক্তিদেরও উচিত মাত্রাতিরিক্ত ভোজন বাদ দিয়ে পরিমিত পরিমাণে মাংস খাওয়া।

সবজি ও ফল খাওয়া চাই : শুধু মাংস আর পোলাও খেলেই চলবে না, সুষম খাবারের অংশ হিসেবে সবজি ও আঁশজাতীয় খাবারও

এরপর ২৭ পৃষ্ঠায়



# থাইরয়েড স্বাস্থ্যে খাদ্যাভ্যাসের ভূমিকা

ডা. শাহজাদা সেলিম

সুস্থ থাইরয়েডের কার্যকারিতা বজায় রাখার জন্য সুষম খাদ্য গ্রহণ অপরিহার্য। সঠিক খাদ্যাভ্যাসের মাধ্যমে থাইরয়েডের প্রয়োজনীয় পুষ্টি সরবরাহ করা যেমন সম্ভব, তেমনি এই গ্রন্থির কার্যকলাপ বাধাগ্রস্ত হতে পারে এমন উপাদানগুলো বাদ দিয়েও থাইরয়েড স্বাস্থ্য ভালো রাখা যায়। থাইরয়েডের স্বাস্থ্য নিশ্চিত করার জন্য কিভাবে সঠিক খাদ্যাভ্যাস তৈরি করা যেতে পারে, সেটাই আজকের মূল আলোচ্য বিষয়।

পর্যাপ্ত আয়োডিন গ্রহণ

শরীরে আয়োডিনের সঠিক মাত্রা ধরে রাখা খুবই গুরুত্বপূর্ণ।

এ জন্য সঠিক মাত্রায় আয়োডিন গ্রহণ করতে হবে।

প্রধান উৎস : আয়োডিনের চাহিদা পূরণের জন্য আয়োডিনযুক্ত লবণ সবচেয়ে সহজলভ্য ও নির্ভরযোগ্য উৎস। সুষম খাদ্যের মধ্যে এটি অল্প পরিমাণে ব্যবহার করুন।

বাড়তি উৎস (পরিমিত পরিমাণে) : কেল্প, ওয়াকামে ও নরির মতো সামুদ্রিক শৈবালে প্রচুর আয়োডিন আছে।

তবে খাবারে আয়োডিনের পরিমাণ যাতে অতিরিক্ত হয়ে না যায়, এ জন্য এসব খাবার সীমিত পরিমাণে খেতে হবে।

নিরামিষভোজীদের জন্য বিশেষ দ্রষ্টব্য : যেহেতু খাবারে দুগ্ধজাত পণ্য ও ডিম থাকে না, তাই চিকিৎসকের তত্ত্বাবধানে শক্তিশালী উদ্ভিদভিত্তিক বিকল্প দুধ বা আয়োডিন সম্পূরক কম মাত্রায় গ্রহণের প্রয়োজন হতে পারে।

সতর্কতা : উচ্চ আয়োডিন গ্রহণে উল্টো বিপদ হতে পারে; বিশেষ করে পরিপূরক বা অতিরিক্ত শৈবাল গ্রহণে থাইরয়েড রোগের প্রকোপ উল্টো বেড়ে যাওয়ার আশঙ্কা থাকে। আয়োডিন সম্পূরক গ্রহণের আগে অবশ্যই চিকিৎসকের পরামর্শ নিন।

সেলেনিয়ামসমৃদ্ধ খাবার

টি৪-কে সক্রিয় টি৩ হরমোনে রূপান্তর করতে সহায়তা করে সেলেনিয়াম এবং থাইরয়েডের জন্য অ্যান্টি-অক্সিডেন্ট সুরক্ষা প্রদান

এরপর ২৮ পৃষ্ঠায়

হ্যান্ডস অন
ফিজিক্যাল থেরাপি
রিহাবিলেইশন

এ. ভূঁইয়া
এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway)
170-08 Hillside Ave, Jamaica, NY 11432
Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



হোমিও চিকিৎসা
জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

হোমিও ভিটামিন সেলিং সেন্টার
Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
347-596-3111, 347-485-8020

জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA
POLITICAL ASYLUM

Captor USA, Inc.
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

## চান্দের তলোয়ার কেন মনে পড়ল

১০ পৃষ্ঠার পর

থেকেই। কার প্রয়োজনে নির্বাচন বিলম্বিত হচ্ছে? বিদেশি নাগরিকেরা তাঁদের ভাষায় কেন বোঝান না যে মেটিকুলাস পার্টিকে ক্ষমতায় আনার দায়িত্ব তাদের না। আর সে দায়িত্ব পালনে অভাবনীয় অরাজকতা প্রায় সুনিশ্চিত। কারণ, ইতিমধ্যেই তারা সে পথ সুগম করেছে। যে কেন্দ্রবিন্দুকে অবলম্বন করে তারা ক্ষমতায় এসেছে, সেই কেন্দ্রবিন্দুই এসব ব্যাপারে তীক্ষ্ণ সক্রিয়। অন্তর্বর্তী সরকারের সংস্কার প্রস্তাবে একটা কঠোর বিষয় আনা উচিত ছিল, তা হলো, দেশ পরিচালিত হবে নির্বাচিত প্রতিনিধিদের দ্বারাই। এর অন্যথা হবে না কোনোভাবেই। পূর্ব দিগন্ত থেকে অস্ত্রবাজিদের হঠাৎ ক্ষমতায় আরোহণ চিরদিনের জন্য বন্ধ করাও জরুরি। এত দিন বিচারপতিদের ক্ষমতায় আনার জন্য একটা ব্যবস্থা ছিল, এখন সেটাও বন্ধ হয়ে গেছে, তা-ও বিদেশি প্রভুদের চাপে।

যাই হোক, শামসুর রাহমানের কবিতার কথা সত্যি হয়ে দাঁড়াচ্ছে প্রতিদিন-এক উদ্ভট উটের পিঠে চলেছে স্বদেশ। আমি আজ থেকে অর্ধশতাব্দী আগে 'চান্দের তলোয়ার' লিখেছিলাম, আজকে হঠাৎ কেন সে কথা মনে পড়ল? হয়তো পরিস্থিতির তেমন কোনো পরিবর্তন হয়নি। একটা স্বাধীন দেশে দুঃশাসন চলছে। এই পরিস্থিতির অবসান চেয়েছি অনেকবার। কিন্তু কোনো লাভ হয়নি। আর কত এই অন্ধকালের অনিশ্চয়তা চলবে? (সূত্র-আজকের পত্রিকা)

## আমেরিকানরা কেন ইসরায়েলিদের চেয়ে বেশি ইসরায়েলি

৬ পৃষ্ঠার পর

অবশ্য টেলিভিশনটি পরে জানিয়েছে, উপস্থাপকের বক্তব্য ও আচরণের সঙ্গে তারা একমত নয়।

মে মাসের আরেকটি ঘটনার কথা উল্লেখ করা দরকার। এমএসএনবিসিকে দেওয়া এক উত্তেজনাপূর্ণ সাক্ষাৎকারে পুলিৎজার পুরস্কারপ্রাপ্ত কবি মোসাব আবু তাহা বলেন যে ইসরায়েলি সেনারা (নারী ও পুরুষ উভয়ই) গাজায় গণহত্যা চালাচ্ছেন। এ সময় আবু তাহা নিজের পরিবারের নিহত সদস্যদের গল্প বলেন। ইসরায়েলি পাইলটরা তাঁদের হত্যা করে। সেই মানুষগুলোর মরদেহ উদ্ধার করা যায়নি। ৫০০ দিনের বেশি সময় ধরে সেই মরদেহগুলো ধ্বংস হয়ে যাওয়া বাড়ির নিচে চাপা পড়ে আছে।

আবু তাহা, ইসরায়েলি সেনাদের বর্বরতার যে সুস্পষ্ট বিবরণ দিয়েছেন, এটি আমাদের সামনে একটি পথের কথাই বলে। আমরা আশা করতেই পারি যে আমেরিকান মা-বাবারা এই সাক্ষাৎকার দেখেছেন। হয়তো এ রকম আরও সাক্ষাৎকার তাঁরা দেখে থাকবেন। নিশ্চয়ই তাঁরা এর পর থেকে বলবেন, 'না, আমরা চাই না, আমাদের সন্তানেরা চরম পন্থায় দীক্ষিত হয়ে নৃশংসতায় অংশ নিক।'

আহমেদ মুর লেখক এবং ফাউন্ডেশন ফর মিডল ইস্ট পিস-এর ফেলো

*(দ্য গার্ডিয়ান থেকে নেওয়া, ইংরেজি থেকে অনূদিত)*

## নাভা'র ১৮তম বার্ষিক অনুষ্ঠান বৃহস্পতিবার

৩ পৃষ্ঠার পর

অধিকার ও উন্নয়নে অবদান রাখা ব্যক্তিবৃন্দের সম্মাননা জানানো হবে। অংশ নেবেন নিউইয়র্ক রাজ্যের নির্বাচিত জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা ও বিভিন্ন জাতিগোষ্ঠীর কমিউনিটি নেতৃবৃন্দ।

এতে যাদের সম্মাননা জানানো হবে তারা হলেন- কুইন্স বরো প্রেসিডেন্ট ডোনোভান রিচার্ডস, গভর্নরের এশিয়ান অ্যাফেয়ার্স প্রতিনিধি সিনু নায়ার, শিক্ষা-অধিকারকর্মী লিওনি হেইমসন, কমিউনিটি সংগঠক আলি রশিদ ও দিলরাজ বাচ্চু এবং বাংলাদেশি আমেরিকান পুলিশ অ্যাসোসিয়েশন।

অনুষ্ঠানে বিশেষ পরিবেশনা হিসেবে থাকবে ভিক্টরি মিউজিক অ্যান্ড ডান্স গ্রুপের 'জুলটিসু ট্রিনিটি' পরিবেশনা। মূল বক্তব্য রাখবেন নিউইয়র্ক সিটি পাবলিক অ্যাডভোকেট জুমানি উইলিয়ামস। এ ছাড়াও বহু বিশিষ্ট অতিথি ও কমিউনিটির সক্রিয় সদস্যগণ এই আয়োজনে অংশগ্রহণ করবেন বলে নিশ্চিত করেছে আয়োজক সংস্থা।

আয়োজকরা জানিয়েছেন, সকল শ্রেণি-পেশার মানুষের অংশগ্রহণ নিশ্চিত করতেই অনুষ্ঠানটি সকলের জন্য উন্মুক্ত রাখা হয়েছে। যারা অনুষ্ঠানে অংশ নিতে আগ্রহী তারা নির্ধারিত অনলাইন লিংকের মাধ্যমে ডিনার টিকিট সংগ্রহ করতে পারবেন। এবারের আয়োজন হবে অভিবাসী সম্প্রদায়ের মধ্যে সংহতি, সহমর্মিতা ও নেতৃত্ব বিকাশের এক গুরুত্বপূর্ণ মাইলফলক, এমনটাই আশা সংশ্লিষ্টদের।

## ফারজানা রূপা ও শাকিল চার ঘন্টার জন্য কারামুক্ত হন

৩ পৃষ্ঠার পর

প্রধান প্রতিবেদক ও উপস্থাপিকা ফারজানা রূপাকে প্যারোলে মুক্তি দেওয়া হয়েছে। জানা গেছে, ফারজানা রূপার মা মারা যাওয়ায় পরিবারের পক্ষ থেকে ঢাকা জেলা ম্যাজিস্ট্রেটের কাছে প্যারোলে মুক্তির জন্য আবেদন করা হয়। আবেদনের পরিপ্রেক্ষিতে রূপা ও তার স্বামী শাকিলকে চার ঘন্টার জন্য প্যারোলে মুক্তির সিদ্ধান্ত দেওয়া হয়।

উল্লেখ্য, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন দমন করার জন্য সরকারকে উস্কানি দেওয়ায় ২১ আগস্ট সকালে তাদের হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে আটক করা হয়। এরপর রাজধানীর উত্তরার হত্যা মামলায় তাদের গ্রেপ্তার দেখায় পুলিশ।

## লস অ্যাঞ্জেলেসবাসি কারফিউর কবলে

৬২ পৃষ্ঠার পর

জরুরি কর্মকর্তাদের ক্ষেত্রে কারফিউ প্রযোজ্য হবে না বলে জানিয়েছেন লস অ্যাঞ্জেলেস পুলিশ প্রধান জিম ম্যাকডোনেল। জিম ম্যাকডোনেল বলেন, 'শনিবার থেকে বেআইনি এবং বিপজ্জনক আচরণ বৃদ্ধি পাচ্ছে। শহরজুড়ে টানা কয়েকদিন ধরে ক্রমবর্ধমান অস্থিরতার পর জীবন এবং সম্পত্তি রক্ষার জন্য কারফিউ একটি প্রয়োজনীয় ব্যবস্থা।'

লস অ্যাঞ্জেলেস পুলিশ বিভাগের প্রধান জিম ম্যাকডোনেল জানিয়েছেন, গত চার দিনে কমপক্ষে ৩৭৮ জনকে গ্রেপ্তার করা হয়েছে। অবৈধ অভিবাসীদের ধরতে যে ধরপাকড় শুরু হয়েছে তা ব্যাপক বিক্ষোভ সহিংসতায় রূপ নিয়েছে। আর এই বিক্ষোভ এখন আর ক্যালিফোর্নিয়ার মধ্যে সীমাবদ্ধ নেই। বিভিন্ন অঙ্গরাজ্য ও শহরে ছড়িয়ে পড়তে শুরু করেছে। বিবিসির এক প্রতিবেদনে বলা হয়েছে, লস অ্যাঞ্জেলেসে বিক্ষোভ চতুর্থ দিনে প্রবেশ করার সঙ্গে সঙ্গে বোস্টন, হিউস্টন, টেক্সাস ও ফিলাডেলফিয়াসহ বিভিন্ন শহরে ছড়িয়ে পড়ছে। ডোনাল্ড ট্রাম্পের অভিবাসননীতির বিরুদ্ধে বিক্ষোভ ঠেকাতে গত রোববার লস অ্যাঞ্জেলেসে ন্যাশনাল গার্ড মোতায়েন করা হয়। তবে ক্যালিফোর্নিয়ার ডেমোক্র্যাট গভর্নর গ্যাভিন নিউসম এই পদক্ষেপকে 'অবৈধ' আখ্যা দিয়ে এর নিন্দা জানিয়েছেন।

## নিউইয়র্কে সংবর্ধিত সাংবাদিক মুস্তাফিজ শফি

৬২ পৃষ্ঠার পর

আজমল হোসেন কুনু, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সভাপতি বদরুল হোসেন খান, সোসাইটির ট্রাস্টি বোর্ড সদস্য আজিজুর রহমান সুয়াব ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, বিয়ানীবাজার পৌরসভার মেয়র ফারুকুল হক, বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ'র সভাপতি আবাদুল মান্নান ও সাবেক সভাপতি মহসিন কামাল, বীর মুক্তিযোদ্ধা মোজাহিদুল ইসলাম এবং সাপ্তাহিক বাংলা পত্রিকার সম্পাদক ও টাইম টেলিভিশনের সিইও আবু তাহের সহ আরো অনেকে। মওলানা রশীদ আহমেদের কোরআন থেকে তেলাওয়াত ও দোয়া মুনাজাতের মধ্যদিয়ে শুরু হওয়া অনুষ্ঠানে মানপত্র পাঠ করেন সারোয়ার হোসেন। অনুষ্ঠানে অতিথি ছাড়াও অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ড সদস্য ফখরুল ইসলাম দেলোয়ার, বিয়ানীবাজার সমিতি ইউএসএ'র উপদেষ্টা ফখরুল ইসলাম ও সাধারণ সম্পাদক রেজাউল করীম অপু, সাবেক মহাসচিব আব্দুল কদ্দুস টিটু, সেলুল আহমেদ, হেলাল, কমিউনিটি অ্যাক্টিভিস্ট ফখর উদ্দিন, লুৎফুর রহমান, সাব্বির আহমেদ, ইকবাল আহমেদ, নুরুল তালুকদার, নুরুল আম্বিয়া, অনুষ্ঠান আয়োজক কমিটির যুগ্ম সদস্য সচিব আব্দুর নূর প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন অনুষ্ঠান আয়োজক কমিটির সদস্য সচিব আমিনুল ইসলাম। নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের কোষাধ্যক্ষ রশীদ আহমেদ তার লেখা দুটি বই উপহার দেন।

অনুষ্ঠানে বক্তারা বলেন, বাংলাদেশে সাংবাদিকতা পেশা সহ সকল পেশা আর সেক্টর আজ দুর্নীতিগ্রস্ত। সমাজে ভালো মানুষের অভাব। তারপরও দেশের কিছু কিছু মানুষ শত বাধা-বিপত্তি আর লোভ-লালসার ঊর্ধ্বে উঠে স্ব স্ব অবস্থানে নিজেদের প্রতিষ্ঠিত করে ধরে রেখেছেন। লেখক-সাংবাদিক মুস্তাফিজ শফি তাদেরই একজন। তিনি শুধু বিয়ানীবাজার বা বৃহত্তর সিলেট নয়, তিনি গোটা বাংলাদেশের কৃতি সন্তান। বক্তারা তার আরো অগ্রগতি, দীর্ঘায়ু ও উজ্জ্বল ভবিষ্যত কামনা করেন। মুস্তাফিজ শফি তাঁকে সম্মানিত করার জন্য যুক্তরাষ্ট্র প্রবাসী বিয়ানীবাজারবাসীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

## বাংলাদেশ সোসাইটির সাবেক কর্মকর্তাদের সভা ২৪ আগস্ট

৬২ পৃষ্ঠার পর

মোঃ জামান তপন।

উদ্যোক্তাদের মতে, এই মিলনমেলা শুধু স্মৃতিচারণের জন্য নয়, বরং বাংলাদেশ সোসাইটির দীর্ঘ ইতিহাস, ঐতিহ্য, সংগ্রাম ও সাফল্যের প্রতিফলন হিসেবেও কাজ করবে। অংশগ্রহণকারীরা তাদের অভিজ্ঞতা আদান-প্রদান করবেন এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি দিকনির্দেশনামূলক আলোচনা হবে বলে আশা করা হচ্ছে।

## নিউইয়র্কে কৃষ্টি থিয়েটার ফেস্টিভ্যাল শুরু ২৭ জুন

৬২ পৃষ্ঠার পর

বাংলাদেশের মঞ্চনাটকের পরিচিত মুখ, প্রয়াত নাট্যব্যক্তিত্ব ইশরাত নিশাতের স্মৃতির প্রতি উৎসর্গ করা হয়েছে এ উৎসবটি। উৎসবে যুক্তরাষ্ট্র, কানাডা এবং বাংলাদেশের বিভিন্ন নাট্যদল অংশ নেবে। পাশাপাশি 'বাংলা নাটকের চেনা-অচেনা অভিমুখ' শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হবে। নাট্যকার ও পরিচালক মিথুন আহমেদের সঞ্চালনায় এতে মূল প্রবন্ধ উপস্থাপন করবেন কবি-নাট্যকার ও অনুবাদক বদরুজ্জামান আলমগীর। আলোচক হিসেবে থাকবেন অধ্যাপক আব্দুস সালাম, অভিনেতা-পরিচালক রোকেয়া আক্তার বেবি, এবং নাট্যগবেষক ও লেখক ড. বাবুল বিশ্বাস।

আয়োজক সংগঠন 'কৃষ্টি'র প্রধান নির্বাহী এবং অভিনেতা-পরিচালক শীতেশ ধর বলেন, নাটক মঞ্চায়নের ফাঁকে পরিবেশিত হবে নাটকে ব্যবহৃত জনপ্রিয় কিছু গানও। নাটক, গান, ইতিহাস ও ঐতিহ্যের সংমিশ্রণে এ উৎসব হয়ে উঠবে নাট্যপ্রেমীদের জন্য এক অনন্য অভিজ্ঞতা। নাটক সম্পর্কিত অভিনয়-গান এবং বাংলা নাটকের ইতিহাস-ঐতিহ্য ইত্যাদি সম্পর্কে অনেক অজানা তথ্য জানতে এ উৎসবের গুরুত্ব অপরিসীম।' উৎসবে যে নাটকগুলো মঞ্চস্থ হবে, তার মধ্যে রয়েছে কানাডার 'তিন মাতালের কান্ড', ঢাকার ড্রামার 'সংকটে শয়তান', কৃষ্টির 'দ্য গেম', 'হেমলেট অ্যান্ড ওফেলিয়া', এবং 'গোধূলি বেলায়'।

উৎসব ঘিরে ইতোমধ্যেই প্রবাসী নাট্যকর্মী, সাংস্কৃতিক সংগঠক, অভিনেতা-অভিনেত্রী, নাট্যকার, পরিচালক, প্রযোজক, শিল্পী ও সাহিত্যিকদের মধ্যে ব্যাপক সাড়া পড়েছে। তাঁদের বিশ্বাস, সৃষ্টিশীল নাট্যকর্মীদের এ সমন্বিত প্রয়াস থেকে দর্শক-শ্রোতা অনেক নতুন অভিজ্ঞতা ও অনুপ্রেরণা লাভ করবেন।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm) Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# হজের পর হাজিদের করণীয়

মুহাম্মাদ মাহতাব হোসাইন মাজেদ



আল্লাহর একান্ত আনুগত বান্দা হিসাবে জীবন পরিচালনার জন্য অন্যতম সহায়ক হলো হজ। সুতরাং হজপরবর্তী জীবন হতে হবে সম্পূর্ণ তাও-হিদ-একত্ববাদনির্ভর। হজের পর এমন কোনো কাজই করা যাবে না, যেখানে আল্লাহর সঙ্গে অংশীদারত্বের ন্যূনতম সম্পর্ক রয়েছে। আল্লাহ বলেন, 'আল্লাহ ও তার রাসূলের কাছ থেকে মহান হজের দিনে মানুষের প্রতি (বিশেষ) বার্তা হলো, আল্লাহর সঙ্গে শিরককারীদের কোনো সম্পর্ক নেই এবং তার রাসূলের সঙ্গেও নেই।' (সূরা তাওবা-৩)।
হজের পর গোনাহমুক্ত জীবনযাপনই হলো হজ কবুল হওয়ার লক্ষণ। হজ পালনকারীদের উচিত আল্লাহর বিধিবিধান পালনের প্রতি যথাযথ গুরুত্বারোপ করা। পাপের কাজ থেকে দূরে থাকা। ভালো কাজের অংশগ্রহণ বাড়ানো। অন্যায় প্রতিহত করতে অবিরাম চেষ্টা চালিয়ে যাওয়া। মহান আল্লাহ হাজিদের উদ্দেশে বলেছেন, 'অতঃপর যখন তোমরা (হজের) যাবতীয় কাজ সম্পন্ন করে নেবে, তখন (মিনায়) এমনভাবে আল্লাহর (জিকির) স্মরণ করবে, যেমন (জাহেলি যুগে) তোমরা তোমাদের পিতৃপুরুষদের স্মরণ করতে অথবা তার চেয়েও বেশি গভীরভাবে (স্মরণ করবে)। এমন কিছু লোক আছে যারা বলে-হে আমাদের প্রতিপালক! আমাদের দুনিয়াতে (সাওয়াব) দান কর।' মূলত তাদের জন্য পরকালে (কল্যাণের) কোনো অংশ নেই।' (সূরা বাকারা-২০০)। পক্ষান্তরে তাদের মধ্যে এমন কিছু লোক আছে যারা বলে, 'হে আমাদের প্রতিপালক! আমাদের দুনিয়াতে কল্যাণ দান কর এবং পরকালেও কল্যাণ দান কর। আর আমাদেরকে দোজখের যন্ত্রণা থেকে রক্ষা কর।' (সূরা বাকারা-২০১)।
ইসলাম পূর্বযুগে আরবের লোকেরা হজ সম্পাদন করেই মিনায় মেলার আয়োজন করত। তাই আল্লাহতায়ালা জাহেলি যুগের সে রীতির পরিবর্তন করে মানুষকে নির্দেশ দেন, হজের পর মেলা নয় বরং আল্লাহর স্মরণই সর্বোত্তম এরপর ৩৬ পৃষ্ঠায়

## জীবনজুড়ে হজের ঘ্রাণ

হজ-পরবর্তী জীবনে হাজিদের করণীয় সম্পর্কে কথা বলেছেন দেশবরেণ্য ইসলামী চিন্তাবিদ ও কোরআন গবেষক মাওলানা **শায়খ মুহাম্মাদ জামাল উদ্দীন**। তিনি জামালী তালিমুল কোরআন ফাউন্ডেশনের চেয়ারম্যান এবং ২৪ ঘণ্টায় কোরআন শিক্ষা মেথডের আবিষ্কারক। তার সঙ্গে কথা বলেছেন **নূর আহমাদ**

হাজিরা দেশে ফেরার অপেক্ষা করছেন। হজ-পরবর্তী জীবনে হজের ঘ্রাণ ধরে রাখার বিষয়ে আপনার নসিহত কী?
হজের অন্যতম উদ্দেশ্য হলো আখিরাতের পাথেয় সঞ্চয় করা। আল্লাহ তাআলা বলেন, 'নির্দিষ্ট মাসে হজ অনুষ্ঠিত হয়। এই মাসে যার ওপর হজ ফরজ হয়, সে যেন হজে গিয়ে স্ত্রী সম্ভোগ, অনাচার ও ঝগড়া-বিবাদে লিপ্ত না হয়। তোমরা যেসব সৎ কাজ করো, আল্লাহ তা জানেন। আর পরকালের পাথেয় সংগ্রহ করো, নিশ্চয়ই তাকওয়া বা আল্লাহভীতিই শ্রেষ্ঠ পাথেয়।'(সুরা : বাকারাহ, আয়াত : ১৯৭)
হাজিরা হজের শিরকমুক্ত নির্ভেজাল তাওহিদের ঘোষণা দেন বারবার। তাই বাকি জীবন শিরক থেকে দূরে থাকা সবচেয়ে জরুরি বিষয়। ব্যক্তিজীবনে আল্লাহ ছাড়া কারো হুকুম না মানার পাশাপাশি সামাজিক ও রাষ্ট্রীয় জীবনে সব ধরনের অনাচার ও তাগুতকে অস্বীকার করার মাধ্যমে মর্দে মুমিন হওয়ার প্রশিক্ষণই হজ। যাদের হজ কবুল হয়, তাদের জীবনের মোড় ঘুরে যায়। গুনাহ ছেড়ে দেওয়ার আগ্রহ বাড়ে। আল্লাহর আনুগত্যের প্রতি মানুষ যত্নবান হয়।
হজ করার পর যার জীবনে কাঙ্ক্ষিত পরিবর্তন আসেনি, তার হজ কবুল হওয়ার বিষয়টি সন্দেহযুক্ত এরপর ৩৮ পৃষ্ঠায়



পিউ রিসার্চের গবেষণা

## বিশ্বজুড়ে দ্রুত বাড়ছে মুসলমানদের সংখ্যা



ধর্ম-চিন্তা ডেস্ক

বিশ্বজুড়ে গত ১০ বছরে মুসলমানদের সংখ্যা অন্য সব ধর্মের সম্মিলিত বৃদ্ধির চেয়েও বেশি বৃদ্ধি পেয়েছে। ফলে ইসলাম এখন বিশ্বের সবচেয়ে দ্রুত বর্ধনশীল ধর্ম। যুক্তরাষ্ট্রভিত্তিক পিউ রিসার্চ সেন্টারের নতুন এক গবেষণায় এমন তথ্য উঠে এসেছে। ২০১০ থেকে ২০২০ সাল পর্যন্ত-এই এক দশকের ওপর এ গবেষণা চালানো হয়েছে। গত সোমবার পিউ রিসার্চের 'গোবাল রিলিজিয়াস ল্যান্ডস্কেপ' শীর্ষক এ গবেষণায় বলা হয়েছে, ইসলাম ধর্মে এই প্রবৃদ্ধি মূলত প্রাকৃতিক জনসংখ্যা বৃদ্ধির ফল। গবেষণায় আরও বলা হয়েছে, বিশ্বব্যাপী মুসলিম জনসংখ্যা বৃদ্ধির পেছনে ধর্মান্তরের ভূমিকা খুবই সামান্য। গবেষণায় বলা হয়েছে, মুসলিমদের সন্তানের সংখ্যা অন্য সব বড় ধর্মের অনুসারীদের তুলনায় বেশি এবং মুসলিমরা তুলনামূলকভাবে কম বয়সি।
২০১৫ থেকে ২০২০ সালের তথ্য বিশ্লেষণ করে গবেষণায় উল্লেখ করা হয়েছে, গড়ে একজন মুসলিম নারী তার জীবনে ২.৯টি সন্তান জন্ম দেন। যেখানে একজন অমুসলিম নারীর গড় সন্তান সংখ্যা ২.২।
গবেষণায় ২০১০ থেকে ২০২০ সালের মধ্যে বিশ্বের ধর্মীয় অনুপাতে কী পরিবর্তন এসেছে, তা বিশ্লেষণ করা হয়েছে। গবেষণায় দাবি করা হয়েছে, খ্রিষ্টধর্ম এখনো বিশ্বের সবচেয়ে বড় ধর্ম। বিশ্বের মোট প্রায় ২৩০ কোটি মানুষ এ ধর্মের অনুসারী। তবে ইসলাম ও খ্রিষ্টধর্মের মধ্যে ব্যবধান দিন দিন কমছে। গবেষণার তথ্যমতে, ২০১০ সালের পর থেকে বিশ্বে খ্রিষ্টান জনসংখ্যা প্রায় ১ দশমিক ৮ শতাংশ কমেছে। বিশ্বজুড়ে মুসলিম সম্প্রদায়ের মানুষের সংখ্যা সবচেয়ে বেশি বেড়েছে মূলত মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশগুলোতেই।
ইসলাম ধর্মের সবচেয়ে বড় প্রবৃদ্ধি দেখা গেছে কাজাখস্তান, বেনিন ও লেবাননে। অন্যদিকে ওমান ও এরপর ৩৬ পৃষ্ঠায়



## কালো জাদুর প্রভাব ও পরিত্রাণের উপায়

গোলাম মাওলা হাবীব

কালো জাদু হলো এক ধরনের প্রাচীন তন্ত্রমন্ত্র বা অপতান্ত্রিক পদ্ধতি, যার মাধ্যমে অশুভ শক্তিকে আহবান করে জীবজগতের ক্ষতি সাধনের চেষ্টা করা হয়। এটি এমন একটি ঘৃণিত কাজ, যা ব্যক্তির নৈতিকতা, বিশ্বাস ও মানবিকতাকে ভেঙে দেয়। সাধারণত হিংস্র উদ্দেশ্যে, কারো ক্ষতি সাধনের লক্ষ্যে বা নিজ স্বার্থে এই জাদু প্রয়োগ করা হয়। জাদুটোনা এগুলো নতুন কিছু নয়, বরং যুগের পর যুগ, শতাব্দীর পর শতাব্দী ধরে একশ্রেণির নিকৃষ্ট লোক এর সঙ্গে জড়িত ছিল এবং আছে।
সুলাইমান (আ.)-এর যুগে জাদুবিদ্যার প্রচলন ছিল। তবে তিনি জাদুকর ছিলেন না। তাঁর মৃত্যুর পর কিছু শয়তান জাদুর বই মাটির নিচে লুকিয়ে রেখে মানুষের নিকট গুজব ছড়িয়ে দেয় যে এই বইগুলো সুলাইমান আলাইহিসসালামের শক্তির উৎস। সাধারণ মানুষ তখন বইগুলো বের করে এবং এগুলো শিখে এই নিকৃষ্ট কাজে জড়িয়ে যায়। এরপর ২৮ পৃষ্ঠায়

### নামাজের সময় সূচি Prayer Times For New York City জুন ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ১৪ | ৩:৪৫ | ৫:২৪ | ১২:৫৬ | ৪:৫৭ | ৮:২৯ | ১০:০৮ |
| ১৫ | ৩:৪৫ | ৫:২৪ | ১২:৫৭ | ৪:৫৭ | ৮:২৯ | ১০:০৯ |
| ১৬ | ৩:৪৫ | ৫:২৪ | ১২:৫৭ | ৪:৫৭ | ৮:২৯ | ১০:০৯ |
| ১৭ | ৩:৪৫ | ৫:২৪ | ১২:৫৭ | ৪:৫৭ | ৮:৩০ | ১০:১০ |
| ১৮ | ৩:৪৫ | ৫:২৫ | ১২:৫৭ | ৪:৫৮ | ৮:৩০ | ১০:১০ |
| ১৯ | ৩:৪৫ | ৫:২৫ | ১২:৫৭ | ৪:৫৮ | ৮:৩০ | ১০:১০ |
| ২০ | ৩:৪৫ | ৫:২৫ | ১২:৫৮ | ৪:৫৮ | ৮:৩১ | ১০:১০ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

**347-659-8842**

**7 DAYS OPEN**

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



## লিভারে নজর রাখুন

২২ পৃষ্ঠার পর

তালিকায় রাখতে হবে। এতে শরীরে সুষম পুষ্টির জোগান হবে এবং অন্যান্য খাবার হজমে সহায়তা করবে সবজি ও আঁশযুক্ত খাবার। লিভার থাকবে সুরক্ষিত।

পানি পান করুন : ঈদের ঘোরাফেরা ও বাড়তি কাজের চাপে শরীরে পানিশূন্যতা দেখা দিতে পারে। অতিরিক্ত প্রোটিন গ্রহণের ফলে নিজ থেকেই রক্তে বাড়ে অ্যামোনিয়ার মাত্রা, যা লিভারের জন্য ক্ষতিকর। তাই পানি পান করতে ভুলবেন না। যদি চিকিৎসকের বারণ না থাকে, গরমের এই দিনে অন্তত ৮ থেকে ১২ গ্লাস পানি পান করুন।

ধূমপান ও অ্যালকোহল বর্জন করুন

দুটি অভ্যাসই লিভারের জন্য মারাত্মক ক্ষতিকর। ঈদ উৎসবে অনেকেই উৎসাহিত হন অ্যালকোহল পানে; ধূমপানের প্রবণতাও দেখা যায়। লিভারের কোনো রোগ থাকলে সেটা বাদ দেওয়া উচিত। তবে দৈনিক কফি পান লিভার সিরোসিস ও ফ্যাটি লিভারের জন্য উপকারী।

ব্যায়াম করুন : নিয়মিত হাঁটা ও পরিশ্রম শরীরের অতিরিক্ত চর্বি কমায় এবং খাবারের অতিরিক্ত ক্যালরি হ্রাসে সাহায্য করে। তাই ঈদের দিনগুলোতেও ব্যায়াম বন্ধ করা যাবে না। খাবারের বাড়তি ক্যালরি ব্যায়ামের মাধ্যমে ঝরিয়ে ফেলতে হবে। ফ্যাটি লিভারের ঝুঁকি কমবে অনেকটাই।

যাঁদের বিশেষ সতর্কতা প্রয়োজন

* লিভার সিরোসিস ও ফ্যাটি লিভারে আক্রান্ত রোগীরা
* ডায়াবেটিস ও দেহে অতিরিক্ত ওজন আছে যাঁদের।

ঈদ আনন্দের সময়, তবে স্বাস্থ্যের বিষয়েও সচেতন হতে হবে। উৎসব উদযাপন যাতে লিভারের ওপর বাড়তি বোঝা না হয়ে দাঁড়ায়। পরিমিত ও স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস, নিয়মিত ও পর্যাপ্ত বিশ্রাম, আর প্রয়োজনীয় সচেতনতা আপনার ঈদ করে তুলবে আনন্দময় ও সুস্থতাপূর্ণ।

লেখক : সহকারী অধ্যাপক, ন্যাশনাল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল।

## রক্তচাপ নিয়ন্ত্রণ জরুরি

২২ পৃষ্ঠার পর

জীবনযাপনে আনতে হবে পরিবর্তন। দৈনন্দিন লবণ গ্রহণের পরিমাণ দেড় গ্রামের মধ্যে সীমিত রাখতে হবে। চর্বিজাতীয় খাবার গ্রহণে সচেতন হতে হবে। তবে মাছের তেল উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণের জন্য কার্যকর। শরীরের অতিরিক্ত ওজন কমিয়ে ফেলতে হবে। খাদ্যতালিকায় স্থান দিতে হবে শাক-সবজি, বাদাম, ফলমূল ইত্যাদি। নিয়মিত শরীরচর্চা করতে হবে। দুই ঘণ্টা ৩০ মিনিট জোর কদমে হাঁটার অভ্যাস করতে হবে সপ্তাহে অন্তত পাঁচ দিন। মানসিক অভিঘাত থেকে মুক্ত থাকার জন্য প্রার্থনা, মেডিটেশন, ইয়োগা, পরিবারের সঙ্গে সময় কাটানো, বাইরে ঘুরতে যাওয়া ইত্যাদি করা যেতে পারে। ঘুমাতে হবে প্রতিদিন অন্তত ছয় থেকে সাত ঘণ্টা। ধূমপান ও অ্যালকোহল সম্পূর্ণ বর্জন করতে হবে। এসব ব্যবস্থা গ্রহণের পাশাপাশি অবশ্যই চিকিৎসকের শরণাপন্ন হয়ে প্রয়োজনীয় ওষুধ গ্রহণ করতে হবে। রক্তচাপ অবশ্যই কাঙ্ক্ষিত সীমানার মধ্যে রাখতে হবে; নয়তো বিপদ।

ঈদে সতর্কতা : ঈদুল আজহায় গরু ও খাসি কোরবানির প্রচলন বেশি। ক্ষেত্রবিশেষে দুম্বা ও উট কোরবানি করেন কেউ কেউ। প্রতিটি প্রাণীই লাল মাংসের অন্তর্ভুক্ত। এতে আছে প্রচুর পরিমাণে ক্যালরি ও চর্বি। পাশাপাশি ঈদ উপলক্ষে পোলাও, বিরিয়ানিসহ তৈলাক্ত খাবারের রমরমা আয়োজনও থাকে। প্রতিটি খাবার উচ্চ রক্তচাপের রোগীদের জন্য ক্ষতিকর। অনেক রোগীর রক্তে কোলেস্টেরলের আধিক্যও থাকে, হৃদরোগ ও স্ট্রোকেরও সম্পৃক্ততা আছে। চর্বিযুক্ত খাদ্য গ্রহণের ক্ষেত্রে এই রোগীদের যথেষ্ট সতর্কতা অবলম্বন করতে হয়। ঈদে-পার্বণে বিশেষত ঈদুল আজহার সময় অনেক রোগী নিয়ম না মেনে খাদ্য গ্রহণ করেন। বাঁধাধরা নিয়মিত খাদ্যাভ্যাস মানতে চান না। ফলে রক্তচাপ বেড়ে গিয়ে স্বাস্থ্যের বড় ক্ষতি হয়ে যায়।

খেয়াল রাখুন : উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণে খাদ্য গ্রহণের পরিকল্পনা থাকা জরুরি। ঈদের সময় স্বাভাবিকভাবেই কয়েক দিনের জন্য খাদ্যাভ্যাস বদলে যায়, তাই এ সময় রুটিন ধরে রাখায় আরো বেশি সচেষ্ট থাকতে হবে। বন্ধুবান্ধব ও আত্মীয়-পরিজন পরিবেষ্টিত হয়ে অনেকেই আবেগের বশে রুটিন ভেঙে ফেলেন, যা একেবারেই অনুচিত। খাওয়ার সময় কম চর্বিযুক্ত মাংস গ্রহণ করতে হবে। একই সময় গরু, খাসির মাংসের পাশাপাশি ডিম গ্রহণ না করাই ভালো। ঈদের খাদ্যতালিকায় যেন থাকে সবজি ও পর্যাপ্ত সালাদ। রাতে ভূরিভোজন না করাই উত্তম।

লেখক : মেডিসিন স্পেশালিস্ট ও এন্ডোক্রাইনোলজিস্ট, সিএমএইচ, বরিশাল।






# থাইরয়েড স্বাস্থ্যে খাদ্যাভ্যাসের ভূমিকা



২২ পৃষ্ঠার পর

করে। সেলেনিয়াম খুব বেশি পরিমাণে প্রয়োজন না হলেও এর ভূমিকা অনস্বীকার্য।
সেরা উৎস : প্রতিদিন মাত্র একটি বা দুটি ব্রাজিল বাদাম অথবা একমুঠো সূর্যমুখী বীজ। অন্যান্য ভালো উৎস : ডাল, মাশরুম ও গোটা শস্য।
জিংক : থাইরয়েড হরমোন উৎপাদন ও রূপান্তরে সাহায্য করে জিংক। তাই সঠিক মাত্রায় জিংক গ্রহণও খুবই জরুরি।
উৎস : মসুর ডাল, শিম, মিষ্টিকুমড়ার বীজ, তিল, কাজুবাদাম, চিনাবাদাম ও গোটা শস্য।
আয়রন : শরীরে আয়রনের ঘাটতি হলে রক্তের হিমোগ্লোবিন উৎপাদন ব্যাহত হওয়ার পাশাপাশি থাইরয়েড হরমোন উৎপাদনেও নেতিবাচক প্রভাব ফেলে। অটোইমিউন থাইরয়েডিটিস ও হাইপোথাইরয়েডিজমের প্রকোপও বাড়িয়ে দিতে পারে। তাই সুষম মাত্রায় আয়রন গ্রহণ জরুরি।
আমিষ উৎস : সামুদ্রিক মাছ, লাল মাংস, লিভার ও ডিমে প্রচুর আয়রন আছে।
নিরামিষ উৎস : মসুর ডাল, টোফু, শাক-সবজি (যেমনকচুশাক/পালংশাক), শুকনো ফল এবং বাড়তি আয়রনযুক্ত বিশেষায়িত শস্য।
সঠিক মাত্রায় আয়রন শোষণ নিশ্চিত করতে ভিটামিন-সি সমৃদ্ধ খাবারের সঙ্গে আয়রনসমৃদ্ধ খাবার গ্রহণ করা উচিত। এর মধ্যে আছে সাইট্রাসজাতীয় টক ফল, যেমন-লেবু।
গলগণ্ডের ঝুঁকি কমান : কিছু খাবারের প্রভাবে গলগণ্ডের প্রকোপ ও ঝুঁকি বেড়ে যায়। এর মধ্যে আছে বাঁধাকপি, ব্রকোলি, কেইল, সয়া ও বাজরা। তবে খাদ্যতালিকা থেকে একেবারেই বাদ দেওয়ার প্রয়োজন নেই। ঝুঁকি কমাতে সবজিগুলো রান্না করে খাওয়া উচিত। এতে গলগণ্ডের ওপর প্রভাব কমবে অনেকটাই। তবে এসব খাদ্য গ্রহণ করলে সঙ্গে অবশ্যই পর্যাপ্ত পরিমাণ আয়োডিন গ্রহণ করাও জরুরি। ফারমেন্ট করা সয়া, যেমনতফুসহ সস গ্রহণেও তেমন ঝুঁকি নেই।
পরিমিত সয়া গ্রহণ করুন : সয়াতে এমন কিছু যৌগ থাকে, যা থাইরয়েডের কার্যকলাপে হস্তক্ষেপ করে। পর্যাপ্ত আয়োডিনের পাশাপাশি পরিমিত পরিমাণে সয়াজাত খাবার খেলে বেশির ভাগ ক্ষেত্রেই তা নিরাপদ। তবে যাঁদের শরীরে আয়োডিনের ঘাটতি অথবা থাইরয়েডের সমস্যা রয়েছে, তাঁদের উচ্চমাত্রায় সয়াজাত খাবার গ্রহণ একেবারেই অনুচিত। যদি খেতেই হয়, সে ক্ষেত্রে চিকিৎসকের পরামর্শ নেওয়া জরুরি।
থাইরয়েড ওষুধ গ্রহণে সতর্কতা : উচ্চ ফাইবারযুক্ত খাবার গ্রহণের পরপর থাইরয়েডের ওষুধ সেবন করা যাবে না। এতে ওষুধের কার্যকারিতা অনেকাংশে নষ্ট হবে। লেভোথাইরক্সিনজাতীয় ওষুধ যাঁরা গ্রহণ করছেন, তাঁদের অবশ্যই সকালের নাশতা বা উচ্চ ফাইবারযুক্ত খাবার গ্রহণের অন্তত আধাঘণ্টা থেকে এক ঘণ্টা আগে সেটি খালি পেটে গ্রহণ করতে হবে। ফাইবার সম্পূরক বা ক্যালসিয়ামসমৃদ্ধ খাবারের সঙ্গে ওষুধটি গ্রহণ করা থেকে বিরত থাকুন; না হলে ওষুধটির শোষণ ব্যাহত হতে পারে।
কী খাবেন : চেষ্টা করতে হবে ফলমূল ও শাক-সবজি বেশি করে খাওয়ার। এতে শরীরে প্রয়োজনীয় অ্যান্টি-অক্সিডেন্টের পাশাপাশি সঠিক মাত্রায় ভিটামিন ও খনিজও নিশ্চিত করা যাবে। চেষ্টা করতে হবে পূর্ণ শস্য গ্রহণের, এতে প্রয়োজনীয় পুষ্টির পাশাপাশি ফাইবারও পাওয়া যাবে। প্রোটিনের জন্য লাল মাংসের পরিবর্তে মুরগি, ডিম, মাছ, ডাল এবং বিভিন্ন ধরনের বীজ খাওয়া যেতে পারে। বাদাম বা জলপাইয়ের তেল হতে পারে স্বাস্থ্যকর চর্বির চমৎকার উৎস।
ভিটামিন-ডি গ্রহণ করা জরুরি : থাইরয়েডের অটো-ইমিউন রোগের সঙ্গে ভিটামিন-ডির ঘাটতি সরাসরি সম্পৃক্ত। তাই প্রতিদিন কিছু সময় রোদে কাটানো জরুরি, পাশাপাশি গ্রহণ করতে হবে ভিটামিন-ডিযুক্ত খাবার। যাঁদের শরীরে ভিটামিন-ডির অতিরিক্ত ঘাটতি আছে, তাঁদের অবশ্যই চিকিৎসকের পরামর্শে ভিটামিন-ডি সম্পূরক গ্রহণ করতে হবে।
প্রক্রিয়াজাত খাবার বাদ দিন : চিনিযুক্ত পানীয় এবং প্রক্রিয়াজাত ট্রান্সফ্যাটযুক্ত খাবার গ্রহণ যতটা সম্ভব এড়িয়ে চলুন। এ ধরনের খাবার শুধু থাইরয়েডের বিভিন্ন সমস্যা সৃষ্টি বা প্রকোপ বৃদ্ধিই করে না, পাশাপাশি শরীরের অন্যান্য অঙ্গেরও বড় ক্ষতি করে।
মনে রাখতে হবে : স্বাস্থ্যের অবস্থা, খাদ্যাভ্যাস এবং শরীরের সার্বিক পরিস্থিতির ওপর নির্ভর করে প্রতিটি ব্যক্তির পুষ্টিচাহিদা। তাই সর্বজনীন থাইরয়েড ডায়েট নয়, প্রত্যেকের জন্য আলাদা খাদ্যাভ্যাস গড়া জরুরি। থাইরয়েড সমস্যা নিরসনের প্রতিশ্রুতি দেয় এমন অভিরাম ডায়েট প্ল্যান স্বাস্থ্যের জন্য চরম ক্ষতিকর হতে পারে। মনে রাখতে হবে, ডায়েটের মাধ্যমে থাইরয়েড স্বাস্থ্য ধরে রাখার জন্য অতিরিক্ত খাবার এড়িয়ে প্রয়োজনীয় পুষ্টির পর্যাপ্ত পরিমাণ গ্রহণ নিশ্চিত করা প্রয়োজন।

লেখক : অ্যাসোসিয়েট প্রফেসর, ডিপার্টমেন্ট অব এন্ডোক্রাইনোলজি, বিএমইউ, ঢাকা।

# কালো জাদুর প্রভাব ও পরিত্রাণের উপায়

২৫ পৃষ্ঠার পর

কিছু মানুষ জিন ও শয়তানের মাধ্যমে কিছু অলৌকিক বা ভেলকি দেখাতো। তা দেখে অন্যরাও আকৃষ্ট ও অভিভূত হয়ে যেত। এই জাদুর প্রভাবে সুস্থ-সবল মানুষ হঠাৎ অসুস্থ হয়ে পড়তে পারে, চিকিৎসায় কোনো ফল না-ও আসতে পারে, মানসিক ভারসাম্য নষ্ট হয়ে যেতে পারে। এমনকি এটি একটি পরিবার বা একটি চাকরি, ব্যবসা বা সামাজিক সম্পর্ক ধ্বংস করে দিতে সক্ষম। বাড়তে পারে শত্রুতা, ঘটতে পারে অস্বাভাবিক আচরণ বা দুর্ভাগ্যজনক ঘটনা। স্বামী-স্ত্রীর মধ্যে বিচ্ছেদ ঘটানো, কাউকে অসুস্থ বা উন্মাদ করে ফেলা, ব্যবসা বা সৌভাগ্য বন্ধ করে দেওয়া, অন্যের প্রতি ঘৃণা বা ভালোবাসা জাগানো ছাড়াও আরো অস্বাভাবিক কিছু দেখা দেয় মানুষের আচরণে।

ইসলামে কালো জাদুর অবস্থান

ইসলাম ধর্মে কালো জাদু তথা কুফরির অস্ত্রস্ত্র সম্পূর্ণরূপে হারাম এবং কুফরি কাজ হিসেবে চিহ্নিত। এই পাপ কাজে লিপ্ত ব্যক্তি যদি ইচ্ছাকৃতভাবে এটি করে, তবে সে ইসলাম থেকে বহিষ্কৃত হয়। ইসলামের দৃষ্টিতে এমন ব্যক্তির জন্য অনুশোচনা ও তাওবা একান্ত প্রয়োজন নতুবা ইসলামী আইন অনুযায়ী কঠোর দণ্ডপ্রাপ্ত হওয়ার যোগ্য সে।
নবী করিম (সা.) বলেন, তোমরা সাতটি ধ্বংসকারী জিনিস থেকে বেঁচে থাকো১. আল্লাহর সঙ্গে শরিক করা, ২. জাদু করা, ৩. অন্যায়ভাবে কাউকে হত্যা করা, ৪. সুদ খাওয়া, ৫. এতিমের সম্পদ আত্মসাৎ করা, ৬. যুদ্ধক্ষেত্র থেকে পলায়ন করা, ৭. নিরপরাধ নারীর প্রতি অপবাদ দেওয়া। (সহিহ বুখারি, হাদিস : ২৭৬৬)।
আধুনিক সময়ে কালো জাদুর বিস্তার : বর্তমানে অনেক আলেমের মতে, সমাজে কালো জাদুর ব্যবহার আশঙ্কাজনকভাবে বেড়ে গেছে। এ থেকে মুক্ত থাকতে আমাদের কিছু নির্দিষ্ট আমল ও কোরআনি দোয়ার চর্চা করা প্রয়োজন, যার মাধ্যমে আল্লাহর সাহায্য প্রার্থনা করে নিজেকে রক্ষা করা সম্ভব।
জাদু থেকে রক্ষার করণীয় কিছু আমল- ১. সকাল-সন্ধ্যায় তিনবার করে সুরা ইখলাস, ফালাক ও নাস পড়া। (আবু দাউদ, হাদিস : ৫০৮২)। ২. এই দোয়া পাঠ করাঃবিসমিল্লাহিল্লাজি লা ইয়াদুরু মাআসমিহি শাইউন ফিল আরদি ওয়ালা ফিসসামা, ওয়াহুয়াস সামিউল আলীম।' (মুসতাদরাক হাকেম, হাদিস : ১৯৩৮)। ৩. ঘুমানোর আগে আয়াতুল কুরসি পড়া। (বুখারি, হাদিস : ২৩১১)। ৪. ঘুমানোর আগে সুরা ইখলাস, ফালাক ও নাস পড়ে ফুঁ দিয়ে সারা শরীরে হাত বুলানোঃতিনবার। (বুখারি, হাদিস : ৫০১৭)। ৫. সকাল-সন্ধ্যায় দোয়া পড়াঃআল্লাহুম্মা আফিনি ফি বাদানি, আল্লাহুম্মা আফিনি ফি সামই, আল্লাহুম্মা আফিনি ফি বাসারি।' (আবু দাউদ, হাদিস : ৫০৯০)। ৬. 'আউজু বিকালিমাতিল্লাহিত তাম্মাতি মিন শাররি মা খালাক' পাঠ করা। (মুসলিম, হাদিস : ২৭০৯)।
নবী করিম (সা.)-এর ওপর জাদু ও তাঁর ঝাড়ফুঁকের দোয়াটি পাঠ করা। প্রিয় নবী (সা.)-এর ওপরও একবার কালো জাদু প্রয়োগ করা হয়েছিল। তখন ফেরেশতা জিবরাইল (আ.) তাঁকে নিম্নোক্ত দোয়াটি শিখিয়েছিলেন : 'বিসমিল্লাহি আরকিকা। মিন কুল্লি শাইয়িন ইউজিকা। ওয়া মিন শাররি কুল্লি নাফসিন আও আইনিন হাসিদিন, আল্লাহু ইয়াশফিক। বিসমিল্লাহি আরকিক।' (সহিহ মুসলিম, হাদিস : ২১৮৬)। সুরা ফাতিহা 'সুরা শিফা' নামে পরিচিত। এটি আরোগ্যের জন্য উপযোগী।
জাদু, কুফরি ও শয়তানের ফাঁদ থেকে বাঁচতে হলে ঈমান ও পবিত্রতার সঙ্গে থাকতে হবে এবং আল্লাহর ওপর ভরসা রাখতে হবে।

# কেমন কাটলো তারকাদের ঈদ?

৪৬ পৃষ্ঠার পর

একেবারেই বিশেষ!
তারকাদেরও ঈদের আমেজটা শুরু হয়েছে চাঁদ রাত থেকে। এদিন রাতে হাতে মেহেদি এঁকে, ভিন্ন সাজে নিজেদের ধরা দিয়েছিলেন সিনেমা জগতের কয়েক তারকা।
জয়া আহসান : এবার ঈদটা এমনিতেও একটু অন্যরকম নন্দিত এই অভিনেত্রীর কাছে। কারণ, প্রেক্ষাগৃহে এখন ঝড় তুলছে তার অভিনীত সিনেমা 'তাণ্ডব'। আর অনেক বছর পর ঈদে তার ছবিও মুক্তি পেল। ঈদের দিন দর্শকদের সঙ্গে প্রেক্ষাগৃহে মতবিনিময় করতে যান অভিনেত্রী। সব মিলিয়ে খানিকটা ব্যস্ততায় কাটছে তার সময়।
এর আগে গত শুক্রবার চাঁদ রাতে কিছু ছবি ভাগ করে নেন ক্যাপশনে লিখেছেন, 'চাঁদরাত'। সঙ্গে জুড়ে দিয়েছেন চাঁদের ইমোজি। এ সময় জয়াকে লাগে লাবণ্যময়ী। সঙ্গে দর্শকদেরও নজর কাড়েন।
অপু বিশ্বাস : সিনে পর্দা থেকে দীর্ঘদিন দূরে থাকলেও মডেলিং নিয়েই এখন ব্যস্ত চিত্রনায়িকা অপু বিশ্বাসের। ঈদের দিন শাড়িতে নিজেকে মেলে ধরেন, ভক্তদের জানান ঈদের শুভেচ্ছা। প্রায়ই শোনা যায়, ঈদ উল আজহায় কোরবানিতে অংশ নেন অপু বিশ্বাস। সাধারণত ছাগল কোরবানি দেন তিনি। কিন্তু এবার এমন কোনো খবর মেলেনি।
তবুও ভক্তদের সঙ্গে ঈদ আনন্দ ভাগ করতে ভোলেননি নায়িকা। এক ফেসবুক পোস্টে অপু লেখেন, 'ঈদের পবিত্রতা ছড়িয়ে যাক সবার হৃদয়ে। ঈদ মোবারক।'
আজমেরি হক বাঁধন : সিনেমা জগত ছাড়াও ব্যক্তিজীবন নিয়ে লাইমলাইটে থাকা অন্যতম নন্দিত অভিনেত্রী আজমেরি হক বাঁধন। এবারের ঈদ তার কাছেও বিশেষ ও ব্যস্ততার। কারণ, ঈদে একগুচ্ছ মুক্তিপ্রাপ্ত সিনেমার মাঝে তার অভিনীত সিনেমা এশা মার্ডার রয়েছে আলোচনায়। এ নিয়ে ব্যস্ততার মাঝেও ঈদের দিন নিজেকে আলাদা করে সময় দিয়েছেন বাঁধন; সবুজ রঙ এর নান্দনিক পোশাকে নিজেকে মেলে ধরেছেন ভক্তদের মাঝে। এদিন ভক্তদের সঙ্গে ঈদ শুভেচ্ছাও বিনিময় করেন বাঁধন। বিভিন্ন প্রেক্ষাগৃহে দর্শকদের সঙ্গে সাক্ষাৎ করেন, সংবাদমাধ্যমের মুখোমুখিও হন এই অভিনেত্রী।
পূজা চেরি : এবারের ঈদটা স্পেশাল চিত্রনায়িকা পূজা চেরির কাছেও। ঈদের দিন মুক্তি পেয়েছে তার অভিনীত সিনেমা 'টগর'। চিত্রনায়ক আদর আজাদের সঙ্গে জুটি বেঁধে জমিদার চরিত্রে অভিনয় করেছেন এই নায়িকা।
এদিকে গত শুক্রবার সামাজিক মাধ্যমে নিজেকে অপরূপ সাজে, মেহেদি রাঙা হাতে নিজেকে ধরা দেন পূজা। তার হাতের নান্দনিক মেহেদির ডিজাইন নজর কাড়ে ভক্তদের। সেখানে হাতে মেহেদি দিয়ে নায়িকা লিখেছেন 'টগর' ও 'জমিদার'। পরে এদিন শাড়ি পরা ছবিতে নিজেকে মেলে ধরে ভক্তদের ঈদের শুভেচ্ছা জানান নায়িকা।
তাসনিয়া ফারিণ : ছোট পর্দার গণ্ডি পেরিয়ে এখন সিনেমার নায়িকা তাসনিয়া ফারিণ। এবার ঈদে দর্শকেরা তাকে বরণ করে নিচ্ছেন নতুনভাবে। শুরুটা খুব ভালো হয়েছে বলেও অভিমত দর্শকদের। আসলে, এই ঈদে মুক্তি পাওয়া তার অভিনীত সিনেমা 'ইনসাফ'- এ ঝড় উঠেছে প্রেক্ষাগৃহে; যেখানে শরিফুল রাজের সঙ্গে জুটি বেঁধেছেন এই অভিনেত্রী। এমন আমেজে তার ঈদ আনন্দ বিশেষ হবে না, তা কি করে হয়!
ঈদের দিন শাড়িতে সেজেছিলেন তাসনিয়া ফারিণ। সামাজিক মাধ্যমে ধরাও দেন খানিকটা। ভক্তদের ঈদ শুভেচ্ছা জানিয়ে ফারিণ লেখেন, ঈদ মোবারক সবাইকে, 'দেখা হচ্ছে প্রেক্ষাগৃহে, ইনসাফের সঙ্গে।'

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

আজকাল
বিজ্ঞাপনের মূল্য তালিকা
বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার
পাত্র/ পাত্রী চাই: এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার
লোক আবশ্যক: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
বেবি সিটার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
ড্রাইভার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।
Email: ajkalnews@gmail.com
যে কোন তথ্যের জন্য ফোন করুন >> ৬৪৬-২৬৭-৭৭৫১ | ৯১৭-৫১৯-১১৫১


মহিলাদের জন্য
মহিলা গাইডের
সুব্যবস্থা আছে
KARNAFULLY TRAVEL INC.
EXCLUSIVE UMRAH PACKAGE FOR NOVEMBER 2025
JFK-JEDDAH 19TH NOV
MADINA-JFK 29TH NOV.
TOTAL DAYS 9 DAYS (2 Jummah Makka & Madina)
PACKAGE INCLUDES
1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *
KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com




# শুভেচ্ছায় সিক্ত শাহনেওয়াজ

১ পৃষ্ঠার পর

অনুষ্ঠানে এ অসামান্য অর্জনের জন্য শাহ নেওয়াজকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানান লায়ন্স ক্লাবের সদস্য, বিশিষ্ট ব্যবসায়ী ও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ সর্ব স্তরের প্রবাসী বাংলাদেশিরা। এতে মূলধারার বিভিন্ন সংগঠনের শীর্ষ নেতৃবৃন্দও উপস্থিত ছিলেন। এ সময় শাহ নেওয়াজের সঙ্গে ছিলেন তার সহধর্মিনী ও আজকালের ব্যবস্থাপনা সম্পাদক সঙ্গীতশিল্পী রানো নেওয়াজ। লায়ন শাহ নেওয়াজ নিউ ইয়র্কের জনপ্রিয় পত্রিকা আজকালের সম্পাদক, বাংলাদেশ সোসাইটির ট্রাস্টিবোর্ডের চেয়ারম্যান, গোল্ডেন এজ হোম কেয়ার ও এনওয়াই ইন্সুরেন্সের প্রেসিডেন্ট। শাহ নেওয়াজ গ্রুপের অধীনে প্রায় এক ডজনের বেশি প্রতিষ্ঠান রয়েছে। এসব প্রতিষ্ঠানে অসংখ্য বাংলাদেশির চাকুরি হয়েছে। কমিউনিটির কল্যাণে দীর্ঘদিন কাজ করে যাচ্ছেন তিনি। একই সঙ্গে সম্পৃক্ত আছেন মূলধারার রাজনীতির সঙ্গেও। স্বপ্ন দেখেন দেশের বাইরে বাঙালি কমিউনিটির আরও শক্ত ভিত গড়ার এবং প্রবাসী আয়ের মাধ্যমে দেশের অর্থনীতিকে আরও সমৃদ্ধ করার। এই চলার পথে ছিল অনেক চ্যালেঞ্জ ও বাধা বিপত্তি। আর এই পুরো পথ অতিক্রম করেছেন কঠোর পরিশ্রম, সততা ও নিষ্ঠার সাথে। এ পথে তাকে সাপোর্ট করে গেছেন তার সহধর্মিনী রানো নেওয়াজ। সংবর্ধনা অনুষ্ঠানে বক্তারা বলেন, কমিউনিটির গণ্ডির বাইরে গিয়ে লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনালের ডিস্ট্রিক্ট পর্যায়ের শীর্ষস্থানীয় পদে আসীন হওয়া শুধু শাহ নেওয়াজের জন্যই নয় বরং তা পুরো কমিউনিটির জন্যই গৌরবের ও সম্মানের। একই সঙ্গে তা সাংস্কৃতিক, অর্থনৈতিক ও সামাজিক ও সেবামূলক কাজে বাংলাদেশি কমিউনিটির উত্তরণ, সমৃদ্ধি ও সুদৃঢ় অবস্থানের বহিঃপ্রকাশ। এ পথ ধরে ভবিষ্যতেও মূলধারায় বিভিন্ন সংগঠনের বাংলাদেশী কমিউনিটির প্রভাব বাড়বে, তারা সেসব স্থানে নেতৃস্থানীয় পদে আসীন হবে। বক্তারা কমিউনিটির প্রতি লায়ন শাহ নেওয়াজের অবদান স্বীকার করে ভবিষ্যতেও কমিউনিটির পাশে থাকার আশা ব্যক্ত করেন। সংবর্ধিত অতিথি লায়ন শাহ নওয়াজ বলেন, এই সম্মান আমার একক অর্জন নয়, এটি আপনাদের সকলের ভালোবাসা ও সহযোগিতার ফল। আমি প্রতিশ্রুতি দিচ্ছি, সমাজ ও মানবকল্যাণে আরও নিবেদিতভাবে কাজ করব। এই দীর্ঘ পথচলায় অনেক বাধা এসেছে, অনেক চ্যালেঞ্জ মোকাবিলা করতে হয়েছে। তবে আমি

এরপর ৫০ পৃষ্ঠায়





















GRAND SPONSOR:
Empire Care Agency
NURUL AZIM
Ph: 516-451-3748
GOLDEN AGE HOME CARE
PRESENTS
GOLD SPONSOR:
KR SHERA INC
MILES
Reloaded
LIVE IN NEW YORK
POWERED BY:
NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
FRIDAY, JUNE 27, 2025, 7.30-11.00 PM
VENUE: QUEENS THEATRE
14 United Nations Ave S, Queens , NY 11368
SILVER:$35 GOLD:$50 VIP:$100 VVIP: $200
SCAN FOR TICKET
CO-SPONSOR
utshob.com
MASWALA
516-927-0407
Abdur Rashid Babu
Community Activist
THE GARAGE
COMPLETE AUTO CARE
KEY/MAX REALTY
naveena
MD. ALAM NOMI
718 300 6953
Halal Indo-Chinese & Indian Cuisine
(718) 725-0001
AFTAB SUPER MARKET
144-01 HILLSIDE AVE
(718) 301-8510
save the smile
Flixza
NURUL AMIN BABU
BUSINESSMAN NEW YORK CITY.
WHERE TASTE MATTER
For More Information: 929-538-7903
ORGANIZE BY:
Galaxy media
Media Partner:
Rtv
আজকাল
ইনকিলাব
WEEKLY INQILAB
Print Partner:
ihope print.com

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরন

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনিং

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillsid
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.c


AGE
RE
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903
ঃ স্কুল আছে
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com



# অপ্রতিরোধ্য প্রার্থী মামদানি

৬৪ পৃষ্ঠার পর

প্রতিনিধি কংগ্রেসম্যান ওকাসিওর সমর্থন। জোহরান মামদানির সমর্থনে বাংলাদেশি কমিউনিটির উদ্যোগে গত ৯ জুন জ্যাকসন হাইটসের একটি রেস্টুরেন্টে মতবিনিময় সভার আয়োজন করা হয়। বাংলাদেশি কমিউনিটির অত্যন্ত পরিচিত মুখ, জ্যাকসন হাইটস বাংলাদেশি বিজনেস অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক ও মূলধারার রাজনীতিবিদ ফাহাদ সোলায়মান ও ইঞ্জিনিয়ার আব্দুল সোবহানের আয়োজনে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জোহরান মামদানি, সম্মানীত অতিথি ছিলেন গোল্ডেন এজ হোম কেয়ার ও আজকাল পত্রিকার সম্পাদক ও প্রকাশক শাহ নেওয়াজ, জ্যাকসন হাইটস বাংলাদেশি বিজনেস অ্যাসোসিয়েশনের সভাপতি গিয়াস আহমেদ। অনুষ্ঠানের প্রশ্নোত্তর পর্ব পরিচালনা করেন প্রিসিলা। আজ শুক্রবার সকল মসজিদে তার জন্য ভোট প্রার্থনার আহবান জানান আয়োজকরা।

স্বাগত বক্তব্য রাখেন ফাহাদ সোলায়মান ও ইঞ্জিনিয়ার আব্দুল সোবহান। ফাহাদ সোলায়মান বলেন, আমাদের প্রার্থী জোহরান মামদানি নতুন ইতিহাস তৈরি করতে যাচ্ছেন। আমাদের সাদা প্রার্থীর জন্য, আফ্রিকান কালো প্রার্থীর জন্য কাজ করেছি। এবার ব্রাউন প্রার্থীর জন্য কাজ করি। কারণ আমিসহ আমরা দক্ষিণ এশিয়ানরা ব্রাউন। তিনি জোহরানকে ভোট দেওয়ার আহবান জানান। অনুষ্ঠানে জোহরান মামদানি সবাইকে ধন্যবাদ জানিয়ে বলেন, আজ থেকে সাত আগে যখন আমি যখন প্রার্থিতা ঘোষণা করি, তখন আমার অবস্থান ছিল সবার নিচে। অর্থাৎ ১১ জন প্রার্থীর মধ্যে সর্বনিম্ন। সবাই আমাকে নিয়ে তখন মন্তব্য করেছিলেন কিছু দিন থাক এবং ১৫ থেকে ২০ শতাংশ সমর্থন আদায় করো। তার ঠিক কয়েক মাস পর আমার সমর্থন বাড়তে থাকে। এক সময় আমি দ্বিতীয় স্থানে চলে আসি। আমার সঙ্গে প্রথম প্রার্থীর ভোটের ব্যবধান ছিল ৮ শতাংশ। ঠিক নির্বাচনে ১৫ দিন আগে এগিয়ে থাকা এন্ড্রু কুমোর সঙ্গে আমার ভোটের ব্যবধান মাত্র ২ শতাংশ। আশা করছি আগামী দিনে আপনাদের সহযোগিতায় আমরা নতুন ইতিহাস তৈরি করবো। তিনি বলেন, ইসলাম হচ্ছে শান্তি এবং সৌন্দর্যের ধর্ম। সেই ধর্মের মানুষ আমরা। তিনি বলেন, আমি নির্বাচিত হলে বাস ফ্রি করে দেবো, বাড়িভাড়া কমাবো, বাড়িওয়ালাদের জন্য ট্যাক্স কমাবো, পানির বিল কমাবো। আমি শিশুসহ সবার জন্য স্বাস্থ্যসেবা নিশ্চিত করবো। নতুন নতুন আবাসন ব্যবস্থা গড়ে তুলবো। দুর্নীতি বন্ধ করবো। তিনি বলেন, আসুন আমরা ২৪ জুন নতুন ইতিহাস তৈরি করি।

আগাম ভোটগ্রহণ শুরু হচ্ছে আগামী ১৪ জুন এবং মূল নির্বাচন অনুষ্ঠিত হবে ২৪ জুন। এখন দেখার বিষয়, কংগ্রেসওম্যান আলেকজান্দ্রিয়া ওকাসিও-কর্টেজের এই 'স্ট্যাম্প অব অ্যাপ্রুভাল' আসলে মামদানিকে মেয়র পদে ভূষিত করতে পারে কি না।




যুক্তরাষ্ট্রের কংগ্রেসওম্যান আলেকজান্দ্রিয়া ওকাসিও-কর্টেজ (এওসি) অবশেষে নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচনে জোহরান মামদানিকে তার প্রধান পছন্দ হিসেবে সমর্থন জানিয়েছেন। গত ৫ জুন সকালে ঘোষিত এই বহুল প্রতীক্ষিত সমর্থন নির্বাচনী রাজনীতিতে এক নতুন মোড় সৃষ্টি করেছে, বিশেষ করে যখন প্রাথমিক ভোটগ্রহণ শুরু হতে বাকি মাত্র ৯ দিন। জোহরান মামদানি, একজন গণতান্ত্রিক সমাজতান্ত্রিক ও কুইন্সের রাজ্য অ্যাসেম্বলি সদস্য, বর্তমানে ভোটার জরিপে দ্বিতীয় স্থানে উঠে এসেছেন। এওসির এই সমর্থন তার প্রচারে নতুন গতি আনতে পারে বলে বিশ্লেষকরা মনে করছেন। নিজের সমর্থকদের প্রতি বার্তায় এওসি ভোটারদের উৎসাহ দিয়েছেন মামদানিকে প্রথম, তারপর ক্রমানুসারে আদ্রিয়েন অ্যাডামস (২), ব্র্যাড ল্যান্ডার (৩), জুই স্ট্রিঙ্গার (৪) এবং জেলনর মাইরি (৫) হিসেবে ভোট দেওয়ার জন্য। তিনি স্পষ্ট করে বলেছেন যে, সাবেক গভর্নর অ্যান্ড্রু কুওমোকে কোনো র‍্যাঙ্কেই রাখা উচিত নয়।

নিউইয়র্ক সিটির রাজনীতিতে এওসির সমর্থনকে অনেকেই এক 'প্রত্যাশিত কিংমেকার' হিসেবে দেখছেন। এর আগেও ২০২১ সালে তিনি যখন ব্র্যাড ল্যান্ডারকে সিটি কম্পট্রোলার হিসেবে সমর্থন করেছিলেন, তখনই ল্যান্ডার ভোটে বড় ধরনের লাফ পেয়েছিলেন এবং শেষ পর্যন্ত বিজয়ী হয়েছিলেন। একইভাবে, মেয়র পদপ্রার্থী মায়া উইলিকেও তিনি সমর্থন করেছিলেন, যা প্রচারণার শেষ দিকে উল্লেখযোগ্য মাত্রায় গতি এনে দিয়েছিল। সিটি ইউনিভার্সিটি অব নিউইয়র্কের রাজনৈতিক বিশ্লেষক জন মলেনকপফ বলেন, বেশির ভাগ ক্ষেত্রে সমর্থন ভোটারদের সিদ্ধান্তে বড় ভূমিকা রাখে না, তবে কংগ্রেসওম্যান আলেকজান্দ্রিয়া ওকাসিও-কর্টেজের মতো একজন জাতীয় রাজনৈতিক ব্যক্তিত্বের ক্ষেত্রে সেটা ভিন্ন হতে পারে বিশেষ করে



এমন একটি টাইট রেসে। এই নির্বাচনে র‍্যাংকড-চয়েস ভোটিং ব্যবহৃত হচ্ছে, যার মাধ্যমে ভোটাররা তাদের পছন্দের পাঁচজন প্রার্থীকে ১ থেকে ৫ নম্বর পর্যন্ত র‍্যাঙ্ক করতে পারবেন। নির্বাচন বিশ্লেষকরা বলছেন, এই পদ্ধতিতে ভোটের প্রতিটি ধাপেই প্রার্থীর সমর্থন বাড়ানোর সুযোগ থাকে, এবং শেষ মুহূর্তের সমর্থন অনেক বড় পরিবর্তন আনতে পারে। মায়া উইলির ক্যাম্পেইন ম্যানেজার মায়া রুপার্ট বলেন, যদি এওসির মতো প্রভাবশালী কেউ বলে 'আমি এই মানুষটিকে বিশ্বাস করি,' তাহলে সেটা অনেক ভোটারের কাছে সিদ্ধান্ত পাল্টানোর মতো গুরুত্ব পায়।

নিউইয়র্কে স্থানীয় নির্বাচনে টার্নআউট ঐতিহ্যগতভাবে কম। ২০২১ সালে মাত্র ২৩ শতাংশ ভোটার মেয়র প্রাইমারিতে ভোট দিয়েছিলেন। তবে রুপার্ট মনে করেন, এওসির সমর্থন বিশেষ করে তরুণ, সংখ্যালঘু ও প্রগতিশীল ভোটারদের অংশগ্রহণ বাড়াতে পারে। যদি আপনি ভাবেন, 'অ্যান্ড্রু কুওমো তো জিতেই যাবেন,' তাহলে আপনি হয়তো ভোট দিতেই যাবেন না। কিন্তু যদি কংগ্রেসওম্যান আলেকজান্দ্রিয়া ওকাসিও-কর্টেজ বলেন, 'এই প্রার্থী পারেন,' তখন অনেকেই ভোট দিতে আগ্রহী হবেন। কংগ্রেসওম্যান আলেকজান্দ্রিয়া ওকাসিও-কর্টেজ-এর সমর্থন মামদানির প্রচারে একটি বড় ধাক্কা দিতে পারে। যদিও চূড়ান্ত জয় নির্ভর করবে মামদানির নিজ প্রচারণা ও নীতিগত অবস্থানের ওপর, তবে এই সমর্থন তাকে এই শেষ সময়ে নির্বাচনী দৌড়ে একধাপ এগিয়ে দিতে পারে বলে রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন।




# শেখ মুজিব বাংলাদেশের স্বাধীনতা চাননি : নিতাই রায় চৌধুরী

৬৪ পৃষ্ঠার পর

চাইনিজ রেস্টুরেন্টে নিউইয়র্ক মহানগর (উত্তর) বিএনপি আয়োজিত ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন। নিউইয়র্ক মহানগর (উত্তর) বিএনপির সভাপতি লেখক আহবাব চৌধুরী খোকনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ফয়েজ চৌধুরীর সঞ্চালনায় এতে গেস্ট অব অনার ছিলেন বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা, জাতীয় সংসদের সাবেক বিরোধী দলীয় চিপ হুইপ বীর মুক্তিযোদ্ধা জয়নাল আবদিন ফারুক ও বিএনপি চেয়ারপারসনের অপর উপদেষ্টা কণ্ঠশিল্পী বেবী নাজনীন।

প্রধান বক্তা হিসেবে লন্ডন থেকে ভার্চুয়ালি বক্তব্য রাখেন বিএনপি কেন্দ্রীয় আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক আনোয়ার হোসেন খোকন। এতে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিএনপির কেন্দ্রীয় কমিটির সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সাধারণ সম্পাদক জিল্লুর রহমান জিলু, সাবেক সাধারণ সম্পাদক মোস্তফা কামাল পাশা বাবুল এবং সাবেক কোষাধ্যক্ষ জসিম ভূঁইয়া। সভায় বিএনপি নেতা জয়নাল আবদিন ফারুক বলেন, যারা বলেন নির্বাচন নির্বাচন করে বিএনপির থুথু বের হয়ে যায় তাদেরকেও আমরা চিনি। সাড়ে ১০ মাসে এপিএস ৩শ কোটি টাকার মালিক হয়। অনেক কিছু জানি বলবো না। প্রফেসর ড. ইউনূসের প্রতি বিএনপির সমর্থন ছিল এবং সমর্থন এখনো প্রত্যাহার করা হয়নি। বিভিন্ন বিতর্কিত বিষয় হচ্ছে বলেই নির্বাচন বিলম্বিত করা ঠিক হবে না।

প্রফেসর ড. মুহাম্মদ ইউনূসকে একজন নন্দিত ব্যক্তি উল্লেখ করে তিনি বলেন, আপনি যেনো নিন্দিত না হোন সেই ব্যবস্থা করে ডিসেম্বরেই নির্বাচন দিন।

সাবেক বিরোধী দলের চিফ হুইপ ফারুক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানকে পৃথিবীর ইতিহাসে একজন 'ঘৃণিত' ব্যক্তি উল্লেখ করে বলেন, তিনি নিজ হাতে গণতন্ত্রকে গলা টিপে হত্যা করেছেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন সিনিয়র সহ সভাপতি কাজী আমিনুল ইসলাম স্বপন, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আনোয়ার জাহিদ, শ্রমিকদল কেন্দ্রীয় কমিটির সদস্য মুক্তিযোদ্ধা নুরুজ্জামান, বিএনপি নেতা জাকির তালুকদার, এজিএম জাহাঙ্গীর হোসাইন, আব্দুর রহিম, শরিফুল খালিশদার, মানিক আহমেদ, সোহেল আহমেদ, সেবুল খান মাহবুব, বিলাল চৌধুরী, সুলতান আহমেদ, মোহাম্মদ আলী রাজা, এডভোকেট আতিকুর রহমান সাবু, শেখ আক্তার হোসেন সাবু, সুলতান মাহমুদ সিদ্দিকি, আশরাফ চৌধুরী জামি, জিল্লুর রহমান খান, সাজ্জাদ আহমেদ, মাহবুব চৌধুরী ব্রুকলিন ( পূর্ব) আহবায়ক লিয়াকত আলী, ব্রুকলিন (পশ্চিম) আহবায়ক আনোয়ারুল আলম ভূঁইয়া, ব্রুকলিন (পশ্চিম) সদস্য সচিব দুলাল রহমান, ম্যানহাটন বুরো সদস্য সচিব জিয়াউল আহমেদ জামিল ও মাহবুব চৌধুরী ।



## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

### আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



**সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা**




**ইন্ডিয়া মাল্টিপল / মেডিকেল ভিসা**



**১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা**




**USA 5 YEARS MULTIPLE TOURIST VISA**

### দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন








# SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

BANGLA TRAVELS JACKSON HEIGHTS, NEW YORK

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

**NEW YORK OFFICE**

7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

**DHAKA OFFICE**

NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

# হজের পর হাজিদের করণীয়

২৫ পৃষ্ঠার পর

আর তা মৃত্যু পর্যন্ত অব্যাহত রাখা আবশ্যক। বিশ্বের বিভিন্ন দেশ থেকে হজের উদ্দেশ্যে যাওয়া লোকদের নিজ নিজ দেশে ফিরে কি করতে হবে তা বর্ণনা করেছেন প্রিয়নবি (সা.)। রাসুলুল্লাহ (সা.) যখন কোনো সফর থেকে ফিরে আসতেন, তখন মসজিদে (নফল) নামাজ আদায় করতেন' (সহিহ বুখারি)। আল্লাহর সন্তুষ্টি অর্জনে আর্থিক ও শারীরিক ইবাদত হজের দীর্ঘ সফর শেষে যখন কোনো মানুষ নিজ বাড়িতে ফিরবে তার উচিত নিজ মহল্লার মসজিদে গিয়ে দু-রাকাত নামাজ আদায় করা অতঃপর ঘরে ফেরা। এ নামাজ আদায় করা প্রিয় নবির অনুসরণীয় সুন্নাত আমল।' মসজিদ থেকে দু-রাকাত নামাজ আদায় করে নিজ ঘরে প্রবেশের পরও শুকরিয়া আদায় করে দু-রাকাত নামাজ আদায় করা মোস্তাহাব। হাদিসে এসেছে-রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'যখন তুমি ঘর থেকে বের হবে, তখন দু-রাকাত নামাজ পড়বে। এ নামাজ তোমাকে ঘরের বাইরের বিপদাপদ থেকে হেফাজত করবে। আর যখন ঘরে ফিরবে, তখনো দু-রাকাত নামাজ আদায় করবে। এ নামাজ তোমাকে ঘরের অভ্যন্তরীণ বালা-মুসিবত থেকে হেফাজত করবে।' (মুসনাদে বাজ্জার)।

নিরাপদে হজ পালন করে দেশে ফিরে আসার পর শুকরিয়া স্বরূপ গরিব-মিসকিন ও আত্মীয়স্বজনকে খাবারের দাওয়াত দেওয়াও বৈধ। হাদিসে এসেছে-হজরত জাবের বিন আবদুল্লাহ (রা.) বর্ণনা করেন, 'রাসুলুল্লাহ (সা.) যখন মদিনায় এসেছেন, তখন একটি গরু জবাইয়ের নির্দেশ দেন। জবাইয়ের পর সাহাবায়ে কেরাম তা থেকে আহার করেছেন' (সহিহ বুখারি)।

যাদের হজ কবুল হয়, তাদের জীবনের মোড় ও কর্মের অভিযাত্রা ঘুরে যায়। ভবিষ্যতে গুনাহ থেকে বিরত থাকার আগ্রহ বাড়ে। আল্লাহর আনুগত্যের প্রতি মানুষ যত্নবান হয়। হজ করার পর যার জীবনে কাঙ্ক্ষিত পরিবর্তন আসেনি, তার হজ কবুল হওয়ার বিষয়টি সন্দেহমুক্ত নয়। (আপকে মাসায়েল ৪/২৫)।

যারা হজ করে আসছেন, তাদের অভ্যর্থনা ও শুভেচ্ছা জানানো, তাদের সঙ্গে সাক্ষাৎ, মুসাফাহ ও কোলাকুলি করা এবং তাদের দিয়ে দোয়া করানো মুস্তাহাব। কিন্তু ফুলের মালা দেওয়া, তাদের সম্মানার্থে তোরণ ইত্যাদি দেওয়া সীমালঙ্ঘনের অন্তর্ভুক্ত। এসব কাজ থেকে বিরত থাকা উচিত। (আপকে মাসায়েল ১/১৬২)।

ইসলাম উদযাপন-কেন্দ্রিক ও অনুষ্ঠানসর্বস্ব ধর্ম নয়। নামাজ, রোজা, হজ, জাকাত ও কোরবানিসহ ইসলামের প্রতিটি ইবাদতের বাহ্যিক নিয়ম-বিধান ও আচরণ-শৈলী রয়েছে। পাশাপাশি প্রতিটি ইবাদত ও আমলের অন্তর্নিহিত দর্শনও রয়েছে। তাদের এই আমলগুলোয় কিংবা শ্রমেই শেষ হয়ে যায় না। পবিত্র কোরআনে স্পষ্ট করে বলা হয়েছে যে, হজের অন্যতম উদ্দেশ্য হলো আখিরাতের পাথেয় সঞ্চয় করা।

আল্লাহ তাআলা বলেন, 'নির্দিষ্ট মাসে (শাওয়াল, জিলকদ ও জিলহজে) হজ অনুষ্ঠিত হয়। অতএব, এই মাসগুলোতে যার ওপর হজ ফরজ হয়, সে যেন (হজে গিয়ে) স্ত্রী সম্ভোগ, অনাচার ও ঝগড়া-বিবাদে লিপ্ত না হয়। তোমরা যেসব সৎ কাজ করো, আল্লাহ তা জানেন। আর (পরকালের) পাথেয় সংগ্রহ করো, নিশ্চয়ই তাকওয়া বা আল্লাহভীতি-ই হলো শ্রেষ্ঠ পাথেয়।' (সুরা বাকারা, আয়াত: ১৯৭)। হাজিরা হজের মাধ্যমে তাওহিদ তথা আল্লাহর নিরঙ্কুশ একত্ববাদের স্বীকৃতি দেয়। এবং এরই আলোকে জীবন প্রতিষ্ঠা করতে সচেষ্ট হয়। কাজেই হজ থেকে তাওহিদের দীক্ষা নিয়ে ফেরাটা গুরুত্বপূর্ণ। মহান আল্লাহ বলেন, 'আল্লাহ ও তার রাসুলের পক্ষ থেকে মহান হজের দিনে মানুষের প্রতি (বিশেষ) বার্তা হলো, আল্লাহর সঙ্গে অংশীবাদীদের কোনো সম্পর্ক নেই এবং তার রাসুলের সঙ্গেও নেই।' (সুরা তাওবা, আয়াত: ৩)।

হজ কবুল হওয়ার নিদর্শন : যাদের হজ কবুল হয়, তাদের জীবনের মোড় ও কর্মের অভিযাত্রা ঘুরে যায়। ভবিষ্যতে গুনাহ থেকে বিরত থাকার আগ্রহ বাড়ে। আল্লাহর আনুগত্যের প্রতি মানুষ যত্নবান হয়। হজ করার পর যার জীবনে কাঙ্ক্ষিত পরিবর্তন আসেনি, তার হজ কবুল হওয়ার বিষয়টি সন্দেহমুক্ত নয়। (আপকে মাসায়েল, খণ্ড: ৪, পৃষ্ঠা: ২৫)। মুসলিম মনীষীদের একটি বহুল আলোচিত বাণী এক্ষেত্রে প্রণিধানযোগ্য। তারা বলেছেন, 'নেক কাজের প্রতিদান হলো, এর পরেও নেক কাজের ধারাবাহিকতা বজায় রাখা। আর পাপ কাজের প্রতিদান হলো, এর পরেও পাপ কাজ অব্যাহত করে যাওয়া।'

অনেকেরই হজ সন্দেহযুক্ত : বাংলাদেশ থেকে প্রতিবছর লক্ষাধিক ধর্মপ্রাণ মুসলমান হজে যান। এবছর সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় হজ করেছেন মোট ১ লাখ ২৬ হাজার ৯২৩ জন। হজ ব্যবস্থাপনা সদস্যসহ সর্বমোট হজযাত্রী ছিলেন ১ লাখ ২৭ হাজার ১৫২ জন। কিন্তু কয়জনই বা নিষ্পাপ হয়ে ফিরতে পারেন? দেশে গুণী মানুষের সংখ্যা বাড়ছে; তবে সমাজের অনাচার কি কমছে? দেশ ও সমাজ তাদের মাধ্যমে কতটুকু উপকৃত হচ্ছে। তারাও কি যথাযথভাবে পরিশুদ্ধ হতে পারছেন? অনেকজনের হজ-ওমরাহ হানিমুন, শপিং, পর্যটন ও প্রমোদভ্রমণ উপলক্ষে দেশ-দেশান্তরে ছুটে চলার চেয়ে ভিন্ন নয়। মক্কা-মদিনার জিয়ারত ও পবিত্র সফরগুলোর শুভ্রতা ও সুন্দর অনুভূতি জাগ্রত করতে পেরেছে? যদি না হয়, তাহলে তারা কাঙ্ক্ষিত লক্ষ্য থেকে বিচ্যুত হয়েছেন। তাদের হজ কবুল হওয়ার বিষয়টি আল্লাহ ভালো জানেন।

হজ থেকে ফেরার পর আমল : হজ থেকে ফিরে এসে নিকটস্থ মসজিদে দুই রাকাত নামাজ আদায় করা সুন্নাত। হজরত কাব বিন মালেক (রা.) থেকে বর্ণিত, 'রাসুলুল্লাহ (সা.) যখন কোনো সফর থেকে ফিরে আসতেন, তখন মসজিদে (নফল) নামাজ আদায় করতেন।' (বুখারি শরিফ) হজ থেকে ফিরে শুকরিয়াস্বরূপ গরিব-মিসকিন ও আত্মীয়স্বজনকে খাবারের দাওয়াত দেওয়া বৈধ। ইসলামী ফিকহের পরিভাষায় সে খাবারকে 'নকিয়াহ' বলা হয়। জাবের বিন আবদুল্লাহ (রা.) থেকে বর্ণিত হাদিসে এসেছে, 'রাসুল (সা.) যখন মদিনায় এসেছেন, তখন একটি গরু জবাইয়ের নির্দেশ দেন। জবাইয়ের পর সাহাবিরা তা থেকে আহার করেছেন।' (বুখারি) তবে অহংকার, লোকদেখানো ও বিশেষ উদ্দেশ্য সামনে রেখে এমন দাওয়াতের ব্যবস্থা করা ইসলাম অনুমোদন করে না। (ফতোয়ায়ে মাহমুদিয়া, খণ্ড: ৭, পৃষ্ঠা: ১৮৫)।

ঘরে ফিরে দুই রাকাত নামাজ : হজ থেকে দেশে ফেরার পর ঘরে পৌঁছে দুই রাকাত নামাজ আদায় করা মুস্তাহাব। হাদিস শরিফে এসেছে, 'যখন তুমি ঘর থেকে বের হবে, তখন দুই রাকাত নামাজ পড়বে। সেই নামাজ তোমাকে ঘরের বাইরের বিপদাপদ থেকে হেফাজত করবে। আর যখন ঘরে ফিরবে, তখনো দুই রাকাত নামাজ আদায় করবে। সেই নামাজ তোমাকে ঘরের অভ্যন্তরীণ বালা-মুসিবত থেকে হেফাজত করবে।' (মুসনাদে বাজ্জার)।

হজযাত্রীদের অভ্যর্থনা ও শুভেচ্ছা : যারা হজ করে আসছেন, তাদের অভ্যর্থনা ও শুভেচ্ছা জানানো, তাদের সঙ্গে সাক্ষাৎ, মুসাফাহ ও কোলাকুলি করা এবং তাদের দিয়ে দোয়া করানো মুস্তাহাব। কিন্তু ফুলের মালা দেওয়া, তাদের সম্মানার্থে তোরণ ইত্যাদি দেওয়া সীমা লঙ্ঘনের অন্তর্ভুক্ত। এসব কাজ থেকে বিরত থাকা উচিত। (আপকে মাসায়েল আওর উনকি হল, খণ্ড: ১, পৃষ্ঠা: ১৬২)।

জমজমের পানি পান করানো : হজে গেলে হজযাত্রীরা জমজমের পানি সংগ্রহ করেন। বাড়িতে আসার সময় নিয়ে আসেন। এটা একটা স্বাভাবিক প্রক্রিয়া। জমজমের পানি নিয়ে এসে লোকদের পান করানো মুস্তাহাব। অসুস্থ রোগীদের গায়ে ব্যবহার করাও বৈধ। (মুআল্লিমুল হুজ্জাজ, পৃষ্ঠা: ৩০৩)। আয়েশা (রা.) জমজমের পানি সঙ্গে করে নিয়ে যেতেন এবং বলতেন, 'রাসুল (সা.) জমজমের পানি সঙ্গে নিয়ে যেতেন।' (তিরমিজি, হাদিস: ৯১৫)।

হজযাত্রীদের হাদিয়া-উপহার : আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব, পাড়া-পড়শী ও যে কাউকে হাদিয়া-তোহফা দেওয়া সুন্নাত। কিন্তু মনের আগ্রহ ছাড়া দেওয়া অনুচিত। কারণ শুধু প্রথা পালনের জন্য কোনো কাজ করা শরিয়তসম্মত নয়। হাজিদের উপহার দেওয়া ও তাদের থেকে হাদিয়া নেওয়া এক ধরনের প্রথা হয়ে দাঁড়িয়েছে। বর্তমানে এটা নামের জন্য বা চক্ষু-লজ্জার কারণে দেওয়া হয়। তাই এসব কাজ বর্জন করা উচিত। (আপকে মাসায়েল, খণ্ড: ৪, পৃষ্ঠা: ১৬১)।

'হাজি সাহেব' বা 'আলহাজ' : বস্তুত মানুষ ইবাদত-বন্দেগি করে একমাত্র আল্লাহ তায়ালার সন্তুষ্টির জন্য। কেউ নিয়মিত ঠিকভাবে নামাজ পড়লে তাকে কেউ 'নামাজি সাহেব' বলে না অথবা এ ধরনের কোনো উপাধি ব্যবহার করা হয় না। তেমনি হজ করলেই 'হাজি সাহেব' বলা নিয়ম নয়। 'হাজি সাহেব' বা 'আলহাজ' হওয়ার জন্য হজ পালন করা অবৈধ। তবে মানুষজন যদি সম্মানার্থে 'হাজি সাহেব' বলে ডাকেন, তাহলে কোনো অসুবিধা নেই। কিন্তু স্বপ্রণোদিত হয়ে নিজের নামের সঙ্গে 'হাজি' বা 'আলহাজ' ব্যবহার করা অসঙ্গত। পাশাপাশি কেউ এ বিশেষণটি উল্লেখ না করলে, মনক্ষুণ্ন হওয়াও গর্হিত। (মুকাম্মাল মুদাল্লাল মাসায়েলে হজ ও ওমরাহ : ৩২১)।

# বিমান বিধ্বস্তের ঘটনায় মন কাঁদছে কোহলি-রোহিতদের

৫২ পৃষ্ঠার পর

আফগান অলরাউন্ডার রশিদ খান ইনস্টাগ্রাম স্টোরিতে লেখেন, 'আহমেদাবাদে আজ মর্মান্তিক বিমান দুর্ঘটনার খবর শুনে সত্যিই মর্মাহত। দুর্ঘটনার কবলে পড়া ব্যক্তি ও তাদের পরিবারের জন্য আমার সমবেদনা। আপনারা যেন এই শোক কাটিয়ে ওঠেন এই কামনা।' সাবেক ভারত অলরাউন্ডার যুবরাজ সিং লিখেছেন, 'আহমেদাবাদে এয়ার ইন্ডিয়া বিমান দুর্ঘটনার হৃদয়বিদারক খবর। যাত্রী, ক্রু এবং ক্ষতিগ্রস্ত পরিবারের প্রতি আমার সমবেদনা এবং প্রার্থনা। এই কঠিন সময়ে তারা যেন শক্তি পান।' ভারতীয় কুস্তিগীর ভিনেশ ফোগাট জানান, 'এয়ার ইন্ডিয়ার বিমান দুর্ঘটনার খবর শুনে আমার মনটা ভারাক্রান্ত। বিমানে থাকা যাত্রী ও তাদের পরিবারের জন্য প্রার্থনা করছি। এ ধরনের মুহূর্তে আমাদের কাছে যা থাকে, তা হলো বিশ্বাস।' দেশটির বৈশ্বিক শিরোপাজয়ী ব্যাডমিন্টন তারকা পিভি সিন্ধু লিখেছেন, 'আহমেদাবাদ থেকে লন্ডনগামী এয়ার ইন্ডিয়ার ফ্লাইট এআই১৭১ মর্মান্তিক দুর্ঘটনার শিকার হয়েছে। এতে আমি গভীরভাবে শোকাহত। ২৪২ জন নিহত ব্যক্তির পরিবারের জন্য প্রার্থনা। প্রত্যেক শোকাহত হৃদয়কে ভালোবাসা ঘিরে রাখুক।'

অলিম্পিকের বর্শা নিক্ষেপকারী অ্যাথলেট নীরজ চোপড়া জানান, 'আহমেদাবাদের ঘটনায় সামনে আসা দৃশ্য দেখে হৃদয় ভেঙে যাচ্ছে। এই ঘটনায় সংশ্লিষ্ট সবার জন্য আমার সমবেদনা। ভুক্তভোগী প্রত্যেকের পরিবারকে সৃষ্টিকর্তা শক্তি দিন।' প্রসঙ্গত, বিমান বিধ্বস্তের কিছুক্ষণ পর ওই ফ্লাইটে থাকা যাত্রীদের তালিকা প্রকাশ করেছে এয়ার ইন্ডিয়া কর্তৃপক্ষ। এতে বলা হয়েছে, এয়ার ইন্ডিয়ার বিধ্বস্ত এআই১৭১ ফ্লাইটে ১৬৯ ভারতীয় নাগরিক, ৫৩ ব্রিটিশ নাগরিক, কানাডীয় এক নাগরিক ও পর্তুগালের সাতজন নাগরিক ছিলেন।

# বিশ্বজুড়ে দ্রুত বাড়ছে মুসলমানদের সংখ্যা

২৫ পৃষ্ঠার পর

তানজানিয়ায় মুসলিমদের অনুপাত কমে গেছে। যুক্তরাষ্ট্রে ধর্মীয়ভাবে কোনো ধর্মের সঙ্গে সম্পর্ক নেই-এমন মানুষের সংখ্যা ২০১০ সালের তুলনায় ৯৭ শতাংশ বেড়েছে। বিশ্বে সবচেয়ে বেশি ধর্মহীন মানুষ বাস করেন চীনে। সেখানে প্রায় ১৩০ কোটি মানুষ কোনো ধর্মের সঙ্গে যুক্ত নন।

পিউ রিসার্চের বিশ্লেষণে দেখা গেছে, এখনো ৬০ শতাংশ দেশ ও অঞ্চলে খ্রিষ্টধর্মের অনুসারীরাই সংখ্যাগরিষ্ঠ। তবে খ্রিষ্টধর্মের অনুসারীর সংখ্যা ৪০টি দেশে অন্তত ৫ শতাংশ করে কমেছে এবং মাত্র একটি দেশে উল্লেখযোগ্য হারে বেড়েছে। পিউ গবেষণা সংস্থা এ কমার একটি কারণ হিসেবে দেখিয়েছে, অনেক মানুষ খ্রিষ্টধর্ম ত্যাগ করছেন। তারা যেই ধর্মে বড় হয়েছেন, পরবর্তী সময়ে সেই ধর্ম পরিবর্তন করে অন্য ধর্ম গ্রহণ করেছেন। এমন প্রাপ্তবয়স্কদের সংখ্যা গণনা করেই পিউ এ বিশ্লেষণ করেছে। গবেষণায় দেখা গেছে, ২০১০ থেকে ২০২০ সালের মধ্যে প্রতি একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তি যখন খ্রিষ্টধর্ম গ্রহণ করেছেন, সেখানে তিনজন খ্রিষ্টধর্ম ত্যাগ করেছেন। অন্যদিকে কোনো ধর্মের সঙ্গে সম্পর্ক নেই এমন মানুষের ক্ষেত্রে উল্টো চিত্র দেখা গেছে। প্রতি একজন প্রাপ্তবয়স্ক মানুষ যেখানে ধর্মহীনতা ছেড়ে গেছেন, সেখানে তিনজন ব্যক্তি নতুন করে ধর্মহীন হয়েছেন।



গবেষণায় দেখা যায়, বৌদ্ধ ও হিন্দু ধর্মেও ধর্ম গ্রহণের চেয়ে ধর্ম ত্যাগের হার বেশি ছিল। ইসলামই একমাত্র ধর্ম, যেখানে যারা ধর্মান্তরিত হয়ে ইসলাম গ্রহণ করেছেন, তাদের সংখ্যা ধর্মত্যাগী ব্যক্তিদের চেয়ে বেশি।

ইসলাম এখন বিশ্বের দ্বিতীয় বৃহত্তম ধর্ম। প্রায় ২০০ কোটি মানুষ এ ধর্মের অনুসারী, যা পৃথিবীর মোট জনসংখ্যার প্রায় এক-চতুর্থাংশ। ২০১০ সাল থেকে ইসলাম ধর্মে প্রায় ৩৫ কোটি নতুন মানুষ বৃদ্ধি পেয়েছে। এই সংখ্যা খ্রিষ্টধর্মের চেয়ে প্রায় তিন গুণ বেশি এবং অন্যান্য সব ধর্মের সম্মিলিত বৃদ্ধির চেয়েও বেশি। বিশ্বে কোনো ধর্মের বিশ্বাসী নন (ধর্মহীন), এমন মানুষের সংখ্যা প্রায় ২৩০ কোটিতে পৌঁছেছে, যা ২০১০ সাল থেকে ২৭ কোটি বেড়েছে। মুসলিম সম্প্রদায়ের মানুষের সঙ্গে সঙ্গে বিশ্বে ধর্মহীন মানুষের সংখ্যাও অন্যান্য ধর্মের তুলনায় বেশি হারে বেড়েছে। বিশ্বের তৃতীয় বৃহত্তম হচ্ছে হিন্দু ধর্ম। এই ধর্মের অনুসারী ১২০ কোটি মানুষ। ২০১০ সাল থেকে এক দশকে এই ধর্মের অনুসারীর সংখ্যা ১২ কোটি ৬০ লাখ বেড়েছে। তবে এই ধর্মের অনুপাত বিশ্ব জনসংখ্যায় অপরিবর্তিত আছে। শিখ, বাহাইসহ অন্যান্য ধর্মে মানুষের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে প্রায় ২০ কোটি, যা বিশ্বের মোট জনসংখ্যার প্রায় ২ দশমিক ২ শতাংশ। গত এক দশকে ইহুদি ধর্মের অনুসারী প্রায় ১০ লাখ বেড়েছে। এ ধর্মের অনুসারী বিশ্বের মোট জনসংখ্যার ০ দশমিক ২ শতাংশেই রয়েছে। বৌদ্ধধর্ম একমাত্র প্রধান ধর্ম, যার অনুসারীর সংখ্যা ২০১০ সালের তুলনায় ২০২০ সালে কমে গেছে। এ সময়ের মধ্যে অনুসারী কমেছে ১ কোটি ৮৬ লাখ। এ ধর্মের অনুসারীর হার ৫ শতাংশ থেকে কমে ৪ শতাংশ হয়েছে।

# রেকর্ড গড়েছে "তাণ্ডব"

৪৬ পৃষ্ঠার পর

দর্শকেরাও সিনেমার টিকিট না পেয়ে ফিরে যাচ্ছে। দেশের ১৩২টি প্রেক্ষাগৃহে সিঙ্গেল স্ক্রিনে সর্বোচ্চ রেন্টাল নিয়ে 'তাণ্ডব' মুক্তি পেয়েছে। ফলে সেখান থেকেও একটি বড় পরিমাণের অর্থ আয় করেছে তাণ্ডব টিম।

নির্মাতা রাফী বলেন, এত রেন্টাল দিয়ে এর আগে বাংলাদেশে কোনো সিনেমা মুক্তি পায়নি। আমি আশাবাদী, আরও একটি ইতিহাস গড়ে দেশের সর্বোচ্চ আয়ের সিনেমা হতে যাচ্ছে 'তাণ্ডব'। কারণ, দর্শক হলে গেলে এক মিনিটের জন্যও পর্দা থেকে চোখ ফেরাতে পারবে না। আর দর্শক সিনেমাটি বারবার দেখবে। 'তাণ্ডব' এর প্রযোজক শাহরিয়ার শাকিল বলেন, 'আমার বিশ্বাস, দর্শকের যে আগ্রহ দেখা যাচ্ছে, তাতে তাণ্ডব সিনেপ্লেক্স ইতিহাসের অন্যতম সর্বোচ্চ সংখ্যক শো-এর ছবি হয়ে উঠবে। ১৩৯টি হলের মধ্যে ১৩৩টি হলে ছবিটি মুক্তি পেয়েছে। প্রত্যেক জায়গা থেকেই অকল্পনীয় সাড়া পাচ্ছি।

উল্লেখ্য, 'তাণ্ডব' রায়হান রাফীর সপ্তম সিনেমা। শাকিব খানের সঙ্গে এটি তার দ্বিতীয় কাজ। এর আগে এই জুটিকে 'তুফান' সিনেমায় দেখা যায়, যেটি দর্শকমহলে ব্যাপক প্রশংসিত হয়েছিল। 'তাণ্ডব' সিনেমায় শাকিব খান ছাড়াও আরও অভিনয় করেছেন জয়া আহসান, সিয়াম আহমেদ, আফরান নিশো, আফজাল হোসেন, সাবিলা নূর, রোজী সিদ্দিকী, ডা. এজাজ, এফএস নাঈম, ফজলুর রহমান বাবু, কাজী রাকায়েতসহ আরও অনেকে।

**সুড়ঙ্গ-তুফান ছাড়িয়ে যাবে তাণ্ডব?**

এবারের ঈদুল আজহায় মুক্তি পাচ্ছে মেগাস্টার শাকিব খান অভিনীত বহুল প্রতীক্ষিত সিনেমা 'তাণ্ডব'। রায়হান রাফী পরিচালিত এই সিনেমায় শাকিবের সঙ্গে জুটি বেঁধেছেন জনপ্রিয় অভিনেত্রী সাবিলা নূর, যার মাধ্যমে বড় পর্দায় প্রথমবারের মতো তাদের রসায়ন দেখা যাবে। ইতোমধ্যেই সিনেমার ট্রেলার ও আইটেম গান দর্শকমহলে ব্যাপক সাড়া ফেলেছে।

সিনেমার মুক্তিকে ঘিরে গত ৫ জুন বৃহস্পতিবার সন্ধ্যায় এক জমকালো সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সেখানে উপস্থিত ছিলেন শাকিব খান, জয়া আহসান, সাবিলা নূর, নির্মাতা রায়হান রাফী, প্রযোজক শাহরিয়ার শাকিলসহ সিনেমার অন্যান্য শিল্পী ও কলাকুশলীরা। অনুষ্ঠানে সিনেমা নিয়ে নিজেদের অভিজ্ঞতা ও অনুভূতি ভাগ করে নেন সবাই।

শাকিবের সঙ্গে 'তাণ্ডব'-এ স্ক্রিন শেয়ার নিয়ে উচ্ছ্বাস প্রকাশ করে জয়া আহসান বলেন, 'আমাদের প্রোজেক্টের জন্যেও শাকিব লক্ষী। ও যখন কাজ করে, একজন আর্টিস্টের সঙ্গে যে কাজ করার আনন্দ, একজন তৈরি আর্টিস্ট যে কি না অনেক ভালো বোঝে, টেকনিক্যালি অভিনয়ের জায়গাটা। আপনারা নিশ্চয়ই আবার শাকিবকে নতুন করে ডিসকভার করবেন; আমার আর বলার কিছু নেই। ওর সঙ্গে আমার স্ক্রিনশেয়ারের বিষয়টি আনন্দ সহকারেই বললাম। ধন্যবাদ শাকিব, এটা খুব সুন্দর একটি জার্নি।' অন্যদিকে, সিনেমার নায়িকা সাবিলা নূর বলেন, 'আমাকে খুব একটা বেশি মানসিক চাপ নিতে হয়নি। কারণ আমি এত সুন্দর একটা টিম পেয়েছি, স্পেশালি আমার ডিরেক্টর রায়হান রাফী ভাই আমাদের অনেক হেল্প করেছিল ক্যারেক্টার নিয়ে ভাবার। আমাদের মেকআপ ও কস্টিউম টিম যারা ছিলেন, সবাই আমাকে এতটা সাপোর্ট দিয়েছেন যে প্রতিটা ক্যারেক্টার যেন ডিফারেন্ট হয়।'

পরিচালক রায়হান রাফী আত্মবিশ্বাসের সঙ্গে বলেন, 'প্রতিটি ডিরেক্টরই চায় তার সিনেমা ব্লকবাস্টার হোক, ইন্ডাস্ট্রি হিট হোক। আগামীতে আমার তিনটি পরপর ছবি হিট হয়েছে, পরাণ, সুড়ঙ্গ ও তুফান। আমার হ্যাট্রিকের সুযোগ হয়েছে। আমি চেষ্টা করেছি পরাণ থেকে সুড়ঙ্গ একটু বেটার করতে, সুড়ঙ্গের থেকে বেটার করেছি তুফান। এবং তুফান থেকে আরেকটু বেটার করা তাণ্ডব। যেহেতু ভালো করার চেষ্টা করছি, তাই ইনশাআল্লাহ আবারও সফল হবে।'

শাকিব খান নিজেও সিনেমাটি নিয়ে দারুণ আশাবাদী। মেগাস্টার বলেন, 'তাণ্ডব নিয়ে বলতে হলে এক কথায় অসম্ভব ভালো মেকিংয়ের একটা সিনেমা। আমার মনে হয়েছে, আমি রাফীকে বলেছিও। রাফী, তোমার বেস্ট সিনেমা এটা। এই প্রোডাকশন হাউজ ও রাফীর সাথেও এটা আমার সেকেন্ড কাজ। আমি যখন ডাবিং করেছি ও দেখেছি, তখনই মনে হয়েছে, কী বানালো! তাণ্ডব কিন্তু অসম্ভব পরিশ্রমের একটা সিনেমা।'

উল্লেখ্য, এবারের ঈদে দেশের প্রেক্ষাগৃহে মুক্তি পাচ্ছে ছয়টি সিনেমা। এর মধ্যে আলোচনার শীর্ষে রয়েছে 'তাণ্ডব'। শাকিব, জয়া ও সাবিলা ছাড়াও এতে আরও অভিনয় করেছেন ডা. এজাজ, রোজী সিদ্দিকী, এফএস নাঈম প্রমুখ। ছবিটি প্রযোজনা করেছে এসভিএফ আলফা আই এন্টারটেইনমেন্ট লিমিটেড, সহপ্রযোজনায় আছে দেশের জনপ্রিয় ওটিটি প্ল্যাটফর্ম চরকি, এবং সহযোগিতায় রয়েছে দীপ্ত।




- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.

Address:
Queens: 148-45 Hillside Ave, Jamaica, NY 11435
Long Island: 405 Elm Dr, Roslyn, NY 11576

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com


আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি
ZAM ZAM
TRAVEL US
আমাদের সার্ভিস সমূহ
এয়ার টিকেটিং
হজ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
HOTEL
হোটেল বুকিং
ভিসা প্রোসেসিং
ওমরাহ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
কেন আমাদের সার্ভিস নিবেন ?
বিশেষজ্ঞ দল
যাচাইকৃত ভিসা চেকলিস্ট
প্রিমিয়াম সহায়তা
নিখুঁত ভিসা আবেদন পরিষেবা
ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR
এয়ার লাইন সমূহ
السعودية
SAUDIA
QATAR
AIRWAYS القطرية
Emirates
TURKISH AIRLINES
ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh
নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus
www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

## ‘মেসি মাঠে থাকুক বা না থাকুক, আর্জেন্টিনা এখন একইভাবে খেলতে পারে’

৫২ পৃষ্ঠার পর

অনেকটাই যে সফল তার প্রমাণ সবশেষ দুই ম্যাচ। মেসিকে ছাড়াই চিলির বিপক্ষে এসেছে জয়। আবার মেসিকে বদলি করার পর দশজনের আর্জেন্টিনা কলম্বিয়ার বিপক্ষে ম্যাচ শেষ করেছে সমতায়।

দলের সেই অবস্থাটাকেই লিওনেল স্কালোনি তুলে ধরলেন আর্জেন্টাইন গণমাধ্যমের সামনে। জানালেন তার শিষ্যরা তৈরি যেকোন প্রয়োজনে মেসিকে ছাড়া মাঠে নামার জন্য, ‘এই দলটা এখন এমন একটা পর্যায়ে গিয়েছে, যখন তারা লিও মাঠে থাকুক বা না থাকুক একইরকমের খেলা উপহার দিতে পারে। আগে পরিস্থিতি আরও জটিল ছিল আর আজ আমাদের সেটা দরকার নেই, দল একইভাবে পরিচালিত হয়।’ কলম্বিয়ার বিপক্ষে ম্যাচে আর্জেন্টিনা দলে খেলোয়াড় ছিলেন ১০ জন। আলবিসেলেস্তেরা পিছিয়েও ছিল ১ গোলে। এমন অবস্থায় মেসিকেই দরকার ছিল সবচেয়ে বেশি। কিন্তু স্কালোনি তুলে নেন এলমেরটেনকে। মেসি উঠে যাওয়ার পরেই আলমাদা আনেন সমতা। কিন্তু মেসি কেন খেললেন না? উত্তরে স্কালোনি জানালেন খেলতে না চাওয়ার সিদ্ধান্তটা মেসিরই ছিল, ‘এমনিতে সে মাঠ ছাড়ে না, কিন্তু যখন সে দেখল যে, আমরা দুটি পরিবর্তন আনছি, তখন সে আমাকে বলল, তার বের হয়ে যাওয়াই ভালো হবে। তাই তাকে তুলে নিই। না হলে তাকে তুলতাম না।’ জাতীয় দলের দুই ম্যাচের পর মেসি ফিরে গিয়েছেন তার ক্লাব ইন্টার মায়ামিতে। সেখানে এখন ক্লাব বিশ্বকাপের ব্যস্ততা। বাংলাদেশ সময় আগামী রোববার সকালে আল আহলির বিপক্ষে ম্যাচ দিয়ে ক্লাব বিশ্বকাপ অভিযান শুরু করবে মায়ামি। ৩৭ বছর বয়সী মেসির তাতে খেলার সম্ভাবনা জোরালো।

## ওয়ানডেতে বাংলাদেশের নতুন অধিনায়ক ঘোষণা

৫২ পৃষ্ঠার পর

জানাই, অধিনায়ক হিসেবে তিনি ইতিবাচক ও স্বকীয় চরিত্র দেখিয়েছেন। তিনি এখনও আমাদের লিডারশিপ গ্রুপের অংশ এবং তার ব্যাটিং বাংলাদেশ দলের জন্য অনেক গুরুত্বপূর্ণ’, আরও যোগ করেন ফাহিম। এই মুহূর্তে শান্তর কাঁধে রয়েছে কেবল বাংলাদেশের টেস্ট অধিনায়কত্ব। এ ছাড়া টি-টোয়েন্টির নেতৃত্বভার এখন লিটন দাসের কাছে।

প্রসঙ্গত, এখন পর্যন্ত আন্তর্জাতিক ক্যারিয়ারে ১০৫টি ওয়ানডে খেলেছেন মিরাজ। সেখানে ১৬১৭ রান এবং ১১৭ উইকেট নিয়ে তিনি নিজেকে বাংলাদেশের অপরিহার্য অলরাউন্ডারে পরিণত করেছেন। এ ছাড়া ওয়ানডেতে ন্যূনতম ১০০০ রান ও ১০০ উইকেট নিয়ে তিনি এলিট লিস্টে আছেন বাংলাদেশের সাবেক তারকা মোহাম্মদ রফিক, মাশরাফি বিন মুর্তজা ও সাকিব আল হাসানের সঙ্গে।

## জীবনজুড়ে হজের ঘ্রাণ

২৫ পৃষ্ঠার পর

নয়। পীর-মাশায়েখরা বলেন, ‘নেক কাজ কবুল হওয়ার আলামত হলো, পরবর্তী সময়ে জীবনে নেক কাজের ধারাবাহিকতা বজায় রাখা। আর অভিশপ্ত পাপী জীবনের আলামত হলো, অব্যাহতভাবে পাপ কাজ করে যাওয়া।’ হজ কবুল হওয়ার আলামত হলো, ইসলামের সুবাস কখনো জীবন থেকে হারিয়ে যাবে না। দুনিয়ার লোভ-লালসা, অশ্লীলতা, মোহ তাকে প্রভাবিত করবে না। নিখাদ সোনার মানুষ হয়ে সে দুনিয়ায় জীবন যাপন করবে। তার কাছে কেউ কষ্ট পাবে না। সে কারো সম্পদ অন্যায়ভাবে লুট করবে না। চাঁদাবাজি, রাহাজানি, নারীর শ্লীলতাহানির কথা তাকে দিয়ে কল্পনাও করা যাবে না। অন্যদিকে সে পাঁচ ওয়াক্ত নামাজের পাবন্দি হবে। হবে কোরআনের কর্মী। কোরআন বাস্তবায়নের মহৎ লক্ষ্যই হবে তাও জীবনের মিশন ও ভিশন।

**হজ থেকে ফেরার পর একজন হাজিকে কী কী আমল করতে হয়?**

হজ থেকে ফিরে এসে নিকটস্থ মসজিদে দুই রাকাত নামাজ আদায় করা সুন্নত। কাব বিন মালেক (রা.) থেকে বর্ণিত, ‘রাসুলুল্লাহ (সা.) যখন কোনো সফর থেকে ফিরে আসতেন, তখন মসজিদে নফল নামাজ আদায় করতেন।’ (বুখারি শরিফ) হজ থেকে ফিরে শুকরিয়াস্বরূপ গরিব-মিসকিন ও আত্মীয়-স্বজনকে খাবারের দাওয়াত দেওয়া বৈধ। ইসলামী ফিকহের পরিভাষায় একে ‘নকিয়াহ’ বলা হয়। জাবের বিন আবদুল্লাহ (রা.) থেকে বর্ণিত হাদিসে এসেছে, ‘রাসুল (সা.) যখন মদিনায় এসেছেন, তখন একটি গরু জবাইয়ের নির্দেশ দেন। জবাইয়ের পর সাহাবিরা তা থেকে আহার করেছেন।’ (বুখারি শরিফ) তবে অহংকার, লোক-দেখানো, রাজনৈতিক প্রচারণা কিংবা বিশেষ উদ্দেশ্যে এমন দাওয়াতের ব্যবস্থা করা শরিয়ত অনুমোদন করে না। (ফতোয়ায়ে মাহমুদিয়া, ৩য় খণ্ড, ১৮৫ পৃষ্ঠা)।

হজ করে দেশে ফেরার পর ঘরে পৌঁছে দুই রাকাত নামাজ আদায় করা মুস্তাহাব। হাদিস শরিফে এসেছে, ‘যখন তুমি ঘর থেকে বের হবে, তখন দুই রাকাত নামাজ পড়বে। সেই নামাজ তোমাকে ঘরের বাইরের বিপদ-আপদ থেকে হেফাজত করবে। আর যখন ঘরে ফিরবে, তখনো দুই রাকাত নামাজ আদায় করবে। সেই নামাজ তোমাকে ঘরের অভ্যন্তরীণ বালা-মুসিবত থেকে হেফাজত করবে।’ (মুসনাদে বাজ্জার)।

**হাজিদের অভ্যর্থনা ও শুভেচ্ছা জানানোর বিষয়ে ইসলাম কী বলে?**

যাঁরা হজ করে আসছেন, তাঁদের অভ্যর্থনা ও শুভেচ্ছা জানানো, তাঁদের সঙ্গে সাক্ষাৎ, মুসাফাহ ও কোলাকুলি করা এবং তাঁদের দিয়ে দোয়া করানো মুস্তাহাব। কিন্তু রাজনৈতিক প্রচারণার উদ্দেশ্যে হাজিকে ফুলের মালা দেওয়া, তাঁর জন্য শরিয়তবিরোধী স্লোগান দেওয়া, ঘানজট সৃষ্টি করে মিছিল করা শরিয়তের অপছন্দনীয়। এসব কাজ থেকে বিরত থাকা উচিত। (আপকে মাসায়েল আওর উনকা হল, ১ম খণ্ড, ১৬২ পৃষ্ঠা)। হজ পালন শেষে হাজিরা জমজমের পানি নিয়ে আসেন। এই জমজমের পানি নিয়ে এসে লোকজনকে পান করানো মুস্তাহাব। (মুয়াল্লিমুল হুজ্জাজ, ৩০৩ পৃষ্ঠা)। আম্মাজান আয়েশা (রা.) হজ থেকে ফেরার সময় জমজমের পানি সঙ্গে করে নিয়ে যেতেন এবং বলতেন, ‘রাসুল (সা.) জমজমের পানি সঙ্গে নিয়ে যেতেন।’ (তিরমিজি, হাদিস : ১১৫)


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
ওমরা ভিসা
এয়ার টিকেট
১ দিন মক্কায় ট্যুর
১ দিন মদিনা ট্যুর
মক্কা থেকে মদিনা গাড়িতে
এয়ারপোর্ট থেকে হোটেল
(4 Star Hotel with Breakfast.)
মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ
(একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)
* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।
NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)





Amader Service.com
Your Trusted Service Partner
আমাদের সেবাসমূহ
ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী
হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা
অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিস্ট্যান্ট
৬. হোম কেয়ার
এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিভিন্ন ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।
Get all services you need in one place from professional expart, at home!
এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।
GET IT ON Google Play
GET IT ON App Store
CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com



বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া
kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY
লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।
বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।





Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com
মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২

NY INSURANCE
BROKEAGE INC.
NY I
NY INSURANCE BROKERAGE
TLC INSURANCE SPECIALIST
718 476-2025

NY CAR & LIMO
SERVICES INC
NY CAR & LIMO SERVICES INC B02902
BLACK & GREEN CAR BASE
718 727 4444

BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730

DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR

## লর্ডসে ইতিহাস গড়লেন অধিনায়ক কামিন্স

৫২ পৃষ্ঠার পর

নিয়েছিলেন ১০১ রানে। ২৯৪ উইকেট নিয়ে ফাইনাল শুরু করেন কামিন্স। প্রথম দিন তিনি পান একটি উইকেট। দ্বিতীয় দিন আরও পাঁচ শিকার ধরে পৌঁছে যান তিনশত ঠিকানায়। অস্ট্রেলিয়ার ষষ্ঠ পেসার ও অষ্টম বোলার হিসেবে কামিন্স মাইলফলকটি ছুঁলেন তার ৬৮তম টেস্টে। এই ক্লাবের ৪০তম বোলার ও ৩০তম পেসার তিনি। পেসারদের মধ্যে বলের হিসাবে তিনি পঞ্চম দ্রুততম, তার লাগল ১৩ হাজার ৭২৫ বল। সবচেয়ে কম ১১ হাজার ৮১৭ বল লেগেছিল কাগিসো রাবাদার ৩০০তম শিকার রাবাদার। অধিনায়ক হিসেবে কামিন্সের উইকেট হলো ১৩৬টি। পেস বোলিং অধিনায়ক হিসেবে তার চেয়ে বেশি উইকেট আছে কেবল পাকিস্তানের ইমরান খানের (১৮৭টি)। অস্ট্রেলিয়ান অধিনায়কদের মধ্যে কামিন্সের ওপরে আছেন শুধু সাবেক স্পিনার রিচি বেনো (১৩৮টি)। অধিনায়ক হিসেবে কামিন্স পাঁচ উইকেটের স্বাদ পেলেন এই নিয়ে ৯ বার। এখানে তার ওপরে আছেন কেবল ইমরান খান (১২ বার)।

## ক্ষমা চাইলেন ইলন মাস্ক

৩ পৃষ্ঠার পর

ট্রাম্পের সাবেক ওই উপদেষ্টা রিপাবলিকান ওয়ান বিগ বিউটিফুল বিল অ্যাক্ট থেকে বৈদ্যুতিক যানবাহন করের প্রণোদনা অপসারণের জন্যই বিরক্ত ছিলেন। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প গত শুক্রবার সিএনএনকে বলেছিলেন যে, মাস্ক 'পাগল' এবং তার কোম্পানির ফেডারেল সরকারের কাছ থেকে পাওয়া বিলিয়ন বিলিয়ন ডলারের চুক্তি প্রত্যাহারের দিকে নজর দেয়া হবে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সোমবার বিশিষ্ট কলামিস্ট মিরান্ডা ডিভাইনকে বলেছিলেন যে, তিনি মাস্ককে 'দোষারোপ' করেন না। যা বিগ বিউটিফুল বিলের প্রাক্তন ডিপার্টমেন্ট অফ গভর্নমেন্ট এফিসিয়েন্সি (ডিওজিই) ব্যক্তিত্বের সমালোচনা নিয়ে শুরু হয়েছিল। তবে তিনি বলেছিলেন যে তিনি কিছুটা হতাশ। প্রেসিডেন্ট ট্রাম্প বলেন, দেখুন আমার কোনো কঠিন অনুভূতি নেই। আমি সত্যিই অবাক হয়েছিলাম যে এটা ঘটেছে। সে একটি বিলের পিছনে ছুটল যা অসাধারণ। সে ঠিকই বলেছে- আমার মনে হয় যে সে আসলে এটা বলে খুব খারাপ বোধ করছে।

## সিনিয়র সিটিজেন ফোরামের 'ঈদ পুনর্মিলনী' অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

জাহাঙ্গীর আলম, উপদেষ্টা খবির উদ্দিন ভূঁইয়া ও ইঞ্জি. আব্দুল খালেক।

কার্যকরী কমিটির সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা আব্দুল রউফ সভাপতি, লিয়াকত আলী সহ-সভাপতি, মুক্তিযোদ্ধা আব্দুল হালাম সহ-সভাপতি, কাজী রবিউজ্জামান সাধারণ সম্পাদক, খায়রুল ইসলাম নাসির কোষাধ্যক্ষ, খলিলুর রহমান সমাজ কল্যাণ সম্পাদক, কবি সুধাংশু কুমার মন্ডল সাহিত্য ও গ্রন্থাগার বিষয়ক সম্পাদক , কবি আবু তাহের চৌধুরী প্রকাশনা বিষয়ক সম্পাদক , হীরা লাল দাস শিক্ষা বিষয়ক সম্পাদক। সম্মানিত কার্যকরী সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন- আনোয়ার ইসলাম, লুৎফর রহমান, কর্পোরেট (অব:) আব্দুল মতিন, মোহাম্মদ কামাল প্রমুখ ।

সিনিয়র সিটিজেন ফোরাম অব বাংলাদেশী কমিউনিটি ইনকের সদস্যদের মধ্যে ছিলেন এমডি মতিউর রহমান, ফারুক আহমেদ, আলতাফ হোসেন, এমডি গোলাম সালমান, মোহাম্মদ আলম, আজমল চৌধুরী, সৈয়দ আজিজুল ইসলাম সাইদ, আতিকুর রহমান (অব:) ব্যাংক কর্মকর্তা, আজিজুল হক চৌধুরী প্রমুখ।

## ইউবেক'র সেমিনার কাল

৩ পৃষ্ঠার পর

ডা. মাকসুদুল হাকিম, ডা. আহমেদ নেওয়াজ খান সোহেল, মুশফিকুর রহমান, ইঞ্জিনিয়ার খুরশিদ নাসির, হাসান চৌধুরী প্রমুখ। কবি, লেখক এ সংগঠক সামছুদ্দীন মাহমুদের সভাপতিত্বে। অনুষ্ঠানটি পরিচালনা করবেন মেজর (অব.) সাকাওয়াত আহমেদ, রাইশা ফারিন এ ইরশিয়া সারমিন। অনুষ্ঠান আয়োজনে আছেন সামছুদ্দীন মাহমুদ, মেজর (অব.) মনজুরুল হক, ডা. মাকসুদুল হাকিম, মেজর (অব.) রুহুল চৌধুরী, ইঞ্জিনিয়ার খুরশীদ নাসির, হাসান চৌধুরী, রফিকুল হক, শামীম সেলিমুদ্দীন, কচি খান,নওশের আলী, মেজর (অব.) শাফায়াৎ আহমেদ ও সামি রিয়া। এছাড়া উপদেষ্টা হিসাবে আছেন প্রফেসর ডা. গোলাম এম মাতবর, প্রফেসর ড. সাইদুর রহমান, প্রফেসর ড. জামাল উদ্দিন, ড. আনোয়ার করিম ও ড. নজরুল ইসলাম।

## অনুভূতির সার্বভৌমত্ব

১২ পৃষ্ঠার পর

অভিজ্ঞার প্রয়োজন হয় না। রাজনৈতিক দলগুলো এবং সরকার যদি জনগণের অনুভূতি বুঝতে ব্যর্থ হয়, তাহলে আরেকটি গণজাগরণ হয়তো অনিবার্য হয়ে পড়বে। জনগণ যেন একটি সুষ্ঠু, নিরপেক্ষ ও ভীতিহীন নির্বাচনে তার অনুভূতির বহিঃপ্রকাশ ঘটাতে পারে তার ইচ্ছার প্রতিফলনের মাধ্যমে। কিন্তু সেই আয়োজনে সরকারের দ্বিধা ও অস্পষ্টতা ব্যাখ্যাতীত। এটি সবার মনে রাখা দরকার, জনগণের অনুভূতির বহিঃপ্রকাশ সত্য উপলব্ধির একমাত্র পথ।

ব্রিগেডিয়ার জেনারেল মো. জাহেদুর রহমান, এনডিসি, পিএসসি (অব.) : লেখক, গবেষক, নিরাপত্তা বিশ্লেষক।

## কিংবদন্তিদের তালিকায় স্মিথ

৫২ পৃষ্ঠার পর

সবাইকে ছাড়িয়ে গেলেন স্মিথ।

ইংল্যান্ডের মাঠ লর্ডসে বিদেশি ক্রিকেটারদের মধ্যে সবচেয়ে বেশি রানও এখন তার নামের পাশে। ঐতিহাসিক ভেন্যুটিতে বিদেশি ক্রিকেটারদের মধ্যে এখন সর্বোচ্চ ৫৭৮ রান স্মিথের। পেছনে পড়েছেন ওয়ারেন বার্ডসলি, গ্যারি সোবার্স, ডন ব্র্যাডম্যানের মতো সাবেরা। তবে স্মিথের অনন্য কিছু কীর্তিও আছে, যেখানে পা রাখেননি আর কেউই। টেস্ট চ্যাম্পিয়নশিপের ইতিহাসে প্রথম ব্যাটার হিসেবে একাধিক ফাইনালে ফিফটি করেছেন অস্ট্রেলিয়ান এই ব্যাটার। এশিয়ার বাইরে প্রথম ক্রিকেটার হিসেবে আইসিসির নকআউট ম্যাচে ৫টির বেশি ফিফটি আছে তার। গতকাল আইসিসি নকআউট ম্যাচে ৭ম ফিফটি দিয়ে ছাড়িয়ে গেছেন শচীন টেন্ডুলকারকেও। ৬৬ রানের এই ইনিংসটি লর্ডসে স্মিথের ৫ম পঞ্চাশোর্ধ ইনিংস। ক্রিকেটের ইতিহাসে ভিনদেশী ক্রিকেটারদের মধ্যে এই কীর্তি আছে কেবল শিবনারায়ণ চন্দরপলের।

স্মিথের সামনে সুযোগ আছে আরও এক ঐতিহাসিক রেকর্ডের। প্রথম অস্ট্রেলিয়ান ক্রিকেটার হিসেবে নিরপেক্ষ ভেন্যুতে টেস্টে ৫০০ রান করার সুযোগ আছে তার সামনে। রিকি পন্টিংয়ের ৪৭০ রান পেরিয়েছেন গতকালই। থেমেছেন ৪৯৫ রানে। দ্বিতীয় ইনিংসে ৫ রান করলেই অস্ট্রেলিয়ানদের মধ্যে ইতিহাস গড়বেন স্টিভেন স্মিথ।

## আটলান্টিক সিটির প্রাইমারি নির্বাচনে মেয়র প্যানেল প্রার্থীরা ভোটে এগিয়ে

৬২ পৃষ্ঠার পর

প্যাটিসিয়া বেইলি ও বাংলাদেশি আমেরিকান সোহেল আহমেদ প্রতিদ্বন্দ্বীতা করেন।

নির্বাচনের চূড়ান্ত ফলাফলেও মেয়র প্যানেলের প্রার্থীরা বিপুল ভোটে বিজয়ী হওয়ার ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেন। প্রাইমারি নির্বাচনে সিটির ডেমোক্রেটিক দলের মনোনীত মেয়র প্যানেলের প্রার্থীরা বিপুল ভোটে এগিয়ে থাকায় কমিউনিটিতে খুশির জোয়ার বয়ে যাচ্ছে। প্রার্থীদের ভোট দেওয়ায় সিটির ভোটারসহ কর্মী, সমর্থক ও শুভানুধ্যায়ীদের আন্তরিক ধন্যবাদ জানান। বেসরকারিভাবে নির্বাচনী ফলাফল জানার পর বাংলাদেশ কমিউনিটি সেন্টারে আয়োজিত এক সুধী সমাবেশে বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির সভাপতি জহিরুল ইসলাম বাবুল, সাধারণ সম্পাদক জাকিরুল ইসলাম খোকা, ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আবদুর রকিব ও বাংলাদেশ এসোসিয়েশন অব আটলান্টিক কাউন্টির সভাপতি শহীদ খান প্রাইমারি নির্বাচনে সিটির ডেমোক্রেটিক দলের মনোনীত মেয়র প্যানেলের প্রার্থীরা বিপুল ভোটে এগিয়ে থাকায় তাদেরকে অভিনন্দন জানান এবং প্রবাসী বাংলাদেশি ভোটারসহ অন্যান্য ভোটারদের আন্তরিক ধন্যবাদ জানান।

কমিউনিটির বিদগ্ধজনদের মতে মেয়র প্যানেল এর প্রার্থীরা নির্বাচনে চূড়ান্তভাবে বিজয়ী হলে কমিউনিটিতে প্রবাসী বাংলাদেশীদের অবস্থান আরো বেশি সুসংহত হবে।

## বাজেটে শ্রমজীবী মানুষের স্বার্থ উপেক্ষিত

১০ পৃষ্ঠার পর

এত দিনের অভিজ্ঞতা বলে, একটি জাতীয় গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা ছাড়া শ্রমজীবী ও সাধারণ মানুষের পক্ষে বাজেট প্রণয়ন কেবল অলীক কল্পনা। এ কারণেই জনজীবনের সংকট নিরসনে প্রয়োজন এক বিকল্প অর্থনৈতিক রূপরেখা, যা গণতান্ত্রিক অংশগ্রহণ নিশ্চিত করে, জনগণের মৌলিক অধিকারকে রাষ্ট্রীয় নীতির কেন্দ্রে স্থাপন করে।

এর জন্য চাই গণতান্ত্রিক রাষ্ট্রকাঠামো, যেখানে ন্যূনতম মজুরি ৩০ হাজার টাকা নির্ধারণ, সর্বজনীন রেশনিং ব্যবস্থা, স্বাস্থ্য ও শিক্ষা খাতে সুলভ সুবিধা, কৃষি ও ক্ষুদ্র শিল্পে প্রণোদনা, সর্বোপরি রাষ্ট্রের সম্পদে জনগণের অধিকার স্বীকৃত হবে।

জনগণের পক্ষ থেকে তাই এখন সময় সংগঠিত হওয়ার, অধিকার-দাবির জন্য ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলার এবং রাষ্ট্রকে শ্রমজীবী মানুষের জীবনের পাশে দাঁড়াতে বাধ্য করার।

লেখক: সাধারণ সম্পাদক, জাতীয় নারী শ্রমিক ট্রেড ইউনিয়ন কেন্দ্র।

## ভারতে বিমান দুর্ঘটনায় নিহত ২৪১ জন

১ পৃষ্ঠার পর

জন যাত্রী নিহত হয়েছিলেন। গতকালের দুর্ঘটনা সারা বিশ্বকে নাড়া দিয়েছে। ভারত সরকারের শীর্ষ মহল থেকে দুর্ঘটনার কোন স্পষ্ট কারণ জানানো হয়নি। বিমানটি লন্ডনের পথে যাত্রা করেছিল। ১২ বছরের পুরনো বোয়িং ৭৮৭ ড্রিমলাইনারটি বেলা ১:৩৮ মিনিটে টেক অফ করে। উপরে উঠার মতো শক্তি বিমানে ছিল না। তাই ৬শ ফিট উপর থেকে ৪০০ মাইল গতিতে নিচের দিকে পড়তে শুরু করে বিমানটি। পুরো বিমান জুড়ে জ্বালানি তেল ভর্তি থাকায় একটি ভবনে ধাক্কা লাগার সঙ্গে সঙ্গে আগুনের লেলিহান শিখা আকাশের অনেক উঁচুতে উঠে যায়। একজন ছাড়া সব যাত্রী পুড়ে মারা গেছেন। একমাত্র বেঁচে যাওয়া যাত্রী একজন পুরুষ। একজন মহিলা পথে দেরি হওয়ায় ওই বিমানের যাত্রী হতে পারেননি। তিনিও বেঁচে গেছেন। তবে গুজরাটের সাবেক মুখ্যমন্ত্রী রূপানি নিহত হয়েছেন। তিনি মেয়েকে দেখতে যাচ্ছিলেন।

নিহতদের ডিএনএ টেস্ট ছাড়া মরদেহ হস্তান্তর করা সম্ভব নয় বলে জানা গেছে। কারণ কোন যাত্রীকেই চেনা যাচ্ছে না। এই ভয়াবহ দুর্ঘটনায় বিশ্বনেতৃবৃন্দ শোক জানিয়েছেন। এসব তথ্য জানিয়েছে, ভারতের দ্য হিন্দু, টাইমস অব ইন্ডিয়া, এনডিটিভিসহ পাকিস্তানের দ্য ডন অন লাইন।

সূত্রগুলো জানিয়েছে, বিমানবন্দরের নিকটবর্তী ডাক্তারদের একটি হোস্টেল ভবনে গিয়ে ধাক্কা মারে বিমানটি। যার ফলে হোস্টেল এবং তার আশপাশের ৫ জন নিহত হন বলে জানা যায়। ভেঙে পড়ার পরমুহূর্তেই প্রচণ্ড শব্দে বিস্ফোরণ ঘটে। আগুন ধরে যায় বিমানে। বিমানটি আহমেদাবাদ থেকে লন্ডনের গ্যাটউইক বিমানবন্দরের উদ্দেশ্যে যাত্রা করেছিল। এদিকে এয়ার ইন্ডিয়া কর্তৃপক্ষ জানিয়েছে, বিমানে ২৩০ জন যাত্রী এবং ১২ জন ক্রু ও বিমানকর্মী ছিলেন। তাঁদের মধ্যে দু'জন পাইলট। এই বিমানে ১৬৯ জন ভারতীয় ছিলেন বলে জানা গেছে। এ ছাড়া ছিলেন ৫৩ জন ব্রিটিশ নাগরিক, ৭ জন পর্তুগিজ নাগরিক এবং ১ জন কানাডার নাগরিক। টাটা পরিবারের পক্ষ থেকে নিহত প্রত্যেকজনকে এক কোটি রুপি দেয়ার প্রস্তাব করা হয়েছে। একজন মহিলা যাত্রী

প্রত্যক্ষদর্শীদের বরাত দিয়ে সংবাদমাধ্যমগুলো জানিয়েছে, বিমানটি ভেঙে পড়ার মুহূর্তে প্রচণ্ড শব্দে চারপাশ কেঁপে ওঠে। অনেকেই ভেবেছিলেন ভূমিকম্প হচ্ছে। ঘটনাস্থলে লাশের স্তূপ জমে যায়। লাশ শনাক্ত করার জন্য ডিএনএ পরীক্ষার বন্দোবস্ত করেছে গুজরাত প্রশাসন। বিজে মেডিক্যাল কলেজে ডিএনএ পরীক্ষার মাধ্যমে লাশ শনাক্তকরণের ব্যবস্থা করা হয়েছে। দুর্ঘটনাগ্রস্তদের খবরাখবরের জন্য জনস্বার্থে চালু করা হয়েছে হেল্পলাইন নম্বর। গুজরাতের প্রাক্তন মুখ্যমন্ত্রী বিজয় রূপাণী আহমেদাবাদের দুর্ঘটনাগ্রস্ত বিমানটিতে ছিলেন। লন্ডনে কন্যার কাছে যাচ্ছিলেন তিনি। তাঁর মৃত্যুর খবর সন্ধ্যায় নিশ্চিত করেন কেন্দ্রীয় মন্ত্রী সিআর পাটিল। টাটা গোষ্ঠীর তরফে দুর্ঘটনায় মৃতদের পরিবারের জন্য এক কোটি টাকা করে ক্ষতিপূরণ ঘোষণা করা হয়েছে।

আহমেদাবাদের দুর্ঘটনায় এক জন মাত্র বেঁচে গিয়েছেন। বিমানটির ইকনমি ক্লাসের '১১এ' আসনে বসেছিলেন ওই যাত্রী। নাম বিশ্বকুমার রমেশ। আহমেদাবাদের পুলিশ কমিশনার জিএস মালিক সংবাদ সংস্থা এএনআই-কে জানান, বিমানের একমাত্র জীবিত যাত্রী রমেশই। পুলিশ তাঁকে খুঁজে পেয়েছে। তিনি এখন হাসপাতালে রয়েছেন। ঘটনাস্থলের ভিডিওতে দেখা যায়, রমেশ হাঁটছেন। কয়েক জন মিলে তাকে ধরাধরি করে হাসপাতালে নিয়ে যাচ্ছেন। তবে খুব বেশি চোট তার লাগেনি। কীভাবে এমনটা সম্ভব হল তা ভেবে পাচ্ছেন না কেউই।

দুর্ঘটনার পর প্রথম যে ভিডিও প্রকাশ্যে আসে, তাতে দেখা যায়, যাত্রা শুরুর পর আবাসিক এলাকায় বেশ নীচ দিয়েই উড়ে যাচ্ছিল এয়ার ইন্ডিয়ার বিমানটি। কিছুটা এগোনোর পরেই তা আচমকা নীচের দিকে নামতে শুরু করে। তারপর একটি ভবনে ধাক্কা খেয়ে বিমানটি ভেঙে পড়ে। সঙ্গে সঙ্গে আগুন জ্বলে ওঠে। বিস্ফোরণের আঘাত এতটাই বেশি ছিল যে, আগুনের শিখা আকাশের অনেক উঁচু পর্যন্ত উঠে যায়। এর পর সন্ধ্যায় প্রকাশ্যে এসেছে বিমানবন্দরের সিসি ক্যামেরার ফুটেজ। তাতে দেখা গিয়েছে, ওড়ার কিছুক্ষণ পরেই বিমানটি বাঁ দিকে হেলে পড়তে থাকে। একই সঙ্গে বিমানের লেজের অংশটি নীচের দিকে নামতে থাকে। বিশেষজ্ঞেরা প্রায় সকলেই একটি বিষয়ে একমত, বিমান ভেঙে পড়ার আসল কারণ জানা যাবে ব্ল্যাকবক্সটি উদ্ধার করা গেলে। এই মুহূর্তে তাই দুর্ঘটনার নিশ্চিত কারণ বলা সম্ভব নয়।

বিশেষজ্ঞেরা মনে করছেন, ওড়ার সময়ে যাত্রী, মালপত্রসহ বিমানের ওজন কত হয়েছিল, তা খতিয়ে দেখা প্রয়োজন। প্রত্যেক বিমানের নির্দিষ্ট ভারবহন ক্ষমতা থাকে। কিন্তু অনেক সময়ে বিমান ওড়ার মুখে এই ওজনের হিসাবে গোলমাল করে ফেলেন দায়িত্বপ্রাপ্তরা। তখন বিমানটি ভেঙে পড়ার আশঙ্কা তৈরি হয়। বিমান বিশেষজ্ঞ বন্দনা সিংহ জানিয়েছেন, বিমানটি যে ভবনে ধাক্কা খেয়েছে, সেখানে তার একটি চাকা আটকে গিয়েছিল। ওজনের হিসাবে ভুল হলে এই ধরনের ঘটনা ঘটতে পারে। দ্বিতীয়ত, বিমানের ল্যান্ডিং গিয়ার। বিশেষজ্ঞরা অনেকেই মনে করছেন, দুর্ঘটনাগ্রস্ত বিমানটির ল্যান্ডিং গিয়ারে ত্রুটি থাকতে পারে। হতে পারে, ল্যান্ডিং গিয়ারটি বিমান ওড়ার পর ঠিক মতো বন্ধ হয়নি। এই ল্যান্ডিং গিয়ারই বিমানের ভার নিয়ন্ত্রণ করে থাকে। বিমান ওঠানামার সময় রানওয়ের সংস্পর্শে আসে ল্যান্ডিং গিয়ার। এখান থেকে বিমানের চাকা বেরিয়ে আসে। ফলে বিমানের গতিও ল্যান্ডিং গিয়ারের দ্বারা নিয়ন্ত্রিত হয়। সেখানে গোলমালের কারণে এই দুর্ঘটনা ঘটতে পারে। তৃতীয় কারণ হিসাবে অনেকে বলছেন, মাটি ছাড়ার পরেই বিমানের উপরের দিকে ওঠার ক্ষমতা (লিফ্‌ট) কমে এসেছিল। একসময় এই ক্ষমতা একেবারেই শেষ হয়ে আসে। তখন বিমানটিকে আর ভাসিয়ে রাখতে পারেননি পাইলট। ভিডিও দেখে অনেকে বলছেন, রানওয়ে ছাড়ার পর বিমানটি মাঝপথে সামান্য গোঁত্তা খেয়েছিল বলে মনে হচ্ছে। চতুর্থত, বিশেষজ্ঞদের একাংশের মতে, এয়ার ইন্ডিয়ার বিমানটির ইঞ্জিনে ত্রুটি ছিল। সেটি ভেঙে পড়ার আগে সর্বোচ্চ ৩২২ কিলোমিটার প্রতি ঘণ্টার গতিতে পৌঁছোতে পেরেছিল। যা একেবারেই স্বাভাবিক নয়। ওই সময়ে বিমানের গতি আরও অনেক বেশি হওয়ার কথা। কোনও কারণে বিমানের ইঞ্জিন শক্তি হারিয়ে ফেলে। তার ফলে দুর্ঘটনা অনিবার্য হয়ে পড়েছিল।

কী বললেন প্রধানমন্ত্রী মোদী: আহমেদাবাদের ভয়াবহ দুর্ঘটনায় শোক প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সোশ্যাল মিডিয়ায় তিনি লিখেছেন, 'আহমেদাবাদের দুর্ঘটনা আমাদের সকলকে স্তম্ভিত করে দিয়েছে। এই শোক ভাষায় প্রকাশ করা যায় না। যাঁরা এই দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত হয়েছেন, আমি তাঁদের সমবেদনা জানাচ্ছি। মন্ত্রীদের সঙ্গে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ রেখেছি।'

কী ঘটে থাকতে পারে ককপিটে: বিমান আহমেদাবাদের মাটি ছাড়ার পরপরই 'মে ডে কল' পাঠিয়েছিলেন পাইলট। এয়ার ট্রাফিক কন্ট্রোল (এটিসি)-কে পাঠানো সেই বিপদবার্তায় কাজ হয়নি। বিমানটির সঙ্গে এটিসি যোগাযোগের চেষ্টা করেছিল। কিন্তু আর যোগাযোগ করা যায়নি। বিশেষজ্ঞদের মতে, বিমানটি প্রয়োজনীয় গতিতে নির্দিষ্ট উচ্চতায় উঠতে পারছে না দেখে ককপিটে পাইলটেরা শেষ চেষ্টা করেছিলেন। হাতল টেনে ধরে বিমানটির নাকের অংশ তোলার চেষ্টা করেছিলেন। কিন্তু তাতে লাভ হয়নি।

সাবেক মুখ্যমন্ত্রী নিহত: লন্ডন গ্যাটউইকগামী বিমানটিতে গুজরাতের সাবেক মুখ্যমন্ত্রী ও বর্ষীয়ান বিজেপি নেতা বিজয় রূপাণী ছিলেন। তিনি নিহত হয়েছেন। লন্ডনে কন্যার কাছে যাচ্ছিলেন তিনি। ২০১৬ থেকে ২০২১সাল পর্যন্ত রূপাণী গুজরাতের মুখ্যমন্ত্রীর পদে ছিলেন। তাঁর বৃহত্তর পরিবারের একটা অংশ কলকাতাতেও থাকে। সেন্ট্রাল অ্যাভিনিউ চত্বরে রূপাণীর খুড়তুতো ভাইয়ের দোকান আছে। রূপাণীর মৃত্যুর খবরে সেখানেও নেমেছে শোকের ছায়া।

এক মিনিটও সময় পাননি পাইলট: মাটি থেকে ৬২৫ ফুট মাত্র উঠতে পেরেছিল এয়ার ইন্ডিয়ার বিমানটি। সেখান থেকেই এটিসি-কে পাঠানো হয়েছিল বিপদবার্তা। ফ্লাইট রাডার ২৪-এর তথ্য অনুযায়ী, বিমানটি মিনিটে ৪০০ ফুট গতিতে নীচে নেমে আসছিল। তার পরেই আবাসিক এলাকায় ভেঙে পড়ে। পাইলটের হাতে এক মিনিটও সময় ছিল না। বিশেষজ্ঞেরা বলছেন, যদি বিমান ৩৫ হাজার ফুট উপরে থাকত, তা হলে পরিস্থিতি সামাল দেওয়ার জন্য কিছুটা সময় পেতেন পাইলট এবং ক্রু সদস্যেরা। এ ক্ষেত্রে তা সম্ভব হয়নি।

জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে

TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES

রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA- ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry
Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600
Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস
Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services

Cell: 718-581-6081, 718-779-7600
Email: rahmangfs@yahoo.com
IRS
Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer
Jamaica Hollis Office
Jackson Heights Office

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

জ্যাকসন হাইট্স, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

বাংলাদেশী ডাক্তার

মেডিসিন বিশেষজ্ঞ

Internal Medicine

Geriatric Medicine

শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

TEL: 718-205-6561

Starling Car Service LLC

Best Choice for your trip



একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

- 24 Hours Service
- Experienced & Professional Driver
- Affordable Price
- Airport Service
- Long Distance - Short Distance Hourly Service
- Special Occasions Service
- Wheelchair Available
- Corporate Transporation

Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825

2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com

We arrange
Base Letter & Base Affiliate

BOUTIQUE STORE FOR SALE

বুটিক স্টোর বিক্রি হবে!!

জ্যাকসন হাইটস এর প্রান কেন্দ্র ১০০% ব্যবসায়িক ও অভিজাত এলাকা ৭৪ স্ট্রিটের উপর সম্পুর্ণ চালু অবস্থায় বুটিক শপ মালিকের ব্যক্তিগত অসুবিধা ও অপারগতার কারনে বিক্রি করা হবে আগ্রহী ক্রেতারা যোগাযোগ করুন



Store-1



Store-2

মোট ২ টি স্টোরের যে কোন একটি ক্রেতার পছন্দ অনুযায়ি বিক্রি করা হবে ২ টি স্টোরই অত্যন্ত লাভজনক প্রতিষ্ঠান।

বিস্তারিত জানতে কল করুন

Cell: 646-250-5204




### ইন্টারন্যাশনাল মাদার ল্যাঙ্গুয়েজ জার্নালিস্ট কনফারেন্স-২০২৫

# নেপালের পথে বাংলাদেশের দুই সাংবাদিক রফিকুল ইসলাম আজাদ ও মো.আবদুর রহমান

আজকাল ডেস্ক

১৩ ও ১৪ জুন শুক্রবার ও শনিবার বার নেপালের রাজধানী কাঠমুন্ডুতে অনুষ্ঠিত হবে দুইদিন ব্যাপী আন্তর্জাতিক মাতৃভাষা সাংবাদিক কনফারেন্স-২০২৫। আন্তর্জাতিক মাতৃভাষা সাংবাদিক কনফারেন্সে বাংলাদেশ থেকে অংশগ্রহণ করছেন সার্ক জার্নালিস্ট ফোরাম বাংলাদেশ চ্যাপ্টারের এক্সিকিউটিভ মেম্বার ও ঢাকা রিপোর্টার্স ইউনিটি'র সাবেক সভাপতি রফিকুল ইসলাম আজাদ ও সার্ক জার্নালিস্ট ফোরাম সেন্ট্রাল কমিটির সেক্রেটারি জেনারেল মোঃ আব্দুর রহমান।

সার্ক জার্নালিস্ট ফোরাম'র সেন্ট্রাল কমিটি এবং নেপালের সাংবাদিক সংগঠন ন্যাশনাল ফোরাম ফর নেওয়ার জার্নালিস্ট যৌথভাবে নেপালের রাজধানী কাঠমুন্ডুতে আগামী ১৩ ও ১৪ই জুন, ২০২৫-এ আন্তর্জাতিক মাতৃভাষা সাংবাদিক কনফারেন্সের আয়োজন করেছে।

ইতিমধ্যে সম্মেলনের সকল প্রস্তুতি গুরুত্বের সাথে সম্পন্ন করেছেন আয়োজক কমিটি। সম্মেলনে দক্ষিণ এশিয়ার ১০০ জনেরও বেশি সাংবাদিক অংশগ্রহণ করবেন এবং মাতৃভাষা সাংবাদিকতার চ্যালেঞ্জ, সুযোগ এবং সম্ভাবনা নিয়ে ব্যাপক আলোচনা করবেন।

উল্লেখ্য, সার্ক জার্নালিস্ট ফোরাম দক্ষিণ এশিয়ার দেশগুলোতে বিভিন্ন আন্তর্জাতিক বিষয় নিয়ে আন্তর্জাতিক কনফারেন্সের আয়োজন করে আসছেন। ইতিমধ্যে গত দুই বছরে দশটি আন্তর্জাতিক কনফারেন্সের আয়োজন করেছে এই সংগঠন।

সর্বশেষ ভারতের রাজস্থানে আন্তর্জাতিক কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। সেখানেও সার্ক জার্নালিস্ট ফোরাম বাংলাদেশ চ্যাপ্টারের এক্সিকিউটিভ মেম্বার ও ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাবেক সভাপতি রফিকুল ইসলাম আজাদের নেতৃত্বে বাংলাদেশের সাংবাদিক প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

## লন্ডনে প্রেস সচিব শফিক নাজেহাল

১ পৃষ্ঠার পর

যুক্তরাজ্য আওয়ামী লীগের নেতা ও কর্মীরা লন্ডনের ১০ ডাউনিং স্ট্রিটের সামনে দাঁড়িয়ে শফিককে লক্ষ্য করে অকথ্য ভাষায় গালাগাল করে। অশ্লীল ভাষায় শফিকুল আলমকে টার্গেট করে গালি দেয়ার পর তিনি মাঝেমধ্যে উত্তেজিত আওয়ামী লীগ কর্মীদের দিকে তাকিয়ে আবার হেঁটে চলে যান। এমন ভিডিও সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়ে যায়। তারা প্রেস সচিবকে লক্ষ্য করে 'গণশত্রু' বলে চিৎকার করতে থাকেন। কেউ কেউ আবার 'ডাস্টবিন শফিক' বলেও চেঁচামেচি করেন। এ সময় হাতে হাতে প্লাস্টিকের ডাস্টবিনে শফিকের ছবি লাগানো ছিল। এমন ডাস্টবিন হাতে নিয়ে তাতে ময়লা সংগ্রহ করতে দেখা যায়। লন্ডন পুলিশের সামনেই এসব ঘটনা চলমান থাকলেও তাতে কেউই বাধা দিতে আসেনি। ফলে লন্ডনের রাজপথে সাধারণ মানুষ গলা উঁচিয়ে প্রেস সচিবকে লক্ষ্য করে গালি দিয়েছেন। আর এসব ঘটনা উপস্থিত অনেকেই সামাজিক যোগাযোগ মাধ্যমে লাইভ প্রচার করেছে। শফিকুল আলম বর্তমানে প্রধান উপদেষ্টার সফরসঙ্গী হিসাবে যুক্তরাজ্য সফরে রয়েছেন। তিনি এক সংবাদ সম্মেলনে ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার কানাডায় আছেন বলে মন্তব্য করেও বিব্রতকর অবস্থায় পড়েন। কারণ ওই সময়ে প্রধানমন্ত্রী স্টারমার যুক্তরাজ্যেই অবস্থান করছিলেন।

## তারেকের দেশে ফেরা নিয়ে বাধা নেই: স্বরাষ্ট্র উপদেষ্টা

৩৪ পৃষ্ঠার পর

ফিরবেন। গতকাল সকালে গাজীপুরের সালনা হাইওয়ে থানা ও ব্যারাক পরিদর্শন করে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

জাহাঙ্গীর আলম বলেন, ভারত থেকে যাদের পুশইন করা হচ্ছে তারা প্রোপার চ্যানেলে আসছে না। অমানবিকভাবে তাদের বাংলাদেশের ঢোকানো হচ্ছে। আমাদের বাংলাদেশি নাগরিক যারা তাদের (ভারত) দেশে আছে, তাদের আমরা অবশ্যই নেবো। এজন্য তাদের প্রোপার চ্যানেলে আনতে হবে। কিন্তু তারা সেটি ফলো না করে জঙ্গলে, রাস্তায় এটা করে যা করছে তা অমানবিক। বিষয়টি আমরা হাইকমিশনারকে জানিয়েছি, আমাদের পররাষ্ট্র উপদেষ্টা কথা বলেছেন। এ সময় ভারতসহ বাইরের দেশ থেকে আগতদের মাধ্যমে কোভিড মহামারি ঠেকাতে বিমানবন্দরসহ বিভিন্নস্থানে সচেতনতা বাড়াতে উদ্যোগ নেয়া হয়েছে বলে জানিয়েছেন উপদেষ্টা।

এ সময় স্বরাষ্ট্র উপদেষ্টার সঙ্গে গাজীপুর মহানগর পুলিশ কমিশনার ড. নাজমুল করিম খান, হাইওয়ে পুলিশের ডিআইজি শফিকুল ইসলাম, পুলিশ সুপার ড. চৌধুরী মো. যাবের সাদেক, হাইওয়ে পুলিশের গাজীপুর অঞ্চলের এসপি মো. আখতারুজ্জামান বাবু মিয়া, হাইওয়ে পুলিশের গাজীপুর অঞ্চলের সহকারী পুলিশ সুপার মো. জিয়া উদ্দিন খান, সালনা হাইওয়ে ওসি মো. আক্তারুজ্জামান প্রমুখ উপস্থিত ছিলেন। পরে তিনি বিজিবি'র গাজীপুর ব্যাটালিয়ন কার্যালয় ও শ্রীপুরে অবস্থিত বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট পরিদর্শন করেন।

## নির্বাচন ও নিরাপদ বিদায় প্রাধান্য !

১ পৃষ্ঠার পর

লন্ডনে দেখা গেলো দ্বিপক্ষীয় বৈঠকের অনেক বৈশিষ্ট্যই অনুপস্থিত। প্রধান উপদেষ্টাকে স্বাগত জানাতে ব্রিটিশ সরকারের কেউই এয়ারপোর্টে গেলেন না। দ্বিপক্ষীয় সফরে সমকক্ষের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক হওয়া স্বাভাবিক হলেও ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমারের সঙ্গে কোনও বৈঠক কিংবা সাক্ষাৎ পাওয়া গেল না। তবে সফরের উত্তেজনার পারদ উঁচু হয় ইউনূসের সঙ্গে তারেক রহমানের বৈঠক ঘিরে। টিউলিপ সিদ্দিক প্রধান উপদেষ্টাকে চিঠি দিয়ে আলোচনার জন্য সময় চেয়েও পাননি। ফলে দ্বিপক্ষীয় বৈশিষ্ট্যমন্ডিত না হলেও বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনীতি নিয়ে লন্ডন এক গুরুত্বপূর্ণ লড়াইয়ের ক্ষেত্রে পরিণত হয়। ইউনূসের লন্ডন মিশন তাই নাটকীয়, উত্তেজনাপূর্ণ এবং রহস্যঘেরা এক সফর হিসাবেই পরিলক্ষিত হয়ে থাকছে। যদিও এই রহস্যের পুরোটাই এখনও দৃশ্যপটে আসেনি। বিশেষ করে ইউনূস-তারেকের একান্ত বৈঠকে কী আলোচনা হয়েছে তার পর্দা কোনও দিন উন্মোচিত হবে কিনা কেউ তা জানে না। রাজনীতিতে এমন ঘটনা অনেক কৌতূহলের জন্ম দিলো। উদ্ভূত পরিস্থিতিতে বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি দ্রুত পাল্টে যাচ্ছে। অনেকটা চাপের মুখে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ঈদের আগের রাতে নির্বাচনের সময়সীমা ঘোষণা করলেন। জাতির উদ্দেশে দেয়া ভাষণে তিনি এপ্রিলের প্রথমার্ধে জাতীয় নির্বাচন হবে বলে ঘোষণা করেন। তিনি বলেন, নির্বাচন কমিশন ভোটের রোডম্যাপ প্রণয়ন করবে। ঈদের পরই শুরু হয়ে গেছে ইউনূসের ঘটনাবহুল আলোচিত যুক্তরাজ্য সফর। ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমারের সঙ্গে ইউনূসের বৈঠক না হওয়ায় তার সফর একটা ধাক্কা খেয়েছে। তবে উত্তেজনাপূর্ণ, কৌতূহল উদ্দীপক ইউনূস-তারেক বৈঠক হয়ে ওঠে শোস্টপার। সরকারের উদ্যোগে অনুষ্ঠিত বৈঠকের আগেই ইউনূস ও তার সমর্থনপুষ্ট এনসিপি'র বিরুদ্ধে বক্তব্য না রাখতে বিএনপি নেতা-কর্মীদের নির্দেশনা দিয়েছেন। তবে ডিসেম্বরে নির্বাচনের দাবি জোরালো করার নির্দেশনাও তারেক রহমান দিয়ে রেখেছেন। ভোটের সময়সীমা নিয়ে কিছুটা মতভেদ থাকলেও নির্বাচনের আবহ দেশে শুরু হয়েছে। কোরবানির ঈদে বিএনপি'র রাজনৈতিক নেতারা নির্বাচনী এলাকায় গেছেন। গোটা রাজনৈতিক পরিস্থিতি এখন পুরোপুরি বিএনপি'র নিয়ন্ত্রণে চলে এসেছে।

মুহাম্মদ ইউনূসের যুক্তরাজ্য সফর নানা কারণে আলোচিত। বৈঠকের আগে লন্ডনের একটি পার্কে ইউনূসকে পাঁচ বছরের জন্য চাই নামের জমায়েত করে জামায়াতে ইসলামীর সমর্থকরা বৈঠকের ওপর ইউনূসের পক্ষে চাপ সৃষ্টি করেছে। অপরদিকে, বৈঠক উপলক্ষ্যে তারেক রহমানকে ইনপুট দিতে আমির খসরু মাহমুদ চৌধুরী লন্ডন উড়ে গেছেন।

লন্ডন বৈঠক বাংলাদেশের রাজনীতির জন্য বিরাট এক আলোচ্য বিষয়। বিএনপি'র সঙ্গে অন্তর্বর্তী সরকারের মত পার্থক্য দূর করতে কোনও উপদেষ্টাকে না পাঠিয়ে প্রধান উপদেষ্টা ইউনূস নিজেই উড়ে গেছেন লন্ডন। বিষয়টির অনেক কিছুই গোপনীয় রাখাই লক্ষ্য। অনেক আলোচনা প্রথাগত রাজনীতি ব্যাকরণের বাইরেও হওয়া স্বাভাবিক। বিশেষ করে এক্সিট প্ল্যানে অন্তর্বর্তী সরকারের অনেক কর্মকাণ্ডকে দায়মুক্তির মধ্যে রাখা গুরুত্বপূর্ণ। যদিও ইউনূস ঘোষণা করেছেন যে, পরবর্তী সরকারে তিনি থাকবেন না। তদুপরি তার প্রতিষ্ঠান গ্রামীণ ব্যাংকসহ গ্রামীণ নামের বিভিন্ন প্রতিষ্ঠানের ভবিষ্যৎ সুরক্ষিত রাখা পরবর্তী প্রধানমন্ত্রীর হাতেই সম্ভব।

আওয়ামী লীগের কর্মকাণ্ড নিষিদ্ধ থাকায় আসন্ন নির্বাচনে দলটির অংশগ্রহণ অনিশ্চিত। ফলে বিএনপি ক্ষমতায় যাচ্ছে। তারেক রহমানই পরবর্তী প্রধানমন্ত্রী হচ্ছেন। বাংলাদেশের জনগণ তারেক রহমানের দেশ পরিচালনা এখনও দেখেনি। বিশেষ করে নতুন প্রজন্ম হামেশা গতানুগতিক রাজনীতি থেকে বেরিয়ে আসতে চায়। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে তারেক রহমানের আলোচনা নিয়ে জামায়াতে ইসলামীর মধ্যে বেশ আলোড়ন হচ্ছে। এই বৈঠকের কোনও ফলাফলই জামায়াতে ইসলামী জানতে পারছে না। বৈঠকের বিষয়বস্তু সম্পর্কে আঁচ করতে জামায়াতের আইনজীবী শিশির মনিরসহ গুরুত্বপূর্ণ অনেককে লন্ডন পাঠিয়েছে দলটি। বৈঠকে গুরুত্বপূর্ণ সংস্কার, গণহত্যাসহ অপরাধীদের বিচার, জুলাই সনদসহ নানা ইস্যু আলোচনায় ঠাঁই পেয়েছে বলে ধারণা করা হয়েছে। বেশিরভাগ রাজনৈতিক দল এবং ব্যবসায়ী সম্প্রদায়ের ব্যক্তিবর্গ লন্ডন বৈঠককে রাজনৈতিক সংকট নিরসনের পথ বলে মনে করছে। যদিও একটি অন্তর্ভুক্তিমূলক নির্বাচন করার পথে বৈঠকটি কী অবদান রাখে সেটা আগামী দিনে বোঝা যাবে।


পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক

Bangladeshi Foot Specialist

Dr. Sadi Alam



পায়ের কোন সমস্যায় ভুগছেন ?

নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন

ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।

We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.

Our Office Locations

01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Phone: 347-509-4470, Fax: (646) 845-1861

আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।

Call for Appointment



CHAUDRI CPA P.C.

FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

Sarwar Chaudri, CPA, MBA



ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল

আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ

AUTHORIZED IRS e-file PROVIDER

tax refund

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

Finance, Accounting, Tax Filing, Audit & Consulting
(Business & Not for Profit)

JACKSON HEIGHT OFFICE:
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

BRONX OFFICE:
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

KARNAFULLY TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# আওয়ামী লীগকে বাতিল করার এখতিয়ার ইউনূসের নেই : হাসিনা

৬৪ পৃষ্ঠার পর

চৌধুরীর সঞ্চালনায় সম্মেলনে বিশেষ অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান, সহ-সভাপতি ডা. মাসুদুল হাসান, সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ, উপদেষ্টা জয়নাল আবেদীন, নিউইয়র্ক স্টেট আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মিঞা ও সাধারণ সম্পাদক শাহীন আজমল, যুগ্ম সম্পাদক হেলিম উদ্দিন, উপদেষ্টা এমদাদ ভূঁইয়া, মো. সিরাজ উদ্দিন, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক মিনহাজ আহমেদ, ফরিদ আলম, দুরুদ মিয়া রনেল, শাহানারা বেগম, সাখাওয়াত হোসেন চঞ্চল, সাংবাদিক শাবান মাহমুদ, এম উদ্দিন আলমগীর, নুরুল ইসলাম, নুরুল আকবর সাগু, আব্দুল মুহিত, মোশাহিদ চৌধুরী, ইসমত খোকন, সহ-সভাপতি মামুন সিরাজী, শামসুল আরেফিন, এস. আমিন, বাবুল আহমেদ, সারওয়ার হোসেন, শাহ সেলিম, দুলাল বিল্লাহ, মাহবুবুল হক, শেখ শফিকুর রহমান, জালিস ফাতেমা, নুরুল করিম জুয়েল, সুমন মাহমুদ, শাহ চিশতি, তানভীর কাওছার, সৈয়দ কিবরিয়া জামান, আজহার চৌধুরী।

অনুষ্ঠানে পবিত্র কোরআন তেলাওয়াত করেন খান শওকত। এরপর বাংলাদেশ ও আমেরিকার জাতীয় সঙ্গীতের মাধ্যমে শুরু হয় মূল আনুষ্ঠানিকতা। বিশেষ অতিথিরা বেলুন উড়িয়ে দ্বি-বার্ষিক সম্মেলন ২০২৫ উদ্বোধন করেন এবং এরপর সকল শহীদদের স্মরণে দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়।

সভায় শুভেচ্ছা বক্তব্য দেন আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ, স্বেচ্ছাসেবক লীগের নেতৃবৃন্দ। সংক্ষিপ্ত বক্তব্য দেন আজহার চৌধুরী, ছাত্রলীগ নেতা স্বদেশ মিয়া, আবু কাউসার, জুনায়েদ আহমেদ, কামরুল হাসান, ইসহাক মোল্লা প্রমুখ।

বক্তব্য পর্ব শেষে নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরী আগামী তিন বছরের জন্য কুইন্স বরো আওয়ামী লীগের নবনির্বাচিত নতুন কমিটির নাম ঘোষণা করেন। এতে সভাপতি হিসেবে মো. সাইফুল হক এবং সাধারণ সম্পাদক শাহীদুর রহমান নির্বাচিত হন।

# ইরানের পারমাণবিক কেন্দ্রে ইসরাইলের হামলা

৬৪ পৃষ্ঠার পর

হয়েছে। এই হামলা চলমান থাকবে। তবে হামলায় কি ধরনের ক্ষতি এবং প্রাণী হয়েছে তা জানা সম্ভব হয়নি। বিবিসি, নিউ ইয়র্ক পোস্ট, নিউ ইয়র্ক টাইমসসহ বিশ্বের প্রভাবশালী সংবাদ মাধ্যমগুলো এমন খবর দিয়েছে।

আল-জাজিরার প্রতিবেদনের তথ্য, তেহরানের উত্তর-পূর্বাঞ্চলে বিস্ফোরণের শব্দ শোনা গেছে। তবে প্রাথমিকভাবে হতাহত ও ক্ষয়ক্ষতির কোনো খবর পাওয়া যায়নি।



ইরানের সংবাদমাধ্যমগুলো বলছে, তেহরানজুড়ে ৬ থেকে ৯টি বিস্ফোরণের শব্দ শোনা গেছে। হামলা হয়েছে আবাসিক ভবনেও। এ বিষয়ে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও বলেছেন, ইরানে ইসরায়েলি বাহিনীর হামলার সঙ্গে যুক্তরাষ্ট্র সম্পৃক্ত নয়। ওয়াশিংটনের সর্বোচ্চ অগ্রাধিকার হলো ওই অঞ্চলে মার্কিন বাহিনীর সুরক্ষা নিশ্চিত করা।

মধ্যপ্রাচ্যজুড়ে নতুন করে যুদ্ধের দামামা : ইসরাইলের এই হামলার পর পুরো মধ্যপ্রাচ্যজুড়ে নতুন করে যুদ্ধের দামামা বেজে ওঠা এখন সময়ের ব্যাপার মাত্র। ইসরাইল ইরানকে এখনই পরাজিত করতে চায় এমনটাই সে তার মিত্রদের জানিয়েছে। পত্রিকায় প্রকাশিত এই রিপোর্টের পর যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় কূটনৈতিক মহলে গভীর উদ্বেগ ছড়িয়ে পড়েছে। আগেই বলা হয়েছে, ইরাকে যুক্তরাষ্ট্রের সেনা সদস্যসহ কর্মকর্তা, কর্মচারীদের প্রত্যাহার করে নেয়া শুরু করেছে যুক্তরাষ্ট্র। যদি ইরানে হামলা চালানো হয়, তাহলে ইরানও পাল্টা হিসেবে ইরাকে যুক্তরাষ্ট্রের স্থাপনাগুলোকে টার্গেট করতে পারে। এর ফলে পুরো মধ্যপ্রাচ্য তথা বিশ্ব পরিস্থিতি বদলে যেতে পারে বলে ধারণা করা হচ্ছে। তাতে তেলের বাজার দর অনেক বেড়ে যেতে পারে।

খবরে বলা হয়েছে, ইরানে ইসরাইলের সম্ভাব্য সামরিক হামলার খবরে যুক্তরাষ্ট্র আংশিক পদক্ষেপ হিসেবে তাদের সদস্যদের ইরাক থেকে সরিয়ে নিচ্ছে। ইরাক থেকে মার্কিন কূটনীতিকদের আংশিক সরিয়ে নেওয়া শুরু হয়েছে। এছাড়া মধ্যপ্রাচ্যের বিস্তৃত অঞ্চলজুড়ে অবস্থানরত মার্কিন সামরিক সদস্যদের পরিবারের স্বেচ্ছা প্রস্থানের অনুমতি দেওয়া হয়েছে।

নিউ ইয়র্ক টাইমস জানিয়েছে, ইসরাইলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু কয়েক মাস ধরেই প্রেসিডেন্ট ট্রাম্পের ওপর চাপ দিচ্ছিলেন যেন ইরানের বিরুদ্ধে সামরিক পদক্ষেপ নেওয়া হয়। তার মতে, এটি একটি 'কৌশলগত সুযোগের সময়', যখন ইরান রাজনৈতিক ও অর্থনৈতিকভাবে দুর্বল অবস্থানে রয়েছে। ইসরাইলের সম্ভাব্য হামলার ধরণ, সময় বা পরিসর এখনও নিশ্চিতভাবে জানা যায়নি। তবে সংশ্লিষ্ট সূত্রগুলো বলছে, সামরিক প্রস্তুতি দ্রুতগতিতে এগোচ্ছে। ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে আলোচনার ষষ্ঠ দফা বৈঠক আগামী রোববার ওমানে হওয়ার কথা থাকলেও, ইসরাইলি হামলার আশঙ্কা এই আলোচনা ব্যাহত হবার উপক্রম হয়েছে। ইরানের পক্ষ থেকে আগেই জানানো হয়েছে, আক্রমণের মুখে তারা যুক্তরাষ্ট্র ও তার সামরিক ঘাঁটিগুলোর বিরুদ্ধে পাল্টা ব্যবস্থা নিতে প্রস্তুত। বিশ্লেষকরা মনে করছেন, ইসরাইলের এই পদক্ষেপ যদি বাস্তবায়িত হয়, তবে লেবানন, সিরিয়া ও ইয়েমেনসহ আশপাশের অঞ্চলগুলোতেও সংঘাত ব্যাপকভাবে ছড়িয়ে পড়তে পারে।






# টিউলিপের সাথে দেখা নয়

১ পৃষ্ঠার পর

অভিযোগগুলি 'আদালতের বিষয়' এবং তিনি জানান বাংলাদেশের দুর্নীতি দমন কমিশনের (দুদক) উপর তার আস্থা আছে, যা সিদ্দিকের বিষয়ে তদন্ত করছে।

সিদ্দিকের বিরুদ্ধে তার খালা বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার শাসনামলে অবৈধভাবে জমি গ্রহণের অভিযোগ আনে দুদক।

লন্ডনে সাবেক ট্রেজারি মিনিস্টার সিদ্দিক এসব অভিযোগ অস্বীকার করেছেন এবং বাংলাদেশি কর্তৃপক্ষের বিরুদ্ধে 'রাজনৈতিকভাবে উদ্দেশ্যপ্রণোদিত অপপ্রচার' চালানোর অভিযোগ করেছেন।

একটি চিঠিতে সিদ্দিক ইউনূসের সঙ্গে সাক্ষাতের অনুরোধ করেন। তিনি উল্লেখ করেন এই সাক্ষাৎ 'ঢাকায় দুর্নীতি দমন কমিশনের মাধ্যমে তৈরি হওয়া ভুল বোঝাবুঝি পরিষ্কার করতেও সহায়ক হতে পারে।'

# রাজস্ব আয়ের বড় স্বপ্ন: বাস্তবায়নে হোঁচটের শঙ্কা!

৬ পৃষ্ঠার পর

ভবিষ্যতের পথ : অন্তর্বর্তী সরকারের অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ এবারের বাজেটের তিন-চতুর্থাংশ রাজস্ব হিসেবে আহরণ করার যে পরিকল্পনা নিয়েছেন, তা বাস্তবায়নের জন্য দরকার প্রশাসনিক স্থিতিশীলতা, করজাল সম্প্রসারণে প্রকৃত উদ্যোগ, এবং বিনিয়োগবান্ধব পরিবেশ।

এলডিসি উত্তরণ, আন্তর্জাতিক বাণিজ্যে শুল্ক বাড়ার ঝুঁকি, অভ্যন্তরীণ রাজস্ব ঘাটতি-সব মিলে সামনের সময়টা চ্যালেঞ্জিং। সরকারকে তাই রাজস্ব ব্যবস্থায় কাঠামোগত সংস্কার, মধ্যবিত্ত ও দরিদ্রদের স্বস্তি দেওয়া, এবং উন্নয়ন ব্যয়ের জন্য টেকসই উৎস নিশ্চিত করা প্রয়োজন।

লেখক : মো. কামরুজ্জামান।

*বিশেষ প্রতিনিধি, নিউজ টোয়েন্টিফোর টেলিভিশন ও অর্থনীতি বিষয়ক সাংবাদিক, বিশ্লেষক।*

# ফেডারেল সহায়তা পাচ্ছেন না ছাত্ররা



৬৪ পৃষ্ঠার পর

তবে তারা কে কতখানি এইড পাবেন, আগের চেয়ে অর্থ কমে যাবে কি না, এসব নানা কারণে কেউ কেউ চিন্তিত। তারা নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করছেন কবে তারা এইড প্যাকেজ পাবেন। কলেজগুলো স্টুডেন্টদের বলছে, তারা জুন মাসের দিকে এইড প্যাকেজ পাবে। এখন জুন মাস চলছে। এখনো প্যাকেজ না পাওয়ায় কোনো কোনো হতাশ। তাদের এখন অপেক্ষা করা ছাড়া উপায় নেই। যারা পুরোনো স্টুডেন্ট, তাদের এইড প্যাকেজের তেমন পরিবর্তন হয়তো হবে না, ফলে তারা কিছুটা হলেও সেফ জোনে আছেন। কিন্তু যারা ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে কলেজ বা বিশ্ববিদ্যালয়ে নতুন স্টুডেন্ট হিসেবে ভর্তি হতে যাচ্ছেন, তারা রয়েছেন দুশ্চিন্তায়। কারণ তারা বিভিন্ন কলেজ থেকে এইড প্যাকেজ পাওয়ার পর সিদ্ধান্ত নেবেন, তারা কোন কলেজ বা বিশ্ববিদ্যালয়ে পড়তে যাবেন। তাদের পছন্দের বিষয় ও পড়ালেখার খরচ কত লাগবে এবং কত এইড হিসেবে পাবেন, সেই সঙ্গে কতটুকু তার পরিবারকে বহন করতে হবে, এসব জানতে হচ্ছে। যারা ফুল স্কলারশিপ পেয়েছেন, তারা অনেকেই তার শিক্ষাপ্রতিষ্ঠানে যাওয়ার বিষয়টি চূড়ান্ত করে ফেলেছেন। কিন্তু যারা নিড বেইজড এইডের ওপর নির্ভরশীল, তারা ফাফসা থেকে কত ডলার পাবেন, কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলো যাচাই-বাছাই করে এইড প্যাকেজ দেবে। এরপর তারা বিবেচনা করবেন কোন শিক্ষাপ্রতিষ্ঠানে যাবেন।

একাধিক সূত্রে জানা গেছে, স্টুডেন্টদের অনেকেই যেমন চিন্তায় রয়েছেন, তেমনি তাদের পরিবারও চিন্তায় রয়েছে। কারণ ভালো ও নামীদামি প্রাইভেট শিক্ষাপ্রতিষ্ঠান হলে সেখানে খরচ অনেক বেশি। এই খরচ সবার পক্ষে বহন করা সম্ভব হয় না। ফলে অনেককে অন্য শিক্ষাপ্রতিষ্ঠান বেছে নিতে হয়।

এদিকে যারা ২০২৫-২৬ শিক্ষাবর্ষের জন্য এখনো ফাফসা ফর্ম পূরণ করেননি, তারা ফাফসা ফর্ম পূরণ করতে পারবেন। যাদের ফাফসার অ্যাকাউন্ট নেই, তাদেরকে নতুন করে ফাফসার অ্যাকাউন্ট তৈরি করতে হবে। যাদের আগের অ্যাকাউন্ট আছে, তাদেরকে লগইন করে ফর্ম পূরণ করতে পারবেন। যে স্টুডেন্ট যে স্টেটে থাকেন, তিনি সেই স্টেটে ফাফসা ফর্ম পূরণ করে নির্দিষ্ট সময়সীমার মধ্যে জমা দেবেন।

# শাহানা চ্যালেঞ্জের মুখোমুখি

১ পৃষ্ঠার পর

হিল, বোয়েরাম হিল এবং কলম্বিয়া ওয়াটারফ্রন্টের কিছু অংশ নিয়ে গঠিত। বহু জাতি, ধর্ম ও বর্ণের মানুষের বসবাস এলাকায়। ২০২১ সালে সিটি কাউন্সিলের নির্বাচনে প্রথম মুসলিম মহিলা ও প্রথম বাংলাদেশি আমেরিকান এ আসন থেকে নির্বাচিত হন। নির্বাচিত শাহানা হানিফ যুক্তরাষ্ট্রে স্থান করে নেন সম্ভাবনাময় ১০০ নারীর তালিকায়।

আগামী ২৪ জুন নির্বাচনে বিপুল জনপ্রিয় শাহানা হানিফ বড় ধরনের চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছেন। ডেমোক্র্যাটিক প্রাইমারীর এ নির্বাচনে তিনি নিজ দলীয় মায়া কার্নবার্গের মুখোমুখি। এতে যিনি জিতবেন তাকে নভেম্বরের নির্বাচনে রিপাবলিকান প্রার্থীর বিরুদ্ধে লড়তে হবে। ডিস্ট্রিক্ট ৩৯ এ প্রতি ৫ জনে ৪ জনই রেজিস্টার্ড ডেমোক্র্যাট। তাই ধরেই নেয়া হয়, ডেমোক্র্যাটিক প্রাইমারিতে যিনি বিজয়ী হবেন তিনিই হবেন সিটি কাউন্সিলম্যান/সিটি কাউন্সিলওম্যান। ২০২১ সালের নির্বাচনে শাহানা হানিফ তার প্রতিদ্বন্দ্বি ব্রান্ডন ওয়েস্টের সাথে লড়াই করে শতকরা ৩২ ভাগ ভোট পান। ওয়েস্ট পান শতকরা ২৩ ভাগ।

এবারের নির্বাচনে শাহানার প্রধান প্রতিদ্বন্দ্বি মায়া কার্নবার্গ। নিউইয়র্ক বিশ্ববিদ্যালয়ের রিসার্চ ফেলো। আমেরিকান জুইস মায়া ধর্মীয় কার্ডকে এ নির্বাচনে ব্যবহারের চেষ্টা করছেন। ইতিমধ্যে ৬৩ হাজার ডলারের নির্বাচনী তহবিল সংগ্রহ করেছেন। বিপরীতে শাহানার সংগ্রহ ৬৮ হাজার।

ব্রুকলিন কলেজ গ্রাজুয়েট শাহানা হানিফের বেড়ে ওঠা ব্রুকলিনের কেনসিংটন এলাকায়। রাজনৈতিক পরিবারে জন্ম নেয়া শাহানা ছোটকাল থেকেই সামাজিক কর্মকাণ্ডে জড়িত। এশিয়ান অ্যালেন্সের অন্যতম সংগঠক তিনি। প্রোগ্রেসিভ ককাসের কো চেয়ার। কংগ্রেসওম্যান আলেকজান্দ্রা ওকাশিও, সিটি মেয়র প্রার্থী জোহরান মামদানি ও ব্রাড লান্ডার তাকে সমর্থন দিয়েছেন। বেশ কিছু রিয়েল্টির তাকে এনডর্স করেছেন। শাহানা এফোর্ডেবল হাউজিং এর পক্ষে। উবার, লিফট ও ফুড ডেলিভারিম্যানদের অধিকার রক্ষায় তিনি গত ৪টি বছর কাজ করেছেন। মায়াকে সমর্থন দিয়েছে ইন্ডিপেন্ডেন্ট নেবারহুড ডেমোক্র্যাটস,সেন্ট্রাল ব্রুকলিন ইন্ডিপেন্ডেন্ট ডেমোক্র্যাটস ও সলিডারিটি প্যাক।

আমেরিকান অনলাইন পত্রিকা 'পলিটিক্সএনওয়াই' সিটি কাউন্সিল নির্বাচনে সবচেয়ে ক্লোজ প্রতিদ্বন্দ্বিতার আসন হিসেবে চিহ্নিত করেছে। নিউজ ১২ লিখেছে, নেক টু নেক কন্টেস্ট। নিউইয়র্ক পোস্ট তাকে এন্টি ইজরাইলী হিসেবে চিহ্নিত করে মায়ার পক্ষে সাফাই গাচ্ছে।

বাংলাদেশি কমিউনিটি সহ এশিয়ানরা শাহানার পক্ষে একাট্টা। জুইস কমিউনিটির মধ্যেও তার ব্যাপক সমর্থন রয়েছে। গত ৪ বছরে শাহানার সাথে সাধারন মানুষের দুরত্ব সৃষ্টিরও অভিযোগ করেছেন কয়েকজন বাংলাদেশি। বিশেষ করে বাংলাদেশি মিডিয়াকে আমলে না নেয়ার অভিযোগ তুলেছেন । এরপর বাংলাদেশি বংশোদ্ভূত হবার কারনে সবাই তাকে নিশর্ত সমর্থন দিয়ে যাচ্ছে। বাপ ও ড্রাম তাকে আনুষ্ঠানিকভাবে এন্ডর্স করেছে।

'অর্থ বনাম গণতন্ত্র': হানিফ এবং সমর্থকরা উবারকে নির্বাচনী হস্তক্ষেপের অভিযোগ করেছেন। রাইডশেয়ার চালক, ডেলিভারি কর্মী,শ্রমিক এবং স্থানীয় ডেমোক্র্যাটরা ২৮ মে কেনসিংটনে সিটি কাউন্সিল সদস্য শাহানা হানিফের সাথে সমাবেশ করেছিলেন। শাহানা হানিফ সেখানে উবারকে ২৪ জুনের ডেমোক্র্যাটিক প্রাইমারিতে হস্তক্ষেপের অভিযোগ করেন।

২৮ মে প্রকাশিত প্রচারণার ফাইলিং এর তথ্যানুসারে উবার হানিফের প্রতিপক্ষ নিউইয়র্ক ইউনিভারসিটির ব্রেনান সেন্টারের সিনিয়র রিসার্চ ফেলো মায়া কর্নবার্গকে সমর্থন করে মেইল এবং ডিজিটাল বিজ্ঞাপনে ১ লাখ ২৯ হাজার ডলারের বেশি ব্যয় করেছে। শাহানার সমর্থকদের অভিযোগ, এই খরচ কোম্পানির স্বাধীন ব্যয় কমিটি, উবার এনওয়াই পিএসি-এর মাধ্যমে করা হয়েছে। যা কোন প্রার্থীর তহবিল সংগ্রহের সীমার অধীন নয় এবং প্রচারণার সাথে সমন্বয় করতে পারে না।

২৪ জুন নির্বাচন। ১৪ থেকে ২২ জুন পর্যন্ত আগাম ভোট দেয়া যাবে।

# যুক্তরাষ্ট্রে ঈদুল আযহা পালিত

৬৪ পৃষ্ঠার পর

ইলিনয় প্রভৃতি স্টেটে তিন সহস্রাধিক মসজিদের উদ্যোগে ঈদ জামাতের পরই মুসল্লিরা পশু কুরবানী করেন। প্রেসিডেন্ট ট্রাম্পের অভিবাসন বিরোধী ও মুসলিম বিদ্বেষী নানা পদক্ষেপ এবং যুদ্ধজনিত কারণে নিত্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রির মূল্য নাগালের বাইরে চলে যাওয়ায় এক ধরনের হতাশা আর অস্বস্তির মধ্যে ঈদ উদযাপন করছেন প্রবাসীরা। তবে যে কোন সময়ের তুলনায় এবারের ঈদ জামাতে নতুন প্রজন্মের উপস্থিতি ছিল অনেক বেশী।

যুক্তরাষ্ট্রে বাংলাদেশীদের বৃহৎ ঈদ জামাতগুলোর অন্যতম ছিল নিউইয়র্কে জ্যামাইকার টমাস এডিশন হাই স্কুল মাঠে জ্যামাইকা মুসলিম সেন্টারের জামাত। সেখানে নিউইয়র্ক সিটির আসন্ন নির্বাচনে মেয়র পদে ডেমক্র্যাটিক পার্টির মনোনয়নের দৌড়ে এগিয়ে থাকা জোহরান মামদানি বক্তব্য দেন। তিনি ত্যাগের মহিমায় সকলকে ঐক্যবদ্ধ হয়ে সামনের নির্বাচনে নিজেদের পছন্দের প্রার্থীকে বিজয়ের উদাত্ত আহবান জানান এবং বলেন, তাহলেই প্রশাসনিক বৈষম্য দূর হবে, কর্মস্থলে ধর্মীয় বিদ্বেষের যন্ত্রণাও পোহাতে হবে না।

এ সময় নিউইয়র্ক সিটি কাউন্সিলের স্পিকারসহ কয়েকজন কাউন্সিলম্যানও সকলকে ঈদ মুবারক জানিয়ে বক্তব্য দিয়েছেন। শেষে ইমাম শামসী আলীর নেতৃত্বে নামাজ ও দোয়া অনুষ্ঠিত হয়।

কুইন্স, ব্রঙ্কস ও ব্রুকলীনে বৃহৎ ঈদ জামাতের মধ্যে ছিল আল আমান মসজিদ, বায়তুল জান্নাহ মসজিদ, বাংলাদেশ মুসলিম সেন্টার, আল আমিন মসজিদ, পার্কচেস্টার জামে মসজিদের ব্যবস্থাপনায় ঈদ জামাতসমূহ।

এবার খুব কমসংখ্যক প্রবাসী বাংলাদেশে কুরবানীর আয়োজন করেছিলেন বলে জানা গেছে। কম্যুনিটির বিভিন্ন সূত্রে আরো বলা হয়েছে, খামারে গিয়ে পছন্দের গরু-ছাগল ক্রয় করে কুরবানী হয়েছে সহস্রাধিক পশু। এছাড়াও, নিকটস্থ সুপার মার্কেটের মাধ্যমে কুরবানী দিয়েছেন ৫০ হাজারের অধিক প্রবাসী।

এদিকে, ঈদ উপলক্ষে এবার বাংলাদেশী গ্রোসারিসমূহে বিক্রি গত বছরের চেয়ে অনেক কম ছিল বলে ব্যবসায়ীরা উল্লেখ করেছেন।

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR
Photography

শহরের সেরা ফটোগ্রাফার
এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

REAL ESTATE, DIVORCE,
IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা,
ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয়
অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী
বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন

নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি

Hasan Malik, Esq.
718-433-9243

37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372

ATTORNEY ADVERTISING

# Store for Sale / স্টোর বিক্রি হবে

ব্রঙ্কসের জনবহুল এলাকা, সাবওয়ে ও বাস স্টপের কাছে সম্পুর্ন চালু অবস্থায় বাংলাদেশি মালিকানাধীন ব্যক্তিগত অসুবিধার কারনে একটি ডিপার্টমেন্টাল স্টোর জরুরি ভিত্তিতে বিক্রি করা হবে। অথবা ১জন ভালো পার্টনার প্রয়োজন।

* সহনশীল ভাড়া * ইলেক্ট্রিক, ইলেক্ট্রনিক ও ফার্নিচার সহ অন্যান্য সামগ্রি বিক্রি করা যাবে।

ফার্নিচার ডেলিভারির জন্য ১জন ভ্যান ড্রাইভার আবশ্যক

শুধুমাত্র সিরিয়াস ও আগ্রহীরা যোগাযোগ করুন : প্রয়োজনে মেসেজ রাখুন

Cell: 646-404-0921

# রেকর্ড গড়েছে 'তাণ্ডব'

আজকাল বিনোদন




এবারের ঈদে প্রেক্ষাগৃহে মুক্তি পেয়েছে শাকিব খানের 'তাণ্ডব' সিনেমা। রায়হান রাফী পরিচালিত এই সিনেমা মুক্তির প্রথমদিন থেকেই ছুটিয়ে ব্যবসা করছে। সিঙ্গেল স্ক্রিন থেকে মাল্টিপ্লেক্সগুলোতেও দর্শকরা তাণ্ডব দেখতে হুমড়ি খেয়ে পড়ছে। এমন অবস্থায় স্বাভাবিকভাবেই প্রশ্ন ছিল, বিগ বাজেটের এই সিনেমা এখনও পর্যন্ত কত আয় করেছে? বাংলাদেশে যেহেতু কোনো বক্স অফিস কালেকশনের রেকর্ড নেই, সে হিসেবে সিঙ্গেল স্ক্রিন থেকে ঈদে মুক্তির ৪র্থ দিন পর্যন্ত কোন সিনেমা কত টাকা আয় করেছে তা সহজে জানার খুব একটা সুযোগ নেই।

তবে মাল্টিপ্লেক্স থেকে মুক্তির ৩ দিনে শাকিব খানের এই সিনেমা কত আয় করেছে সে বিষয়ে একটা তথ্য পাওয়া যাচ্ছে। ঈদে দেশজুড়ে প্রায় ১৩৩ টি সিনেমা হলে মুক্তি পেয়েছিল শাকিব খানের তাণ্ডব। শুরুর দিন থেকেই অধিকাংশ প্রেক্ষাগৃহে হাউজফুল যাচ্ছে সিনেমাটি। প্রথমদিনে সিনেপ্লেক্সে ২৮টি শো ছিল তাণ্ডবের। যেখান থেকে আয় হয়েছিল ৩৬ লাখ ৭৪ হাজার। এর আগে গত বছর মুক্তিপ্রাপ্ত প্যান ইন্ডিয়া সিনেমা 'দরদ' মুক্তির প্রথম দিনে মাল্টিপ্লেক্স থেকে আয় করেছিল ৩০ লাখ ৬৮ হাজার। সে হিসেবে 'তাণ্ডব' দরদেরও রেকর্ড ছাড়িয়ে যায়।

ঈদের দ্বিতীয় দিনে মাল্টিপ্লেক্সে দ্বিগুণ পরিমাণে বেড়ে যায় তাণ্ডবের শো। আয়টাও বেড়ে হয় প্রায় দ্বিগুন। এদিন স্টার সিনেপ্লেক্স, লায়ন সিনেমাস, গ্র্যান্ড সিলেট মুভি থিয়েটার, মম ইন, গ্র্যান্ড রিভারভিউ সিনেপ্লেক্স, মণিহার সিনেপ্লেক্স, মধুবন সিনেপ্লেক্স, স্বপ্নীল সিনেপ্লেক্স মিলিয়ে তাণ্ডবের মোট শো চলেছে ৮১টি। যেখানে প্রায় ৭৪ লাখ টাকার টিকিট বিক্রি হয়েছে। ফলে ঈদের দুইদিন শেষে 'তাণ্ডব' সিনেমার মোট মাল্টিপ্লেক্স গ্রস কালেকশন ১ কোটি ১০ লাখ টাকা।

ঈদের তৃতীয় দিনেও তাণ্ডব ঝড় অব্যাহত ছিল। এদিন দেশের বিভিন্ন মাল্টিপ্লেক্সে প্রায় ৭৫ লাখ টাকার টিকিট বিক্রি হয়েছে। তিনদিন শেষে 'তাণ্ডব'-এর মোট মাল্টিপ্লেক্স গ্রস কালেকশন দাঁড়ায় ১ কোটি ৮৫ লাখ টাকা। যা চতুর্থ দিনে ২ কোটি ছাড়িয়ে যাবে বলেই অনুমান করা যাচ্ছে।

এছাড়া তাণ্ডব আরও একটি রেকর্ড গড়েছে। স্টার সিনেপ্লেক্সে এখনও পর্যন্ত ৩ দিনে তাণ্ডবের ১০৬টি শো হাউজফুল গেছে। এরপর ৩৬ পৃষ্ঠায়



## কেমন কাটলো তারকাদের ঈদ?

আজকাল বিনোদন

বছর ঘুরে আবারও ফিরে এসেছে পবিত্র ঈদ উল আজহা। ঈদ মানেই আনন্দ। এই আনন্দকে আরও অনেকগুণ বাড়িয়ে দেয় শোবিজ তারকারা। ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে অনুষ্ঠিত হয়ে গেল ঈদুল আজহা। দিনটিকে ঘিরে দেশের শোবিজ তারকারা তাদের ভক্তদের প্রতি শুভেচ্ছা ও ভালোবাসা জানিয়েছেন। প্রতিবারের মতো এবারও ঈদ উদযাপনে অংশ নিয়েছেন তারা, ভিন্ন রূপে ধরা দিয়েছেন নিজেদের। কারও কারও ঈদ কেটেছে এরপর ২৮ পৃষ্ঠায়



## যুক্তরাষ্ট্রে সাধারণ লুকেই নজর কাড়লেন রুনা খান



আজকাল বিনোদন

সাহসী অবতারে ধরা দিতে রুনা খানের জুড়ি নেই। পর্দায় কিংবা বাস্তবে, বরাবরই স্পষ্টবাদী এই অভিনেত্রী। তারকারা যেমন আতশী কাচের মতো, তাদের ধরা যায় না, সাধারণ লুকেও দেখা মেলে না। রুনা খান যেন একটু ব্যতিক্রম। হরহামেশাই নো মেকআপ লুকে ছবি তুলে সেগুলো ভক্তদের সঙ্গে শেয়ার করে নেন তিনি। সম্প্রতি যুক্তরাষ্ট্রের বিখ্যাত হাডসন নদীর তীরে দেখা মিলল অভিনেত্রীর।

সাধারণ লুকেই ধরা দিয়েছেন রুনা খান। তবে অভিনেত্রীর সেই নো মেকআপ লুক দেখেই ঘুম উড়েছে ভক্তদের।

ঈদের আগেই যুক্তরাষ্ট্রে পাড়ি জমিয়েছেন রুনা। সেখানে পরিবার নিয়ে সময় কাটাচ্ছেন অভিনেত্রী। বছরজুড়ে কাজের ব্যস্ততায় ডুবে থাকলেও এখন যেন একটু অবকাশের দেখা মিলেছে।

বুধবার নিজের ফেসবুক প্রোফাইলে একগুচ্ছ এরপর ৫৩ পৃষ্ঠায়




## ভাইরাল ছবি নিয়ে সমু চৌধুরীর প্রতিক্রিয়া

আজকাল বিনোদন

নব্বইয়ের দশকে টেলিভিশন নাটকের পরিচিত মুখ সমু চৌধুরী। সে সময় টিভি নাটকে দর্শক মাতালেও মাঝে অভিমান করে কয়েক বছর অভিনয় থেকে দূরে সরে যান তিনি। প্রায় তিন বছর কাজ কোনো কাজে দেখা যায়নি তাকে। পরে শিল্পী ঐক্য জোটের মাধ্যমে আবারও অভিনয়ে ফিরে আসেন। এরপর থেকেই কাজ করে যাচ্ছেন নিয়মিত। বৃহস্পতিবার দুপুরে হঠাৎ করেই সোশ্যাল মিডিয়ায় এই অভিনেতার বেশ কয়েকটি ছবি ভাইরাল হয়।

ভাইরাল হওয়া ছবিগুলোতে দেখা যায়, ময়মনসিংহের গফরগাঁওয়ে মুখী শাহ মিসকিন মাজারের পাশে, রাস্তার ধারে একটি গাছের নিচে নিঃসঙ্গভাবে শুয়ে আছেন সমু চৌধুরী। এরপর ছবিগুলো দ্রুত ফেসবুকে ছড়িয়ে পড়লে তার অবস্থা দেখে নেটিজেনরা নানা মন্তব্য করতে থাকেন। পরে অভিনেতাকে উদ্ধারে স্থানীয় থানা পুলিশ এগিয়ে আসে।

তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় সমু চৌধুরী বলেন, আমি এখানে এক কাপড়ে এসেছি। কাপড় ধুয়ে দেওয়ার পর, আমার কাছে অন্য কোনো পোশাক ছিল না। তাই আমি গামছা পড়ে বটগাছের নিচে শুয়েছিলাম। উঠে দেখি সারা বাংলাদেশ ভাইরাল।

তিনি আরও বলেন, পুলিশ এসে নিয়ে গেছে, আমাকে নাকি ঢাকায় পাঠাবে। পরে কথা বললাম। এরপর ৫৩ পৃষ্ঠায়

## আহমেদাবাদে ভয়াবহ বিমান বিধ্বস্তে বাকরুদ্ধ বলিউড

আজকাল বিনোদন

ভারতের আহমেদাবাদে ভয়াবহ বিমান দুর্ঘটনায় কেউ বেঁচে নেই বলে ধারণা করছে স্থানীয় পুলিশ। ফরাসি বার্তা সংস্থা এএফপি ও মার্কিন বার্তা সংস্থা অ্যাসোসিয়েটেড প্রেস (এপি)-এর খবরে বলা হয়েছে, আহমেদাবাদ শহরের পুলিশ প্রধান এ কথা জানিয়েছেন।



এমন পরিস্থিতিতে সাধারণ মানুষের পাশাপাশি যেন বাকরুদ্ধ হয়ে পড়েছেন ব্যস্ত বলিউড তারকারাও। খবরটি পাওয়ার পর থেকে ভেঙে পড়েছেন আমির খান। জানিয়েছে তার সহযোগী দল। 'মিস্টার পারফেকশনিস্ট'-এর সহযোগী দলের বিবৃতিতে বৃহস্পতিবার বলা হয়, 'এই দুঃখজনক বিমান দুর্ঘটনার জেরে আমরা ভীষণ ভাবে মর্মাহত। এমন বড় ক্ষতির মুহূর্তে নিহতদের পরিবারের প্রতি আমাদের সমবেদনা রইল।' আমিরের পক্ষে আরও জানানো হয়েছে, 'এই বিধ্বংসী ঘটনায় যে সমস্ত ব্যক্তি ও গোষ্ঠী ক্ষতিগ্রস্ত হয়েছেন তাদের সকলের জন্য আমরা শোকাচ্ছন্ন। ভারতকে শক্ত থাকতে হবে।'

এদিকে বৃহস্পতিবার সন্ধ্যায় একটি অনুষ্ঠানে উপস্থিত থাকার কথা ছিল সালমান খানের। কিন্তু এই বিমান দুর্ঘটনার পরে বাকরুদ্ধ তিনিও। তাই এই অনুষ্ঠান বাতিল করেছেন তিনি। অনুষ্ঠানের আয়োজকদের তরফ থেকে বলা হয়েছে, 'যা ঘটেছে তা অত্যন্ত দুঃখজনক। আমরা এই মুহূর্তে দেশের সঙ্গে রয়েছি।'

বলিউড থেকে রিতেশ দেশমুখ, পরিণীতি চোপড়া, অক্ষয় কুমার, কারিনা কাপুর, সানি দেওল, অনুশকা শর্মা, জাহ্নবী, অনন্যা পান্ডেও ঘটনার পরে শোক প্রকাশ করেছেন। এরপর ৫৩ পৃষ্ঠায়



## গানচিত্রে আবুল হায়াত ও রিচি সোলায়মান



আজকাল বিনোদন

বাবা দিবসের বিশেষ গানচিত্রে হাজির হচ্ছেন অভিনেতা আবুল হায়াত ও অভিনেত্রী রিচি সোলায়মান। এমন কাজে দু'জনে এবারই প্রথম একসঙ্গে। দুই গুণীকে এক করে গানচিত্রটি নির্মাণ করেছেন চয়নিকা চৌধুরী। তার আগে 'বাবা শুনতে কি পাও' শিরোনামের এই বিশেষ গানটি তৈরি করেছেন প্রান্তিক এরপর ৫৩ পৃষ্ঠায়


শুরু হতে যাচ্ছে প্রথমবারে মতো অনলাইন ভিত্তিক মিউজিক্যাল রিয়েলিটি শো
"গোল্ডেন এইজ প্রেজেন্ট ৫২ রাইজিং স্টার ইউ এস এ"
GOLDEN AGE HOME CARE
Licensed Home Health Care Agency
Presents
52 RISING STAR
USA
রেজিস্ট্রশনের জন্য আজই আপনার খালি গলায় গাওয়া যেকোনো একটি বাংলা গান মোবাইলে ভিডিও করে পাঠিয়ে দিন আমাদের কাছে।
বিস্তারিত জানতেঃ
facebook.com/BayannoUSA
অথবা
youtube.com/@bayannousa
রেজিস্ট্রেশনের জন্য যোগাযোগ করুনঃ
০১৮৭৮১৮৪৩০৫ অথবা +১ (৩৪৭) ৫৪৫-৭০৩৯
নিয়মাবলীঃ
১. যেকোনো একটি বাংলা গান খালি গলায় অথবা একটি বাদ্যযন্ত্রের মাধ্যমে মোবাইলে রেকর্ড করতে হবে।
২. ধারনকৃত ভিডিওটি এবং আপনার নাম, মোবাইল নম্বর ও ঠিকানাসহ পাঠিয়ে দিন উপরোক্ত যেকোনো একটি মাধ্যমে।
Title sponsor
GOLDEN AGE HOME CARE
Licensed Home Health Care Agency
Media Partner
News Print Partner
আজকাল
Online Partner
ONLINE
Magazine Partner
LOOK@ME


UB GROUP
US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646-361-0250
Authorized IRS e-file Provider
One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com
Services . Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.


আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড
লোন সহ সকল ব্যাবস্থা করে থাকি।
শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়
Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com


যেসব বিষয়ে পরামর্শ দিই
ASYLUM Cases
Business Immigration/Non-Immigrant Work Visa (H-1B, L1A/L1B, O, P, R-1, TN)
PERM Labor Certification (Employment based Green Card)
Family Petition
Deportation
Cancellation of Removal
Visas for physicians, nurses, extra-ordinary ability cases
Appeals
All other immigration matters
Khagendra Gharti-Chhetry, Esq
Attorney-At-Law
ইমিগ্রেশনসহ যে কোন আইনি সহায়তার জন্য
এ পর্যন্ত আমরা দুই শতাধিক বাংলাদেশীকে
বিভিন্ন ডিটেনশন সেন্টার থেকে মুক্ত করেছি।
এখনো শতাধিক বাংলাদেশী
ডিটেইনির মামলা পরিচালনা করছি।
আপনাদের সুবিধার্থে আমাদের
বাফেলো শাখা থেকেও ইমিগ্রেশন সেবা দিচ্ছে।
বিস্তারিত জানতে যোগাযোগ করুন।
বাফেলো ঠিকানা :
Nasreen K. Ahmed
Chhetry & Associates P.C.
2290 Main Street, Buffalo, NY 14214
Nasreen K. Ahmed
Sr. Legal Consultant
LLM, New York.
Cell: 646-359-3544
Direct: 646-893-6808
nasreenahmed2006@gmail.com
C&A
CHHETRY & ASSOCIATES P.C.
363 7th Avenue, Suite 1500, New York, NY 10001
Phone: 212-947-1079 ext. 116


PEOPLENTECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005
EARN 100K TO 200K PER YEAR
• Selenium Automation Testing
• SQL Server Database Administration
• Business Analyst
PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Washington University of Science and Technology
Authorized Employment Agency by:
NYC Consumer and Worker Protection
Certified Training Institute by:
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us


জ্যামাইকার হিলসাইডে অভিজ্ঞ ও নির্ভুল
ট্যাক্স ফাইলিং প্রতিষ্ঠান
IRS e-file
নুসরাত জেরিন
CALL: 917-436-0954
সর্বোচ্চ ট্যাক্স রিটার্ন
কম সময় এবং নূন্যতম ফি
ট্যাক্স, ইমিগ্রেশন
কন্সালটেশন, নোটারী পাবলিক
নির্ভুল, ঝামেলামুক্ত ও সঠিক ট্যাক্স ফাইলিংসহ
যাবতীয় কাজ এর জন্য যোগাযোগ করুন।
168-47 Hillside Avenue (FL2)
Suite B, Jamaica, NY 11432
718-480-6904, 917-436-0954
Email: globalnusrat@gmail.com

# Clearview Eye Center






## কুইন্সের বহু বছর যাবত চোখের চিকিৎসায় সাফল্য অর্জনকারী ডাক্তার সাজ্জাদ আখতার এর চিকিৎসা নিন

* চোখ আপনার জীবনের অমুল্য সম্পদ
* সময় থাকতে অভিজ্ঞ ডাক্তারের পরামর্শ নিয়ে চোখের সঠিক যত্ন নিন
* আমরা বাংলায় কথা বলি





All kinds of eye's Problems Solved by
**SAJJAD AKHTAR, M.D.**
117-04 Jamaica Ave, Richmond hill, NY 11418
Tel : 718-847-3937

25-19 35th Street, Suite: CFAstoria, NY 11103
Tel : 718-728-3606

We Accept most of Insurances.

---

## Video & Photo PRODUCTION SERVICES

DFC TV DREAM FRAME CREATIVE

- Brand Videos
- Event Coverage
- Product Demos
- Corporate Videos
- Video Editing

সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার? আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!

আমাদের সেবাসমূহ: ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন) কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট লাইভস্ট্রিমিং (Facebook, YouTube) ডকুমেন্টারি

ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও –সবকিছু এক ছাতার নিচে!



Phone (646) 457-6732 (929) 498-0979
Website www.dfcreative.org
Location Jamaica, NY 11432

---

## Zillur Tax Accounting and Insurance

Accounting, Tax Filling, Audit, Insurance and Real State

### Zillur Rahim



IRS Enrolled Agent, MBA
646-322-3254

**Our Services:**

- Personal tax filling
- Business tax filling
- New Business Set-up
- Immigration
- Insurance and all kind of form fill up
- Notary

IRS e-file

We help Buying, Selling and Renting
Zillur Rahim
Exit Realty Prime

88-11A, 169th St. (2nd floor) Jamaica NY-11432
646-322-3254, 718-374-3110
Email : zillurincometaxnyc@gmail.com
Zillurtaxandinsurance.com





# শুভেচ্ছায় সিক্ত শাহনেওয়াজ

৩০ পৃষ্ঠার পর

কখনো হাল ছাড়িনি। এই যাত্রাপথে যদি কোনো ভুল হয়ে থাকে, যদি কাউকে কষ্ট দিয়ে থাকি তাহলে আমি আন্তরিকভাবে ক্ষমা প্রার্থনা করছি। আমার সহধর্মিণী রানো নেওয়াজ সব সময় আমার পাশে ছিলেন। তার সাহস, সহনশীলতা আর ভালোবাসা না থাকলে আমার এই পথচলা আরও কঠিন হতো। আমি সব সময় চেষ্টা করেছি প্রবাসে থেকেও বাংলাদেশের মানুষের জন্য কিছু করার-চাকরির সুযোগ, সহযোগিতা কিংবা কমিউনিটির কল্যাণে কাজ করা।

শাহ নেওয়াজ বলেন, আজ আমি শুধু আমার নিজের জন্য না, আমার দুই সন্তান যেন সৎ, পরিশ্রমী ও মানুষের উপকারে আসে এই প্রার্থনাই করি। তারা যেন সত্যিকারের মানুষ হয়ে বাঙালি কমিউনিটির কল্যাণে অবদান রাখতে পারে এই দোয়া চাই আপনাদের সবার কাছে। তিনি আরও বলেন, আমি স্বপ্ন দেখি, প্রবাসী বাংলাদেশিরা একদিন একটি সুসংগঠিত, শক্তিশালী ও সম্মানজনক কমিউনিটি গড়ে তুলবে। যা দেশের অর্থনীতিকে আরও সমৃদ্ধ করবে।

অলিক রাজ ও বদরুদ্দোজা সাগর অনুষ্ঠানে উপস্থাপনা করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বাংলাদেশ সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি মহিউদ্দিন দেওয়ান, ভাইস প্রেসিডেন্ট কামরুজ্জামান কামরুল, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, সোসাইটির ট্রাস্টি বোর্ডের সদস্য আজহারুল হক মিলন, কাজী আজম, ফখরুল ইসলাম দেলোয়ার ও আজিম উদ্দিন বোরহান, সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম, অ্যাটর্নি মঈন চৌধুরী, এম্পায়ার হোম কেয়ার এর লায়ন নুরুল আজিম, নিউইয়র্ক বাংলাদেশি আমেরিকান লায়ন্স ক্লাবের প্রেসিডেন্ট রকি আমিয়ান ও সেক্রেটারী লায়ন এএকএম রাসেল, সাবেক প্রেসিডেন্ট মোহাম্মদ সাঈদ, লায়ন আহসান হাবীব, এ্যাংকর ট্রাভেলসের সিইও এনএম উদ্দিন পিন্টু, সানমান এক্সপ্রেসের সিইও মামুন রানা তপন, কমিউনিটি ব্যক্তিত্ব জে মোল্লা সানি, রোকন হাকিম, আবু নাসের জোবায়েদ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

মিডিয়া ব্যক্তিত্বের মধ্যে ছিলেন পরিচয় সম্পাদক নাজমুল আহসান, সাপ্তাহিক বাংলাদেশ এর সম্পাদক ডা. ওয়াজেদ এ খান, টাইম টেলিভিশনের সিইও আবু তাহের, জন্মভূমি সম্পাদক রতন তালুকদারসহ অনেকে। অনুষ্ঠানে সাংস্কৃতিক পরিবেশনার মাধ্যমে উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠান শেষ হয়।







































ঈদ উপলক্ষে
10%
DISCOUNT
DUO NEST
REAL ESTATE TUTORING CENTER
নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!
DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি
কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?
দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।
শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।
আমাদের সুযোগ ও সুবিধা
একককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা
Design by: ihopeprint.com, 929-538-7903
CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434
duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us




New York Bangladesh Press Club
নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব
বার্ষিক
বনভোজন
২০২৫
তারিখ: ১৪ জুন, শনিবার
Place: Glen Island Park
Weyman Ave, New Rochelle, NY 10805
Pavilion 2
সম্মানিত সুধী,
নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব আগামী ১৪ জুন ২০২৫ শনিবার সকাল ১০ টায় ওয়েস্টচেস্টারের Glen Island Park-এ বনভোজন এর আয়োজন করেছে।
এ অনুষ্ঠানে আপনি সপরিবারে আমন্ত্রিত।
আমন্ত্রণে
মনোয়ারুল ইসলাম
সভাপতি, ৮৪৫-৩৯২-৮৪১৯
মমিনুল ইসলাম মজুমদার
সাধারণ সম্পাদক, 646-645-6904
শেখ সিরাজুল ইসলাম, আলমগীর হোসেন সরকার, সৈয়দ ইলিয়াস খসরু, রশীদ আহমদ, মাহাথির ফারুকী, রওশন হক, জাহিদ রহমান, আবিদুর রহিম, মুস্তাফিজুর রহমান।
দিনভর এই আয়োজনে থাকছে বাহারী খাবার, খেলাধুলা, র‍্যাফেল ড্র, সাংস্কৃতিক অনুষ্ঠান, আরও অনেক বিনোদন।
www.nybdpressclub.org

# ফিফা র‍্যাঙ্কিংয়ে বড় লাফ বাংলাদেশের

আজকাল স্পোর্টস

বিশ্ব ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা ফিফা নারী ফুটবলের র‍্যাঙ্কিং প্রকাশ করেছে। যেখানে ৫ ধাপ এগিয়েছে বাংলাদেশের মেয়েরা। মার্চে প্রকাশিত র‍্যাঙ্কিংয়ে বাংলাদেশের অবস্থান ছিল ১৩৩। গত ১২ জুন আরও উন্নতি হয়ে তারা ১২৮ নম্বরে উঠেছে। বাংলাদেশ মে মাসে নারী ফিফা উইন্ডোতে জর্ডানে ত্রিদেশীয় সিরিজ খেলেছে। স্বাগতিক জর্ডান ও ইন্দোনেশিয়ার বিপক্ষে ড্র করেছিল লাল-সবুজের প্রতিনিধিরা। যথাক্রমে ৩৯ ও ৫৯ ধাপ এগিয়ে থাকা ইন্দোনেশিয়া ও জর্ডানকে রুখে দেওয়ায় বাংলাদেশের র‍্যাঙ্কিং পয়েন্ট ১০৯২ থেকে বেড়ে ১০৯৯.৩৬ হয়েছে। এতে ৫ ধাপ উন্নতি হয়েছে র‍্যাঙ্কিং টেবিলে।

নারী ফুটবলের পরবর্তী র‍্যাঙ্কিং প্রকাশ হবে আগামী ৭ আগস্ট। এই সময়ের মধ্যে বাংলাদেশ এশিয়ান নারী বাছাই টুর্নামেন্ট খেলবে মিয়ানমারে। স্বাগতিক মিয়ানমার, বাহরাইন ও তুর্কমেনিস্তানের গ্রুপে বাংলাদেশ চ্যাম্পিয়ন হতে পারলে প্রথমবারের মতো এশিয়া কাপ খেলতে পারবে। এশিয়ান নারী বাছাইয়ে বাংলাদেশ ভালো ফলাফল করলে ইতিবাচক প্রভাব পড়বে র‍্যাঙ্কিংয়ে। প্রথমবারের মতো বাংলাদেশের র‍্যাঙ্কিং ১১০০ পয়েন্ট স্পর্শ করার সুযোগ হাতছানি দিচ্ছে।

নারী র‍্যাঙ্কিংয়ে শীর্ষস্থানে রয়েছে যুক্তরাষ্ট্র। এবারের র‍্যাঙ্কিংয়ে সর্বোচ্চ ৭ ধাপ উন্নতি হয়েছে মিশরের। সবচেয়ে বেশি ৫ ধাপ অবনমন সংযুক্ত আরব আমিরাতের। র‍্যাঙ্কিংয়ের শীর্ষ পাঁচে আছে যথাক্রমে যুক্তরাষ্ট্র, স্পেন, জার্মানি, ব্রাজিল ও ইংল্যান্ড।

র‍্যাঙ্কিংয়ের শীর্ষ দশে পাঁচটি পরিবর্তন হয়েছে। চার ধাপ উন্নতি হয়ে ব্রাজিলের মেয়েরা চার নম্বরে এবং এক ধাপ পিছিয়ে পাঁচে নেমেছে ইংল্যান্ড। দুই ধাপ পিছিয়ে জাপান সাত, এক ধাপ পিছিয়ে কানাডা আট এবং এক ধাপ এগিয়ে ফ্রান্সের মেয়েরা ১০ নম্বরে উঠেছে।






## কিংবদন্তিদের তালিকায় স্মিথ

আজকাল স্পোর্টস

লর্ডসটা বোধকরি স্টিভেন স্মিথের প্রিয় মাঠ। ইংল্যান্ডের এই মাঠে বারবারই নিজেকে প্রমাণ করেছেন স্মিথ। শেষবার খেলেছিলেন ২০২৩ সালে। সেবারেও ছিল তার দুর্দান্ত এক সেঞ্চুরি। বড় মঞ্চের খেলোয়াড় স্টিভেন স্মিথ ২০২৫ টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে এসেও দেখালেন নিজের ব্যাটের ঝলক। বুধবার প্রথম দিনের খেলায় প্রোটিয়া বোলাররা আগুন ঝরিয়েছেন পিচে। তাতেও শান্ত এক ইনিংস খেললেন স্মিথ।

১১২ বলে করেছেন ৬৬ রান। তাতেই ভেঙেছেন অনেক কীর্তি। ইংল্যান্ডের মাটিতে সফরকারী ব্যাটার হিসেবে তিনি সর্বোচ্চ সংখ্যক পঞ্চাশোর্ধ রানের ইনিংস খেলেছেন। এই তালিকায় এতদিন ওপরে ছিলেন বেশ কয়েকজন কিংবদন্তি ক্রিকেটার। ইংলিশ ভূখণ্ডে ১৮টি ফিফটিতে তাদের এরপর ৪০ পৃষ্ঠায়



## বিমান বিধ্বস্তের ঘটনায় মন কাঁদছে কোহলি-রোহিতদের

আজকাল স্পোর্টস

ভারতের আহমেদাবাদে ভয়াবহ বিমান বিধ্বস্তের ঘটনায় ২৪১ জনের মৃত্যুর খবর জানিয়েছে দেশটির সংবাদমাধ্যম। এই ঘটনায় ভারতসহ কয়েকটি দেশেই শোকাবহ পরিস্থিতি তৈরি হয়েছে। মন কাঁদছে ক্রীড়া ব্যক্তিত্বদেরও। এই ঘটনায় ভারতীয় তারকা ক্রিকেটার রোহিত শর্মা, বিরাট কোহলি, সূর্যকুমার যাদব, কিংবদন্তি ফুটবলার সুনীল ছেত্রী, অলিম্পিক অ্যাথলেট নীরাজ চোপড়া ও আফগানিস্তানের তারকা রশিদ খান শোক জানিয়েছেন। বৃহস্পতিবার দুপুরে এয়ার ইন্ডিয়ার এআই১৭১ ফ্লাইট আহমেদাবাদের সরদার বল্লভভাই প্যাটেল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে যুক্তরাজ্যের লন্ডনের উদ্দেশে যাত্রা করে। এর মাত্র পাঁচ মিনিট পরই সেটি বিধ্বস্ত হয় মেঘানি নগর এলাকার বিজে মেডিকেল কলেজ হোস্টেলের ওপর। সেখানে থাকা যাত্রী, ক্রু ও বিমানকর্মীর প্রত্যেকেই নিহত বলা হলেও, পরে অলৌকিকভাবে একজন জীবিত আছেন বলে জানা গেছে।

বিমান বিধ্বস্ত হওয়ার ঘটনায় শোক জানিয়ে ইনস্টাগ্রাম স্টোরিতে ভারতের ওয়ানডে অধিনায়ক রোহিত শর্মা লেখেন, 'আহমেদাবাদ থেকে সত্যিই দুঃখজনক ও বিব্রতকর খবর এলো। নিহত ও তাদের পরিবারের জন্য প্রার্থনা করছি।' বিরাট কোহলি ইনস্টাগ্রাম স্টোরিতে লিখেছেন, 'আহমেদাবাদে বিমান বিধ্বস্তের খবরে মর্মাহত। ক্ষতিগ্রস্তদের জন্য প্রার্থনা এবং তাদের পরিবারের প্রতি সমবেদনা জানাচ্ছি।' এরপর ৩৬ পৃষ্ঠায়




## ওয়ানডেতে বাংলাদেশের নতুন অধিনায়ক ঘোষণা

আজকাল স্পোর্টস

শ্রীলঙ্কার মাটিতে তিন ফরম্যাটের পূর্ণাঙ্গ সিরিজ খেলতে যাচ্ছে বাংলাদেশ। ইতোমধ্যে টেস্ট সিরিজ খেলতে গত বৃহস্পতিবার বাংলাদেশ স্কোয়াডের প্রথম বহরের ক্রিকেটাররা দেশ ছেড়েছেন। পরবর্তী বহরে যাবেন নাজমুল হোসেন শান্ত ও মেহেদী হাসান মিরাজসহ বাকিরা। আর এদিনই মিরাজকে ওয়ানডেতে বাংলাদেশের নতুন অধিনায়ক করা হয়েছে। এর মাধ্যমে তিন ফরম্যাটে তিন অধিনায়ক পেল টাইগাররা।

আগামী বছরের জুন পর্যন্ত ওয়ানডেতে অধিনায়কত্ব করবেন মিরাজ। বিসিবির এক সংবাদ বিজ্ঞপ্তিতে বুধবার সন্ধ্যায় এই তথ্য জানানো হয়েছে। বিসিবি জানিয়েছে, আগামী ১২ মাসের (এক বছর) জন্য আন্তর্জাতিক ওয়ানডেতে বাংলাদেশকে নেতৃত্ব দেবেন মিরাজ। ২৭ বছর বয়সী এই অলরাউন্ডার নাজমুল হোসেন শান্ত'র স্থলাভিষিক্ত হবেন আগামী মাসে শ্রীলঙ্কায় তিন ম্যাচের ওয়ানডে সিরিজ দিয়ে। এর আগে শান্ত'র অনুপস্থিতিতে মিরাজ জাতীয় দলকে ৪টি ওয়ানডেতে নেতৃত্ব দিয়েছেন। মিরাজকে অধিনায়কত্ব দেওয়া নিয়ে বিসিবির ক্রিকেট অপারেশন্সের চেয়ারম্যান নাজমুল আবেদীন ফাহিম জানান, 'ব্যাট-বলে মিরাজের ধারাবাহিক পারফরম্যান্স, লড়াইয়ের সামর্থ্য, দলকে যেভাবে উৎসাহ ও প্রাণবন্ত উপস্থিতি দিয়ে মাঠে মাতিয়ে রাখে তা এই ক্রান্তিকালে তাকে ওয়ানডের অধিনায়ক বানাতে ভূমিকা রেখেছে। আমরা বিশ্বাস করি এই ফরম্যাটে তিনি বাংলাদেশকে নিজের মেজাজ ও পরিপক্ব নেতৃত্বের মাধ্যমে এগিয়ে নেবেন।'

'আমাদের এমন সুযোগ করে দেওয়ায় আমরা শান্তকে (ওয়ানডের সাবেক অধিনায়ক) ধন্যবাদ এরপর ৩৮ পৃষ্ঠায়

## 'মেসি মাঠে থাকুক বা না থাকুক, আর্জেন্টিনা এখন একইভাবে খেলতে পারে'

আজকাল স্পোর্টস

'এই দলটা এখন এমন একটা পর্যায়ে গিয়েছে, যখন তারা লিও মাঠে থাকুক বা না থাকুক একইরকমের খেলা উপহার দিতে পারে' এমন কথাটা আর কারো নয়, খোদ আর্জেন্টিনার কোচ লিওনেল স্কালোনির ভাষ্যটাই এমন। ২০১৮ বিশ্বকাপের পর যখন দায়িত্ব নিয়েছিলেন, তখন মেসি ছিলেন স্বেচ্ছা নির্বাসনে।



শুরুতে সাম্পাওলির রেখে যাওয়া বিক্ষিপ্ত আর্জেন্টিনাকে ঠিক করেছেন। এরপর মেসিকে এনে সেটাকে দিয়েছেন পূর্ণতা। তরুণ কোচ স্কালোনি এরপর পার করেছেন ৭ বছর। সাফল্যের গল্পটা সবারই জানা। ৪টা শিরোপা, যার মাঝে আসছে বিশ্বকাপটাও। আর সব শিরোপার মঞ্চে মূল মধ্যমণি ছিলেন লিওনেল মেসি। যিনি বারবারই গড়ে দিয়েছিলেন পার্থক্য।

সর্বকালের অন্যতম সেরা তারকার ওপর নির্ভরতা থাকা দোষের নয়, আর্জেন্টিনার ক্ষেত্রেও হয়নি। তবে দিনে দিনে মেসির বয়সটা বাড়ছে। বলতে গেলে ক্যারিয়ারের একেবারেই গোধূলীবেলায় আছেন তিনি। কদিন আগে চিলির বিপক্ষে মাঠে নেমেছিলেন, সেটাও সাতমাস পর। ইনজুরি তাকে এখন বারবার পিছিয়ে দেয়। অথচ ইনজুরি আর লিওনেল মেসির সম্পর্কটা কখনোই খুব একটা কাছাকাছি ছিল না।

মেসি নিজেও হয়ত এখন জানেন, লাতিন অঞ্চলের প্রচণ্ড শারীরিক ফুটবলের সঙ্গে পাল্লা দেয়া কষ্টকর। নিজেকে তাই কিছুটা বাঁচিয়ে রাখতে চান ২০২৬ বিশ্বকাপের জন্য। আর সেই বাস্তবতা মেনে কোচ লিওনেল স্কালোনিও তৈরি করছেন আগামীর আর্জেন্টিনাকে। সেই মিশন এরপর ৩৮ পৃষ্ঠায়

## লর্ডসে ইতিহাস গড়লেন অধিনায়ক কামিন্স



আজকাল স্পোর্টস

প্রথম ইনিংসে ব্যাট হাতে খুব একটা ভালো করতে পারেনি অস্ট্রেলিয়া। অভিজ্ঞ স্টিভেন স্মিথের কল্যাণে কোনোরকমে দুইশ স্পর্শ করেছিল তারা। তবে বোলাররা দুর্দান্ত পারফর্ম করেন। বিশেষ করে প্যাট কামিন্স।

২৮ রানে ৬ উইকেট শিকার করেছেন কামিন্স। যা এই মাঠে কোনো অধিনায়কের ইনিংসে সর্বোচ্চ শিকার। কামিন্স ছাড়িয়ে গেছেন কিংবদন্তি বব উইলিসকে। ১৯৮২ সালে এই মাঠে ভারতের বিপক্ষে দ্বিতীয় ইনিংসে ইংলিশ অধিনায়ক ৬ উইকেট এরপর ৪০ পৃষ্ঠায়

## আহমেদাবাদে ভয়াবহ বিমান বিধ্বস্তে বাকরুদ্ধ বলিউড

৪৬ পৃষ্ঠার পর

অক্ষয় কুমার এক্স-এ লেখেন, 'এই দুর্ঘটনায় বাকরুদ্ধ ও শোকাহত। এখন কেবল প্রার্থনাই করছি।' অনন্যা পান্ডে ইনস্টাগ্রামে হাতজোড় করে প্রার্থনার ইমোজি শেয়ার করেন। জাহ্নবী কাপুর লেখেন, 'আহমেদাবাদ থেকে উড্ডয়নের পর এয়ার ইন্ডিয়া ফ্লাইটের দুর্ঘটনার খবর শুনে মর্মাহত। এই ধরনের ট্র্যাজেডির ভেদন অবস্থায় প্রকাশ করা কঠিন। যাত্রী, ক্রু এবং তাদের প্রিয়জনদের জন্য গভীরভাবে প্রার্থনা করছি।' শিল্পা শেট্টি লিখেছেন, 'এই মর্মান্তিক ঘটনায় বাকরুদ্ধ। সবাইকে আমার প্রার্থনায় রাখছি।' ভিকি কৌশল বলেন, 'এই দুর্ঘটনার খবর হৃদয় ভেঙে দিয়েছে। ২৪২ জন যাত্রী ও ক্রু ছিলেন, সবাই নিরাপদ থাকুক-এই কামনা।' নানি দেওল লেখেন, 'খবরটি শুনে স্তব্ধ। প্রার্থনা করছি যেন কেউ বেঁচে থাকেন। যারা প্রাণ হারিয়েছেন, তাদের আত্মা শান্তি পাক।' রিতেশ দেশমুখ লেখেন, 'এই ভয়াবহ ঘটনায় মন ভারাক্রান্ত। যাত্রীদের পরিবার এবং প্রিয়জনদের জন্য হৃদয় কাঁদছে।' পরিণীতি চোপড়া লেখেন, 'ভেবে শিউরে উঠছি, যাত্রীদের পরিবারের কী অবস্থা এখন! তাদের জন্য প্রার্থনা।' রণদীপ হুদা জানান, 'আহমেদাবাদের দুর্ঘটনার খবর হৃদয়বিদারক। বেঁচে যাওয়ার আশায় প্রার্থনা ও উদ্ধারকর্মীদের জন্য শুভকামনা।' উল্লেখ্য, এআই-১৭১ নম্বরের এই বিমানটি বৃহস্পতিবার দুপুর ১টা ৩৮ মিনিটে ভারতের আহমেদাবাদ বিমানবন্দর থেকে ওড়ে। সেটি ব্রিটেনের গ্যাটউইক বিমানবন্দরের উদ্দেশে রওনা দিয়েছিল। উড্ডয়নের কিছুক্ষণের মধ্যেই লোকালয়ের মধ্যে বিমানটি ভেঙে পড়ে।

বিমানটিতে মোট ২৪২ জন আরোহী ছিলেন। যাদের মধ্যে ২১৭ জন প্রাপ্তবয়স্ক, ১১ জন শিশু ও ২ জন নবজাতক। যাত্রীদের মধ্যে ১৬৯ জন ভারতীয়, ৫৩ জন ব্রিটিশ, ৭ জন পর্তুগিজ এবং একজন কানাডীয় নাগরিক বলে জানিয়েছে এয়ার ইন্ডিয়া।

## ভাইরাল ছবি নিয়ে সমু চৌধুরীর প্রতিক্রিয়া

৪৬ পৃষ্ঠার পর

তারা বুঝতে পারলেন, সবাই ঠিক আছে।

এই অভিনেতা বলেন, এত অল্প সময়ে যারা আমার প্রতি ভালোবাসা দেখিয়েছেন, খোঁজ নিয়েছেন তাদের সবার প্রতি কৃতজ্ঞতা। এ বিষয়ে অভিনয়শিল্পী সংঘের সাধারণ সম্পাদক রাশেদ মামুন অপু আজকালকে বলেন, সমুদাকে হুমী শাহ মিসকিন মাজার সংলগ্ন একটি গাছের নিচে দেখা গেছে- এরকম খবর পেয়ে আমরা নিকটস্থ থানায় যোগাযোগ করি। ওখানে আমাদের লোকজন আছে। তাদের সহযোগিতায় তাকে নিরাপদ স্থানে নেওয়া হয়েছে।

প্রসঙ্গত, সমু চৌধুরী দেশের মঞ্চ, টিভি এবং সিনেমার জনপ্রিয় একজন অভিনেতা। ১৯৯৩ সালের ২২ মার্চ বিটিভিতে প্রচারিত হয় তার অভিনীত প্রথম টিভি নাটক 'সমুদ্র অসীম'। নাটকটি প্রযোজনা করেছিলেন আতিকুল হক চৌধুরী। সেই নাটকে অভিনয় করে তিনি সাতশ টাকা সম্মানি পেয়েছিলেন।

যশোরে ঈদ করে শুটিংয়ের কথা বলে বাড়ি ছাড়েন সমু চৌধুরী, অতঃপর... : নব্বইয়ের দশকে টেলিভিশন নাটকের পরিচিত মুখ সমু চৌধুরী। সে সময় টিভি নাটকে দর্শক মাতিয়েছিলেন এই মঞ্চ অভিনেতা। মাঝে অভিমান করে কয়েক বছর অভিনয়জগৎ থেকে দূরে ছিলেন সমু চৌধুরী। প্রায় তিন বছর কাজ করেননি কোনো। নিজের গ্রামের বাড়ি যশোরে চলে গিয়েছিলেন। পরে শিল্পী ঐক্য জোটের মাধ্যমে আবারও অভিনয়ে ফিরে আসেন। এরপর থেকে কাজ করছেন নিয়মিতই।

এদিকে, হুট করেই সমু চৌধুরীকে মানসিক ভারসাম্যহীন অবস্থায় ময়মনসিংহের গফরগাঁও থেকে উদ্ধার করা হয়েছে। সামাজিক মাধ্যমে খবরটি জানিয়েছেন অভিনয়শিল্পী সংঘের সাধারণ সম্পাদক রাশেদ মামুন অপু। বিষয়টি নিয়ে অপু বলেন, সমুদাকে হুমী শাহ মিসকিন মাজারের ঐতিহ্যবাহী গাব বৃক্ষের নিচে ভারসাম্যহীন অবস্থায় পাওয়া গেছে। এরকম খবর পেয়ে আমরা নিকটস্থ থানায় যোগাযোগ করি। ওখানে আমাদের লোকজন আছে। তাদের সহযোগিতায় নিরাপদ স্থানে নেওয়া হয়েছে। আমরা যত দ্রুত সম্ভব তাকে ঢাকায় এনে চিকিৎসা দেওয়ার ব্যবস্থা করছি। সমু চৌধুরীর বিষয়টি সম্পর্কে জানতে যোগাযোগ করা হয় সমু চৌধুরীর পরিবারের সঙ্গে। কথা হয় নাম প্রকাশে অনিচ্ছুক তার এক স্বজনের সঙ্গে। তিনি জানান, সমু চৌধুরী ঈদে যশোরের গ্রামের বাড়িতে এসেছিলেন। সবার সঙ্গে ঈদও করেছেন। মঙ্গলবার তার মাকে জানান, শুটিং আছে। তা বলে বাড়ি থেকে ঢাকার উদ্দেশে বের হন। কিন্তু কীভাবে ময়মনসিংহের মাজারে পৌঁছালেন, তা তারা কেউ বলতে পারছেন না। এদিকে উদ্ধারের পর পুলিশকে সমু চৌধুরী বলেন, আমি তোমাদেরই লোক, আমিতো ওখানেই বসে ছিলাম। যাই হোক একটা জিনিস ভালো হয়েছে, এই ওরশে সবাই একসঙ্গে হতে পেরেছি, সবাই সবাইকে চিনতে পারছি। সবাই বলেন এই যে বাবার আশীর্বাদ আমরা পেলাম, সেটা যেন আগামী ওরশ পর্যন্ত নিয়ে যেতে পারি। এখানকার মানুষজন এত সহজ-সরল, নিজের কাছেই গর্ব হচ্ছে। মনে হচ্ছে, নিজের পরিবারের লোকজনের মাঝেই গল্প হচ্ছে।


# BECOME A REALTOR
রিয়েল এস্টেট পেশায় আসুন

Make SIX-FIGURE ($$$$$$)
or more income/ year !

মাত্র ১ মাসেই লাইসেন্স করা সম্ভব
বছরে লক্ষ লক্ষ ডলার ($$$$$$) আয় করুন

YES, Sky is the Limit! NO MORE ODD JOB!
No Bossing! Work Independently
Work Part-time/ Full-time, We Help You:

Pass Real Estate Exam
[ Salesperson in New York State ]
মাতৃভাষায় ব্যাখ্যা করা হয়

Unlimited Package Deal- Flat Fee - Until You Pass
পাশ-চুক্তি পড়ানো- পাশের নিশ্চয়তা ১০০%

Real Estate Productivity Coaching



Azizul Hoque
[Realtor Hoque]
Consultant, Coach & Licensed Realtor
148-45 Hillside Avenue, Suite 201B
Jamaica, NY 11435
Phone: 347 451 7307
Email: realtorhoque64@gmail.com

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY




- Residential
- Foreclosures
- Short Sale
- Bank Owned/ REO Properties
- Commercial
- Auctions
- Hud
- Investment
- Co-Op & Condo
- Rentals

- List Your Property Faster with TOP $$$
- Free Market Analysis
- Consultation



Azizul Hoque
[Realtor Hoque]
Licensed Realtor

347-451-7307
347-846-1200
347-846-1201

realtorhoque64@gmail.com
azizul.hoque@kw.com
www.azizul-hoque.kw.com
75-35 31st Avenue Suite. 202
Jackson Heights, NY-11370

realtorhoque64
AzizulH48770125
azizul-hoque-880064245


## যুক্তরাষ্ট্রে সাধারণ লুকেই নজর কাড়লেন রুনা খান

৪৬ পৃষ্ঠার পর

ছবি শেয়ার করেছেন রুনা খান। ছবিগুলোতে দেখা যাচ্ছে, যুক্তরাষ্ট্রের হাডসন নদীর পাড়ে একটি শর্ট প্যান্ট ও টি-শার্টে দাঁড়িয়ে আছেন অভিনেত্রী। সাদামাটা লুকে রুনা সাধারণ লুকেই নজর কেড়েছেন ভক্তদের। ছবিতে তার আবেদনময়ী মেজাজও ফুটে উঠেছিল। যা দেখে ভক্তরাও প্রশংসা করেছেন। সবশেষ ঈদে মুক্তি পেয়েছে অমিতাভ রেজার ওয়েব সিরিজ 'বোহেমিয়ান ঘোড়া', যেখানে রুনা খানের অভিনয় বেশ প্রশংসা কুড়িয়েছে। এছাড়া ওয়েব সিরিজ 'পাপ কাহিনী' ও সিনেমা 'নীলপদ্ম'তেও দেখা মিলেছে তার।

## গানচিত্রে আবুল হায়াত ও রিচি সোলায়মান

৪৬ পৃষ্ঠার পর

সুর। আর তাতে কণ্ঠ দিয়েছেন যুক্তরাষ্ট্র প্রবাসী গজল ঘরানার শিল্পী শিরিন চৌধুরী। গানটির কথাও লিখেছেন শিল্পী নিজেই। গানের কথার সূত্র ধরে গল্পনির্ভর ভিডিওটিতে আবুল হায়াত অভিনয় করেছেন বাবার চরিত্রে। আর রিচিকে দেখা যাবে মেয়ের চরিত্রে। এতে আরও একটি চরিত্রে অভিনয় করেছেন হুমায়ুন চৌধুরী।

নির্মাতা জানান, গানচিত্রে একটি সুন্দর সামাজিক বার্তা পৌঁছে দেয়ার উদ্যোগ নেয়া হয়েছে। বিয়ের পর একটা মেয়ের স্বপ্ন যেন মরে না যায় এবং শুধু মাতৃত্বকে নয়, তার স্বপ্নকেও ভালোবাসার সংবেদনশীল এবং হৃদয়স্পর্শী বাবার অনুরোধের বার্তা থাকছে এতে। চয়নিকা চৌধুরী বলেন, 'হায়াত আংকেল খানিকটা অসুস্থ ছিলেন। তবুও আমার অনুরোধে এবং গানের গল্প শুনে তিনি সময় দিয়েছেন আমাকে। রিচিও বেশ আগ্রহ নিয়ে কাজটি করেছে। আমার বিশ্বাস এই গানের গল্প দর্শকদের কাঁদাবে, ভাবাবে।' গানটি প্রকাশ পাবে এবারের বাবা দিবসে (১৫ জুন) সিংগিংটিক-এর ব্যানারে প্রতিষ্ঠানটির ইউটিউব চ্যানেলে।

## ছাত্রের সাথে অনৈতিক সম্পর্কের জেরে শিক্ষিকা কারাগারে

৬২ পৃষ্ঠার পর

সীমা অতিক্রম করেছি যা কখনও অতিক্রম করা উচিত ছিল না। আমি প্রতিদিন আমার কর্মের প্রভাব সম্পর্কে চিন্তা করি। আমি আমার স্বামী, আমার বাড়ি, আমার বন্ধুদের হারিয়েছি। আমি আমার সন্তানদের ক্ষতি ও বিব্রত করেছি, বলেন মা, যার স্বামী কেলেঙ্কারি ছড়িয়ে পড়ার পরপরই বিবাহ বিচ্ছেদের আবেদন করেছিলেন।

ডব্লিউ. এস. ডব্লিউ. টি দ্বারা প্রাপ্ত আদালতের নথি অনুসারে, নটিস সেন্ট জেভিয়ার হাই স্কুলের তার অফিসসহ একাধিকবার ছাত্রের সাথে যৌন সম্পর্ক স্থাপন করেছিল। ২০২৩ সালের শরৎ সেমিস্টারে ঘটে যাওয়া নির্যাতনের বর্ণনা দিয়ে তার ভুক্তভোগী বলেন, ছেলেটি সম্পর্ক শেষ করলে সে নিজেকে হত্যা করার হুমকি দেয়।

## টাইমস স্কয়ারে আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী

৬২ পৃষ্ঠার পর

সামাদ আজাদ সহ সংগঠনের নেতৃবৃন্দ তাদের বক্তব্যে উল্লেখ করেন, ১৯৬৬ সালের ৭ জুন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঘোষিত বাঙালি জাতির মুক্তির সনদ ছয় দফা দাবির পক্ষে দেশব্যাপী তীব্র গণ-আন্দোলনের সূচনা হয়। এই দিন বাংলার স্বাধিকার আন্দোলনকে স্পষ্টত নতুন পর্যায়ে উন্নীত করে। আর এই ছয় দফার মধ্য দিয়েই বাঙালির স্বাধিকার আন্দোলন স্বাধীনতা সংগ্রামে রূপ নেয়। এদিকে ড. সিদ্দিকুর রহমান আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী টাইমস স্কয়ারে পালন করার সিদ্ধান্ত জানিয়েছেন।

বক্তারা বলেন, ঐতিহাসিক ছয় দফা আন্দোলনের ধারাবাহিকতায় আসে আগরতলা ষড়যন্ত্র মামলা, ১১ দফা আন্দোলন, '৬৯-এর গণ-অভ্যুত্থান, '৭০-এর নির্বাচন, একাত্তরের মহান মুক্তিযুদ্ধ এবং সর্বশেষ বিশ্ব মানচিত্রে স্বাধীন-সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয়।


# ঘরে বসে আয় করুন

আপনার কি বাবা, মা, আত্মীয় স্বজন,
বন্ধু বান্ধব কিংবা প্রতিবেশী অসুস্থ?

তাহলে এক্ষুনি আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে সর্বোচ্চ ইনকামের নিশ্চয়তা দিচ্ছি।



যোগাযোগ : ৯১৭ ৫১৯ ১১৫১

Ultra Credit Solutions Inc.

# CREDIT REPAIR

## ক্রেডিট রিপেয়ার



আমাদের সেবাসমূহঃ
পাবলিক রেকর্ড, কালেকশন একাউন্ট,
ব্যাংকক্রাপসি, ডেবট সেটেলমেন্ট,
লেট-পেমেন্ট, স্টুডেন্ট লোন,
মেডিক্যাল বিল ও কার রিপজিশানিং রিমুভাল।
(এটি একটি বাংলাদেশী প্রতিষ্ঠান)

Public Record Removal, Collection Removal
Bankruptcy Removal, Debt Settlement, Debt Elimination

**929-386-6426**
**929-386-4705**

3716 73rd Street, Suite. 302-B (3RD FLOOR)
JACKSON HEIGHTS, NY 11372
34-18 Northern Blvd, Suite # 5/14
Long Island City, NY 11101 (বাংলাদেশ কনস্যুলেট অফিসের উপর তলায়)

www.ultracreditsolutions.com

# MITU DISABILITY CENTER



RONJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) • Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury • Divorce • Bankruptcy • Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Loan Modification • Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* স্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

37-47 73 St. #215, Jackson Heights NY 11372
TEL: 718-701-2666



## ডাঃ গোবিন্দ পাল

মেডিসিন বিশেষজ্ঞ

Attending Physician
Wyckoff Heights
Medical Center

## Gobinda Paul M.D., F.A.C.P.

Board Certified in Internal Medicine

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- বয়সভিত্তিক বিভিন্ন রোগের টিকা দিয়ে ভবিষ্যতে নিরাপদ থাকুন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

GOBINDA PAUL PHYSICIAN P.C.
An Ideal Healthcare Unit for Curative and Preventive Medicine

Visiting Hours: Mon-Fri : 6PM-9PM
Sat or Sun : 9AM-2PM

87-38 168 Pl, Jamaica, NY 11432
P: 718-874-0076, F: 718-841-7499
E-mail : GobindaPaul.PC@outlook.com

# মহিলা দাঁতের ডাক্তার

NAEEMA BHUIYA, D.D.S
নাঈমা ভূঁইয়া, ডি.ডি.এস

Program Director, Department of Dentistry, Lincoln Hospital

* রেফারেন্সের প্রয়োজন নেই। সরাসরি চলে আসুন
* আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
* স্বল্প মূল্যে দাঁতের সবধরনের চিকিৎসা করা হয়



87-48, 168 Street, Jamaica, NY 11432
Tel: 718-206-0601, Fax: 718-206-0603

# রুমী ডেন্টাল ল্যাব



আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।



Princeton Court Building
35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372
(Bet. 35th & 37th Avenue)

Tel: 718-414-4760

## USR BROKERAGE CORP.

USR BROKERAGE

আমরা সব ধরনের ইন্সুরেন্স করে থাকি

★HOME ★BUSINESS ★AUTO ★WORKERS' COMPENSATION

**MULTI-CARRIER ACCESS:
ALLOWS US TO COMPARE PRICES
FROM MULTIPLE CARRIERS.**



**MD ABDUR ROUF**

President

Electrical and Computer Engineer NYIT, NY
Cybersecurity and Cyber Insurance Specialist
Licensed Property and Causality Insurance Broker

**+1 (646) 270 4861, +1 (631) 565 4334**

usrbrokerage.com | a.rouf@usrbrokerage.com, info@usrbrokerage.com
37- 21 72 Street, Suit # 2, Jackson Heights, New York 11372

## LIBERTY REAL ESTATE SCHOOL

NYS Approved Real Estate School

রিয়েলএস্টেটের লাইসেন্স করুন
বছরে লক্ষ ডলার আয় করুন

বিস্তারিত তথ্য এবং ক্লাসের সময় সুচি জানতে কল করুন **+1 (929) 393-8620**

- SALESPERSON COURSE : 75 HOURS
- CONTINUING EDUCATION : 22.5 HOURS
- BROKER COURSE : 45 HOURS

YOU LEARN :

The easiest way to buy and sell a home
Learn for Being a professional Realtor or for knowledge
Buying and selling a home as an investment
The market price of house goes up and down
Buy for profit, sell for profit (fix-flip)
What to do to buy your own house
Rules of buying and selling properties
